

প্রীপ্রীরামক্সক্রমার্যান - **রা**সার্স প্রামী ভূতেশানন্দ

প্রীপ্রীরামকৃষ্ণকথামূত-প্রসঙ্গ

প্রথম ভাগ

স্বামী ভূতেশানন্দ



উৰোধন কাৰ্যালয়, কলিকাতা

গ্রন্থকারের নিবেদন

পরমকাকণিক শ্রীশ্রীঠাকুরের অশেষ কুপায় 'কথামূত-প্রদন্ধ' গ্রন্থাকারে প্রকাশিত হচ্ছে। প্রথমে বেনুড় মঠে, পরে কলিকা<mark>তা</mark>য় শ্রীরামকৃষ্ণ যোগোভানে সাধাহিক ধর্মসভায় শ্রীশ্রীবামকৃষ্ণ কথায়তের যে নিম্নিত আলোচনা হ'ত, দেগুলি কয়েকজন ভব্ন স্বত্যপ্রেরিত হ'য়ে টেপ রেকর্ডারে ধরে রাখতেন। এইভাবে আলোচনার পরে দেগুলি অমূলিখিত হ'য়ে থাকত। প্রথমে শ্রীদমীর বায় এই কান্ধের দায়িত নিজের উপর নিয়েছিলেন এবং অতিশয় নিষ্ঠার সঙ্গে দীর্ঘকাল ধরে এই কাজ চালিয়ে গেছেন। যথন তিনি বেলুড়ে থাকতেন, তথন একাজ তাঁর পক্ষে সহজ্বসাধ্য ছিল। কিন্তু তারপর যথন তিনি বাদস্থান পরিবর্তন ক'রে কলকাতার গিয়েছিলেন, তথনও নিষ্ঠার সঙ্গে এই কাজ ক'রে গেছেন ৷ কেবল, যথন ওাকে কলকাতার বাইরে স্থায়িভাবে চলে যেতে হয়, তথনই এ-কাঙ্গের দায়িত্ব ত্যাগ করতে বাধ্য হন। কিন্তু ইতোমধ্যে তাঁর এই দুষ্টান্তের দ্বারা অনুপ্রাণিত হ'য়ে সাপ্তাহিক আলোচনায় যোগদানকারী ভক্তদের কেউ কেউ তাঁর আরম্ভ কাজের ভার নিজেদের উপর তুলে নেন। কাজেই এই কথামৃত-প্রসঙ্গের ধারা অব্যাহতভাবে সংগৃহীত হ'তে থাকে।

ভজদের অনেকে বিশেষ আগ্রহ প্রকাশ করেন, যেন এই 'কথায়ত-প্রসঙ্গ' মৃদ্রিত হ'রে গ্রন্থাকারে প্রকাশিত হয়। দেজক্য অধ্যাপিকা শ্রীমতী বাদস্তী মুখোপাধ্যায় ও শ্রীজকণকুমার মিত্র সংগৃহীত পাঙ্লিপিক প্নর্লিখন ক'রে সেগুলিকে মুদ্রণের উপযোগী করেন। শ্রীরামকৃষ্ণ মঠের বোঘাই শাথার অধ্যক্ষ স্বামী নিরাময়ানন্দ পাঙ্লিপিগুলি যথাসাধ্য সংশোধন ক'রে দেন। উদ্বোধন কার্যালয় গ্রন্থটির প্রকাশনার ভার নেয়। আভা প্রেসের স্বাধিকারী শ্রীজকণচন্দ্র মন্ত্র্যুদারের অক্টাহে গ্রন্থানির

মূলণ কার্য ক্রন্ত সম্পন্ন হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাষাতত্ত্বের বিভাগীয় প্রধান বিজেজনাথ বহু প্রফ সংশোধনের কাজে বিশেষ সাহায্য করেন। এই সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের সমবেত প্রচেষ্টা ও সহযোগিতা ব্যতিরেকে গ্রন্থটির এরপ ক্রন্ত প্রকাশন কিছুতেই সম্ভব হ'ত না।

শামাদের খনবধানতাবশতঃ গ্রন্থের মধ্যে খনেক ক্রটি থেকে গিয়েছে সন্দেহ নেই, সেজত আমরা তঃথিত। বিশেষতঃ সাপ্তাহিক সভায় আলোচিত হওয়ায় প্রসঙ্গুলি কোথাও কোথাও বাদ পড়ে গেছে, খাবার খনেক সময় বিষয়বস্তুর পুনকল্লেথ স্থানে স্থানে দেখা যাবে। এই পুনকক্তি পরিহার করা সম্ভব হয়নি, এজত আমরা পাঠকদের কাছে ক্রটি শীকার ক'রে মার্জনা চাইছি।

নানাপ্রকার অসম্পূর্ণতা থাকলেও শ্রোতাদের একান্ত আগ্রহে স্বষ্ঠ্ভাবে সংশোধিত না হওয়া সত্ত্বেও গ্রন্থটি প্রকাশিত হ'ল। আশা করি
ক্রাটগুলির দিকে দৃষ্টি না দিয়ে যে পুণ্য কথাপ্রসন্থ এই আলোচনার
বিষয়বন্ধ, পাঠকেরা অহগ্রহ ক'রে দেদিকেই তাঁদের দৃষ্টি নিবন্ধ রাখবেন।
যদি এই প্রসন্থ শ্রীশ্রীরামকৃষ্ণ-কথামৃত-রম আযাদনে পাঠকদের বিন্দুমাত্রও
সাহায্য করে, তাহলেই গ্রন্থকারের দৃষ্টিতে এই মেবা সার্থক গণ্য হবে।

গ্রন্থ

विजीय সংক্ষরণের নিবেদন

প্রথম সংস্করণ অল্পকালের মধ্যে নিংশেষিত হওয়ায়— খিতীয় সংস্করণে হাত দিতে হইল। পূর্ব সংস্করণের ক্রাটর জন্ম কিছু কিছু পরিবর্তন করা হইয়াছে, বিষমগুলি মার্জিনে না রাথিয়া অত্ববন্ধের মাথায় দেওয়া হইয়াছে এবং পাঠকের স্থবিধার জন্ম ভান দিকের পাতার মাথায়ও দেওয়া হইয়াছে, তদত্র্যায়ী আহ্বস্পিক যা পরিবর্তন করা হইয়াছে, আশা করি বিষয়নির্ধারক তত্তায়েবী পাঠক-পাঠিকাদের উহা সাহায় করিবে। ইতি

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
ভূমিকা	>>
শাল্রে পুন্রুক্তি—কথায়ত—অয়তম্বরূপ, সহজ ও	
যুগোপযোগী — নারদীয়া ভক্তি—শ্রীরামক্বঞ্চ-জীবন ও	
উপদেশ গিরিশবাবু ও বকল্মা সংসার ওসাধনকর্ম,	
জ্ঞান ও ভক্তির দামঞ্জস্তল <mark>'কথায়ত'-পরিচয়ও অভিপ্রা</mark> য়।	
এক—২র পরিচ্ছেদ (১৷১৷২)	১ ৭—২৯
লৌকিক জ্ঞান ও ভগবদ্জ্ঞান—ঠাকুরের স্বাভাবিক	
আত্মগস্থ ভাব—ঠাকুরের মানবপ্রেম।	
পুই—২য় ও ৩য় পরিচ্ছেদ (১৷১৷২-৩)	२२७१
'আবার এদো' – কেশব ও ব্রাক্ষসমা ল — শ্রীরামকৃষ্ণ:	
সন্যাসী ও গৃহীর আদর্শ—বৌদ্ধর্মের দোষ—সংসারীর	
কর্তব্য ।	
ভিন—৪র্থ পরিচ্ছেদ (১৷১৷৪)	€8—P¢
শ্রীম-এর শিক্ষা শুরু— ঈশ্বর—সাকার ও নিরাকার—	*
ঈশ্বরতত্ত্ব—তর্কাতীত — বেদান্তের বিভিন্ন মতবাদ—	
শ্রীরামকৃষ্ণ ও মতসমন্বর।	
চার—৪র্থ পরিচেছন (১৷১৷৪)	8560
প্রতিমা-পূজার প্রয়োজনীয়তা—ঈশ্বর—বাক্যমনের অ তীত	
—বিভিন্ন উপাসনা ও উপাসক—প্রতীক ও পথ— বিভিন্ন	
ধর্মাধ্না ও উপলব্ধি।	
পাঁচ—৬ষ্ঠ ও ৭ম পরিচ্ছেদ (১৷১৷৬-৭)	es – ce
অধিকারি-ভেদে উপদেশ দান—ব্রহ্মচারী ওসর্প উপাথ্যান	

— শ্রীরামকৃষ্ণ ও বর্তমান পথ—শিবজ্ঞানে জীবদেবা—

বিষয়

পষ্ঠা

পাত্রাত্যায়ী উপদেশ—বন্ধজীব ও মৃক্তির উপায়—বৌদ্ধর্ম ও গীতামত।

ছয়—৯ম ও ১০ম পরিচ্ছেদ (১৷১৷৯-১০)

8P--60

ঠাকুরের সহজ ও গভীর ভাব—শ্রীরামক্লফ ও চিহ্নিত ভক্তগণ—'শ্রীম'-কে যন্ত্ররূপে গঠন—ভাবের প্রচার।

সাত-->ম, ২য় ও ৩য় পরিচেছদ (১৷২৷১-৩)

শীরামকৃষ্ণ ও কেশব—উভয়ের বিপরীতভাব—ঠাকুরের সমাধি-মূর্তি ও ফটো—ভক্তের হৃদয় তাঁর আবাসস্থল— জ্ঞানী ও ভক্ত।

আট-8র্থ পরিচ্ছেদ (১৷২৷৪)

-8---5 · O

শ্রীরামকৃষ্ণ ও কেশব—বেদাস্তমত, রাদ্মমত ও তন্তমত—
বন্ধ আর শক্তি অভেদ—তোতাপুরীর নতুন দৃষ্টি—
শ্রীরামকৃষ্ণ ও তার গুরু—পরিণামবাদ ও বিবর্তবাদ—
শ্রীরামকৃষ্ণের উপমা ও ব্যাখ্যা—সাধক শক্তির এলাকাধীন—বন্ধ ও শক্তি; নিত্য ও লীলা—কালীতত্ব—শক্তিএলাকার পারে।

নয়—৪র্থ ও ৫ম পরিচ্ছেদ (১৷২৷৪-৫)

300-->>8

স্টিতত্ব: ঈশ্বর ও জগং—ঈশ্বরের ইতি নেই—বন্ধন ও মৃক্তি—মৃক্তির উপায়—বন্ধনের কারণ কর্তৃত্ববোধ—সংসার ও মৃক্তি—তাঁর ইচ্ছা।

দশ—৬ষ্ঠ পরিচ্ছেদ (১২।৬)

228--252

নামে বিশ্বাদ—ভগবদ্-আশ্রয়—গিরিশবাবু ও বকল্মা— গুদ্ধা ভক্তি—নির্জনবাদ ও দাধন। এগার—৭ম ও ৮ম পরিচ্ছেদ (১৷২৷৭-৮)

255--759

কেশব ও বিজয়ের মতভেদ-ঠাকুরের অভিমানশৃত্যতা-গুরু-শিষ্য-সম্বন্ধ-- ঈশ্বরলাভ ও লোককল্যাণ--জীবসেবা।

বার - ১০ম পরিচেছদ (১৷২৷১০)

লোকশিক্ষা কঠিন কাজ-সংসারীর কর্তবা-জগতের উপকার-সাধন—আত্মনা মোক্ষার্থং জগদ্ধিতায় চ— ভাগবতবাণী—নবজন্ম ও আত্মজান।

তের—১ম ও ২য় পরিচেছদ (১।৩।১-২)

509- 580

প্রাকৃত মানব—জীবনের উদ্দেশ্য—ঠাকুরের আচরণ ও উদ্দেশ্য।

চোদ্দ—ডর্ম্ন ও ৭ম পরিচ্ছেদ (১।৩।৬-৭)

380--- 360

স্বামীজীকে যন্ত্ররপে গঠন—ঠাকুরের অহন্ধারশূক্তা— মনের বিভিন্ন স্তর—মথুরবাবুর ভাবাবস্থা—আমিত্বের লোপ — ভাবে কর্মা ভাব—লেকচার: ঈশ্বরের ঐশ্বর্য ও মাধুর্য।

পনরো—১ম ও ২য় পরিচ্ছেদ (১।৪।১-২)

> c - >1100

500 505

জন্মান্তরবাদ ও শাস্ত্র—শ্রীরামক্বঞ্চ ও বাইবেলের উক্তি— আত্মহতাা: উপমাও ব্যাখ্যা—পুণ্যকর্মের স্তুতি—মানব-

মনের ক্রমোন্নতি—খ্রীষ্টের উপদেশ— উপদেশের বৈচিত্রা।

্যাল—২য় ও ৩য় পরিচ্ছেদ (১া৪া২-৩) বন্ধজীব— মৃমুশ্বজীব ও মৃক্তজীব— নিতাজীব—বন্ধজীবের লক্ষণ—বদ্ধজীবের মৃক্তির উপায়—নাম-মাহাত্মা—ত্যাগ ও ব্যাকুলতা – শরণাগতি – সংসার ও সাধন।

বিষয়

সভরো—৬ষ্ঠ ও ৭ম পরিচেছদ (১।৪।৬-৭)

99--294

জানীর অবস্থা ও শ্রীরামক্ষের উপমা—ভক্তের দাস আমি'—কলিতে ভক্তিযোগ—ভাগবত: জ্ঞান, ভক্তি ও কর্ম—ভক্তের জ্ঞানলাভ ও শ্রীরামকৃষ্ণের উপমা— ঠাকুরের বিশেষ শিক্ষা।

আঠারো-- ৭ম পরিচ্ছেদ (১।৪।৭)

3 --- Stra

জ্ঞানপথ কঠিন—পরমার্থ-দত্য—সাধনায় হৈতভাব—ৰিবিধ ভ্রম—স্ব স্ব ভাবে নিষ্ঠা।

উনিশ-৭ম পরিচ্ছেদ (১।৪।৭)

by-128

বৈধী ভক্তি—রাগ-ভক্তি—প্রেমাভক্তিতে ঈশ্বরলাভ—প্রেমাভক্তির লক্ষণ—বিবয়-বিতৃষণ ও সংশয়-নাশ—
আতাবিশ্লেষণ।

কুড়ি—১ম পরিচ্ছেদ (১া৬া১)

40.5--- 166

'ব্রহ্ম সত্য ও জগৎ মিধা।' বিচার—জগৎকে স্বীকার করেই
শাল্পের বিধিনিষেধ—অধ্যাসভাগ্য ও মাওুকাকারিক।—
তং-ত্বম্-পদার্থবিচার—শ্রীরামক্ষের শিক্ষা—ব্যবহারক্ষেত্রে দ্বৈভভাব—প্রকৃত শাস্ত্রতাংপর্য—জগতের মিথাতি
চরম অনুভূতিদাপেক্ষ—শ্রীরামক্ষের উপমা ও ব্যাখ্যা—
অধ্যারোপ-অপবাদ—উপনিষ্বাক্য-জীবের ব্রশ্বস্কপতা।

নি**নেষ দ্রেষ্টব্যঃ**—স্ফীপত্তে বন্ধনীর অন্তর্গত প্রথম সংখ্যা কথামতের ভাগ, দ্বিতীয় সংখ্যা থণ্ড, তৃতীয় সংখ্যা পরিচ্ছেদ। পুন্তকে অধ্যায়ের শীর্ষে এই সংখ্যা গুলিই আছে।

ভূমিকা

শীরামকৃষ্ণ-ভক্তমণ্ডলীর দৃঢ় বিশ্বাস যে, শীশীরামকৃষ্ণকথামুতের ভিতরে সকল শাস্ত্রের সার পাওয়া যায়। তা ছাড়া, এমন সরলভাবে সকলের সহজবোধারপে ধর্মের গৃঢ় তত্ত্বের উপদেশ আর কোথাও আছে কিনা, আমরা জানি না। কাজেই 'কথামুতে'র পাঠ ও অনুশীলন আমাদের সকলেরই পক্ষে অশেষ মঙ্গলকর—এ বিষয়ে কোনই সন্দেহ নেই।

শাল্তে পুনরুজি

ে দেখা যায় 'কথামূতে' একই কথা একাধিকবার বলা হয়েছে। এই পুনক্ষজি কিন্তু দোষের নয়, বরং অশেষকল্যানকর। আমাদের শান্তকে বলা হয় সনাতন। যেমন গীতায় ভগবান বলেছেন;

'স এবায়ং ময়া তেহন্ত যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ' (৪।৩)

— (হে অর্জুন!) সেই পুরাতন যোগই আমি আজ আবার তোমাকে বললাম।' প্রাচীনকালে বহুবার যা বলা হয়ে গেছে, গীতার তা-ই তিনি পুনরাবৃত্তি ক'রে অর্জুনকে বললেন। আর যুগে যুগে ধর্মের মূল তত্ত্বের পুনরাবৃত্তি ক'রে অর্জুনকে বললেন। আর যুগে যুগে ধর্মের মূল তত্ত্বের পুনরাবৃত্তি ভগবান নিজে আবিভূতি হয়ে করেন। এই যে তিনি বারে বারে আবিভূতি হয়ে একই সনাতন তত্ত্ব বলছেন, এতে পুনরুক্তি-দোর্য হয় না। 'শাল্লেযু ন মন্ত্রাণাম্ জামিতা অস্ত্রি'। বার বার এক কথা বলতে শাল্লের কোন আলস্থা নেই। কেন ? না, আমাদের এমন মন যে বার বার শুনলেও তাতে কিছু রেখাপাত হয় কিনা সন্দেহ। এই জন্ম শাল্ল অনলসভাবে বার বার বলে যাচ্ছেন। যেমন মা সন্তানকে বার বার উপদেশ দেন তার কল্যাণের জন্ম। বার বার বলায় তাঁর বিরক্তি হয় না, কারণ এ বলাতে ছেলের কল্যাণ হয়। ঠিক সেই রক্ষ শাল্লের নির্দ্ধ যা, সার কথা যা, তা শাল্ল বার বার বলেন, বহুভাবে

বলেন। আমরা কথামতের ভিতরে তারই উল্লেখ দেখতে পাই। ঠাকুরের ভাগিনের হৃদয় একবার বলেছিলেন—'মামা, তুমি এক কথা বার-বার ক'রে বলো কেন ?' ঠাকুর বললেন—'কেন ব'লব না ?' ভাবটা হচ্ছে এই যে, বার বার ক'রে না বললে আমাদের মতো বিক্ষিপ্ত মনের উপরে দাগ পড়বে কি ক'রে ? তাই বার বার তাঁদের বলতে হয় এবং বার বার আমাদের ভনতে হয়। কাজেই শাস্ত্রে কথনও পুনরুক্তি-দোষ হয় না। আর ভাগবতে ঋষিরা এক জায়গায় (১।১।১৯) বলছেন যে, ভগবানের কথা 'ষাছ স্বাছ পদে পদে'। যত শুনি, তত তার ভিতরে রদ আরও আস্বাদন করবার যেন নতুন নতুন শক্তি আদে আমাদের। যত দিন যায়, যত শুনি আরও বেশী ক'রে বুঝতে পারি, আরও বেশী ক'রে তার ভিতর থেকে রদ পাই। এই জন্মও বার বার শুনতে হয়।

কথামূত—অমৃতস্বরূপ, সহজ ও যুগোপযোগী।

হতবাং যে অমৃত আমাদের মৃত্যু-দাগর থেকে উদ্ধার করবে, দেই কথামৃত' আমরা আশ্বাদন করবার চেষ্টা ক'রব। তাঁর ক্লণায় যদি এর কিছু মর্ম আমরা গ্রহণ করতে পারি, তা হ'লে আমাদের জীবন দার্থক হবে। অমৃতের একটি বিন্দু যদি কোন রকম ক'রে গ্রহণ করি, আমরা অমর হবো। এইজন্ম ঠাকুরের কথাকে 'অমৃত' বলা হয়েছে—মান্টার-মশাই তুলনীয় আর কিছু পাননি। তাই 'কথামৃত' নাম দিয়েছেন—ভাগবতকে অন্থন্বণ ক'রে। এই অমৃত-পানে মান্থ্য অমর হবে যুগ যুগ ধরে। এই অমর-বাণী মান্থ্যের বাবে বাবে পৌছাবে, মান্থ্যের প্রাণে প্রবেশ করবে এবং তাকে অমর করবে। এই 'কথার অমৃত' পান করবার জন্ম মান্থ্যের বিশেষ একটা যোগাতা দরকার হয়। কিছু জ্ঞান অর্জন ক'রে নিয়ে তারপরে মান্থ্যের শান্ত্র আলোচন। করবার অধিকার

আদে। কিন্তু এই রকম কোন অধিকার নিয়ে কথামৃত আলোচনা করবার দরকার হয় না। যে কিছু জানে না, তার পক্ষে কথামৃত আরও সহজবোধ্য হবে। অনেক জ্ঞান মাত্রুকে বিভ্রান্ত করে, মাত্রুরের সংশয়কে বাড়িয়ে দেয়। আদলে 'এক জ্ঞান'ই জ্ঞান। প্রথম দর্শনেই মান্টারমশাই শিথলেন ঠাকুরের কাছ থেকে যে, ভগবানকে জানার নাম জ্ঞান, আর তাঁকে না জানার নাম জ্ঞান।

এটি শেথবার কথা। মাস্টারমশায়ের কাছে কথাটি নতুন ঠেকেছিল, যদিও তিনি যথন ঠাকুরের কাছে গেছেন তথন গুদ্ধ মন নিয়েই গেছেন— «যেজন্য ঠাকুর প্রথম থেকেই তাঁকে আপনার ব'লে গ্রহণ করেছেন এবং তাঁর কথারূপ অমৃত জগতে পরিবেশন করার বিশেষ ভার তাঁর উপরে দিয়েছেন তাঁর নিজেরও অক্তাতদারে। দেই ওদ্ধচিত্ত কুত্রবিত্য মাস্টারমশাই ঠাকুরের কাছে গিয়েই প্রথমে যথন কথা উঠন, জানলেন যে, ভগবানকে জানার নাম জ্ঞান, আর তাঁকে না জানার নাম অজ্ঞান। আমরা যদি দশটা বই পড়ি, তাতে আমাদের বুদ্ধি একটু মার্জিত হয় বটে; কিন্তু যদি মন ওক নাহয়, তাহ'লে সেই বৃদ্ধির মার্জন। আমাদের তত্ত্তানলাভে বিশেষ কিছু সাহাঘ্য করে না। 'পোণী পঢ়কে ভোভা ভয়ে, পণ্ডিত ন ভয়ে কোঈ।' শান্ত প'ড়ে মাতুর তোতাপাঝী হয়, পণ্ডিত হয় না। ঠাকুর বলছেন, পাঝী 'রাধারুফ' বলে, আরও কত কি পড়ে; কিন্তু যথন বিড়ালে ধরে, তথন ট্যা ট্রা করে। তথন আর 'রাধাকৃঞ্' বলে না। পাণ্ডিতোর খারা মান্ত্রের বুদ্ধির প্রথবতা হয়, বাকুপটুত। হয়, লোককে কথা ব'লে মুগ্ধ করতে পারা যায়। কিন্তু তার হারা সংশয় দূর হয় না। পাণ্ডিতোর ভিতর দিয়ে মানুষ যে ভগবানকে জানতে পারে, তা নয়। ভগবানকে জানবার পথ হ'ল অন্য। পাণ্ডিত্যের দারা তাঁকে জানা যায় না। উপনিষদ্ বলছেন, আত্মাকে বহু শাস্ত্রাভ্যাদের হারা জানা যায় না — নায়মাত্মা প্রবচনেন লভ্যঃ' (মৃ. উ.

৩।২।৩)। বহু শান্তের জ্ঞান অর্জন করলেই যে মানুষ ভক্ত বা জ্ঞানী হয়, ত। नयः। বदः वह अक्षायन मान्य्रित वृक्षित्क विल्लान्छ करवः। 'नान्न्धायाम् বহুগুলান বাচো বিশ্লাপনং হি তৎ'(বৃহ. উ. ৪।৪।২১)—বহু শাস্ত্র অধ্যয়ন করবে না, কারণ তা বাগিক্রিয়ের গ্লানিকর। অনেক পড়লে বৃদ্ধি বিচলিত হয় : বুদ্ধিকে শুদ্ধ করবার জন্ম, প্রথর করবার জন্ম, একাগ্র করবার জন্মই শান্ত্র-অধায়ন, কিন্তু শান্ত্রই বলছেন যে, বছ শান্ত অধায়ন করলে উন্টে বুদ্ধি বিশিপ্ত হয়ে যায়। ভক্ত বৈকুণ্ঠনাথ সান্ধানকে ঠাকুর একদিন জিজাদা করেছিলেন, 'পঞ্চদনী-টনী পড়েছ ?' সাল্লাল মশায় উত্তরে বলে-हित्तन, 'म कांत्र नाम, मगारे, जामि जानि ना ।' एतरे ठांकूत रनतन, 'বাঁচলুম, কতকগুলো জ্যাঠা ছেলে ঐসব পড়ে আসে; কিছু করবে না, অথচ আমার হাড় জালায়।' কতকগুলো বই প'ড়ে তার বদহত্বম হওয়ায় মীন্ত্ৰ পণ্ডিতমুৰ্থ **হয়। সে মনে করে** পণ্ডিত হয়েছে, কিন্তু সত্যি সত্যি সে যে মুর্থ, এ বোধ তার হয় না। এইজন্ত শান্তই বার বার বলছেন, বছ শাস্ত্র অধায়ন ক'রে তাঁকে জানা যায় না। একটু ধর্মভাব এলেই মাহুষ গীতা, পঞ্চনী, বেদান্তের গ্রন্থ—এই সব পড়বার চেষ্টা করে ৷ কিন্তু তার পরিনাম কি হয় ? পরিণাম এই হয় যে, বৃদ্ধি বিভান্ত হয়। তা হ'লে কি শান্ত প'ড়ব না? এমন কথা ঠাকুর বলেননি বা শান্তও এমন কথা वत्त्रम मां। श'एव, किन्द जांत क्या य वित्वक मत्रकांत, य व्यक्षा मत्रकांत, দেই বিবেক, দেই শ্রদ্ধা অর্জন ক'বে তবে প'ড়ব। শাস্ত্র মাতৃষ্কে কতদূর বিভ্রাস্ত করে, তা শাস্ত্রের অসংখ্য মতবাদ থেকে আমরা বুঝতে পারি। কেউ বলছে, শাস্ত্র এই কথা বলছেন; কেউ বলছে, শাস্ত্র অন্ত কথা বলছেন। এই নিয়ে আজ পর্যন্ত কোন মীমাংলা হচ্ছে না, এবং মীমাংদা না হবার কারণ এই যে, দকলেই খোদা নিয়ে টানাটানি করছে। শান্তের ভিতরে যে মার বস্তু, তাতে পৌছতে পারছে না। ঠাকুর বলেছেন, 'শাস্ত্রে বালিতে চিনিতে মিশেল আছে, চিনিটুকু নেওয়া বড়

কঠিন।' কাজেই শান্ত্র আমরা সহজে বুঝতে পারি না। তা হ'লে উপায় কি ? উপায় হচ্ছে, যাঁদের জীবনের দারা শাস্ত্র প্রাণবন্ত श्राष्ट्र, डाँदमत कीवनात्नात्क भाषात्क (मथा। जा ना श्रांत भाषा वाका যায় না। শান্ত বুঝতে আমরা যদি নিরপেক্ষভাবে চেষ্টা করি,— স্বতন্ত্রভাবে নিজেদের বৃদ্ধি খাটিয়ে—আমাদের দাধ্য নেই যে, তার মর্ম আমরা স্পর্শ করতে পারি। কারণ, দেক্ষেত্রে আমরা কথার মারপাঁটিই থালি দেখব আর বিভ্রান্ত হবো, যেমন অনেক পাশ্চাত্য পণ্ডিত ভাষাবিদ ুহিসাবে শান্তের মর্মোদ্ধার করতে গিয়ে কত যে বিভ্রম স্বষ্ট করেছেন, তার ইয়ন্তা নেই। এ স্বাভাবিক। কারণ, তাঁরা যে যন্ত্র দিয়ে শান্ত্রকে বুকতে চেষ্টা করেছেন, সেই মনরূপ যন্ত্রটি শুদ্ধ হয়নি। অতএব তার ভিতর দিয়ে শাল্তের প্রকৃত তাৎপর্য কিছুতেই প্রতিভাত হয়নি। স্থতরাং একমাত্র উপায় হ'ল এই যে, যাঁৱা তাঁদের জীবনালোকে শান্ত্রকে উন্তাসিত করেছেন, যাঁরা নিজেদের প্রাণ দিয়ে শাস্ত্রকে প্রাণবস্ত করেছেন, আদের জীবনালোকেই শান্তকে বুঝতে হবে। এ ছাড়া অস্ত কোন পথ নেই🙏

'কথামৃত' এই দিক দিয়ে আমাদের অব্যর্থ সহায় হবে। এর ভিতর দিয়ে আমরা সত্যকে এত সহজে জানতে পারব যে, অহ্য কোন উপায়ে তা সম্ভব নয়। জগতের আদিকাল থেকে আরম্ভ ক'রে বর্তমান কাল পর্যন্ত মান্তবের যত সমস্থা উপস্থিত হয়েছে, তার এত স্কুই, এত সহজ সমাগান আর কোথাও পাওয়া যায় কিনা সন্দেহ। ঠাকুর বলতেন, নবাবী আমলের টাকা বাদশাহী আমলে চলে না। বলতেন, আগে সাদাসিধে জ্বর হ'ত, সামান্ত পাঁচন ইত্যাদিতে সেরে যেত; এখন যেমন ম্যালেরিয়া জ্বর, তেমনি 'তি ওপ্ত' ঔবধ। ভাব হচ্ছে এই যে, প্রাচীন পদ্ধতিতে নবীন সমস্থার সমাধান হয় না। যুগ বদলে গেছে, অনেক সমস্থা এসেছে, যা আগে ছিল না। নবীন সমস্থার জ্ব্য নবীন কোন আলোকের সন্ধান চাই, যার ছারা সমস্থার সমাধান হ'তে পারে।

নারদীয়া ভক্তি

ঠাকুরের জীবন এবং তাঁর 'কথামৃতে' এই নবীন সমস্যাগুলির অপূর্ব সমাধান আমরা পাই। কতভাবে যে তিনি আমাদের জীবনের সমস্তা-গুলির সহজ সমাধান ক'রে দিয়েছেন দেখে আশ্চর্য হ'তে হয়। বলেছেন, আগে লোকে যোগ-যাগ তপন্তা ক'রত; এখন কলির জীব, অন্নগত প্রাণ, তুর্বল মন, একাগ্র হয়ে করলে এক হরিনামেই সব সংসারব্যাধি দূর হয়। বলেছেন, ঋষিদের মতো কঠোর তপস্থা করবে—তোমাদের সে সময় কোথায়। তোমরা অল্লায়ু, অল্লগত প্রাণ; সময় নেই। যাগ-যজ্ঞ অত বিরাট আভ্যর ক'রে করা—তোমাদের দরকার হবে না। কি দ্রকার হবে, তা নানাভাবে বলেছেন। নারদীয়া ভক্তির কথা বলেছেন। সে ভক্তি কোন বিশেষ সম্প্রদায়ের ভক্তি নয়। নারদীয়া ভক্তির অর্থ—শুদ্ধা ভক্তি, শরণাগতি সহকারে ভক্তি, যাতে ভক্ত ভগবানের কাছে আত্ম-দমর্পণ করে। কি ক'রে করে ঠাকুর দেখিয়ে দিচ্ছেন: মা, আমি কিছু জানি না; তুমি আমাকে দব জানিয়ে দাও, বুঝিয়ে দাও। কেমন ক'রে ভোমাকে পেতে হয়, তার সাধনভঙ্গন আমি জানি না। যা করবার আমাকে দিয়ে করিয়ে নাও। এই যে সম্পূর্ণভাবে আত্মসমর্পণ, এরই নাম নারদীয়া ভক্তি। ভাবটা হচ্ছে এই যে, তাঁর কাছে কিছু চাই না। খালি তাঁকে চাই। ভগবানকে সেখানে উপায় ব'লে গ্রহণ করা হচ্ছে না। অর্থাৎ, তাঁকে ডাকছি, তিনি আমার রোগ ভাল ক'রে দিন, আমার সম্পদ বাড়িয়ে দিন, আমার আত্মীয়-পরিজন সকলকে স্থে ं রাখুন, সবাইকে দীর্ঘজীবী করুন, এই উদ্দেশ্তে নয়। এগুলি মাতুষের স্বাভাবিক আকাজ্ঞা। এই আকাজ্ঞাগুলি পূরণের জন্ম ভগবানের কাছে প্রার্থনা করতে ঠাকুর বারণ করছেন। কেন? বলছেন, রাজার কাছে গিয়ে কেউ কি লাউ-কুমড়ো চায় ? ভগবান এ-সব দেন, দিতে পারেন না, তা নয়; কিন্তু তিনি আগ্নও অনেক কিছু দেন। তিনি কল্পতক। তাঁর কাছে যা চাই, তাই যদি পাওয়া যায়, তা হ'লে ছোট-থাটো জিনিস চাইব কেন? একেবারে তাঁকেই চেয়ে বিসি না কেন? তাঁকেই যদি পাই, তা হ'লে আর কিছু অপ্রাপ্ত থাকে না। 'যং লক্ষ্য চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ' (গীভা, ৬২২)—যাকে পেয়ে তার চেয়ে আরও বড় কিছু লাভ আছে, কেউ মনে করে না।

ধ্রবের উপাথানে আছে যে, ধ্রুব বিমাতার কাছে অপমানিত **হ**য়ে অতিশয় ক্ষুৰ মনে মায়ের আদেশে তপস্থা করতে গেলেন। কেন ? —না, বাপের যে রাজ্য, তার চেয়েও বড় রাজ্য চাই তাঁর। ছোট ছেলের *যেমন মনে হয়। অভিমানে আঘাত লেগেছে। বাবার যা রাজ্য, তার চেয়েও বড় রাজ্য চাই। ভগবানের কাছে একাস্কভাবে প্রার্থনা করছেন তিনি। শিশুর একাস্ত প্রার্থনা ভগবানকে অস্থির করেছে। আবিভূতি হয়েছেন সামনে। প্রবকে বলছেন, 'কি বর চাও, বলো। প্রব বিপদে পড়ে গেলেন। বললেন, 'বর ! বর তো কিছু চাই না।' 'সে কি ধ্রুব ! তুমি মনে ক'রে দেখ। কি যেন তুমি চাইছিলে, যার জন্ম তপস্তা ক'রছ।' তথন গ্রবের মনে প'ডল। বলছেন, হাা, আমি স্থানাভিলাষী হয়ে একটা রাজ্য আকাজ্য ক'রে, বড় রাজ্য একটা চেয়ে তপস্থা আরম্ভ করেছিলাম: কিন্তু আমি যা চাইছিলাম, তার চেয়ে ঢের বড় জিনিস পেয়ে গেছি। কাঁচ খুঁজতে খুঁজতে কাঞ্চন পেয়ে গেছি বহুমূল্য জিনিস পেয়েছি। "সামিন কতার্থোঽশ্মি বরং ন যাচে" (হরিভক্তিয়ধোদয়, পাব৮)—হে প্রভু, আমি ক্বতার্থ হয়ে গেছি, আর বর চাই না।' এরই নাম অহৈতুকী ভক্তি—নিঃস্বার্থ ভক্তি—নারদীয়া ভক্তি। এ নারদীয়া ভক্তি বৈষ্ণবের হবে, শাক্তেরও হবে। হিন্দুদের শুধু নয়, অন্য অন্য ধর্মাবলম্বীদেরও হবে। এ না হ'লে আধ্যাত্মিক রাজ্যে প্রবেশের অধিকার হয় না। এই সহজ কথাটি 'কথামৃতে' আমরা-বারু বার ক'রে পাব।

শ্রীরামক্লফ-জীবন ও উপদেশ

সর্বোপরি মামর। দেখব ঠাকুরের জীবন। তাঁর কথাগুলি সবই তাঁর জীবনের ষারা প্রাণবস্ত। দেগুলি কথার কথা নয়। তাঁর জীবনেই দেগুলি প্রতিফলিত। তাঁর বাণীর সমুজ্জল দৃষ্টান্তম্বরূপ হয়ে রয়েছে গাঁর জীবন। তাই তাঁর জীবনের প্রতি দৃষ্ট দিলে আমর। কথামৃত' সহজে বুঝতে পারি। যেন এই জন্মই তাঁর আবির্ভাব এই বর্তমান বুংগ, এই অনিশ্চয়তার যুগে, যাকে আমরা বলি 'ঘোর কলি'। যাঁরা শ্রীরামক্লঞে বিশাদী, তাঁরা মনে করেন এবং স্বামী বিবেকানন্দও এই কথা বলতেন যে, ঠাকুরের জন্ম থেকে সতাযুগের আরম্ভ হয়েছে। আমরা এই সতা-ঁযুগের আবিজে এদেছি। এটা বড় কম দৌভাগ্য নয়! এমন যুগে «এনেছি যথন শ্রীরামক্লঞ্চের জবস্ত প্রভাব সারিদিকে ছড়িয়ে পড়ছে। প্রবল শক্তির যেন একটা পুঞ্জীভূত রূপ আমরা প্রতাক্ষ করছি। যেন স্থের পাশে এনে দাঁড়িয়েছি আমরা। অথচ এই স্থ দক্ষ করে ন শ্বিশ্ব করে। শ্রীরামক্ষের ভিতরে ভীতিঙ্গনক কিছু নেই। তাঁর চহিত-কথার মাধামে তাঁকে দেখলে ভয় হবেনা। একটা ছোট ছেলেরও ভয় হবে না। চিমটে নেই, জটা নেই, ভয় নেই—নেই কোন রকম বিকট হুঙ্কার !

তাঁর উপদেশের ভিতর এমন কোন কঠিন কথা নেই, যা আমাদের পক্ষে দর্বোধা। কত সোজা ক'রে বলছেন, যাতে আমরা অনায়াসে বৃষতে পারি, যাতে আমাদের মন বিভ্রান্ত না হয়। ভগবানকে ভাল-বাদার প্রদঙ্গে বলছেন : কি রকম ভালবাদা ? না, যেমন বাপ-মাকে আমরা ভালবাদি। বলছেন তিন টান একসঙ্গে হ'লে তাঁকে পাওয়া যায়—মায়ের ছেলের উপর টান, সতীর পতির উপর টান বিদয়ীর বিষয়ের উপর টান। এই টানগুলি আমরা বৃষ্ণি, কারণ আমাদের সকলেরই জীবনে এগুলি অল্ল-বিস্তর অতৃত্ত। বলছেন, এই রকম তিন

টান একদঙ্গে হ'লে তাঁকে পাওয়া যায়। থুব বেশী শাস্তজ্ঞান দরকার নেই এটুকু বুঝবার জন্ম।

তাঁকে পাবার জন্ম কোন একটা বিকট রকমের সাধনার কথা বলছেন
না। সোজা কথা। ধান ক'বব কোথায়? বলছেন: মনে, বনে,
কোণে। বনে বলছেন—বনেতে সকলে পাবব না যেতে। কোণে—
বাজীর কোণে। ঘরের কোণে বসে তাঁকে ডাকলে তাতেও হবে। যদি
এমন একটি কোণও না পাওয়া যায় যেখানে তাঁকে নির্জনে ভাবতে পাবি,
তা হ'লে মনে—পরিবেশ-নিরপেক্ষ হয়ে—করলেও হবে।

কেউ বলছেন, মশাই অত সাধনা টাধনা করবার সময় নেই। ঠাকুর বলছেন, ছ-বেলা তাঁকে খুব ছটো ক'রে প্রণাম করবে; ক'রে বলবে, আমার তো সময় নেই তোমাকে চিন্তা করার—হৈ প্রভু, তুমি আমাকে ক্ষমা কর, রূপা কর। কত সহজ ক'রে দিচ্ছেন—ছটি প্রণাম ছ-বেলা!

গিরিশবাবু ও বকল্মা

গিরিশবাবুকে উপদেশ দেবার সময় বলছেন ঃ দেথ, সকালে-বিকালে তাঁর শ্বরণ-মননটা রেখো। গিরিশবাবু ভাবছেন, দিনে ছবার ভাববার সময় কোথায়! আমি কত কাজে ব্যস্ত থাকি! গিরিশবাবুকে নীরব দেখে তাঁর মনের ভাব বুঝে ঠাকুর বলছেন, থাবার বা শোবার আগে একবার শ্বরণ ক'রে নিও। গিরিশবাবু তখনও নীরব—উত্তর দিতে পারছেন না। ভাবছেন, আমার তো থাওয়া-দাওয়ার সময়েরই ঠিক নেই—কোন দিন থাই বেলা দশটায়, কোন দিন বিকেল পাঁচটায়। মামলা-মোকদ্বমায় থাকি বিব্রত; স্থতরাং কথা দিই কি ক'রে। আবার ঠাকুর এত সোজা কাজ করতে বলছেন, 'পারবো না' বলি কি ক'রে! হতাশ হয়ে তিনি চুপ ক'রে আছেন। গিরিশবাবুর মনের কথা বুঝে ঠাকুর বলছেন, "বলবে, 'তাও যদি না পারি'— আছছা,

তবে আমায় বকল্মা দাও।" এমন ক'রে, এত দহজ ক'রে আমাদের জন্ম ধর্ম কেউ বলেছেন কি ? আবার এ-কথা সঙ্গে সঙ্গে ভারতে হয় . যে, এত সহজ ক'রে বলেছেন বলে তিনি যে ধর্মকে থেলো ক'রে দিয়েছেন, তা নয়। এর ভিতরে কোন আপদ নেই। ভেজাল কিছু নেই। তা গিরিশবাবু অনেক পরে—ঠাকুরের অদর্শনের পর— বুঝেছিলেন এবং বলেছিলেন, বকল্মা দেওয়ার ভিতর যে এত মানে . আছে তা কি আমি তথ্ন বুঝেছি! বকল্মা দিতে বলার পরে ঠাকুর গিবিশবাবুকে সেই ভাবের উপযোগী শিক্ষাও দিয়েছিলেন। লীলাপ্রসঙ্গে আছে, একদিন গিরিশবারু ঠাকুরের সামনে কোন একটি বিষয়ে 'আমি ্র ক'রব' বলায় ঠাকুর বললেন, "ও কি গো! অমন ক'রে 'আমি ক'রব' ুবলোকেন? যদিনাকরতে পারো? বলবে—স্বশ্বের ইচ্ছাহয় তো ক'রব।" গিরিশবারু বুঝলেন, সত্যিই তো! যদি তাঁর উপর বকল্মা मित्र थाकि—मत विषत्र मण्णुर्ग ভার দিয়ে থাকি, তা হ'লে জিনি यमि করতে দেন, তবেই তা করতে পারি। গিরিশবাবু পরে বলতেন, তথন তো বুঝি নি, এখন দেখছি, যে বকল্মা দিয়েছে তাকে প্রতি পদে, প্রতি নিঃখাসে দেথতে হয়, ভগবানের জোরে পা-টি, নিঃখাসটি ফেললে, না এই হতচ্ছাড়া 'আমি'-টাব জোবে সেটি করলে।

সংসার ও সাধন

সংসার ত্যাগ করতে হবে, এ কথা বলছেন না—সব ত্যাগ ক'রে ঘর-বাড়ী ছেড়ে চলে যেতে হবে, এ কথাও বলছেন না। কোন ব্রাদ্ধভক্ত একদিন বললেন, উনি যাই বলুন না কেন এখন, পরে একদিন কুটুস ক'রে কামড়াবেন। অর্থাৎ পরে একদিন এমন ক'রে যাকে বলে—জাত সাপের ছোবল মারবেন যে, আর ঘর-বাড়ী কিছু থাকবে না। ঠাকুর বললেন, তা কেন গো! আমি তো তোমাদের ঘর-বাড়ী ছাড়তে বলি না। আমি এইটুকু বলি যে, সংসার কর, কেবল এটি তাঁর সংসার— এ ই বৃদ্ধি রেথে কর। তাঁকে ধরে সংসার কর, যেমন হাতে তেল মেথে কাঁঠাল ভাঙে, সেই রকম। আঠা লাগবে না। সংসারেতে থাকো— তাতে আপত্তি নেই। কিন্তু যদি তাঁকে ধরে থাকো, তা হ'লে সংসারের দোষ তোমাকে স্পর্শ করবে না। এই হ'ল ঠাকুরের উপদেশ। বলছেন, খুঁটি ধরে ঘোরো, পড়বে না; যেমন ভাগবতে আছে, কবি— নবযোগীল্রের একজন—নিমিরাজকে বলছেন:

'যানাস্থায় নরো রাজন্ ন প্রমান্তেত কর্ছিচিৎ।
ধাবন্ নিমীল্য বা নেত্রেণ খালের পতেদিছ। (১১।২।৩৫)
যা (ভাগবত-ধর্ম) অবলম্বন ক'রে মাহ্ম্য কথনো প্রমাদগ্রস্ত হয় না; সে
যদি চোথ বুজে দোজোয়, তবু পজে না। ঠাকুরের কথা: যে ছেলেকে
বাঁপ হাতে ধ'রে বা কোলে ক'রে নিয়ে যাচ্ছে, তার ভ্রুয় নেই। সে হাততালি দিয়ে যেতে পারে অনায়াসে। আর যে ছেলে নিজে বাপের হাত
ধ'রে যাচ্ছে, তার ভয় থাকে। কথনও অক্তমনস্ক হয়ে হাততালি দিলে
হয়তো পজে যাবে। তাঁকে অবলম্বন করা, তাঁর উপর সমস্ত সমর্পন ক'রে
দেওয়া, নিজের ভার তাঁর উপরে ছেজে দেওয়া 'কথামৃতে'র ভিতরে এই
ভাবটি থব প্রকটভাবে আমরা পাই।

কর্ম, জ্ঞান ও ভক্তির সামঞ্চন্ম

ঠাকুর যেমন ভক্তির কথা বলেছেন, তেমনি সঙ্গে লানের কথা—
চরম জ্ঞানের কথাও বলেছেন। বেদান্তী তাঁর বৃদ্ধির সাহায্যে বেদান্তের
যতদুর যেতে পারেন, তা ঠাকুরের কথাতেই আমরা পাই অতি সহজে।
ঠাকুর বলছেন: তোমার বেদান্তে তো এই কথা আছে—'অন্তি, ভাতি
আর প্রিয়!' এই অন্তি-ভাতি-প্রিয় নিয়ে তুমি বিচার ক'বছ। তাৎপর্য
তো এই, মোট কথা তো এই—তিনি আছেন, তিনি প্রকাশ পাচ্ছেন এবং
তিনি প্রিয় আমাদের! এই কথাটুকু বুঝে নিলেই তো তোমার ঝুড়ি ঝুড়ি

বেদান্তের কাজ হয়ে গেল। কথা ঠিক, কিন্তু তার দারা তো আমাদের বুদ্ধিটা দেখানো হয় না। আমি কত বড় পণ্ডিত এটা দেখাতৈ হ'লে আমার পূর্বপক্ষ দেখাতে হবে, সিদ্ধান্ত দেখাতে হবে, আবার উল্টে সিদ্ধান্তকে পূর্বপক্ষ ক'রে, পূর্বপক্ষকে সিদ্ধান্ত ক'রে প্রতিষ্ঠা করতে হবে। · হয়কে নয় করতে হবে, নয়কে হয় করতে হবে। এ না হ'লে পণ্ডিত! ঠাকুর বলছেন, ও তোমার দরকার কি। তোমার দরকার কোন রকম ক'রে 'আমি' টাকে নষ্ট করা। এ ছাড়া জ্ঞানী আর কি করে? 'আমি ম'লে ঘুচিবে জঞ্জাল।' তাই এই 'আমি'টাকে যে কোনরূপে পারো, নষ্ট কর। জ্ঞানের ভিতর দিয়ে হোক বা ভক্তির ভিতর দিয়ে হোক বা কর্মের ভিতর দিয়ে হোক, বা দবগুলো দিয়ে হোক। ঠাকুর উপমা দিচ্ছেন, স্থাকরারা সোনা গলাবার সময়ে উঠে পড়ে লাগে; এক হাতে হার্পর, এক হাতে পাথা, মুথে চোঙ—যতক্ষণ না আগুনটা থুব জোর হয়ে সোনাটা গলে। সেই রকম ভগবানের জন্ম যথন মানুষের প্রবল উৎকণ্ঠ। আদে, তথন সে সব রকম করে এবং প্রাণপণে এগিয়ে যায়, যতক্ষণ না সোনা গলে—অর্থাৎ বস্তুলাভ হয়। এই হ'ল ঠাকুরের সাদা কথায় উপদেশ। এই যে কথাগুলি এর ভিতর দিয়ে কর্ম, ভক্তি ও জ্ঞানের কি অপূর্ব দামঞ্জুত এনে দিচ্ছেন, এটি আমরা 'কথামূতে' লক্ষ্য করি। অপূর্ব সামঞ্জ্য—যা ঠাকুরের দৃষ্টি দিয়ে যদি না দেখতাম, তা হ'লে আমাদের চিরকাল সংসারের মধ্যে থাকতে হ'ত। পণ্ডিতের) কবে সেই আদিম যুগ থেকে দার্শনিক বিচার আরম্ভ করেছেন, আর আজ পর্যন্ত দে বিচারের শেষ হ'ল না যে. 'তিনি' অবৈত ন। বৈত, না বিশিষ্টাবৈত, তিনি এক না বহু, সঙ্গ না নি গুণ, সাকার না নিরাকার, আর যদি সাকার হন, তাঁর চারটে হাত, না দশটা হাত, না হাজারটা হাত! সমস্তার আর শেষ নেই! 'কথামৃতে' দাদা কথায় এই দব দমস্থার স্থন্দর মীমাংদা আমরা পাই—এত সহজ দমাধান যে আমরা দকলেই বুঝতে পারি।

আমরা আজকাল সর্বজনীনতার কথা বলি। বলি, সকলের পক্ষে উপযোগী সব জিনিদ দিতে হবে। ঠাকুরের উপদেশের মতো এমন সর্বজনীন উপদেশ থুঁজে পাওয়া কঠিন। তাঁর উপদেশ এক সঙ্গে পণ্ডিত এবং মূর্য উভয়কে তৃথি দেয়, ভক্ত জ্ঞানী কর্মী সকলকে সমানভাবে উদ্ভূম করে—নাস্তিককে পর্যন্ত বাদ দেয় না। যদি কেউ নাস্তিক হয়, ঈশ্বর আছেন কিনা সংশয় হয়, ঠাকুর বলছেন, একাস্কভাবে প্রার্থনা কর, তিনিই জ্ঞানিয়ে দেবনৈ তিনি আছেন কি না। নাস্তিককে পর্যন্ত ঠাকুর বাদ দিছেন না—উপেক্ষা করছেন না।

🎍 তাঁদ্ব অভয়বাণী কথামতের ছত্তে ছত্তে আমরা পাই। দেখি, তিনি কি ক'রে আমাদের সব সময়ে সাহস দিচ্ছেন। আমাদের ভিতরে যত ক্রটি, যত অপূর্ণতা—সব দেখেও তিনি আমাদের উপেক্ষা করছেন না এবং কি ক'বে আমরা এগুলি থেকে মুক্ত হবো তার সহজ সরল উপায় বলে দিচ্ছেন। একটি দৃষ্টান্ত: যোগানন্দ স্বামীজী (তথন যোগীন্দ্রনাথ রায় চৌধুরী) ঠাকুরকে জিজ্ঞাদা করেছিলেন, কাম যায় কি ক'রে ?. ঠাকুর বললেন, খুব হরিনাম করবি, তা হলেই যাবে। কথাটা যোগীনের একটুও মনের মতো হ'ল না। মনে হ'ল, এ আবার একটা কি উপদেশ দিলেন। —উনি কোন ক্রিয়াট্রিয়া জানেন না কিনা, তাই যা হোক একটা বলে দিলেন। হরিনাম করলে আবার কাম যায়!—তা হ'লে এত লোক তো করছে, যাচ্ছে না কেন ? পরে ভাবলেন, ঠাকুর যথন বলছেন, তা করেই দেখি না কেন-কি হয়। এই ভেবে একমনে খুব হরিনাম করতে লাগলেন আর বাস্তবিকই অল্পদিনেই, ঠাকুর যেমন বলেছিলেন, প্রতাক্ষ ফল পেলেন।

অনেক জায়গায় অধিকাবিভেদে ঠাকুরের উপদেশে পার্থক্য দেখা যায়

—যার জন্ত যেটি দরকার দেটিই বলেছেন। কিন্তু কোন জায়গায় তিনি
উৎকট কিছু বলেন ত্নি। উৎক্টভাবে কিছু করা—কুদ্রু-সাধনা, যাতে

অসাধারণত্ব প্রকাশ পায়, এমন কিছু বলেন-নি। বরং বলেছেন, অসাধারণত্ব কিছু রাথবে না, সরলভাবে থাকবে। এবং তিনি নিজে সহজ সরলতার দৃষ্টাস্ত। জটা নেই, ভন্ম নেই, চিম্টে নেই, শাধুর বাহ্য চিহ্নগুলি যা তাঁকে সর্বসাধারণ থেকে ভিন্ন ক'রে রাথে, এমন কিছুই নেই। কিন্তু যারা তাঁর কাছে আসছে, যত তাঁর কাছে এগোচ্ছে, দেখছে তিনি তত দ্বে। যত তাঁর দিকে এগোচ্ছে, তত তাঁর ভিত্তরের বিশালতার পরিচয় পাচ্ছে। এই হ'ল তাঁর অছুত বৈশিষ্টা।

ঠাক্র নিজে যেমন সহজ, তাঁর উপদেশগুলিও সেই রকম সহজ। এই সহজ উপদেশের ভিতর দিয়ে তিনি আমাদের আকর্ষণ করছেন। ভগবানকে পাবার পথ তিনি স্থগম ক'রে দিয়েছেন, সরল ক'রে দিয়েছেন। 'কথামৃতে'র ভিতরে এর অজস্ত্র প্রমাণ আমরা পাই।

'কথামৃত' পরিচয় ও অভিপ্রায়

যে-প্রস্থ আমরা পড়তে চাই, তার যা প্রতিপান্ত বিষয়, তা আগেই সংক্ষেপে জানতে হয়। এই বিষয়বস্থ জানবার ইচ্ছা খাভাবিক। 'কথামতে'র বিষয়বস্থ কি? 'কথামতে'র বিষয়বস্থ হ'ল ভগবান এবং ভগবানলাভের উপায়। কি ক'রে আমাদের ভববন্ধন মোচন হবে, কি ক'রে আমরা এই সংসার-বাধি থেকে মৃক্ত হবো, এই যে জন্মজনাস্তর ধ'রে আমরা অন্ধকারে ঘূর্বছি, এই অন্ধকারের কি ক'রে নির্ত্তি হবে, আমাদের যত সংশয় দেগুলি কি ক'রে দূর হবে, আমাদের সংসারে সমস্ত কাজকর্মের ভিতরেও কি ক'রে আমরা ভগবন্মুখী হয়ে অপার শান্তির অধিকারী হবো—এই সব কথা। এগুলি সব ঠাকুরের উপদেশের মধ্যে আমরা পাব এবং আমাদের ব্যক্তিগত প্রবণতা যে-রকমই হোকনা কেন, আমরা জ্ঞান-প্রবণ হই বা ভক্তি-প্রবণ হই বা কর্ম-প্রেষণ হই, 'কথামতে' আমরা সকলেই পথের নির্দেশ পাব—অপূর্ব প্রেরণ। পাব।

'কথামৃতে'র পরিচয় দিতে গিয়ে 'কথামৃতকার' শ্রীম, মহেন্দ্রনাথ গুপু, তথা মার্স্টারমশাই, ভাগবতের একটি শ্লোকের উদ্ধৃতি দিয়েছেন। ভূমিকাতে আমরা সেটির আলোচনা করতে পারি। শ্লোকটি হ'ল:

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিন্নীড়িতং কল্মবাপহম্।

শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভূবি গৃণস্তি যে ভূবিদা জনাঃ॥ ১০।৩১।৯ —তোমার এই যে কথারূপ অমৃত, কি বৃক্ম ? না, 'ত**গু**জীবনম'— শংশারতাপে তথ্য যে মাতুষ, মৃতপ্রায় দগ্ধ যে মাতুষ, পুড়ে মরছে যে মাহুৰ, তার কাছে জলস্বরূপ। তার সমস্ত যন্ত্রণার অবসান করে—তাকে ^{*}জন্ম-মৃত্যুর হাত থেকে, সংসারচক্র থেকে বাঁচায় এই কথারপ অমৃত। তারপর বলছেন 'কবিভিরীড়িতম'। কবি অর্থাৎ জ্ঞানী যাঁরা, শাস্ত্রমর্ম যাঁরা জ্বানেন, তাঁরা এই 'কথামূতে'র প্রশংসা করেন। তাঁরা সর্বদা এই 'কথামতে'র স্বতি করেন এই ব'লে যে, এই 'কথামূত' মানুষকে মুভার হাত থেকে বাঁচায়—মাতুষ যে মরণনীল নয়, এই জ্ঞান দেয়। আরও এই 'কথামৃত' কিরূপ ? না, 'কল্মবাপহম্'। — আমাদের সমস্ত কল্মব, পাপ, কলুষ, কালিমা এই 'কথামৃত' দূর ক'বে দেয়। সংসাবে আমরা অনেক কালি মেথেছি, কারও গায়ে যে কালি লাগেনি, এমন কথা কেউ জোর ক'রে বলতে পারে না। এই কালিমা থেকে মুক্ত হবার উপায় কি ? হয়তো অনেকের মনে অনুতাপ আসে যে, এই কালিমা থেকে মুক্তির আর কোন পথ নেই। তাই বলছেন, না, উপায় আছে—এই 'কথামৃত' 'কল্মযাপহম'। শুগু তাই নয়, পুৱাণে বলে, অমৃত পান করেই অমর্থ লাভ হয়। এ-অমূত কিন্তু পানও করতে হয় না, কেবল মাত্র শুনেই জীবের কল্যাণ হয়—'শ্রবণমঙ্গলম্'। তারপর যদি মনে হয়— আচ্ছা, শ্রবণেতে কল্যাণ হোক, কিন্তু আমার কৃচি হবে কি না? তার উত্তরে বল্ছেন 'শ্রীমদ'—দৌন্দর্ঘবিশিষ্ট, এ-কথার ভিতরে এমন স্থবমা আছে যে, মানুষকে অনাগ্রাদে আকর্ষণ করে, স্বাভাবিকভাবে। আর,

এই 'কথামৃত' এতটুকু নম্ন যে, ফুরিয়ে যাবে। তাই বলছেন, 'আততম্' —বিস্তৃত। বিস্তৃত বলতে অপার এবং **সহজ**লভা। যেমন আকাশ চারিদিকে বিস্তৃত থাকে, তাকে খুঁজে বার করতে হয় না, যেমন বায়ু চারিদিকে পরিবাপ্ত থাকে, তাকে অন্তেখণ ক'রে আবিদার করতে হয় না, নেই রকম এই কথারূপ অমৃত অপার এবং অনায়াদল হা। এই 'কথায়ত' তা হ'লে আমরা দকলে পান করি না কেন? তার উত্তরে বলছেন, 'ভূবি গৃণস্থি যেভূরিদা জনাঃ'—যারা বছ দান করেছে অর্থাৎ বছ ফুকুতি সঞ্চয় করেছে, তাদের এই কথারূপ অমূতে স্বাভাবিক ক্ষতি হয়— তারাই এর স্তুতি করে, কীর্তন করে, আলোচনা করে। রুচি কারো হয়, কারো হয় না। তার কারণ—পূর্বজন্মকত কর্ম। পূর্ব পূর্ব জন্মের সঞ্চিত অনেক স্কৃতি যদি থাকে, তা হ'লে মামুষ আবাল্য এই রুচি নিমে জনায়। সহজাত হয় তার এই কচি । স্বকৃতি যদি কম থাকে, তা হ'লে হয়তো আঘাত পেয়ে তারপরে এই কথায় কচি হয়। এই রকম বিভিন্ন স্তারের মানুষ আছে। কিন্তু সকলেরই জন্য এই 'কথামৃত' কল্যাণকর এবং এই কথামতের অনুশীলন করতে যে একটা খুব কষ্ট হবে তা নয়। ক্লচি থাকলেই এতে আনন্দ পাবে সকলে।

এই শ্লোকটি মান্টারমশাই 'কথামৃতে'র গোড়াতেই উদ্ধৃত করেছেন। বইটির নাম 'শ্রীশ্রীরামক্রফ্ষকথামৃত'।কেন রাথলেন, তা যেন ভাগবতের এই শ্লোকটি উদ্ধার করেই জানিয়ে দিচ্ছেন। যিনি শ্রীরামচন্দ্ররণে জগতের কল্যাণের জন্ম সকলকে উপদেশ দিয়েছেন, তিনিই আবার শ্রীকৃষ্ণরূপে বহুবা নানাভাবে উপদেশ দিয়েছেন, যার সার আমরা গীতা-ভাগবতে পাই। তিনিই আবার শ্রীরামক্রফরপে সকলের সহজ্ববোধ্য হয়, এমনক'রে এই 'কথামৃত' এখন বলছেন—এই কথাটুকু আমরা মান্টারমশায়ের এই শ্লোকটির উদ্ধৃতি দেওয়ার অভিপ্রায় ব'লে মনে করি।

কথামৃত ১৷১৷২

আমরা রোজ একটু ক'রে 'কথামৃত' গ্রন্থ থেকে প'ড়ব এবং তা বুঝবার চেষ্টা ক'রব। আজ কথামূতের প্রথম ভাগের প্রথম থণ্ড থেকে আরম্ভ করছি। অবশ্য যে-কোন জায়গা থেকেই আরম্ভ করা যায়। কারণ, *আদাবত্তে চ মধ্যে চ হরিঃ দর্বত্র গীরতে'—আদি, অন্ত, মধ্য দব জায়পায় সেই ভগবানেরই কথা আছে। তবে সাধারণতঃ গোড়া থেকেই আরম্ভ করা হয় এবং তাই স্বাভাবিক, এইজন্ত গোড়া থেকেই আরম্ভ করছি। উপক্রমণিকায় শ্রীরামক্লফের জীবন-চরিত মান্টারমশাই সংক্লেপে স্থন্দরভাবে লিথেছেন; আমরা দে অংশটি পড়ছি না। তারপর প্রথম পরিচ্ছৈদে দক্ষিণেশ্বরের কালীবাড়ি আর বাগান ইত্যাদির একটি স্থন্য বর্ণনা দিয়েছেন; তাও আমরা এখন প'ড়ব না। আমরা প'ড়ব দেখান থেকে, যেখানে বলা হয়েছে মান্টারমশাই প্রথমে ঠাকুরকে কিভাবে দর্শন করলেন, তাঁর প্রথম কথা কি শুনলেন। সেই বিতীয় পরিচ্ছেদ থেকে আমরা এই গ্রন্থের অনুসরণ ক'রব।

এই প্রদক্ষে বলা প্রয়োজন যে, মান্টারমশাই কেবল যে ঠাকুরের কথাগুলি উল্লেখ করেছেন, তা নয়; কথাগুলির পটভূমি, যে-অবস্থায় ঠাকুর কথা বলছেন, অল্ল কথায় তার একটি চিত্র কথামৃতের ্রান্তি পরিচ্ছেদের ভিতরই দিয়ে গেছেন।

এর একটু রহস্থ আছে। মান্টারমশাই তাঁর ডায়েরীতে ঠাকুরের কথাগুলি সংক্ষেপে লিথে রাথতেন। এত সংক্ষেপে যে, তিনি ছাড়া আর কারও কাছে তার কোন অর্থ হয় না। থুব সংক্ষিপ্তভাবে থালি কয়েকটি নোটের মতো শব্দ উল্লেখ করা থাকত। 'কথামৃত' লেখবার আগে এই শব্দগুলি নিয়ে এক-একদিনের চিত্র তিনি ধ্যান করতেন। তিনি বলতেন যে, ধ্যান করতে করতে সেই দিনের সমগ্র চিত্রটি তাঁর চোথের সামনে

স্পষ্ট ভেদে উঠত। যথন এইভাবে সমস্ত দিনের ঘটনাটি তাঁর মানসপটে পরিস্ফুট হয়ে উঠত, তথন তিনি লিখতে আরম্ভ করতেন।

এইজন্ম আমরা দেখতে পাব, কথামতের প্রত্যেকটি কথার ভিতরে একটা বৈশিষ্ট্য আছে। কেবল যে ঠাকুরের কতকগুলি উপদেশ এক জায়গায় সমাবিষ্ট ক'রে সকলকে পরিবেশন করা হচ্ছে, তা নয়; এক-একটি দিনের চিত্র মান্টারমশাই সামনে উপস্থিত ক'রে দিচ্ছেন। ঠাকুর ব'লে আছেন, কোন্ দিকে ব'লে আছেন, সঙ্গে ঘরে কে কে আছেন, সব উল্লেখ ক'রে যাচ্ছেন। এর আগে কালীবাড়ির বর্ণনা তিনি পুঙ্খারুপুঙ্খরূপে দিয়েছেন; তার তাৎপর্য হচ্ছে এই যে, কথামূতের পাঠকরা যেন গোড়া থেকে ঐ চিত্রের সঙ্গে মিলিয়ে ঠাকুরকে ধান ক'রে কথাগুলি

বোঝবার চেষ্টা করেন। এই হ'ল 'কথামূতের' অপূর্ব বৈশিষ্ট্য।

পরে লিথতেন, এবং তাঁর অভিপ্রায় ছিল, যারা শুনবে বা যারা পড়বে, তারা যেন সেই চিত্রটিকে চোথের সামনে দেখছে, সাক্ষাংভাবে ঠাকুরের কাছ থেকে ঠাকুরের কথা শুনছে, এইভাবে ধ্যানের সঙ্গে কঙ্গেগুলি আলোচনা করে। তা যদি করে, তা হ'লে কথাগুলি ঠাকুরের ব্যক্তিত্ব থেকে বিচ্ছিন্নরূপে আসবে না; তাঁর ব্যক্তিত্বর প্রভায়উজ্জ্বল হয়ে আসবে, জীবন্ত প্রাণবন্ত হয়ে কথাগুলি আমাদের কাছে পৌছবে—বিমূর্ত

মান্টারমশাই নিজে ধ্যানের সাহায্যে কথা গুলিকে যেন সত্ত ভনে তার

তা মনে হবে না; মনে হবে ঠাকুর সাক্ষাৎ যেন বলছেন এবং বলছেন আমাদেরই মতো লোকের জন্ম। এই চিত্রটি সামনে রেথে আমরা তাঁর চিন্তা ক'রে 'কথামৃত' আলোচনা করলে বহু স্কুল পাব। তাই মান্টার-

নৈর্ব্যক্তিকরূপে নয়। উপদেশগুলি তথন, যাকে বিমূর্ত (abstract) বলে,

মশাই এই ভাবে কথাগুলি বলছেন, কোন নাটকীয় ফললাভের উদ্দেশ্যে নয়, ধ্যানের বস্তু ক'রে তিনি কথাগুলি আমাদের সামনে দিয়েছেন।

এখানে একটি জিনিস লক্ষ্য করবার যে, মান্টারমশাই ঠাকুরের কার্ছে যাবেন, মনে এ-রকম কোন সংকল্প নিয়ে বেরোননি। বরানগরে গেছেন, অনেক বাগান ছিল তথন সেথানে। এ-বাগানে দে-বাগানে বেড়িয়ে বেড়াচ্ছেন, এমন সময় তাঁর আত্মীয় সিধু—িযিনি ঐ জায়গার সঙ্গে পরিচিত, তিনি বললেন, 'গঙ্গার ধারে একটি চমৎকার বাগান আছে, সে বাগানটি কি দেখতে যাবেন ? সেখানে একজন পরমহংস আছেন।' তারপর এ-বাগানে সে-বাগানে বেড়াতে বেড়াতে তাঁরা দক্ষিণেশরে কালীবাড়ির বাগানে গিয়ে পড়লেন। তাই মান্টারমশাই দৈবক্রমেই সেথানে গিয়ে পড়েছেন, পরিকল্পনা করে নয়; সাধু দেখতে যে গেছেন, তাও নয়।

ৈ তারপর ঠাকুরের কাছে গিয়ে মান্টারমণাই দেখলেন, অপরের সঙ্গে ঠাকুর কথা বলছেন। সেই কথার এখানে উল্লেখমাত্র করেছেন। কথা-গুলির সঙ্গে মান্টারমণায়ের অন্তরের কোন যোগ তথনও হয়নি। তবে কথাগুলি তাঁর ভাল লেগেছে। মনে হয়, তথনও ঠাকুরের আকর্ষণ খুব প্রবলভাবে যে বোধ করেছেন, তা নয়। কারণ, বলছেন, 'একবার দেখি, কোথায় এসেছি, তারপর এখানে এসে ব'সব।'

বাগান দেখতে ঠাকুরের ঘর থেকে বেরিয়েছেন, এমন সময়ে আরতির কাঁসর-ঘটা খোল-করতাল বেজে উঠল। তাই সব মন্দিরে আরতি দেখে আবার এলেন ঠাকুরের ঘরের সামনে। দেখলেন—ঘরের দরজা বন্ধ।

লৌকিক জ্ঞান ও ভগবদ্জান

প্রথমে বৃদ্দে ঝি'র সঙ্গে কথা। মান্টারমশাই জিজেদ করলেন, "আচ্ছা, ইনি কি খুব বই-টই পড়েন ?" বৃদ্দে ঝি বলছে, "আর বাবা বই-টই! সব ওঁর মুথে!" বৃদ্দে ঝি, তার তো পড়াগুনা কিছুই নেই, কিন্তু দেখেছে বড় বড় পণ্ডিতদের ঠাকুরের কাছে আসতে, অনেক সাধুকে সেখানে আসতে দেখেছে, বিশিষ্ট ব্যক্তি, বিশিষ্ট সাধকদেরও আসতে দেখেছে এবং তাঁদের সঙ্গে ঠাকুরের কথা মন দিয়ে না শুনলেও এমনি শুনেছে এবং এইটুকু জানে যে, ঠাকুরের কথায় সকলেই মৃগ্ধ। বই-টই যে ঠাকুর পড়েন না, তা জানে। কাজেই তার সিদ্ধান্ত জানিয়ে দিল, 'বই-টই সব ওঁর মুখে।'

মান্টারমশায়ের কাছে এটা আশ্চর্য বলে মনে হ'ল, কারণ তাঁর ধারণা ছিল, আধ্যাত্মিক জীবনে অভিজ্ঞ হ'তে হ'লে, গ্রন্থাদি পড়া অপরিহার্য। জ্ঞানের ভাণ্ডার তা না হ'লে ভরবে কি দিয়ে। স্থতরাং ঠাকুর বই পড়েন না শুনে তিনি অবাক হলেন।

এই প্রসঙ্গে আমরা পরে দেখব একটি ভক্ত, মহিমাচরণ, যিনি ঠাকুরের কাছে থেতেন, বলছেন, 'অনেক থাটতে হয়, তবে ঈশ্রলাভ হয়; পড়তেই কত হয়! অনস্ত শাস্ত্র!' আর ঠাকুর উত্তর দিচ্ছেন, 'শাস্ত্র কত পড়বে ? বই প'ড়ে কি জানবে ? বই প'ড়ে ঠিক অন্থভব হয় না।'

দাধারণ মান্থবের মনে হয় যে, জ্ঞানলাভ করতে হ'লে অনেক শাস্ত্রটাস্ত্র পড়তে হবে। অনেক না পড়লে জ্ঞান হবে কি ক'রে! লৌকিক
জ্ঞানই মান্ন্রয় কিছু না পড়ে নিজে কডটুকু অর্জন করতে পারে, তার ঠিক
নেই, আর এ তো লৌকিক জ্ঞান নয়—ভগবৎ-তত্ত্ব সম্বন্ধে জ্ঞান! শাস্ত্রেই
তা লেথা আছে, এবং দাধকদের অন্নভূতির কথাও গ্রন্থে লেথা আছে,
দো-সব বই না পড়লে দো-জ্ঞান হবে কি ক'রে! স্বতরাং ঈশ্বরলাভ করতে
হ'লে অনেক বই পড়তে হয়—এই কথাই দাধারণের মনে হয়, যা
মহিমাচরণ বলেছেন,—'পড়তেই কত হয়!'

মহিমাচরণের বাড়িতে ঘরভর্তি বই ছিল। ঐ রকম ঘরভর্তি বই দেখার পর লোকে যদি শোনে যে এত দব বই পড়তে হয়, তা হ'লে দেখানেই নমস্কার ক'বে চলে যাবে—ভাববে, আমাদের জীবনে/দিখরলাভ আর হবে না।

বুন্দে ঝি'র সঙ্গে কথা হবার পর মাস্টারমশাই যথন ঠাকুরের ঘরে
ঢুকলেন, ঘরে তথন আর কেউ নেই। তিনি ঠাকুরের ভাবটি লক্ষ্য
করলেন। কি রকম ভাব ? না, ছিপেতে যথন মাছ এসে লাগে, ফাত্না
নড়ে, তখন যে ব্যক্তি ছিপ নিয়ে বসে আছে, তার যে-রকম ভাব হয়,
ঠাকুরের ভাব ঠিক সেই রকম।

* মান্টারমশাই খুব পর্যবেক্ষণ-শক্তি নিয়ে জয়েছিলেন। অভুত তাঁর পর্যবেক্ষণ-শক্তি। কোনও জায়গায় গেলে প্রত্যেকটি জিনিস খুঁটিয়ে তয় তয় ক'বে দেখতে পারতেন। ভাসা-ভাসা উড়ো-উড়ো দেখা তাঁর ছিল না। য়ামরা দেখেছি, তিনি মঠে আসতেন যখন, ঘরে ঘরে যেতেন। আর তাঁর সঙ্গে অন্তরাগী ভক্ত যাঁরা আসতেন, তাঁদের বলতেন: 'ভাখো, সব জিনিস দেখতে হয়। মঠ দেখা কি খালি জায়গাটা দেখা? এসে সব দেখবে, সাধ্দের সঙ্গে কথা বলবে, তাঁরা কিভাবে থাকেন দেখবে।' উনি দেখতেন ঘরে ঘরে চুকে। কারও বিছানার কাছে কিছু বই আছে। কি কি বই আছে তাও উটে দেখতেন। আমরা সভবতঃ আর কাউকে এত খুঁটিয়ে দেখতে দেখিনি। বিশেষ হক্ষ দৃষ্টি দিয়ে সব দেখা—এ তাঁর বরাবরের অভ্যাস ছিল। তাই আমরা কথামতের ভিতর যথন বর্ণনা পাই, দেখতে পাই কত খুঁটিয়ে তিনি বর্ণনা করছেন।

ঠাকুরের স্বাভাবিক আত্মসংস্থ ভাব

ঠাকুরকে তিনি ঐরকম অন্তমনস্ক অবস্থায় দেখলেন। তথনও এই অবস্থার দঙ্গে তাঁর পরিচয় নেই। সেই পরিচয় পরে ক্রমশঃ খুব নিবিড়-ভাবে হবে। এখন শুধু দেখলেন ঠাকুর অন্তমনস্ক। স্থতরাং ভাবলেন ঠাকুর হয়তো কথা বলতে চান না—সন্ধ্যা-বন্দনাদি করবেন। তাই

বললেন, 'আপনি এখন সন্ধ্যা করবেন, তবে এখন আমর। আমি।' ঠাকুর বললেন. 'না—সন্ধ্যা—তা এমন কিছু নয়!' ঠাকুরের কথার ভাবটা কি, মান্টারমশাই তখন বুঝলেন না। পরে বুঝবেন। ঠাকুর বোঝাবেন, সন্ধ্যা-বন্দনাদির কি প্রয়োজন, কতদিন তা করতে হয়, কখন তার প্রয়োজন আর থাকে না। এগুলি সব পরে শিখবেন। এখন দেখলেন ঠাকুরের অক্তমনস্ক ভাব—সকলের সামনে চোখ চেয়ে থেকেও তাঁর মন যেন বাহু কোন কিছুতেই নেই। উপমা দিলেন ঐ ছিপে মাছ ধরার মতো। যখন মাছ গেঁথেছে, তখন কি আর রক্ষে আছে! তখন কি আর যে মাছ ধরছে, তার মন অক্ত কোন দিকে যায়? ঠাকুরের এখন কোনও দিকে দৃষ্টি নেই—চারে মাছ এসেছে, ছিপে মাছ গাঁথা হয়েছে, এ-রকম অবস্থা।

এই যে অক্তমনন্ত ভাব, এটি দাধনার পরিপক অবস্থাতেই হয়। তার আগে হয় না। ঠাকুরের সম্ভানদের, তাঁর সাক্ষাৎ পার্ষদদের কয়েকজনের সংস্রবে আসবার সৌভাগ্য আমাদের হয়েছিল। লক্ষ্য করেছি যে, তাঁদেরও এইরকম একটা অভুত অন্তমনস্ক ভাব হ'ত, যা অন্ত কোথাও 'আমরা দেখিনি। বড় বড় সাধুদের, নামকরা বিখ্যাত সাধুদের সম্পর্কে এসেছি অক্ত জায়গায়। কিন্তু কোথাও এই রকম অবস্থা—জগৎটাকে বিশ্বত হয়ে যাচ্ছেন, এইবকম অবস্থা দেখিনি। এটি সাধনার অনেক পরিপক অবস্থা। আমি সমাধিত্ব অবস্থার কথা বলছি না, সেটা আরও অনেক দূরের কথা। এই যে মাঝে মাঝে যেন জগতের থেই থাকছে না, ভুল হয়ে যাচ্ছে, জগংটা যেন মনের উপর রেথাপাত করছে না, আছে জগংটা, অম্পষ্ট অনুভবও হচ্ছে, কিন্তু মনের উপরে কোন দাগ কাটছে না, এই অবস্থার কথা বলছি। স্বামীজীর রচিত একটি গানে নির্বিকল্প সমাধির প্রাথমিক স্তর হিসাবে ঠিক এই অবস্থারই বর্ণনা আমরা পাই: 'ভাদে ব্যোমে ছায়াসম ছবি বিশ্ব চরাচর'—'অস্টুট মন-আকাশে' বিশ্বচরাচর ছায়ার মতো ভাসছে। ছায়ার মতো—অর্থাৎ তার ঘেন
দেহ নেই, তার যেন বাস্তব সতা নেই। আর ছায়া ব'লে তার অস্তিত্ব
যেন মনের উপর রেথাপাত করছে না। এ একটা অত্ত অরুভূতি—
যথন বিশ্বত্রমাণ্ডই ছায়ার মতো হয়ে য়য়য়। এই অবস্থার মাহয়
'দেহস্থোহিপি ন দেহস্থং'—দেহে থেকেও যেন দেহে নেই। এটি সমাধিঅবস্থা নয় অর্থাৎ ইন্দ্রিয়াদির সব কাজ যে বন্ধ হয়ে গেছে, তা নয়।
ইন্দ্রিয়াদির কাজ হছেে, কিন্তু কাকে নিয়ে হছেে তার ঠিক নেই।
ইন্দ্রিয়াদি মনের কাছে বিয়য় উপস্থাপিত করে। মন সেগুলি নিয়ে যিনি
ক্রিষ্টা বা জ্ঞাতা, তাঁর কাছে হাজির করে। এখন তিনি যদি সেগুলি
গ্রহণ না করেন, তা হ'লে ইন্দ্রিয়াদির কাজ করা আর না করা সমান।
এ অবস্থায় একেবারে যে জগতের সঙ্গে সম্পর্কে নেই, তা নয়, আছে—
কিন্তু জগণটা ছায়ার মতো হয়ে গেছে।

ঠাকুরের এই অবস্থাটি মান্টারমণাই দেখলেন। এটি স্থামাদের ভাববার জিনিদ। কারণ, এই রকম স্ববস্থার দঙ্গে স্থামাদের পরিচয় নেই। লোকিক জীবনে স্থামরা জ্ঞানি, কথনও কথনও কোন একটা বিবয়ে মান্থরের মন নিবিষ্ট হ'লে দে স্থামনম্ব হয়। কিন্তু দেখানে তার মনের স্থাভিনিবেশ স্থাছে এমন একটা জিনিদে, য়া স্থামরা ধরতে বুঝতে পারি। যেমন একজনের কথা—তিনি স্থামাদের বলেছিলেন তিনি বাবদাতে নেমেছেন। তা বাবদাতে তথন মনটা এমন নিবিষ্ট য়ে, বাইরে বাবহার করছেন কিন্তু দব ভাসা ভাসা। মনটা বাবদাতে—বাবদার সমস্থা নিয়ে একেবারে বাস্ত। তার বন্ধু-বান্ধবেরা বলেন, 'ভোমার দঙ্গে কথা ব'লে স্থামাদের স্থাহয় না, ভোমার মন য়ে কোন্ দিকে থাকে! স্থামরা কথা বিনি, স্থার তুমি কোন্ দিকে চেয়ে থাকো!' এ স্থামনস্থতা, এটা স্থামরা বৃঝি। জগতের কোন একটা বিষয়ে স্থাভিনিবেশ হয়ে মনের য়ে এ বকমের বাইরের জিনিদকে গ্রহণ করবার স্থাজি, এটা মানুষের হয়।

কিন্তু এখানে ? এখানে মনের বিষয়টি কি, যা তাকে এমনভাবে টেনে বেখেছে যে, বাইরের বস্তকে অনুভব করতে দিচ্ছে না ? সেই বিষয়টির সঙ্গে আমাদের পরিচয় নেই। অভিনিবেশ আমরা বুঝি। অভিনিবেশ এতদূর হতে পারে যে, মাত্রষ বাইরের জগৎ সম্বন্ধে, ইন্দ্রিয়ের বিষয়গুলি সম্বন্ধে, সম্পূর্ণ উদাসীন হয়ে যেতে পারে। এর একটি দৃষ্টান্ত আমার মনে আসছে। প্রার জে. সি. বোসের একজন ছাত্র আমাদের বলেছেন। তিনি নিজে তথন খব কতবিভ হয়েছেন। সরকারি বড় কাজে প্রতিষ্ঠিত আছেন। গেছেন জে সি. বোসের সঙ্গে দেখা করতে। তাঁর বাড়িতে তাঁর অবাধ প্রবেশ ছিল। ভনলেন, তিনি ছাতের উপরে আছেন। ছাতের উপরে টবে সব গাছ লাগানো আছে, সেথানে তিনি বসে আছেন। ু উনি গেছেন, সামনে দাঁড়িয়েছেন, আর জে. সি. বোসের কোন হঁশ নেই। অনেকক্ষণ দাঁড়িয়ে আছেন। ধ্যানমগ্ন ঋষির ধ্যানভঙ্গ করবার ইচ্ছে হচ্ছে না। অনেকক্ষণ পরে তাঁর থেয়াল হ'ল,—'ও তুমি। কথন এদেছ ?' "অনেকক্ষণ এদেছি।' 'আমায় ডাকলে না কেন ?' আর উত্তর দিলেন না। এ-রকম অভিনিবেশ, আমরা বুঝি; তা গাছেই হোক, জগতের অন্ত কোন রহভেই হোক বা সংসারী লোকের মন যাতে আরুই হয়, সেই অর্থ-উপার্জনেই হোক। এ-সবের আকর্ষণ আমরা বুঝি। কিন্তু এখানে আকর্ষণের বিষয় আমরা জানি না। এখানে আকর্ষণের বিষয় সাধারণের চোথে ধরা পড়ে না। ঠাকুরের এই অবস্থার বর্ণনা 'কথামুতে' আমরা আরও পাবো। এর নাম অর্ধবাহদশা। মান্টারমশাই এই অর্ধবাহ্নদশার ঠাকুরকে দেখলেন, এবং তারপুর ঠাকুরের সঙ্গে কথা-বার্তা যা হ'ল, তা অতি অল্প। বোধ হয় ঠাকুর তথন, তার মনকে কথাবার্তা কওয়ার ভূমিতে নামাতে পারছেন না।

ঠাকুরের এই অবস্থা অনেক শময় হ'ত। মনের গতি এক এক শময় এমন হ'য়ে থাকত যে, এই জগতের বিষয়ে মন কিছুতেই নামতে পারত না। একটা ঘটনার উল্লেখ করছি: ঠাকুর বাগবাজারে বলরাম বস্থর বাজিতে এসেছেন। তাকে দর্শন করতে নরেন্দ্রনাথ প্রমুখ অনেক যুবক-ভক্তের সমাগম হয়েছে। অতী ক্রিয় বিষয়ের অন্নভূতি-প্রসঙ্গে অণুবীক্ষণ-যন্ত্রের কথা এদে প'ড়ল। স্থল চোথে যা দেখা যায় না, এমন অনেক সূক্ষ সন্ম জিনিস বা জীবাণু ঐ যন্ত্রের সাহাযো দেখা যায়, ভনে ঠাকুর ঐ যন্ত্র দিয়ে তৃ-একটি জিনিদ দেখতে চাইলেন। অক্সসন্ধানে জানা গেল, যুবক-ভক্তদেরই এক বন্ধুর কাছে একটি অণুধীক্ষণ-যন্ত্র আছে। তিনি ডাক্তার —সবে মাত্র ডাক্তারী পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হ'য়ে ঐ যন্ত্রটি মেডিকেল কলেজ থেকে পুরস্কার পেয়েছেন। তাঁকে থবর দেওয়া হ'ল। তিনি যন্ত্রটি নিয়ে এলেন এবং ঠিকঠাক ক'রে ঠাকুরকে দেখবার জন্ম ডাকলেন। ঠাকুর উঠলেন, দেখতে গেলেন, কিন্তু না দেখেই ফিরে এলেন। সকলে কার্বণ জিজ্ঞেদ ক'রলে বললেন, 'মন এখন এত উচুতে উঠে রয়েছে যে, কিছুতেই তাকে নামিয়ে নীচের দিকে দেখতে পারছি না।' অণুবীক্ষণ-যম্ম দিয়ে দেখতে হ'লে মনকে যে স্তরে নামাতে হবে, তিনি এখন আর সেই স্তরে মনকে নামাতে পারছেন না। মন তাঁর কিছুতেই নামল না, দেখাও হ'ল না।

এই বকম মন তাঁর। তাঁর মনের স্বাভাবিক গতি হ'ল উর্ধ্ব দিকে, জগৎ-অতীত তত্ত্বের দিকে। দেই মনকে জোর ক'রে নামিয়ে রাথতে হয়। কি প্রয়োজন ? তাঁর নিজের কোন দরকার তো নেই। তবু তাকে নামিয়ে রাথেন কেন ?—আমাদের জন্তা। তিনি চান ই শ্রিয়াতীত যে আনন্দ, তার সন্ধান আমাদের দেবেন এবং সেই জন্তা নিজে সমাধির আনন্দকেও উপেক্ষা করছেন। বলছেন, 'মা, আমায় বেছ শ করিস না। আমি এদের সঙ্গে কথা ব'লব।' কি প্রয়োজন তাঁর ? আত্মানন্দে বিভোর তিনি। 'আত্মরতিঃ' 'আত্মত্থঃ' 'আত্মনি এব সন্দুটঃ' যিনি, তিনি আমাদের জন্তা এত ব্যস্ত যে, মা'র কাছে প্রার্থনা করছেন, 'মা,

আমায় বেছ শ করিস না, আমি এদের সঙ্গে কথা ব'লব।' কথা তিনি বলেছেন। তাই আজ 'কথায়ত' পৃথিবীর সর্বত্র পরিবেশিত হচ্ছে। ঠাকুরের মনের সহজ যে গতি—অতীক্রিয় তত্ত্বের দিকে তাঁর মনের সাভাবিক যে গতি—তাকে যেন ধরে বেঁধে তিনি নামিয়ে আনছেন আমাদের জন্ম। মৃত্যু ছঃ সমাধি হচ্ছে। তিনি বিরক্ত হচ্ছেন যে, সমাধি তাঁকে ভক্তদের সঙ্গে কথা বলতে দিছেে না। যে সমাধির জন্ম ঋষি-ম্নিরা জন্ম-জন্মান্তর আরাধনা করে যাচ্ছেন, তপস্থা করে যাচ্ছেন, দেই সমাধি বার বার আসছে, তবু তিনি তাকে উপেলা করছেন, বিরক্তিবোধ করছেন—'এ-রকম সমাধিমগ্র হ'য়ে থাকলে আমার আসার সার্থকতা কি!'

গল্পের মাধ্যমে ঠাকুর বিষয়টি বুঝিয়েছেন: তিন বন্ধু মাঠে বেড়াতে े গিয়েছিল। বেড়াতে বেড়াতে দেখল—উচু পাঁচিলে ঘেরা একটা জায়গা, তার ভিতর থেকে গান-বাজনার মধুর আওয়াজ আদছে। তাদের ইচ্ছে হ'ল ভিতরে কি হচ্ছে দেখবে। একজন কোন রকমে একটা মই যোগাড় ক'রে পাঁচিলের উপর উঠে ভিতরের ব্যাপার দেখে আনন্দে অধীর হ'য়ে হাসতে হাসতে লাফিয়ে প'ড়ল; কি যে ভিতরে দেখল, তা হু-জন বন্ধুকে বলতে পারল না। বিতীয় বন্ধও ঐ রকম দেখে নিজেকে সামলাতে পারল না। সেও হাসতে হাসতে ভিতরে লাফিয়ে প'ড়ন। তৃতীয় বন্ধুও ঐ মই বেয়ে উপরে উঠল আর ভিতরের আনন্দের মেলা দেখতে পেল। দেখে প্রথমে তার খুব ইচ্ছে হ'ল—দেও ঐ আনন্দে যোগ দেয়। কিন্তু পরেই ভাবল— আমি যদি ওতে যোগ দিই, তা হ'লে বাইরের দশজনে তো জানতেই পারবে না, এখানে এমন আনন্দের জায়গা আছে। 🖫 একলা এই আনন্দটা ভোগ ক'রব ? এই ভেবে দে জোর ক'রে নিজের মনকে কিরিয়ে নীচে নেমে এল, আব যাকেই দেখতে পেল তাকেই বলতে লাগল— ওহে এখানে এমন আনন্দের জায়গা বয়েছে—চল, চল; সকলে মিলে ঐ আনন্দ ভোগ করি।

হাকুরের মানবপ্রেম

এই তৃতীয় ব্যক্তি হলেন ঠাকুর নিজে— যিনি এসেছেন একলা আনন্দ ভোগ করবার জন্ম নয়, দেই অফুরস্ত আনন্দের ভাণ্ডার সকলের কাছে উন্মুক্ত করবার জন্ম, উজাড় ক'রে দেবার জন্ম। কাজেই, তাঁর নিজের সমাধি-তথকে পর্যন্ত উপেক্ষা করতে হচ্ছে। এই জিনিসটি ঠাকুরের যে লক্ষীয় বৈশিষ্টা, তা আমাদের মনে রাখতে হবে।

লীলাপ্রসঙ্গের ভিতর ঠাকুরের জীবন বিশ্লেষণ ক'রে অনেক কথা আলোচনা করা হয়েছে। তার ভিতর একটি কথা এই যে, ঠাকুরের সীবনের প্রত্যেকটি ঘটনা তাঁর নিজের জন্ম নয়, জগতের কল্যাণের জন্ম; জগতের শিক্ষার জন্ত। এটি বুঝতে হ'লে খুব স্ক্ষভাবে তাঁর জীবন অন্ত্রধার্থন ক'রে দেখতে হয়। আমরা অত বুঝতে না পারলেও এইটুকু বুঝি যে, যিনি ইচ্ছা করলেই সমাধিতে ভূবে থাকতে পারতেন, তিনি আমানের জন্ত এইভাবে সমাধি-স্থথকে উপেক্ষা করেছেন, জগন্মাতার সঙ্গে ঝগড়া করেছেন, 'আমাকে বেছঁশ করছিদ কেন, আমি এদের সঙ্গে কথা ব'লব।' তিনি জানেন যে ঈশ্বর সম্বন্ধে আমাদের বিপুল অজ্ঞতা রয়েছে ৷ এই সংসাবে সাধারণ স্থথ নিয়ে আমরা মন্ত হয়ে আছি অথবা তুঃথে হাহাকার করছি। এই স্থগতঃখ্যন্ত সংসারের পারে যাবার প্থ দেখাবার জন্ম তাঁর প্রাণ ব্যাকুল। শুধু নিজের প্রাণ নয়. তাঁর পার্যদদেরও প্রাণ যাতে অমুরূপভাবে ব্যাকুল হয়, সেজন্ম তাঁদের সেইভাবেই তৈরী করেছেন। নরেন্দ্রনাথ সমাধিতে ডুবে থাকতে চাইলে তাঁকে ভং সনা ক'রে বলছেন, 'ছি ছি, তুই এতবড় আধার, তোর মুখে এই কথা। কোথায় একটা বিশাল বটগাছের মতো হবি, তোর ছায়ায় হাজার হাজার

লোক আশ্রয় পাবে, তা না হ'য়ে তুই কিনা শুধু নিজের মৃক্তি চাস। এ তো অতি তুচ্ছ হীন কথা। নারে, এত ছোট নজর করিস নি।'

শ্রীশ্রীমাকেও ঠাকুর বলেছিলেন, 'কলকাতার লোকগুলো যেন স্কান্ধকারে পোকার মতো কিলবিল করছে। তুমি তাদের দেখো।'

তাঁর জীবন সমর্পিত হয়েছে আমাদের জন্ত এবং তাঁর যাঁরা সাঙ্গো-পাঙ্গ, যাঁরা তাঁর লীলাসহায়ক হয়ে এসেছিলেন, তাঁদের প্রত্যেককে তিনি 'জগদ্ধিতায়' উদ্বন্ধ করেছেন, বলেছেন, 'তোমার জীবনের যে আনন্দ, সেই অসীম আধ্যাত্মিক আনন্দ শুধু নিজে ভোগ করার জন্ম তুমি জগতে আদনি। এসেছ এই জগৎকে সেই আনন্দের সন্ধান দেবার জন্স।' এই হ'ল ঠাকুরের জীবনের মূল কথা। তিনি তাঁর নিজের জন্ম কিছু করছেন না--করছেন জগতের সকলের জন্ত। এবং সেই করাটা কি ? না, মাতুষকে সমস্ত তঃথকষ্টের পারে নিয়ে যাওয়া, তার অজ্ঞাত যে আনন্দ 'দেই আনন্দের সন্ধান দেওয়া, তথু সন্ধান দেওয়া নয়, হাত ধ'রে তাকে ে.থানে পৌছে দেওয়া। বলছেন, 'য়া করবার আমি করেছি, তোমাদের ষার বেশী কিছু করতে হবে না, এই খালো দেখে চলে এসো।' বলছেন, 'বাড়া ভাতে বদে যা, বালাবারা নব হরে গেছে।' পাকা গিনির মতো বান্না ক'রে তৈরী ক'রে রেখে দিয়েছেন; বাড়া আছে সব। আমাদের শুধু থেতে বদতে হবে —থেতে হবে ; আগুন জালা আছে, শুধু পোয়াতে ছবে। যার যা প্রয়োজন সমস্ত নিজে যেন আগে থেকে ক'রে রেথে দিয়েছেন। আর আহ্বান করছেন, 'তোমরা এসো, এসে এই আনন্দ উপভোগ করো।' ঐ তিন বন্ধুর তৃতীয় বন্ধুর মতো! এবং শুধু ডাকছেন না, পথ দেখাচ্ছেন, উৎসাহ দিচ্ছেন, শক্তি দঞ্চার করছেন. সমস্ত বাধাবিদ্ন নিজের হাতে অপসারিত করছেন পথ থেকে। এ স্ব করছেন শুধু ছচারটির জন্ম নয়, তাঁর পার্ষদ যে-কজন সামনে ছিলেন, শুধু তাঁদের জন্ম নম, সকলেরই জন্ম। আগেই বলেছি, পার্যদদের তৈরি

করছেন এমনভাবে যাতে তাঁরা তাঁর এই যে এত (mission), তাঁর জীবনের এই যে উদ্দেশ্য, তা সফল করতে সহায় হন।

তিনি কাজ করছেন, তাঁর স্থুল দেহ থাকতে যতটুকু দেখা গেছে, তার চেয়ে শত সহস্র লক্ষ গুণ বেশী এখন। অশরীরিরপে তিনি সমস্ত জগতে যে কাজ করছেন, তার প্রভাব আমরা আভাদে মাত্র পাচ্ছি এখন। স্বামীজী বলেছেন, যা কালে পরিণত হবে, তার আভাসমাত্র আমরা পাচ্ছি, পুরো চিত্রটি আমাদের সামনে নেই। ক্রমশঃ যেন সেটি পরিক্ট হচ্ছে এবং তার এই ক্রমশঃ পরিক্টনের আভাদ আমরা দেখতে পাচ্ছি। দেখে আমরা আশ্র্র হচ্ছি, অবাক হয়ে যাচ্ছি, আর ভাবছি, কালে না জানি কি হবে!

দুই

\$

কথামূভ ১/১/২-৩

আবার এসো

মাস্টারমশাই শ্রীমহেন্দ্রনাথ গুপু, 'কথামূতে' যিনি শ্রীম ব'লে পরিচিত, ঠাকুরকে প্রথম দর্শনের পর বিদায় নেবার কালে ঠাকুর বললেন, 'আবার এসো'। এখনো ঠাকুরের সঙ্গে মাস্টারমশায়ের নিবিড় পরিচয় হয়নি। কিন্তু প্রথম দর্শনের পর থেকেই মাস্টারমশায়ের মনে হচ্ছে যে, পোশাক পরিচ্ছদ সাধারণের মতো হলেও এঁর প্রতিটি কথায়, প্রতিটি ব্যবহারের ভিতর দিয়ে অসাধারণত্ব ফুটে বেরোচ্ছে।

এঁর সম্বন্ধেই বৃন্দে ঝি বলেছিল, "আর বাবা বই-টই! সব ওঁর ম্থে!" মাস্টারমশাই তাই ভাবছেন—লেথাপড়া ছাড়া এ-রকম জ্ঞান হয় কি ক'রে ?

আর একটি কথা; কথাটি থুব ছোট্ট হলেও বিশেষ তাৎপর্যপূর্ণ।
মান্টারমশাই বলছেন, "কি আন্চর্য, আবার আদিতে ইচ্ছা হইতেছে।"
এই যে আকর্ষণ মান্টারমশাই বোধ করছেন—এই অজ্ঞাত আক্র্যণের
সঙ্গে তাঁর সম্যক পরিচয় নেই।

এই যে আকর্ষণ, যার পরিচয় আমরা 'কথামৃত' ও 'লীলাপ্রাদক্ষে'র মধ্যে পাই, তা ঠাকুরের অস্তরক ভক্ত অনেকেই অর্ভব করেছেন। সে তুর্বার আকর্ষণকে প্রতিহত করার ক্ষমতা তাঁদের ছিল না। ঠিক এইরকম এক আকর্ষণ অর্ভব করছেন মাস্টারমশাই। তাই বলছেন, "ইনিও বলিয়াছেন 'আবার এদো'! কাল কি পরস্ত সকালে আসিব।" অবশ্য যদি "এসো" নাও বলতেন, তা হলেও মাস্টারমশাইকে আসতেই হ'ত—এমনই তুর্বার সে আকর্ষণ। [১)।২ সমাপ্ত]

তার পরের দিনের কথা। মাস্টারমশায়ের ঠাকুরকে বিভীয়বার দর্শন।
সময়, সকাল আটটা। ঠাকুর তথন কামাতে যাচ্ছেন। তবু মাস্টারমশাইকে
দেখে বললেন, "তুমি এসেছ? আচ্ছা, এখানে বোসো।" ঠাকুর
কামাতে যাচ্ছেন আর সেথানে মাস্টারমশায়ের মতো প্রায় অপরিচিত
একজন ব'সে থাকবেন, এটা শিষ্ট সমাজে যেন কিছুটা কচিবহিভূতি
দেখায়। কিন্তু ঠাকুরের মধ্যে ওরপ কোন লৌকিকতা নেই। তিনি
কামাতে কামাতেই মাস্টারমশায়ের সঙ্গে কথা বলছেন।

মান্টারমশাই ঠাকুরের পোশাকের বর্ণনা দিচ্ছেন—'গায়ে মোলস্কিনের র্যাপার·····পায়ে চটি জুতা।' 'মোলস্কিন' একধরনের গরম কাপড়। বেলুড় মঠে থাকার সময় এর এক টুকরো আমাদের দেখানো হয়েছিল।

ঠাকুর সহাস্থবদন। কথা বলবার সময় কেবল একটু ভোতলা। যাঁবা ঠাকুরের সংস্পর্শে এসেছিলেন, তাঁরা বলতেন যে এই 'একটু তোতলা' মানে কথা একটু আটকায় বটে, তবে তাতে কথাগুলি আবও মিষ্টি লাগে। মান্টারমশাইকে দেখে ঠাকুর তাঁর বাড়ি কোথায়, দক্ষিণেশ্বর অঞ্চলে কোথায় উঠেছেন জেনে নিয়ে প্রশ্ন করছেন, 'ই্যাগা, কেশব কেমন আছে ?'

কেশব ও ত্রাক্ষসমাজ

কেশবের সঙ্গে মান্টারমশায়ের যে পরিচয় আছে, তা ঠাকুরের জানার কথা নয়। তবে এটা হ'তে পারে যে তথনকার দিনে শিক্ষিত সমাজের কেউ কেশবকে জানত না—এ একরকম অসম্ভব ছিল। কেশবের অসাধারণ বাগ্মিতা, তাঁর নতুন ধর্মমত আর সেই ধর্মমতের সপক্ষে তাঁর যুক্তিপূর্ণ ব্যাখ্যা—এই সবকিছু তথনকার নব্য শিক্ষিত সমাজের উপর

ঠাকুর তাঁর অন্তর্গৃষ্টি দিয়ে দেখেছিলেন মান্টারমশারের অন্তর্গা,
ঠিক যেন কাঁচের মধ্য দিয়ে আলমারির ভিতরের স্বকিছু দেখা
যায়, সেইভাবে। কাজেই ঠাকুর বুঝেছিলেন যে মান্টারমশায়ের সঙ্গে
কেশবের জানাশুনা আছে।

পরে আমরা পরিচয় পাবো, ঠাকুর ও কেশব পরস্পর পরস্পরকে কি দৃষ্টিতে দেখতেন। ঠাকুর কেশবকে অতিশয় স্নেহ করতেন, কেশবও ঠাকুরকে অসাধারণ ভক্তি করতেন—নিজেদের মতবাদের মধ্যে পার্থক্য থাকা সত্তেও।

ঠাকুর মৃতিপূজা করতেন, আর পৌত্তলিকতার বিরুদ্ধেই ছিল ব্রাহ্ম-সমাজের প্রধান আন্দোলন। সনাতন ধর্মের সব অন্থশাসনই ঠাকুর মানতেন, সেগুলি কাটছাঁট করে মানাই ছিল ব্রাহ্মসমাজের ধর্ম। কিন্তু সমস্ত মতপার্থক্যকে অতিক্রম ক'রে ঠাকুর ও কেশব পরস্পর প্রস্পরের প্রতি ছিলেন অভ্তভাবে আক্সষ্ট।

যে-ঠাকুর কোনদিন কোন পার্থিব বস্তুর জন্ম মার কাছে প্রার্থনা জানান-নি, সেই ঠাকুরই আবার কেশবের অস্তথের সময় মার কাছে ভাব-চিনি মেনেছিলেন। আপাতদৃষ্টিতে আমরা তথন বুঝতে পারতাম না যোগস্ত্রটা কোন্থানে। ইতিহাস সাক্ষ্য দিচ্ছে, যে-উদ্দেশ্যে ঠাকুরের আসা কেশব ছিলেন তার সহায়। আমরা পরে দেখতে পাই, কেশবের মাধ্যমেই ঠাকুর তথনকার 'ইয়ং বেঙ্গলে'র সঙ্গে পরিচিত হচ্ছেন। এমন কি অন্তরঙ্গ ত্যাগী শিশুদের অনেকেরই ঠাকুরের সঙ্গে পরিচয় এই; মাধ্যমেই।

অবশ্য ঐ সমাজের অনেকেই ঠাকুরের সঙ্গে সমাজের ঘনিষ্ঠতা থুব ভাল চোথে দেখেননি। এমন কি নরেন্দ্রনাথের সন্ধানে ঠাকুর একবার সাধারণ ব্রাহ্মসমাজের প্রার্থনা-সভার উপস্থিত হয়ে যথন সমাধিস্থ হয়ে পড়েন, তথন ঐ সমাজের কেউ কেউ আলো নিভিয়ে দিতেও কুঠিত হননি।

আমরা এখন এইসব কথা বলছি, ইতিহাসে ঘটনা যেমন ঘটেছিল, সেই দৃষ্টি থেকে; কোন সম্প্রদায়কে কটাক্ষ করার উদ্দেশ্যে নয়। অবগ্র কটাক্ষ করার কোন প্রশ্নই এখানে ওঠে না, স্বয়ং ঠাকুর যেখানে 'আধুনিক ব্রহ্মজানীদের প্রণাম' ব'লে তাঁদের উদ্দেশ্যে প্রণাম জানিয়েছেন। এমনকি নরেন্দ্রনাথের নিষেধ সত্ত্বেও ব্রাহ্ম সমাজের বেদীতে প্রণাম করেছেন এই ব'লে যে 'যেখানে ভগবানের কথা হয়, সে জায়গা অতি পবিত্র'। যাই হোক যে ব্রাহ্মসমাজের সঙ্গে ঠাকুরের এই সম্পর্ক, সেই ব্রাহ্মসমাজের সঙ্গে মান্টারমশায়ের যে সম্বন্ধ আছে, সেটা হয় ঠাকুর তাঁর অন্তর্দ্ প্রি দিয়ে দেখেছিলেন অথবা লোকিক জ্ঞানের সাহায্যে ধরে নিয়েছিলেন।

জ্ঞীরামকৃষ্ণ –সন্ন্যাসী ও গৃহীর আদর্শ

এর পর প্রতাপের ভাইএর কথা উঠল। তিনি ঠাকুরের কাছে থাকতে চাইলে ঠাকুর তাঁকে তিরস্কার ক'রে স্ত্রীপুত্রের দায়িত্ব পালন করতে ফেরত পাঠিয়ে দিয়েছিলেন। এ রকম প্রতাপ হাজরাকেও ঠাকুর ভর্ৎসনা করেছিলেন মা ও স্ত্রীপুত্রের প্রতি কর্তবার অবহেলার জন্ম। এ-প্রসঙ্গে অনেকে ঠিক বুঝতে পারেন না—যে-ঠাকুর 'ত্যাগের মূর্তিমান বিগ্রহ', যিনি তাঁর সন্নাদী সন্তানদের সংসারের হাওয়া থেকে দ্রে থাকতে বারবার উপদেশ দিচ্ছেন, তিনিই আবার কি ক'রে কোন কোন সংসার-ত্যাগেচ্ছু ভক্তকে ভর্ৎসনা করছেন। এ-সম্বন্ধে কোন কোন ভক্তের প্রশ্নের উত্তরে ঠাকুর দ্বার্থহীন ভারায় বলেছেন—যারা সংসার ক'রে ফেলেছে, তাদের সংসারের কর্তব্যে অবহেলা করা উচিত নয়। তারা ত্যাগ করবে মনে। কিন্তু যাঁরা সন্ন্যাসী, তাঁরা ত্যাগ করবেন অন্তরে বাহিরে।

ু এখানে কেউ কেউ ভাবতে পারেন যে, এই মনে তাাগ করতে ব'লে ঠাকুর বোধ হয় তাঁর আদর্শকে ফিকে (dilute) ক'রে ফেললেন। কিন্তু বাস্তবিক পক্ষে তা মোটেই নয়।

কারণ ঠাকুরের আদা কেবলমাত্র কয়েকজন মৃষ্টিমেয় তাাগী সম্নাদীর
জন্ম নয়। আচার্য তিনি, জগংগুরু তিনি। তাঁর উপদেশ সকলের জন্ম
উপযোগী হওয়া দরকার। যে যে অবস্থায় আছে, তাকে সেই অবস্থা
থেকেই চরম লক্ষ্যে যাবার সন্ধান দিতে হবে। তবেই না তিনি
ঈশ্বরাবতার, জীবের কল্যাণের জন্ম তবেই না তাঁর দেহধারণ। কি
সন্মাদী, কি গৃহস্থ—সকলেরই আদর্শ তিনি, তাঁর মধ্যে সকলেই দেথতে
পান নিজের নিজের আদর্শের প্রতিফলন।

কাজেই একদিকে যথন তিনি সংসার স্বীকার করছেন, মায়ের সেবা করেছেন, পত্নীকে সহধর্মিণীরূপে কাছে রেথেছেন, তথনও তিনি সন্ন্যাসী সম্ভানদের কাছে ত্যাগের জনস্ত মূর্তি। একাধারে এই যে গৃহস্থ ও ত্যাগীর আদর্শ, এটিই ঠাকুরের অন্যতম বৈশিষ্ট্য। উপনিষদ্ বলেছেন "ত্যাগেনৈকে অমৃতথমানতঃ"—ত্যাগের দারা কেউ কেউ অমৃতহ লাভ করতে পারে।
স্বামীজী এতে সন্তই না হয়ে বলছেন: "ত্যাগেনৈকেন অমৃত্যমানতঃ"
একমাত্র ত্যাগের দারাই অমৃত্য লাভ করা যায়। অক্য উপায়ে নয়।
তা হ'লে মনে হ'তে পারে তো—একমাত্র সন্নাদীদেরই অমৃত্যে
অধিকার। ঠাকুর বলছেন "তা কেন ?" দেখতে হবে আদল 'ত্যাগ'
কোন্টা। আদল ত্যাগ হ'ল মনের ত্যাগ, অন্তরের ত্যাগ। সেটা যদি
কেউ করতে পারে, তবেই প্রকৃত ত্যাগ হ'ল। এখানে প্রশ্ন উঠতে পারে
যে, সন্নাদীদেরও তো তা হ'লে মনের ত্যাগ হলেই চলে; তা হলে
তাদের আবার বাইবের ত্যাগ কেন ?

এখানে ভুললে চলবে না যে, সন্নাদীর জীবন হচ্ছে আদর্শবরণ—তাই
তার অন্তরে ত্যাগ, বাইরে ত্যাগ। তবে গৃহন্থের জন্ত এই বিধান দিছেন
না কেন ঠাকুর ? কারণ, সে যে-আশ্রমে আছে (যথা গৃহস্থাশ্রমে)
দেই আশ্রমে 'মনে ত্যাগ'ই আদর্শ; এটাই তার অন্ত্রসরণযোগ্য পথ।
এ-কথা ভূলে গিয়ে যদি আমরা আশ্রম-নির্বিশেষে সকলে সন্নাদের
আদর্শকে নির্বিচারে গ্রহণ করতে চেষ্টা করি, তা হ'লে তার কি পরিণাম
হ'তে পারে, বৌদ্ধর্ম তা দেখিয়ে দিয়েছে।

বৌদ্ধধর্মের দোষ

বৌদ্ধর্মে সকলের জন্মই সংসার ত্যাগের উপর এত জোর দেওয়া হয়েছিল যে, সবার মনে হ'ল যে সন্নাস ছাড়া পথ নেই। ফলে নির্বিচারে হাজারে হাজারে সব সন্নাসী হ'ল। আর তার পরিণাম যে কি হ'ল ইতিহাসই তার সাক্ষ্য দিচ্ছে।

প্রকৃতি-অন্থায়ী যার। সন্নাদের অধিকারী নয়, তারাও পরস্পরের দেখাদেখি ঐ পথের অন্থসরণ করতে গিয়ে আদর্শকে ক'বল বিকৃত, অধঃ-পাতিত। তাই ঠাকুর সাবধান ক'রে দিচ্ছেন, স্বামীজীও সাবধান ক'রে দিচ্ছেন যে অধিকারী-নির্বিশেষে সন্নাদ আমাদের আদর্শ নয়। আধ্যাত্মিক জীবনে সন্ন্যাদীর যেমন স্থান আছে, গৃহস্থেরও তেমনি স্থান আছে।

সন্মাসী আর গৃহস্থ-প্রদক্ষে কর্মযোগের একটি অধ্যায়ে আলোচনা ক'রে স্বামীজী বলেন যে, মাহুষ যখন ভিন্ন ভিন্ন পথ দিয়ে তার চরমলক্ষ্যে পৌছয়, তথন পথগুলি ভিন্ন ভিন্ন হলেও লক্ষ্যটি ভিন্ন নয়। 'লক্ষ্য একই, একই জায়গায় উভয়েই পৌছয়, কেবল চলবার সময় তাদের পথটা ভিন্ন ভিন্ন দেখায়।

সংসারীর কর্তব্য

একবার স্বামী সারদানন্দঙ্গীর কাছে একজন এসে বললেন, তিনি সংসার ত্যাগ করতে চান। স্থামরা তথন সেথানে উপস্থিত, শুনছি।

ুখামী সারদানন্দ বললেন, "বাপু, তুমি তো সংসার ত্যাগ করবে। আমি কিন্তু এখনো পারিনি। দেখ না কতগুলি জড়িয়েছি। এক সময় এক-কাপড়ে উত্তর ভারত ভ্রমণ করেছি, শীতের জায়গাতেও এক কাপড়। এখন দেখ না কতগুলো জড়াচ্ছি। ত্যাগটা কোথায় হ'ল ?" তখন শীতকাল, তাই গায়ে কতকগুলো জামা-কাপড় ছিল। তার উপর বাতের স্মস্থেরে জন্ম তিনি একটু বেশী গরম কাপড় ব্যবহার করতেন।

ভাব এই যে—যতদিন শরীর আছে, ততদিন শরীরকে স্বস্থ রাথার জন্য তার কতকগুলো চাহিদা মেটাতে হয়। তাই শরীরের প্রতি আমাদের একটা কর্তব্য আছে। তেমনি কর্তব্য আছে আত্মীয়ম্বন্ধনের উপর, দেশের উপর, জগতের উপর। এতগুলি কর্তব্য থাকতে আমরা যে সব ত্যাগ ক'বব বলছি, এটা কি এতই সোজা ব্যাপার ? তা হ'লে কর্তবাের এই বন্ধন থেকে কি আমাদের মৃক্তি নেই ? ঠাকুর তারও উত্তর দিয়েছেন, বলেছেন বেহাই আছে যদি কেউ পাগল হয়, তা হ'লে কোন আইন তার উপরে চলে না। গীতায় ভগবান বলেছেনঃ যস্তাত্মরতিরের স্থাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্মত্মের চ সম্ভুষ্টস্তস্ত কার্যং ন বিহাতে।

যে ব্যক্তি আত্মাতেই প্রীত, আত্মাতেই তৃপ্ত এবং আত্মাতেই সস্কৃষ্ট তার কোন কর্তব্য নেই। যতক্ষণ আমি একটি ব্যক্তি, আমি সমাজের একটি একক, ততক্ষণ পর্যন্ত কর্তব্যের হাত খেকে আমার নিছতি নেই। যদি আমি সম্পূর্ণরূপে আমার ব্যক্তিত্বকে মৃছে কেলতে পারি, তা হ'লে আমার আর কোন কর্তব্য নেই।

দয়াদীরা দবাই কি তাঁদের 'আমি' মৃছে ফেলতে পেরেছেন? তা যতক্ষণ না পারছেন, ততক্ষণ তাঁরাও কর্তব্য থেকে মৃক্ত নন। কে বুকে হাত দিয়ে বলতে পারে যে, আমার 'আমি'-কে নিশ্চিফ্ করেছি।

এটা একটা স্ববিরোধী কথা, যেটা আমার কথার দারাই ব্যাহত হচ্ছে; স্থতরাং কর্তব্যের হাত থেকে নিদ্ধৃতি নেই। যে কর্তব্যকে সে স্বীকার করেছে বা যে কর্তব্য তার উপর আরোপিত হয়েছে, তা তাকে পালন করতে হবে, নিখুঁতভাবে.—নির্লিপ্তভাবে। আর যে যত নিখুঁতভাবে ও নির্লিপ্তভাবে তা করতে পারবে, সে তত শীঘ্র এই বন্ধন থেকে ম্কিলাভ করবে। ঠাকুরের এই শেষের কথাটি হ'ল প্রতাপের ভাইএর প্রেসমে। এই কথাটির চরম নিহর্ষ হ'ল: কর্তব্যকে অস্বীকার করা চলবে না ততক্ষণ, যতক্ষণ আমাদের 'আমি' একেবারে লুপ্ত হয়ে না যাছে। তাই যথন কেউ ভগবাদের জন্ম পাগল হয়, তার উপর কোন আইন চলে না।

এই অধ্যায় পরিসমাপ্তির সময় আমাদের এই কথা মনে রাখতে হবে যে, আমাদের প্রতাপের ভাইয়ের মতো হ'লে চলবে না, কেননা সে পলাতক, সে কর্তবাকে এড়িয়ে চলতে চায়। তাই ঠাকুর বলছেন যে "সব 'তাঁর'—এই বৃদ্ধিতে কর; সংসারের ভিতর তাঁকে দেখতে চেষ্টা কর; গোঁর সংসার—এটা ভাববার চেষ্টা কর।" তা যদি না পারো তো বড়- লোকের বাড়ীর দাদীর মতো আমাদের ভাবতে হবে যে, তিনিই আমাকে রেখেছেন এই দব দায়িত্ব দিয়ে। এ সব তাঁরই দেওয়া, এই মনে ক'রে এগুলো বহন করতে হবে।

"স্বকর্মণা তমভার্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ"

—নিজে এইদব কর্ম ক'রে, জাুুুুমার কর্তব্য ক'রে আমি দিদ্ধিলাভ ক'রব তাঁর রূপায়, কারণ এগুলির হারা তাঁরই অর্চনা করা হয়।

"যদ্ যৎ কর্ম করোমি তত্তদখিলং শক্তো তবারাধনম্ ॥" হৈ শভূ, আমি যা কিছুই করি, সবই তোমার পূজা, তোমার আরাধনা।

তিন

কথান্ত—১।১।৪

এ-রকম প্রশ্ন করতেন কেবল তাঁদের, যাঁদের তাঁর নিজের অন্তরঙ্গ বলে বোধ হ'ত। মাস্টারমশাইকে দেখে প্রথম থেকেই বুঝেছিলেন, এক বিশেষ কাজের যন্ত্ররূপে তাঁকে তিনি ব্যবহার করবেন। তাই তিনি চেয়েছিলেন, যন্ত্রটি যেন নিখুঁত হয়। মাস্টারমশাই বিয়ে ক'বে ফেলেছেন, তাঁর সম্ভানা দিওহয়েছে—তাই সংসারের কর্তব্যের বোঝা রয়েছে তাঁর মাণায়। এই অবস্থায় তাঁর স্বতন্ত্রতা অনেকাংশে থর্ব হয়েছে। তাই 'বিয়ে হয়েছে' শুনে তাঁর এই থেদোক্তি। এমন নয় যে সংসারে থেকে কারও ধর্মজীবন লাভ হয় না; যার হয় হোক, কিন্তু মাস্টারমণাইকে তিনি সম্পূর্ণ নিজের হাতের যন্ত্ররূপে ব্যবহার করতে চাইছিলেন; খানিকটা তাঁর, আর খানিকটা সংসারের—এ-রকমভাবে নয়। ঠাকুরের কথা থেকে এই বকমই মনে হয়। অবশ্য পরে যখন মান্টারমশাই সংসার থেকে সরে আসতে চাইছেন, ঠাকুর তখন তাঁকে বারণ করছেন। আমরা দেখেছি, ঠাকুর এ সম্বন্ধে অনেককে উপদেশ দিচ্ছেন যে সংসারের দায়িত্ব যদি মাথায় এসে পড়ে, তা হ'লে তা থেকে পালিয়ে যাওয়া উচিত নয়। যতক্ষণ তা আদেনি, ততক্ষণ বিচার কর: নিজের প্রকৃতি যাচাই কর, দেখ কোন পথে তোমার স্থবিধা। বিচার না ক'রে সংসারের বন্ধনে জড়ানো যেমন ঠাকুর পছন্দ করতেন না, তেমনি পছন্দ করতেন না— বিচার ক'রে সংসারে প্রবেশ করার পর তা থেকে পালানো। তাই হাজরাকে জোর ক'রে বাড়ি পাঠিয়ে দিচ্ছেন; নরেন্দ্রনাথ হাজরার হয়ে ঠাকুরের সঙ্গে তর্ক করছেন এবং বাড়ি ফিরে যাবার জন্ম হাজরার ওপর জোর না করতে তাঁকে অন্নরোধ করছেন। তবুও ঠাকুর গুনছেন না। সংসার যথন রয়েছে, তথন সে কর্তব্যে অবহেলা করা চলবে না। আবার মেই ঠাকুরই তাঁর ত্যাগী-**সন্তানরূপে যাঁ**দের তৈরী করবেন, তাঁদের কারও বিয়ে করার কণা শুনে মাথায় লাঠির ঘা পড়ার মতো বোধ করছেন।

যাদের তিনি নিজের হাতের ষত্ররূপে ব্যবহার করবেন, তাদের নিখুঁত হওয়া চাই, পরিপূর্ণরূপে তাঁর হওয়া চাই। সেখানে ভাগাভাগি হ'লে যন্ত্রটি নিখুঁত হয় না।

শ্রীম-এর শিক্ষা শুরু

ঠাকুর মান্টারমণাইকে জিজ্ঞাদা করছেন, "আচ্ছা তোমার পরিবার কেমন? 'বিভাশক্তি না অবিভাশ ক্তি?' বিভাশক্তি, অবিভাশক্তি'— এ-দব কথা মান্টারমণাই কোনদিন শোনেননি। 'বিভা' কথাটার মানে তিনি জানেন বইপড়া, আর সেই থেকেই ধরে নিলেন যে ঠাকুর জানতে চাইছেন, তাঁর স্ত্রী লেখাপড়া জানেন কি না? দাধারণভাবে 'জানী' বলতে আমরা বৃঝি যিনি অনেক লেখাপড়া করেছেন আর সেই স্থ্রেই যাঁরা লেখাপড়া জানেন না তাঁদের অজ্ঞান' বলি।

এই ভেবেই মান্টারমশাই উত্তর দিলেন, "আজ্ঞা, ভাল, কিন্তু আজ্ঞান।" ঠাকুর বিরক্ত হয়ে বললেন, "আর তুমিজ্ঞানী।" ঠাকুরের কাছে মান্টারমশাই জ্ঞান-অজ্ঞানের নতুন অর্থ শিথলেন; শিথলেন ভগবানকে জ্ঞানার নামই 'জ্ঞান', আর তাঁকে না জ্ঞানার নাম 'অজ্ঞান'। ঠাকুরের কাছে মান্টারমশায়ের পাঠের এই হ'ল শুক্ত।

মান্টারমশায়ের অহন্ধারকে চূর্ণ করবার জন্ম ঠাকুর যেন ইচ্ছাকৃতভাবে শ্লেষাত্মক শব্দ প্রয়োগ করলেন। কেন-না যতক্ষণ মানুষের মধ্যে অহন্ধার থাকে, ততক্ষণ তার মধ্যে কোন উপদেশ কার্যকর হয় না। তার মনে হয় "আমি আবার উপদেশ নেব কি ? আমি কি কম জানি ?" মান্টারমশাই তথনকার দিনে ছিলেন উচ্চশিক্ষিত; ছেলেদের শেখানোই ছিল তার কাজ। এ হেন মান্টারমশাইকে যে এক নিরক্ষর ব্রান্ধণের পায়ের তলায় শিক্ষার্থিক্রপে বসতে হবে, এ-কথা তিনি তথনও ভাবতেই পারেনি। ঠাকুরের প্রয়োজন ছিল—মান্টারমশায়ের অহন্ধার চূর্ণ করা। তাই তার শ্লেষাত্মক প্রশ্ন "আর তুমি জ্ঞানী ?" কথাটি মান্টারমশায়ের অহমিকায় দায়ণ আঘাত হানল।

ইশ্ব-সাকার ও নিরাকার

এরপর এল ঠাকুরের এক মারাত্মক প্রশ্ন। জিজ্ঞাসা করলেন, "তোমার সাকারে বিশ্বাস, না নিরাকারে ?"

আপাতদৃষ্টিতে এ-বকম প্রশ্ন করার কারণ বোঝা হয়তো একট্ কঠিন হবে, কিন্তু একটু তলিয়ে দেখলে ঠাকুরের এই রকম প্রশ্ন করার উদ্দেশ্য বোর্ঝা যাবে। তথনকার দিনে শিক্ষিত যুবকদের মধ্যে ছিল ব্রান্সচিন্তাধারার প্রবল প্রভাব। আর সেই সমাজের সিদ্ধান্ত অনুসারে পৌত্তলিকতা ছিল চূড়ান্ত অজ্ঞানের লক্ষণ। এই পরিপ্রেক্ষিতে দেখলে ঠাকুরের এ-রকম প্রশ্ন করার কারণ খুঁজে পাওয়া যাবে। প্রশ্ন ভনে মাস্টারমশাই ভাবছেন যে সাকার আর নিরাকার তুইই কি সতা হ'তে পারে ? যদি কারো নিরাকারে বিশাদ থাকে, তা হ'লে কি তার আর সাকারে বিশ্বাস হ'তে পাবে? মাস্টারমশায়ের নিরাকারে বিশ্বাস, এ-কথা শুনে ঠাকুর বললেন, "তাবেশ। একটাতে বিশ্বাস থাকলেই হ'ল। নিরাকারে বিশ্বাস, তা তো ভালই। তবে এ বুদ্ধি ক'রো না যে, —এইটিই কেবল সতা, আর সব মিথা। এইটি জেনো যে নিরাকারও স্তা, আবার সাকারও স্তা।" ঠাকুর বারবার এই কথা বলেছেন যে ভগবানের ভাবের ইতি করা যায় না, তাঁর অনস্ত ভাব। তিনি এই পর্যস্ত হ'তে পারেন, এর বেণী নয়—এ-কথা যেন আমরা কল্পনা না করি। বরং নাস্তিক হওয়া ভাল, কিন্তু ঐ রকম 'মতুয়ার বৃদ্ধি' ভাল নয়। 'যে নাস্তিক তার হয়তো কোন সময় আন্তিক্য-বৃদ্ধি আসবে, কিন্তু একদেশী ভাব কাটানো শক্ত। ঠাকুরের প্রথম উপদেশ এথানেই আরম্ভ হ'ল—মাস্টারমশায়ের দঙ্গে কথাবার্তার আদি পর্বে। কিন্তু ঈশ্বর সাকার, আবার নিরাকার—ঠাকুরের এই কথাতেই হ'ল মাস্টারমশায়ের সমস্তা। মাস্টারমশাই তর্কশান্ত্র পড়েছেন, তর্কশান্ত্রে এই কথীই বলে যে 'সাকার' আর 'নিরাকার' পরস্পর বিপরীত। এখন এই তুই বিপরীত ধর্ম এক অধিকরণে থাকতে পারে না। তাই ঠাকুরের এই কথায় মান্টারমশাই একটু বিভ্রান্ত হয়ে পড়েছেন। তিনি, ভাবছেন "সাদা জিনিদ হুধ কি আবার কালো হ'তে পারে?"

যদি জিনিসটাকে 'সাদা' বলি, তা হ'লে তা 'কালো' হ'তে পারে না—এ কথাটা পরিষ্কার। কিন্তু তাতে যদি আমরা কালি মিশিয়ে দিই ? তুধের সঙ্গে কালি মিশিয়ে কালো করতে পারি না কি ? পারি। কিন্তু তা হ'লে দাঁডাল এই যে, সেই কালো রঙটা তার স্বাভাবিক রঙ নয়: অর্থাৎ সেটা তার ধর্ম নয়। অন্য ধর্ম তার সঙ্গে মিশে আছে। দার্শনিকদের তির্কের অবকাশ এইথানে যে, ঈগর যদি নিরাকার হন, তা হ'লে সাকার ভাব তাঁতে আরোপিত, স্থতরাং মিথা। আর যদি ঈশ্বর সাকার হন, তা হ'লে নিরাকার ভাব মিধা। এই নিয়ে ঝুড়ি ঝুড়ি দর্শন শাস্ত লেখা হয়েছে, তবু আন্ধ্র পর্যন্ত দার্শনিক মহলে এর মীমাংসা হ'ল না। আর যদি অতীত দেখে ভবিষ্যৎ কল্পনা করতে হয়, তা হ'লে বলা চলে যে এর সমাধান কোন দিনই হবে না। কারণ মাতুষের বৃদ্ধি দিয়ে আমরা বৃদ্ধির অতীত যে তত্ত্ব, তা বুঝবার চেষ্টা করছি। কিন্তু তা কি কথনও সন্তব! "অচিস্তাা: থলু যে ভাবা: ন তাংস্তর্কেণ যোজয়েৎ"—যে জিনিস চি**স্তার** অতীত, তাকে কথনো তর্কের দাহায়ো বুঝতে চেও না। এ-কথা বলছেন কারা ? যাঁরা তর্ক নিয়ে চরম গবেষণা করেছেন, তর্কের স্বারা যতদূর দেখবার দেখেছেন। সব দেখে শুনে এই সিদ্ধান্তে পৌছেছেন যে, তর্ক দিয়ে তাঁকে বুঝতে যেও না; বুঝতে পারবেও না।

ঈশ্বরতত্ত্ব – ভর্কাভীত

শ্রুতি বারবার এই কথা বলেছেন, মান্নবের মন ততদ্র অবধি ক্রিয়াশীল হ'তে পারে, যতদ্র তার সাধারণ জ্ঞানের গোচর। যেমন আমি

দ্রষ্টা, আমি যা দেখছি, যা অন্তব করছি—দেটি আমার দৃশ্য বস্তু। এই

দুশ্যের ভিতরে নানা রকমের বৈচিত্র্য আছে। আমাদের স্থায়শাস্ত্র এই বৈচিত্রোর ভিতরে কাজ করে। শুধু ক্যায়শাস্ত্র <mark>কেন, বিজ্ঞানৈর দারা</mark> যতদর আমরা এগোতে পারি, প্রতাক্ষভাবে বা পরোক্ষভাবে, তা সবই আমাদের পঞ্চেত্রগ্রাহ্ম যে জ্ঞান, তাকে ভিত্তি ক'রে। আর এই পঞ্চেন্দ্রিয়গ্রাহ্ম জ্ঞানকেই আধার ক'রে আমরা সমস্ত বিজ্ঞানের গবেষণা করি। হয়তো আমরা এমন কিছু জিনিদ আবিষ্কার করি, যা আমর। চোথ দিয়ে দেখতে পারি নাবা কান দিয়ে ভনতে পারি না। কিন্ত সালাং না হলেও পরোক্ষভাবে সেগুলি এই পঞ্চেন্ত্রের বিষয় হওয়া চাই। তানাহ'লে বিজ্ঞান তা ধীকার করবে না। ঠিক এই রকম পঞ্চেন্দ্রিয়গ্রাহ্ জ্ঞানের সাহায্যে আমরা ভগবানকে পর্যন্ত চাই। বুঝতে চাই বলে আমরা কল্পনা করি ভগবানকে; চোথে দেখতে পাই না, কিন্তু তর্কের সাহায্যে বুঞ্তে চেষ্টা করি। যেমন, এই জগৎটা সৃষ্টি হয়েছে, অতএব একজন স্ষ্টিকর্তা আছেন, আর ভগবান সেই স্ষ্টিকর্তা। কিন্তু জগৎটা যে স্প্র্টি হয়েছে, কে আমাকে বলে দিয়েছে ?—বলে দিয়েছে আর কেউ নয়, আমারই অভভব যে, যা কিছু সন্মিলিত হয়ে উৎপন্ন হয়, তাকে উৎপাদিত করবার বা উপাদানওলির সম্মেলন ঘটাবার কোন একটি শক্তি থাকা দরকার। সেই শক্তিকে আমরা "দৈশ্বর" বলছি। সেই শক্তি, সেই ঈশ্বর প্রমাণুগুলিকে বা তার থেকেও স্ক্র যদি কিছু বস্তু থাকে, ভাকে বিভিন্ন প্রকারে বিভিন্ন প্রণালীতে সম্মিলিত ক'রে এই জগৎ সৃষ্টি করেছেন—এইটুকু আমর। কল্পনা করতে পারি। এর চেয়ে অকাট্য প্রমাণ আর কিছু নেই। সংসার মহীক্রহ। ক্তায়শান্ত বলেছেন, সংসার-মহীক্রহের বীজ সেই তিনি যাঁর থেকে এই জগৎটা উৎপন্ন হয়েছে। কিন্তু এর গারা এই বীজের স্বরূপ সম্বন্ধে কি কিছ জানা যায় ? সে-স্বরূপ সম্বন্ধে কত রকমের বিভিন্ন সিদ্ধান্ত আমরা দেখতে পাচ্ছি। পরস্পরবিরোধী এইসব সিদ্ধান্ত কথনই দতা হ'তে পার্বে না। এব যে-কোন একটির সত্যতা

সম্বন্ধে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। তাই যুক্তিতর্কের এলাকায় ধর্ম সম্বন্ধে, ভগবান সম্বন্ধে নিশ্চিত জ্ঞান কোথায় ? ভগবান সম্বন্ধে তো দুরের কথা, আমাদের নিজেদের সম্বন্ধেই নিশ্চিত জ্ঞান আমাদের নেই। 'আমি' বলতে যে কি বোঝায়, তা-ই আমরা জানি না। এ-বিষয়েও তর্ক কোন নিশ্চিত সিদ্ধান্তে আদতে পারে না, কাজেই ভগবান সম্বন্ধে যে আদতে পারবে না. এ আর বেশী কথা কি ? তবে কি আমরা বিচার ক'বব না ? অধিকারিভেদে কাকেও কাকেও ঠাকুর বলছেন বিচার করার কথা, আবার কাকেও বিচার করতে বারণ করছেন। মান্টারমশাইকে "তিন দিত্যি" করিয়ে নিয়ে বলছেন, "বলো, আর বিচার ক'রব না।" কারণ ঠাকুর চাইতেন যে মাস্টারমশাই তাঁর ভাব কোনরূপ পরিবর্তন পরিবর্ধন না ক'রে পরিবেশন করুন। তাই মাস্টারমশায়ের জন্ম কাজ—নির্বিচারে গ্র্ছণ ও ঠিক সেইভাবে বিনা ব্যাখ্যায় সেই ভাব পরিবেশন। ঠিক সেই রকম তারক যথন একবার তাঁর কথা লিখে রাখছিলেন, তখন ঠাকুর ' তাঁকে ওই কাজ থেকৈ নিবৃত্ত ক'বে বলেছিলেন যে, "ওৱে ও কাজ তোর জন্ম ।" যার জন্ম যে কাজ নিদিষ্ট, তাকে দেই কাজের উপযোগী ক'রে তৈরী করছেন তিনি। তাই মাস্টারমশাইকে বিনা বিচারে অবিক্লত-ভাবে তাঁর ভাব পরিবেশন করতে বলছেন, না হ'লে মাস্টারমশায়ের মধ্যে স্থপ্তভাবে যে তর্ক করার মনোবৃত্তি লুকিয়ে আছে, তা তাঁর উদ্দেশুকে ব্যর্থ ক'রে দেবে। মাস্টারমশায়ের অহঙ্কারকে চূর্ণ করতে হবে এবং তা করতে হবে গোড়া থেকেই। এটি একটি কথা। আর একটি কথা এই যে, মান্তুষের কাছে পরস্পর-বিরোধী ভাবের একত্র সমাবেশ অসম্ভব ব'লে মনে হলেও ঈশ্বরের কাছে তা মোটেই অসম্ভব নয়। সেইজন্ম লাল জবাফুলের গাছের একটি ডাল ভেঙে ঠাকুর যখন তাতে লাল ও সাদা ত্-রকমের ফুল দেখালেন, মণ্রবাবু স্বীকার করলেন যে যিনি এই নিয়ম স্ষ্টি করেছেন, তিনি ইচ্ছে করলে সব নিয়মের বাইরে যেতে পারেন—

যে কোন সময়। এখন এই যে তর্কের অতীত তক্ক, তা আমরা আমাদের সীমিত বৃদ্ধি দিয়ে ধরতে পারি না—এ কথা অপরকে বোঝানো তো দ্রের কথা, নিজেকেই বোঝাতে পারি না; বিশেষ ক'রে বৃদ্ধিমানদের এ-কথা বোঝানো বীতিমত কঠিন।

এ-কথা বোঝানো গ্রীতিমত কঠিন। আমরা অনেক সময় বলি, "ভগবান সব করতে পারেন।" কিন্তু এ কেবল কথার কথা। এর দঙ্গে অন্তরের কোন যোগ নেই। তাই পরমূহুর্তে যদি আমাদের অপছন্দ কিছু ঘটে তো আমরা বলে উঠি "ভগবান এ কি করলে।" অর্থাৎ ভগবানের এ-রকম করা উচিত *হ*য় নি। আমরা যা বলি, তা খুব বিচার ক'রে, তলিয়ে দেখে বা ওজন ক'রে বলি না। কিন্তু ঠাকুরের কথাগুলি প্রত্যেকটি খুব ওন্ধন ক'রে বলা। ওজন করা এইজন্ম যে, না হ'লে কথাগুলি থেকে নানা সন্দেহের স্ষ্টি হবে। আমাদের একজন প্রাচীন স্বামীজী বিশেষ ক'রে বলতেন যে ঠাকুরের কথাগুলি যেন পরিবেশন করবার সময় একটুও এদিক ওদিক না হয়। আমরা অনেক সময় ঠাকুরের কথা আধুনিক ভাষায় বলবার জন্ম বা সভায় পরিবেশন করবার উপযোগী করবার জন্ম, এগুলির ওপর একটু প্রসাধন চড়াই। যেমন ঠাকুর যেখানে বলেছেন ''কামিনী-কাঞ্চন", আমরা অনেক সময় তাকে বলি "কাম-কাঞ্চন"। এই প্রসঙ্গে ঐ স্বামীজী বলতেন, "ভাথো, ঠাকুরের কথাগুলি হচ্ছে মন্ত্র, আর দেই মন্ত্রগুলি কেন যে তিনি ঐ-ভাবে বাবহার করেছেন, খুঁজলে তারও এক বিশেষ তাৎপর্য পাওয়া যাবে। আমরা হয়তো মায়েদের অসম্ভতির কারণ না হবার জন্ম কথাটা 'কাম-কাঞ্চন' ব'লে উল্লেখ করলাম। কিন্তু ঠাকুর যে কথাগুলি বলতেন, তা এ ভাবে অর্থাৎ নৈৰ্ব্যক্তিক ভাবে ও-ব্ৰকম ক'বে বলতেন না, স্থস্পষ্টভাবে বলতেন, কথা-গুলি যেন তথনই তথনই আমাদের দামনে মূর্তিমান্ হয়ে ওঠে। মনের ভিতরে বাদনার সৃষ্টি হয় যেখানে, সেই রকম ক্ষেত্রে তিনি 'কামিনী'

শব্দ উল্লেখ করেছেন, স্ত্রীজ্ঞাতিকে অবমাননা করবার জন্য নয়।" ঠাকুর জানতেন যে, এই মেয়েদের মধ্যে সেই জগন্মাতাই রয়েছেন; তা সত্ত্বেও বলছেন শক্তির তারতম্য আছে, তারতম্য আছে প্রকাশের।

কোথাও তিনি "দা বিভা পরমা মুক্তের্হে হুভূতা সনাতনী"—দেই বিভামারা, পরমা বিভা যা মুক্তির কারণ; আবার কোথাও "সংসার-বন্ধহে হুশ্চ দৈব সর্বেশ্বরেশ্বরী"—তিনিই আবার সংসার-বন্ধের কারণ।

ক্ষেত্র হিদাবে, পাত্র হিদাবে একই শক্তির ছভাবে প্রকাশ। কোথাও বন্ধন সৃষ্টি করছেন, কোথাও আবার বন্ধন মোচন করছেন। কোথাও অত্য দিছেেন, কোথাও আবার সংহার করছেন। মান্তবের কাছে এই ছটি ভাব আপাতবিরোধী হলেও তাঁর কাছে বিরুদ্ধ নয়। "অয়ীশবে ব্রুদ্ধনি ন বিরুধ্যতে"। ভাগবত বলছেন "তুমি ঈশ্বর, ব্রুদ্ধ; ভোমাতে এই ছটি বিরুদ্ধ নয়"। ঠিক দেই রকম সাকার আর নিরাকার আমাদেব দৃষ্টিতে পরস্পরবিরোধী হলেও তাঁর কাছে মোটেই বিরুদ্ধ নয়।

ঠাকুর বলছেন ''নিরাকারও সত্য, আবার সাকারও সত্য।"

বেদান্তের বিভিন্ন মতবাদ

সাধারণতঃ কোন বেদাস্কবাদী — তা তিনি বৈতবাদী, বিশিষ্টাবৈত-বাদী বা অবৈতবাদী যা কিছু হোন না কেন, এ-কথা স্বীকার করতে চান না। অবৈতবাদীরা বলেন, ঈশর বা স্রষ্টা, জগতের আদি যিনি, তিনি শ্বরূপতঃ নিগুর্প, নিরাকার, নিরবয়ব। উপনিষদের ভাষায় "অস্থূলম্, অনণু, অহ্রপ্বম্, অদীর্ঘম্, অচ্ছায়ম্" — কতকগুলি নেতি-বাচক শব্দের সমষ্টি। আবার তাঁরই সহক্ষে ঐ উপনিষদই বলছেন, তিনি "সর্বকামঃ সর্বরুদঃ, সর্বগন্ধঃ", অর্থাৎ সর্বপ্রকারতা তাঁর ভিতরে রয়েছে। পরস্পর-বিরোধী এই ছই প্রকারের ধর্ম তাঁতে থাকা সত্ত্বে শ্রুতি বলছেন, ব্রন্ধের মধ্যে কোন বিরোধ নেই। এখন মীমাংসা করতে গিয়ে দার্শনিক তাঁর সীমিত

বৃদ্ধির সাহায্যে স্থির করলেন: একটি হ'ল সত্য, আর অপরটি হ'ল আরোপিত বা মিখা। স্বতরাং একদল বললেন, ঐ যে বহু-প্রকারতা, বিশিষ্টতা ঐগুলি হ'ল মিখা। সকল প্রকারের স্বতীত যিনি, তিনি সতা; আর তাঁর যত রকমের বৈশিষ্ট্য, ঠাকুর যাকে 'রং পরং' বলতেন—দে-দব মিথা। আর একদল বলছেন যে তাঁর ভিতরেই রং পরং সব আছে। তোমরা কাছে যাও, তবে তো বুঝতে পারবে। দূর থেকে দেখলে কি ক'বে বুঝবে। সূর্যকে দূর থেকে দেখা যায় পুঞ্জীভূত তেজ ব'লে। কাছে গেলে দেখা যাবে রকমারি দব বৈচিত্তা আছে দেখানে। জ্ঞানীরা দূর থেকে একটা আভাদ দেখে মনে করেন, এই বুঝি দব। এইভাবে একদল জ্ঞানীদের থেলো ক'রে দিচ্ছেন, জ্ঞানীরা আবার যাঁরা ভগবানের বিভিন্ন বৈচিত্র্য দেখছেন, তাঁরী প্রান্ত ব'লে গ্রেরে নিচ্ছেন। অবৈত্বাদীরা বললেন যে, তারা মীমাংদা ক'রে নিয়েছেন। কি মীমাংদা ক'রে নিয়েছেন ?— 'এই দ্বৈতবাদী হাঁবা, তাঁবা পরস্পবের সঙ্গে ঝগড়া করেন, ভগবানের চার হাত নাদশ হাত, ইতাাদি ব'লে। আমরা বলি, বাপু, এ সবগুলিই হ'ল মিথাা। স্তরাং তাঁদের কারো দঙ্গে আমাদের ঝগড়া নেই। কারণ তাঁদের সকলকেই জানি, ভ্রান্ত ব'লে। বড় স্থলর মীমাংদা ্হ'ল! সকলকে ভ্রান্তের দলে ফেলে দিয়ে আমরা একটা উচ্চতর মঞ্চে দাঁড়িয়ে নিজেদের তাদের থেকে পৃথক্ ক'রে বললুম, 'একটা মীমাংসা হ'ল।' ঠিক দেইরকম মীমাংসা দ্বৈতবাদীরাও করেন; বলেন জগৎকে একটা অবৈতমত দিয়ে মোহগ্রস্ত করার জন্তই শঙ্করাচার্যকে ভগবান পৃথিবীতে পাঠিয়েছিলেন, কারণ এই জগংটা মায়া দিয়ে আচ্ছন্ন না করলে সকলে যে "হরি হরি" ব'লে মৃক্ত হয়ে যাবে। ঠাকুর বলতে চাইছেন, 'যে-সিদ্ধান্তে তুমি পৌছতে চাইছ, তার সম্বন্ধে তোমার অভিজ্ঞতা কতটুকু <u>?</u>' ঠাকুর উপমা দিয়ে বললেন পদ্মলোচনের কথা। পণ্ডিতরা বিচার

করতে বদেছেন 'শিব বড়, না বিষ্ণু বড়?' আমরা যথন পুরাণাদি

পড়ি, আমাদের মনেও তথন এই বিচার উঠেছে। কে বড় ? এক এক জায়গায় এক এক দেবতার হুরবস্থার একশেষ; বুদ্ধির বিভ্রম; সমস্তা। স্বতরাং মীমাংদা হ'ক তরবারির দাহাযো। ঠিক এইরকম তরবারির সাহায্যে মীমাংসা এ জগতে অনেক্বার হয়েছে। ইতিহাসে দেখা যায় যে, গোডায় গোডায় কোথাও অনেক দেবতা ছিলেন। তাদের মধ্যে কে প্রধান, অস্ত্রের দাহায়ে হ'ত তার মীমাংদা। এক এক গোষ্ঠীর এক এক দেবতা। যে গোগী প্রধান, তার দেবতাও প্রধান হবে। এইভাবে প্রতিষ্ঠিত হ'ত দেবতার প্রাধান্ত। আর এটাই ছিল তথনকার সাধারণ নিমম। যাই হ'ক, এই 'শিব বড়, না বিষ্ণু বড়' প্রশ্নের মীমাংলা পণ্ডিতরা করতে পারলেন না। তাই পদ্মলোচনের কাছে মীমাংদার জন্ম যাওয়া হ'ল। পদ্মলোচন বললেন "বাপু, আমার চোদপুরুষে কেউ শিবকেও দেখেনি, বিফুকেও দেখেনি; হতরাং কে বড়, কে ছোট—কি ক'রে ব'লব।" এই কথাটাই বলবার সাহস আমাদের থাকা চাই। নিজের মনে এ-ধারণা স্পষ্ট হওয়া চাই যে, আমি এ-সম্বন্ধে কিছুই জানি না।

কাজেই আমরা যথন বলি যে, ঈশ্বর হয় সাকার, নয় নিরাকার, তিনি একাধারে সাকার আবার নিরাকার হ'তে পারেন না, তথন আমরা আমাদের নিজেদের সীমিত ভাবেরই বহিঃপ্রকাশ করি।

শ্রীরামকৃষ্ণ ও মতসমন্বয়

এখন হয়তো ভাবছি এটা কি পাগলামি! কিন্তু এটা যে পাগলামি, এ কথাটা মনে হ'ত না, ঠাকুর আসবার আগে। শ্রীরামক্ষেক আসার আগে সাধারণের মধ্যে উদার ভাবের এত প্রসার জগৎ আর দেথেনি। যেখানে কিছুটা উদার ভাবের কথা থাকত, সেখানেও সে উদারতা অবাধ নয়, অর্থাৎ সেখানেও একটুখানি খোঁচ, একটুখানি সন্দেহ থেকে যেত। শিবমহিশ্লক্ষোত্রে আছে: "ক্ষচীনাং বৈচিত্ত্যাদৃজুকুটিলনানাপথজুশাং নূণামেকো গম্যস্থমসি প্রদামর্ণব ইব॥"

বিভিন্ন পথ দিয়ে যেমন জলপ্রবাহ সমৃদ্রে পৌছয়, তেমনি সকল মাতৃষ তোমারই কাছে পৌছয়। কিন্তু ঐ যে "ঋজুকুটিল" ঐটুকু রয়েছে সঙ্গে।

আমারটা কুটিল, তোমারটা ঋজু এ কেউ বলবে না। তোমারটাই কুটিল, আমারটা ঋজু। ঠাকুরের কাছে কিন্তু ঋজু কুটিল কিছু নেই।

কত বং পবং, কত বৈচিত্রা আছে সেথানে, সে-সব আম্বাদন করতে হবে। পরিপূর্ণ অহুভূতি সেইখানে হবে, যেথানে বৈত ও অবৈতের সমন্বয় হবে। তাই এই সমন্বয়াচার্যের গোড়া থেকে সেই একই কথা 'তিনি

তিনি তাই বলেছেন "ও তোমাদের কি এক পোঁ ধরে থাকা।"

শাকারও বটেন, আবার নিরাকারও বটেন।' সেই বছরপীর কথা। সে কোন সময় লাল, কোন সময় নীল, কোন সময় হলদে, আরো কত কি! আবার কোন সময় তার কোন রং নেই। এই সবগুলি ধরলে তবে বছরপীকে ধরা যায়; তা না হ'লে দৃষ্টি হয় আংশিক, পরিচ্ছিয়। আর এই পরিচ্ছিয় বৃদ্ধি নিয়ে যদি আমরা অপরিচ্ছিয় তত্তকে বৃঝতে চাই, তাহলে পরিণাম যা হয়, আমাদের তাই হয়েছে।
তাই সেই অপরিচ্ছিয় তত্তকে জানতে গেলে আমাদের দৃষ্টিকে করতে হবে উদার। অপরের ভাব যদি আমরা বৃঝতে না পারি, তো আমাদের নিজেদের এই কথা বোঝাতে হবে যে, এ আমাদেরই অপূর্ণতা, তার ভাবের ক্ষুদ্রতা নয়। এ আপস নয়, সহ্য করা নয়; স্বামীজী বলেছেন

শুধু সহন (toleration) নয়; এ হ'ল গ্রহণ (acceptance)। এ হ'ল স্বীকার ক'রে নেওয়া যে ভগবানের কোন ইতি নেই। আমরা যে-সব রূপে তাঁকে ব্যতে পারি, তাও তিনি; আবার আমাদের বোঝার অতীত রূপেও তিনি,—আর এটাই হ'ল ঠাকুরের শিক্ষার গোড়ার কথা, যা প্রথম থেকেই তিনি মান্টারমশাইকে শেথাচ্ছেন; শেথাচ্ছেন এইজন্ত যে, তিনি চান যে এই মান্টারমশাই হবেন তাঁর ভাবের পরিবেশক।
আজ ঘরে ঘরে তাঁর বাণী প্রচারিত হ'ক, দূর হয়ে যাক অজ্ঞানের অন্ধ
তমিস্রা, জ্বলে উঠুক জ্ঞানের আলো হৃদরে হৃদয়ে, প্রবাহিত হ'ক দিকে
দিকে তাঁর 'কথামৃতে'র অমৃতময়ী মন্দাকিনী।

চার

কথামূত—১৷১৷৪

প্রথম দর্শনের দিন ঠাকুরের সঙ্গে মাস্টারমশারের বেশী কথা হয়নি। বিতীয় দর্শনে ঠাকুর মাস্টারমশাইকে কয়েকটি প্রশ্ন করলেন। সেই প্রসঙ্গ এখন চলছে।

মাস্টারমশাই বললেন যে, যাঁরা মাটির প্রতিমা পূজো করেন, তাঁদের বুঝিয়ে দেওয়া উচিত যে মাটির প্রতিমা ভগবান নন।

এই কথায় ঠাকুর বিবক্ত হয়ে বগছেন যে "তোমাদের কলকাতার লোকের ঐ এক! কেবল লেকচার দেওয়া আর বৃথিয়ে দেওয়া।"

ঠাকুরের এই কথাগুলির মধ্যে এক বিশিষ্ট উপদেশ আমরা থুঁজে পাচ্ছি। তিনি বলছেন, অস্তরে উপলব্ধি যদি না থাকে তো কথার কোন মূল্য থাকে না, সে কেবল শব্দমাত্র হয়ে যায়।

তাই বলছেন 'তোমাদের কলকাতার লোকের থালি লেকচার দেওয়।' এথানে অবস্থা 'কলকাতার লোক' বলতে ইংরেজীশিক্ষিত তৎকালীন মাত্র্যদেরই বোঝাচ্ছে, যারা নিজেরা না বুঝেই অপরকে বোঝাবার চেষ্টা করে। যে-বিষয় আমরা কিছুই জানি না, সেই সম্বন্ধেই আমরা আরও জোর গলায় তর্ক করি। ধীরে ধীরে জ্ঞানের গভীরতার দঙ্গে সঙ্গে আমরা ব্রুতে পারি আমাদের জ্ঞানের পরিধি কতটুকু।

প্রতিমা-পূজার প্রয়োজনীয়তা

ঠাকুর আরও বলছেন, মাটির প্রতিমাকে ভগবান ভেবে পূজা করা যদি ভুলই হয়ে থাকে তো যিনি এই বিশ্বক্ষাণ্ড চালাচ্ছেন, তিনি কি এটুকু জানেন না যে এই পূজার লক্ষ্য তিনি। ভগবান এই বিভিন্ন রকমের পূজার প্রচলন করেছেন ভিন্ন ভিন্ন প্রকৃতির লোকদের উপযোগী হবে ব'লে। মা যেমন জানেন তাঁর কোন্ ছেলের কোন্ থাবার উপযোগী, ঠিক তেমনি ভগবান জানেন—কার পক্ষে কোন্টি উপযুক্ত পথ। তাই তাঁকে চিন্তা করবার এই ভিন্ন ভিন্ন সাধনপদ্ধতি তিনি নিজেই স্তিষ্ট করেছেন।

এ কথাটা কিন্তু আমরা সহজে বুঝতে পারি না, কেন না ভগবান সম্বন্ধে কোন ধারণাই আমাদের নেই। বড় বড় দার্শনিক কথা উচ্চারণ ক'রে আমরা আমাদের এই নির্ব্দ্বিতা ঢাকবার জন্ম শব্দদালের স্বষ্টি করি, যার ভিতর সার যতটা না থাকে, তার থেকে বেশী থাকে ফাঁকা আওয়াজ। কিন্তু ঠাকুরের উপদেশের মধ্যে এমন একটিও কথা নেই যা অস্পষ্ট, যা বোঝা যায় না, যা আমাদের কোন কাজে লাগে না।

্থকবার ঠাকুরের সঙ্গে কথা বলতে বলতে স্বামীজী বললেন "ক্ষনিশ্বাস" কথাটা। ঠাকুর সঙ্গে সঙ্গে বললেন "হাারে, বিশ্বাস আবার ত্-রকমের আছে নাকি, কতকগুলো চোখওলা, আর কতকগুলো অন্ধ?" স্বামীজী বিপদে পড়লেন। ঠাকুর আবিও বললেন "হয় বল্ বিশ্বাস, নয় বল্ জ্ঞান"। স্বামীজী তাঁর প্রথর বৃদ্ধি সত্তেও ঠাকুরের কাছে পরাজয় স্বীকার করলেন।

ঈশ্বর—বাক্যমনের অতীত

ঈশবের স্থরপ বোঝাতে ঠিক সেই রকম আমরা বলি "তিনি চৈতন্ত-স্থরপ; সচিদানন্দ-শ্বরপ"—কত কি গালভরা শব্দ। যদি কেউ প্রশ্ন করে 'সন্সিদানন্দ বলতে কি বোঝা?' তথন বড় জোর বলতে পার্রি 'সং-চিং-আনন্দ'; কিন্তু তথনও যদি কেউ প্রশ্ন করেন 'সং-চিং-আনন্দ মানেটা কি ?' তথন আর এগোনো যায় না।

শ্রুতি বলেছেন 'তিনি বাক্য-মনের অগোচর'। স্থতরাং এই শক্তুলি তাঁকে প্রকাশ করতে পারে—এ-রকম প্রগল্ভতা শ্রুতিও সহু করবেন না। বাক্যমনের অগোচর যিনি, তাঁকে যে নামই দিই, তাতে কি তাঁকে প্রকাশ করা যায় ? যার না। এই কথাটাই আমরা কিছুতেই বুঝতে পারি না; আর যত বুঝতে পারি না, তত বেশী তর্ক বিচার করি। ইয়তো বললাম, "সৎ মানে চিরস্থায়ী", কিছু চিরস্থায়ী কোনও জিনিদ কি আমরা দেখেছি ? দেখিনি। যা আমরা কখনও দেখিনি, তার অন্তিত্ব সম্বন্ধে কি ক'রে আমাদের ধারণা হবে ?"

শার্শনিকরা বলেন, "সং মানে কি ?—না, তিনি অসং নন। অসং মানে কি ?—না, অনস্তি, সন্তাশৃতা। চিং মানে কি ?—না, তিনি অপ্রকাশ নন। আনন্দ মানে কি ?—না, তিনি তঃথরপ নন।" শান্তও এই রকম ক'রে বলেছেন: অস্থুলম্, অনণ্, অহ্রস্থম্, অদীর্থম্ ইত্যাদি। কিন্তু এর ধারা তিনি কি, তা কি বলা হ'ল ?

ঋষি যাজ্ঞবন্ধ্য যথন বোঝাচ্ছেন, ত্রন্ধ বস্তুটি কি. তথন এই রক্ষ হেঁয়ালির মধ্য দিয়ে বোঝাচ্ছিলেন: তিনি দূরে থেকেও কাছে; তাঁর গতি আছে, আবার নেই। তথন একজন ঋষি বললেন. "এই রক্ষ হেঁয়ালির মধ্যে দিয়ে বললে চলবে না। এটা একটা 'গরু', এটা একটা 'ঘোড়া' এই ভাবে বললে যেমন বস্তুকে স্পষ্ট বোঝা যায়; সেইভাবে বোঝাতে হবে।" তথন যাজ্ঞবন্ধা উত্তর দিলেন. "ন দৃষ্টের্দ্র রিম প্রেম্প্রতঃ প্রোতারং শৃগ্রাঃ"—দৃষ্টির যিনি ক্রষ্টা তাঁকে তুমি দর্শনেক্রিয় দিয়ে জানতে চেও না; শ্রুতির যিনি শ্রোতা, তাঁকে শ্রুবেণিন্রিয় দিয়ে জানতে চেও না; শেই রক্ষ মনের পিছনে যিনি মন্তা, তাঁকে মনের গাহায়ে

জানতে চেও না। তা হ'লে আমরা সেই বস্তুকে জানব কি ক'রে? অথচ তাঁকে না জেনে ঝুড়ি ঝুড়ি গ্রন্থ লিখছি তাঁকে নিয়ে।

বিতাসাগর-মশাই মহাপণ্ডিত হয়েও ভগবান সম্বন্ধে কোন কথাই বলতেন না। কেউ কেউ প্রশ্ন করেছেন, "আপনি এত বিতা অর্জন করেছেন, কিন্তু ভগবান সম্বর্জে কোন আয়গায় কিছু বলেন না কেন?" তিনি উত্তর দিলেন "বাপু, আমার চাবুক থাবার ভয় আছে।" অর্থাৎ যে বস্তু নিজে বুঝি না, সেই বস্তু সম্বন্ধে বসতে গেলে চাবুক থেতে হবে।

কিন্তু তবু বন্ধ-বান্ধবরা ছাড়েন না। তথন নেহাত ধরাধরির জন্ত "বোধোদন্ন" বই-এর গোড়াতেই লিখলেন "ঈশ্বর নিরাকার, চৈতন্তস্থারূপ"। এখন এই 'নিরাকার চৈতন্তস্থারূপ ঈশ্বর' লিখে তিনি ছাত্রদের কি উপকার করনেন জানি না, কিন্তু মান্টারদের একেবারে বিপর্যন্ত করলেন।

বিভিন্ন উপাসনা ও উপাসক

উপলব্ধি না থাকলে কথা কেবল কয়েকটা শব্দ মাত্র সৃষ্টি করে, যার পরিণামে হয় চিন্তবিত্রম। এর পর ঠাকুর বলছেন যে ভগবান এই বিচিত্র রকম উপাদনাপদ্ধতি সৃষ্টি করেছেন—"তিনিই করেছেন, তুমি খোদার উপর খোদকারি করতে যাক্ত কেন? দরকার হয়, তিনি বোঝাবেন।" অন্ত জায়গায় বলছেন, 'ছেলে বাপকে ভাকছে। কি ভাবে ভাকতে হবে, হয়তো দে ভালো ক'রে জানে না; নামও জানে না, বাপের মহিমাও দে জানে না। কিন্তু বাবা কি তার ভাকে সাড়া দেন না?' বাবা কি বোঝেন না যে ছেলে তাঁকেই ভাকছে। ভগবান্ কি জানেন না যে, মাটির মূর্তির ভিতর দিয়ে লোকে তাঁকেই প্জোক্রছে।

্ ভাগবতে তিন বকমের আবাধনার কথা বলা আছে। প্রারম্ভিক অর্থাৎ সাধারণ মাহুষ প্রথম যা করে। দ্বিতীয় পর্যায়ে এই সাধনা করতে করতে দে একটু উচ্চ অবস্থায় পৌছয়, আর তৃতীয় অবস্থায় সে চরম লক্ষ্যে পৌছয়। এই তিনটি স্তরকে যথাক্রমে প্রবর্তক মধ্যম ও উত্তম বলা হয়েছে ভাগবতে, কাকেও কিন্তু 'অধম' বলা হয় নি। প্রবর্তক ভক্ত কি রকম?

> অর্চায়াম্ এব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্ষেয় চাল্লেয়্ স ভক্তঃ প্রাক্তঃ শ্বতঃ ॥

ভগবানের পূজা কেবল অর্চা অর্থাৎ বিগ্রহেই করে; একটি মূর্তি করেছে, সেই মূর্তিকে দে খুব শ্রন্ধানহকারে দাজাচ্ছে গোজাচ্ছে, তাতে ভৈগা দিছে। কিন্তু এই দব কিছুই করছে খুব শ্রন্ধানহকারে। এদের প্রাকৃত' ভক্ত বলে। প্রাকৃত বলা হয়েছে এ জন্ত যে, দে প্রকৃতির প্রভাব অর্থাৎ অজ্ঞান থেকে মূক্ত নয়। অবশ্র কে যে মূক্ত দে কথা বলা মূন্দিল। ক্ষিতীয় স্তরে বলেছেন

> ঈশ্বরে তদ্-অধীনেষু বালিশেষু বিষৎস্ব চ। প্রোমমৈত্রীক্নপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥

এইরপ ভক্তের ভগবানের প্রতি প্রেমভাব; ভগবানের অধীন ভক্তদের দঙ্গে তাঁর মিত্রতা; ভগবান সম্বন্ধে যারা অজ্ঞ তাদের প্রতি তাঁর রুপা, আর ভগবদ্বিদেরী যারা, তাদের দেবভাবের প্রতি তাঁর উপেক্ষা। এই মধ্যম ভক্তের কাছে হেয় কেউ নেই, অবজ্ঞার পাত্র কেউ নেই, সকলের দঙ্গে তাঁর এমন এক সম্বন্ধ, যাতে সকলকে তিনি সাহায্য করতে চান, কাকেও উপেক্ষা করেন না। শ্লোকের মধ্যে যে উপেক্ষার কথা বলা হয়েছে, তা বিদ্বেধীর দেবভাবের প্রতি, কোন ব্যক্তির প্রতি নয়।

তা হ'লে শ্ৰেষ্ঠ ভক্ত কে ?

দর্বভূতেযু যা পশ্তেৎ ভগবদ্ভাবমাত্মনা।
ভূতানি ভগবত্যাত্মন্তেষ ভাগবতোক্তমা।
যে পূজা আরম্ভ হয়েছিল ভগবানের একটি মূর্তি নিমে, ধীরে ধীরে দেই

দৃষ্টি প্রদারিত হ'তে থাকল ভক্তদের ভিতরে এবং পরে সর্বভূতে—যেথান থেকে কেউ বাদ প'ড়ল না। তাঁর নিজের ভিতরে যে আআ, সর্বভূতেই দেই আআকে দেখছেন তিনি, আর এই সর্বভূত বলতে কেবল প্রাণীই নয়, জড়বস্তুকে পর্যন্ত তিনি সেই ভারেই দেখছেন।

শ্রেষ্ঠ ভক্তির লক্ষণ সম্বন্ধে ভাগবত আরও বলেছেন (১১।২।০৯)—

থং বায়ুমগ্নিং দলিলং মহীঞ্ জ্যোতীংষি সন্থানি দিশো জ্রমাদীন্।

সরিৎ-সম্প্রাংশ্চ হরেঃ শরীরং যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্তঃ ।

সব জায়গায় তিনি ভগবানের সন্তা দেখেন, সবই ভগবানের শরীর দেখেন। তিনি দেখেনু শরীর আর শরীরী যেমন অভিন্ন, সেইরকম জগং আর ভগবানও অভিন্ন। এই হ'ল শ্রেষ্ঠ ভক্তের লক্ষণ। বিচার ক'রে নয়, ভক্তির ভিতর দিয়ে গেছেন তিনি এবং যেতে যেতে এমন জায়গায় পৌছেছেন, যেখানে ঈশ্বর ছাড়া আর কিছুই দেখছেন না।

অনন্তা সেই ভক্ত—'জনন্তা' মানে ভগবান ছাড়া আর কিছু নেই সে ভক্তের দৃষ্টিতে; তথন সর্বত্র প্রণাম করছেন তিনি। তাই তাঁর ব্যবহারও তেমনই হবে। ঐ বিগ্রহের সঙ্গে যেমন শ্রদ্ধাপূর্ণ ব্যবহার তার ছিল, জগতের প্রতিটি অণুপ্রমাণুর সঙ্গে, তাঁর সেই রকম ব্যবহার হবে।

এই হ'ল শ্রেষ্ঠ ভক্তের লক্ষণ।

শ্রেষ্ঠ ভক্তের লক্ষণ দেখে যদি আমরা বিগ্রহ-পূজককে অবজ্ঞার দৃষ্টিতে দেখি, তা হ'লে আমরা আমাদের নিজেদের এগোবার পথই বন্ধ ক'রে দিলাম, সঙ্গে সঙ্গে অপরের এগোবার পথও রাখলাম না। সিঁ ড়ির সবচেয়ে নীচুধাপ যেটি, সেটিতে যদি আমি পা দিতে সন্ধোচ বোধ করি, কারণ সেটি খুব নীচে, তা হ'লে ছাদে ওঠা কি আমার কোনদিন সন্ভব হবে ? এ হ'ল নিতান্ত শিশুসুলভ মনোবৃত্তি। ছোট ছেলের স্বভাব হচ্ছে: ছোট জিনিদে, তার সন্ধোষ নেই। দাদার জুতাটা, বাবার জুতাটা পায়ে দিয়ে চলতেই তার ভাল লাগে। সে জ্ঞানে না যে, সে এইনো

ঐ জুতা পরবার উপযুক্ত হয়নি। আমাদেরও ঠিক ঐরণ শিশুস্থলভ ভাব। যা আমরা গ্রহণ করতে পারি, যা আমাদের পক্ষে উপযোগী, তাকে উপেক্ষা ক'রে যা ধরতে পারি না, এমন জিনিসের প্রতিই আমাদের আকর্ষণ। সোজাস্থজি শেষ ধাপে লাফিয়ে ওঠা যায় না; উঠতে হ'লে আস্তে আস্তে এক ধাপ এক ধাপ ক'রে এগোতে হবে।

প্রতাক ও পথ

প্রতীকের সাহায্য ছাড়া কেউ সেই ইন্দ্রিয়াতীত বস্তুকে গ্রহণ করতে পারে না। তা সে মাটির প্রতীক না হয়ে হয়তো শব্দের প্রতীক বা অন্য কিছুর। কিন্তু শব্দ-প্রতীকও তো প্রতীক ছাড়া আর কিছু নয়। প্রতীক বস্তু নয়, তবু বস্তু লাভ করতে হ'লে প্রতীকের সাহায্যেই এগিয়ে যেতৈ হবে, স্থতরাং যাকে আমরা বলছি নিমন্তরের উপাসনা, তাও বাস্তবিকপক্ষে উপেক্ষার নয়, কেননা সেই উপাসনাও কিছু না কিছু লোককে এগিয়ে যেতে সাহায্য করছে।

বিভিন্ন ধর্মসাধনা ও উপলব্ধি

নিজে যথন আমরা পথ চলতে চাই না, তথন আমাদের যথেষ্ট অবকাশ থাকে অপরের পথের নিলা করবার। আর যদি নিজের পথ সম্বন্ধে অবহিত হই এবং লে পথে চলবার জন্ম যদি ব্যাকুলতা থাকে, তাহলে অপরের পথের দিকে তাকিয়ে তার সমালোচনা করার অবকাশ আমাদের থাকে না। কেননা তথন আমার সমস্ত মন কেন্দ্রীভূত হচ্ছে এই চিন্তায় যে কি ক'রে আমি আমার পথে এগিয়ে যাব। ঠাকুর আরও বলছেন, 'তুমি কি সব পথগুলোকে পরীক্ষা ক'রে দেখেছ ?' সব পথ তো দূরের কথা, যে পথ আমি আমার ব'লে গ্রহণ করেছি, তাকেও তো পরীক্ষা ক'রে দেখিনি। আমরা অনেকে বলি ওগুলো হচ্ছে—শিশু-

বিতালয়ের পদ্ধতি (Kin Jergarten method)। আমরা বড় হয়েছি, কাজেই ঐ-রকম ছোটদের মতো খেলন। নিয়ে থাকতে আমরা রাজী নই। ভাল কথা। আমরা কি নিয়ে থাকতে রাজী ? গালভরা কথা

নই। ভাল কথা! আয়রা কি নিয়ে থাকতে রাজী? গালভরা কথা বললাম—'তিনি হচ্ছেন নিতা, ভদ্ধ ইত্যাদি'; কিন্তু না জানি আমরা

বললাম—'তিনি হচ্ছেন নিতা, শুদ্ধ ইত্যাদি'; কিন্তু না জানি আমর। 'নিতা' কি, না জানি আমরা 'শুদ্ধ' বলতে কি বোঝায়।—এই হচ্ছে সাধারণ মান্নধের অবস্থা। তাই ঠাকুর বলছেন যে "তুমি ও-দয়দ্ধে

বলতে যাও কেন ?" তিনি ভিন্ন ভিন্ন মান্ন্য করেছেন আর এই বিভিন্ন প্রকৃতির মান্ন্রের জন্ম করেছেন ভিন্ন ভিন্ন পণ। আমরা যদি নিজের

নিজের পথ ধ'রে চলতে থাকি তো ধারে ধারে দব ব্রতে পারব। ঠাকুর তাঁর নিজের অভিজ্ঞতা থেকে এই পরীক্ষিত সতা দকলকে বলছেন যে, দব পথের ভিতর দিয়েই তাঁর কাছে পোঁছানো যায়। তিনিই হলেন একমাত্র গস্তবাস্থল। শাল্পে আছে ব'লে ঠাকুর এ-কথা বলছেন না;

শোনা কথা বলেও এ-কথা বলছেন না; তাঁর পক্ষে এটা পরীক্ষিত সত্য।

'দর্বাদামপাং দম্দ একাগ্যনম্'—দব জ্বলেরই গতি যেমন দম্দ্রের

দিকে, তেমনি দকদ জীবের আধার তিনি; তাঁতেই জীবের অধিষ্ঠান,

তাঁতেই জীবের লয়। এটি যেমন প্রত্যেক জীবের দম্বন্ধে প্রযোজ্য, তেমনি প্রযোজ্য প্রতিটি ধর্মতের ক্ষেত্রে। বিভিন্ন ধর্মতের অন্থূশীলন ক'রে ঠাকুরের অভিজ্ঞতা এই যে, তাদের পথ ভিন্ন ভিন্ন হলেও অন্তে দকলে একই সত্যে উপনীত হয়। ঠাকুরের দর্বধর্মসমন্বয়ের মূল কথা হ'ল এইটি। একজন বলেছিলেন

যে "ধর্মের আবার সমন্বয় কি ? ধর্ম কি ভিন্ন ভিন্ন ? ধর্ম তো একই।"
—কথাটা লেকচার দেবার সময় শুনতে ভাল লাগে, কিন্তু 'ধর্ম একই'
কথাটার মানেটা কি ? যাঁরা বিভিন্ন ধর্ম অন্ত্রসরণ ক'রে চলেছেন, তাঁদের
যদি জিজ্ঞাসা করা হয়, তাঁরা বলবেন 'তা কি ক'রে হয় ? তোমার ধর্ম
আমার ধর্ম নয়; আবার আমার ধর্মও তোমার ধর্ম নয়।'

আমাদের প্রকৃতি ভিন্ন; আমাদের পিছনে ইতিহাস ভিন্ন; আমরা শৈশব থেকে এক এক ভাবে প্রতিপালিত হচ্ছি; বুদ্ধি আমাদের এক এক রকমের সিদ্ধান্ত অনুসরণ ক'রে চলেছে—এই ভেদকে তো আমরা অন্বীকার করতে পারি না। কিন্তু এই যে ভেদ দামনে দেখছি আমরা, এই ভিন্ন ভিন্ন পথ দিয়ে এগিয়ে গিয়ে আমরা যে সমস্ত ভেদের অতীত অবস্থায় পৌছতে পারব না, এ-কথা বলা যায় না। যেমন একটি বুত্তের পরিধি থেকে তার কেন্দ্রের দিকে যাবার জন্ম বিভিন্ন ব্যাসার্ধ-পথ আছে। এই পথগুলি দিয়ে কেন্দ্রাভিমুখী গতি যাদের আরম্ভ হচ্ছে, তাদের একটির ै েথকে আর একটির দূরত্ব অনেক বেশী। কিন্তু যত তারা কেন্দ্রের দিকে ্ঞগিয়ে যাচ্ছে, ততই তাদের মধ্যে দূরত্ব কমে আসছে। শেষে যথন তারা কেন্দ্রে পৌছয়, তথন তাদের মধ্যে কোন ব্যবধান থাকে না। অবশ্য খুটা একটা উপমা; এ-রকমভাবে ধর্ম জিনিসটাকে এত সহজ ক'রে বোঝানো যায় না। কারণ যাকে এই কেন্দ্র বলছি, ভার সম্বন্ধে তো পরস্পরের কোন জ্ঞান নেই। পরস্পর আমরা ভিন্ন ভিন্ন দৃষ্টি দিয়ে দেখছি, দূরত্বের অহুভব নিয়ে চলছি, তাই আমবা যে শেষকালে একই জায়গায় পৌছব—এ-কথা প্রথম থেকে তে আর বিশ্বাস হয় না। যদি কেউ এ-কথা বলেন, তো তাঁকে আমরা অবিখাস করি। সম্প্রতি আমাদের লণ্ডন কেঁন্দ্রের একটি সাধুর কাছে একজন চিন্তাশীল ব্যক্তি—একজন লেথক বলেছেন যে বামকুষ্ণদেব যে খ্রীষ্টান মতে সাধনা করেছেন, বা ইসলাম পথে চলেছেন বলা হয়—এ তো তাঁর ব্যক্তিগত কল্পনা।' অর্থাৎ প্রশ্নটা হচ্ছে এই যে, যে-ঐতিহ্য (tradition) তাঁদের রয়েছে রামকুঞ্চদেব কি তার স্বটাই গ্রহণ করেছেন ? এখন এই ঐতিহের মধ্যে কতকটা থাকে মুখ্য, আর কতকটা থাকে গৌণ অর্থাৎ তার ডালপালা।

কাজেই যথন ঠাকুর খ্রীষ্ট-ধর্মতে দাধন করেছিলেন বলছি, তথন তিনি কি একেবারে খ্রীষ্টীয় মতে দীক্ষিত (baptised) হয়েছিলেন, বা ৫৮ শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত-প্রসঞ্

হয়ে নতুন এদেছেন বেল্ড় মঠে। আমার দঙ্গে তাঁর থ্ব ঘনিষ্ঠতা ছিল। একদিন তিনি কি রকম হাতে ক'রে থেতে শিথেছেন, দেখাতে গিয়ে ধালাটা নিয়ে আমার সামনে রেথে হাতে ক'রে একটু থেয়ে চলে

গেলেন থালাটা তুলে নিয়ে। আর একজন পাশে ছিলেন তিনি বললেন "তুমি ওকে বললে না এঁটো হয়ে গেল জায়গাটা", আমি বললাম "দেখুন,

তিনি সেই মৌলিক পাপ (original sin) বিশ্বাদ করতেন কিনা— এ দব প্রশ্ন অবান্তর। ডালপালাদদৃশ গৌণ বিষয়ের মধ্যে না গিয়ে তিনি তাদের ম্থ্য নীতিগুলি মেনে অগ্রদর হয়েছিলেন কিনা, এটুকু দেখতে হবে। এ প্রদক্ষে একটা কথা মনে পড়ছে। একজন অষ্ট্রেলিয়াবাদী সাধু

এঁটো হয়ে গেল বটে; কিন্তু ও তো এ-কথাটা বুঝবে না; কারণ ওর ভিতরে এঁটো সম্বন্ধে কোন সংস্থারই নেই।" তিনি বললেন "তা না থাক। তব্ও ও যথন হিন্দুভাবে সাধনা করছে, তথন এটা ওকে বুঝিয়ে দেওয়া উচিত ছিল।" আমি বলেছিলাম যে "এই যদি হিন্দুত্ব হয় তো এ-রকম ছিন্দুত্ব না হলেও ওর চলবে"। ভাব এই যে, গৌণ জিনিসকে মুখ্য ক'রে

অনেক সময় আমরা ধর্মের প্রহসন করি। স্বামীন্সী বলেছেন "আমাদের

নির্দ কেটে গেল এই ভাবতে যে জলের গ্লাসটা ডান হাতে ধ'বব কি বাঁ হাতে।" এটা যে মুখ্য জিনিস নয় এবং ভগবান লাভের সঙ্গে এর যে কোন সম্বন্ধ নেই, এ-কথাটা আমরা প্রায়ই ভূলে যাই। কাজেই যথন আমরা বলি যে ঠাকুর অন্ত ধর্মণথেও সাধন করেছিলেন—তথন এই কথাই আমরা বুঝি যে, সেই সেই ধর্মের মুখ্য পদ্ধতি তিনি অনুসরণ

করেছিলেন। এটা আমরা বলতে পারি তাঁর কথা থেকে, তাঁর আচরণ থেকে, তাঁর স্থভাব থেকে। যথনই তিনি যেটা ধরেছেন, যতদূর সম্ভব খুঁটিয়ে তার অনুসরণ করেছেন। এই খুঁটিয়ে অনুসরণ করার একটা সার্থকতা আছে। যুক্তিবাদী

হয়ে অনেক জিনিদকে আমরা গৌণ বলে কেটে ছেঁটে দিতে চাই। যেমন

আমরা বলি শস্তটাই হ'ল আসল, আর তার আবরণটা হ'ল গৌণ: তাই সেটাকে ফেলে দিয়ে শশুটাকে নাও। তার উত্তরে ঠাকুর আমাদের সাবধান ক'রে দিয়ে বলেছেন যে, 'গুগুলোও নিতে হয়।' শস্তের আবরণটি যদি বাদ দেওয়া যায় তো আর শশুকে বাঁচিয়ে রাখা যায় না। চাল পুঁতলে গাছ হয় না; স্বতরাং ধানই পুঁততে হবে। যা প্রথা রয়েছে, তার সবটাই বুণা নয়। তবে এর ভিতরেও প্রচলিত প্রবাদে 'বেড়াল বাঁধা' যেমন বলে. দে-রকম না করলেও হয়। আমরা যেন সকলকে অতদূর বিভ্রান্ত না করি। তার মূল তত্ত্ব থানিকটা আমরা যেন বুঝিয়ে দিই এবং নিজেরা অনুসরণ [®] করি। তারপর ধীরে ধীরে সব ঠিক হয়ে যাবে। আমরা <mark>যথন তত্তে</mark> পৌছৰ, তথন এই সত্য নিজেৱা অন্নভৰ ছাৱা বুঝতে পাৱৰ। ঠাকুর এই সত্যে বিশ্বাসী ছিলেন। তিনি যে বৈজ্ঞানিকের মতো পরীক্ষা করেছেন তা নয়। আমরা অনেক সময় বলি ঠাকুরের পরীক্ষাটা বৈজ্ঞানিক পরীক্ষার মতো। ঠাফুরের প্রণালী ঠিক তা নয়। তিনি বলছেন "মা, তোকে অমুক ভক্তেরা কি রকম ক'রে দেখে, আমি দেখব।"

তিনি এটা ধরেই নিয়েছেন যে অপর ভক্তেরা তাঁর 'মা'কেই দেখেন। তাঁদের সাধন-পদ্ধতি তিনি জানতে চান, অন্থত্য কর্তে চান। স্থতরাং মা সব ব্যবস্থা করছেন, সব যোগাযোগ ক'রে দিছেন, সব অন্থভূতি তাঁকে করাছেন। এরপর তিনি অন্থত্বের ভূমির উপর দৃঢ় প্রতিষ্ঠিত হয়ে বলছেন যে, সব রকম ক'রে আমরা তাঁকেই পাই। 'যত মত তত পথ'—সত্যটি এইভাবে পরীক্ষিত হ'ল তাঁর জীবনে। প্রশ্ন হ'তে পারে সব মতই কি তিনি পরীক্ষা ক'রে দেখেছেন ?—না, তা নয়। সব মত তিনি পরীক্ষা ক'রে দেখেন নি। যাকে বলে নম্না সমীক্ষা (sample survey), ঠাকুরের পদ্ধতিকে অনেকটা সে বকম বলতে পারি।

কতকগুলো মত যা তথন প্রচলিত ছিল, সেগুলি তিনি দেখেছেন এবং এর ওপর ছিল তাঁর লোকোন্তর দৃষ্টি, ে দৃষ্টিতে তথ স্ব-স্বরূপে প্রতিভাত হ'ত, তাঁকে গবেষণা ক'রে, বিশ্লেষণ ক'রে বার করতে হ'ত না। তাঁর শুদ্ধ মনের কাছে অজ্ঞানের আবরণ উন্মৃত্ত হয়ে গেছে, তিনি দেখতে পেয়েছেন বিভিন্ন মান্ত্যের গন্তব্যস্থল এক। সর্ব উপায়ে তিনি দেখেছেন যে বিভিন্ন পথ দিয়ে তাঁর 'মা'কেই সকলে দেখছে।

তিনি তাঁকেই 'মা' বলছেন, যিনি জগতের স্থা স্থিতি ও লয়ের কর্ত্রী। আমরা যেন জাবার এই বলে না বিবাদ করি—তিনি কালীর উপাসক না বিষ্ণুর উপাসক, অবৈত-বেদান্তী না বিশিষ্টাবৈতবাদী। তিনি এ সব তো বটেই, আবার এর পরেও অনেক কিছু। আমীজী এক কথায় তাঁকে "সর্বধর্মস্বরূপিণে" বলে প্রণাম জানিয়েছেন। সর্বধর্মস্বরূপি কেন না, বিভিন্ন ভাবে ঈশ্বর উপলব্ধি ক'রে তিনি তৎস্বরূপ হয়েছেন। ধর্ম যা হবে, যা আছে, যা ছিল—সবগুলিই যেন তার জীবনে ফুটে উঠেছিল, যথনই এর প্রকাশের প্রয়োজন হয়েছিল; সব সময় সকলের কাছে তা প্রকাশিত হয়নি।

থ্রীষ্টান এসে তাঁর ভিতর যীগুঞ্জীষ্টের প্রকাশ উপলব্ধি করেছে, বলেছে 'আপনিই যাগু।' এ রকম আরও অনেকে বলেছিলেন। তাঁর ভিতর এমন একটি তত্ত্বের প্রকাশ হয়েছে, এমন একটি বস্তুর স্বষ্ট হয়েছে, এমন এক আলো জলছে, যার সাহায্যে আমরা যে দিকেই তাকাই না কেন, অন্ধকার দূর হনে যায়। ঠাকুরের ধর্মসমন্বয়কে যদি আমরা এই ভাবে দেখি, তাহলে হয়তো কতকটা ধারণা করতে পারব।

অধিকারিভেদে উপদেশ দান

শ্রীরামকৃষ্ণদেবের উপদেশে উচ্চতম আদর্শের কথাও যেমন আছে, তেমনি ব্যাবহারিক জগতের উপযোগী কথাও আছে।

জগতের সকলের কল্যাণের জন্ম যাঁর আসা, তাঁর শিক্ষা কি কথনও কেবল মৃষ্টিমেয় কয়েকজন লোকের উপযোগী হ'তে পারে? তা হ'লে তো তাঁর শিক্ষার ক্ষেত্র থেকে অধিকাংশ লোকই বাদ পড়ে যায়। ভাই একদিকে তিনি যেমন উপদেশ দিচ্ছেন সর্বংসহ হ'তে, অক্সদিকে তেমনি প্রয়োজন হ'লে গৃহস্থকে 'কোঁদ' করতেও বলছেন।

এই প্রসঙ্গের বিশ্বার প্রসাদের আখ্যানটির উল্লেখ ক'রে তিনি বলনেন যে গৃহন্থের নিজের বাঁচার প্রয়োজনে এই ফোঁদ করা দরকার। তবে ত্যাগীর জন্ম অন্ম বিধান; নিজেকে বাঁচানোর জন্মও তাঁর এই ফোঁদ করার বিধান নেই। এত কড়াকড়ি তাঁর জন্ম এই ফোঁদ করার অর্থ আদর্শের সঙ্গে আপস করা নয়; আদর্শকে জীবনে ব্যবহারোপযোগী করবার জন্ম তার থানিকটা পরিবর্তন ক'রে নিতে হয়, যাতে সাধারণ মান্তবের জীবনে ধীরে ধীরে সেটা কাজে লাগে। ঠাকুর জনেক সময় তাঁর ভাবী ত্যাগী সন্ধানদের লক্ষ্য ক'রে ত্যাগ-বৈরাগ্যের উপদেশ দিতেন। উপদেশ দিতে দিতে যথন মনে প'ড়ত যে সেখানে এমন অনেকে উপন্থিত আছেন, যাঁরা অত উচ্চ ত্যাগের আদর্শ অন্তস্বেণ করতে পারবেন না, তথন বলতেন "আমরা ও একটা বললাম, এর ভিতর থেকে তোমরা খ্যাজা-মুড়ো বাদ দিয়ে নিও।" অর্থাৎ তোমাদের যতটা সয়

ততটা গ্রহণ ক'রো। এই যে অধিকারী বিচার করা—এটি হ'ল আচার্যের কাজ। এক রকম আদর্শ সকলের জন্ম নয়, তাই এক রকম উপদেশও সকলের পক্ষে নয়। আমাদের শাস্ত্রে তাই বিভিন্ন প্রকার আদর্শের উল্লেখ আছে: সকলের জন্ম এক আদর্শের বিধান করা হয়নি। যেখানেই এই নিয়নের ব্যতিক্রম হয়েছে, দেখানেই তার ফল সমাজের পক্ষে বিষময় হয়ে দেখা দিয়েছে। যেমন, বৌদ্ধধর্ম প্রসারের সময় সন্ত্রাদের আদর্শকে এত জোর দিয়ে দেখানো হয়েছিল যে, সাধারণ মাতুষ যাঁরা সন্ন্যাস জীবনের উপযোগী নন, তাঁরাও দলে দলে সন্ন্যাসী হ'তে চেষ্টা করেছিলেন। পরিণামে অন্ধিকারীর হাতে পড়ে সন্ন্যাদের আদর্শ তার মূল লক্ষ্য থেকে ভ্রপ্ত হয়েছিল। সীতার যুগে কিন্তু আমরা অন্তরক্ষ চিত্র দেখি। গীতায় অধিকারিভেদে ভিন্ন ভিন্ন উপদেশ রয়েছে। **অবশ্য** সাধারণ কতকগুলি নিয়ম সকলের জন্ম উপযোগী হ'তে পারে, কিন্তু দেগুলি দ্যাজে চালাবার জন্ম তাদের কোন অন্যনীয়, অপরিবর্তনশীল রপ দেওয়া চলে না। এর ব্যতিক্রম হলেই আদর্শের অবনতি হয়।

শ্রীরামকৃষ্ণ ও বর্তমান পথ

এই রকম এক যুগে নয়, বছ্যুগে হয়েছে। তাইতো ভগবানকে বারবার এসে পুরানো কথা নতুন ক'রে বলতে হয়। গীতায় তাই ভগবান বলেছেন 'দ এবায়ং ময়া তেহল যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ''—প্রাচীন যোগই তোমাকে আবার বলছি। ঠাকুর বছবার এই কথা বলেছেন যে, ধর্ম দনাতন। নতুন জিনিদ দেখানে দেবার মতো থাকে না, তবে পুরানো দতাকে নতুন ভাবে পরিবেশন করা হয়; দামাজিক পরিস্থিতি অম্পারে প্রাচীন শিক্ষাই একটু ভিয় রূপ নেয় মাত্র; তবে মৃল তত্ত্বে কোন প্রভেদ থাকে না। ভগবান যেমন দনাতন, ভগবানকে পাবার পথও তেমনি দনাতন। তবে এই দনাতন তত্ত্ব বা পথের অনস্ত

প্রকারের বৈচিত্তা আছে। অবতার যখন আসেন, তথন তিনি ঐ তব্ব ও পথকে দেই যুগের উপযোগী ক'রে সমাজে প্রচার করেন। স্থতরাং তাঁর শিক্ষার ভিতরেও ঢুটো দিক থাকে। একটি হচ্ছে সনাতন তত্ত্বকে পুনক্জীবিত করা, প্রাণবস্ত করা, অপরটি হ'ল দেই তত্ত্ত্তলিকে যুগোপযোগী করা। ঠাকুরের জীবনেও আমরা দেখি যে তিনি ধর্মের সনাতন তত্ত্ত্তিলি সকলের কাছে প্রাণবস্ত ক'রে, সকলের বোধগমা ক'রে সহজ সরলভাবে পরিবেশন করছেন; তাঁর দর্শনেই ঈশবের অন্তিত্ব সম্বন্ধে অবিখাস দূর হয়ে যাছে,

শহয়জীবনের মৃথ্য উদ্দেশ্য পরিস্কৃট হচ্ছে। শুধু এইটুকুই নয়, ধর্মকে নানাভাবে যুগোপযোগীও করেছেন ভিনি। বলছেন, ''দেখ, কলিযুগে

নারদীয়' ভক্তি। আজকাল মাহুষের আর অত সময়-সামর্থ্য নেই যে যাগ্ধ-যক্ত বা সন্ধানকনাদি ক'রে দীর্ঘ সময় কাটাতে পারে। এখন কেবল গায়ত্রী করলেই হয়। সন্ধ্যা গায়ত্রীতে লয় হয়; গায়ত্রী ওঁকারে লয় হয়।" তাঁর নাম করার কথায় বলছেন "তাঁর নাম করবে বনে কোনে মনে।" যে ঘেভাবে পাকুক, মনে বনে কোনে তাঁর চিস্তা করুক। মাঝে মাঝে নির্জনবাস সকলের পক্ষে যে একান্ত প্রয়োজন, এ-কথা ঠাকুর বারবার বলেছেন। তবে কারও পক্ষে যদি তা সম্ভবপর না হয় তো তারও বাবস্থা

শিবজ্ঞানে জীবসেবা

মনে মনেই তাঁর নাম করবে।

আছে। দে নাম' করবে কোণে; তাও যদি সম্ভব না হয় তো দে তথু

ধর্মকে যুগোপযোগী করবার জন্ম ঠাকুরের অজ্ঞ্জ উপদেশ আছে; তার ভিতর একটা কথা যা স্থামীজ। বিশেষ ক'রে জোর দিয়ে বলেছেন, তা হ'ল 'জীবে দয়া নয়; ঈশ্বরবৃদ্ধিতে জীবদেবা।' দয়া করলে দয়ার পাত্র থেকে নিজেকে বড় মনে হয়। তাই ঠাকুর বলছেন, ''দয়৷ কিরে ?

ভূই দয়া করবার কে ? ভূই সেবা করবি। সর্বভূতে তিনি আছেন— এই বুঝে শিব-বুদ্ধিতে জীবের সেবা করবি।"

এই কথা শুনেই স্বামীজী বলেছিলেন, "আজ এমন একটা অপূর্ব কথা শুনলাম, যদি ভগবান দিন দেন তো! এই কথা কার্যে পরিণত ক'রব।" ঠাকুরের এই কথা থেকেই স্থ্রটি তিনি পাছেন বটে, কিন্তু তথনও তিনি ঠাকুরের কাছে নিজেকে সম্পূর্ণ সমর্পণ ক'রে দেননি, বরং প্রতিবাদ করেছেন। কিন্তু গীরে ধীরে তিনি বুঝতে পেরেছেন যে তাঁর সাধ্য নেই যে ঠাকুরের কথার তিনি অক্তথা করেন এবং শেষকালে তাঁকে বলতে হ'ল যে "এই পাগলা বামুনের পায়ে এবারের মতো মাধাটা বিক্রি হ'য়ে গেল।" স্বামীজীর দেবাধর্মের—শিবজ্ঞানে জীবনেবার যে ভাব, এথানেই তার স্ক্রপাত। আর এই হ'ল ঠাকুরের যুগোপযোগী শিক্ষার একটি জ্বলন্ত দৃষ্টান্ত। এ-রকম দৃষ্টান্ত তাঁর জীবনের অনেক ঘটনা থেকে, তাঁর জনেক উপদেশ থেকে আমরা পাব; যত দিন যারে, মান্ত্র সেগুনির ভিতর থেকে তাঁর নতুন নতুন নি ক'র হত্য বার করবে।

পাত্রানুযায়ী উপদেশ

সাপ ও ব্রহ্মচারীর গল্পে আমরা দেখছি যে ব্রন্ধচারী সাপকে কামড়াতে বারণ করছেন, কিন্তু ফোঁদ করতে বারণ করেননি। কারও অনিষ্ট করতে বারণ করছেন, কিন্তু সব অস্তায় নির্বিচারে স্থা করতে বলেননি।

আবার অধিকারিভেদে তাঁর শিক্ষারও তারতম্য আছে। যথন শুনলেন যে তাঁর 'নিরঞ্জন' (পরে নিরঞ্জনানন্দ), নোকো ক'রে আসার সময় ঠাকুরের নিন্দে হচ্ছে শুনে নোকোহন্দ্ধ ডুবিয়ে দিতে চেয়েছিলেন, তথন তাঁকে ভর্ৎসনা ক'রে বললেন, ''সে কিরে! লোকে কত কি বলে, তার জন্ম তুই নৌকো ডুবোতে গেলি !" স্বাবার এর ঠিক বিপরীত চিত্র পাই সামী যোগানন্দের জীবনে। ঠিক এই রকমই একদিন নোকো ক'রে আসবার সময় ঠাকুরের সম্বন্ধে কটাক্ষ করা হচ্ছে ওনে তিনি একটি প্রতিবাদও করলেন না—এ কথা ঞ্চনে ঠাকুর তাঁকে ভর্ৎ সনা করলেন বিনা প্রতিবাদে গুরুনিন্দা সহু করবার জন্ম। এ আর এক রকমের শিক্ষা। কত রকমের বৈচিত্র্য তাঁর শিক্ষার মধ্যে। একবার তাঁর এক শিশুকে তিনি তাঁর জামা কাপড় রাখার বালের মধ্যে আরমোলা বাসা বাঁধতে দেখে, সেই আরসোলাটিকে বাইরে নিয়ে পিয়ে মেরে ফেলতে বলেছিলেন। ঐ শিষ্ক ছিলেন অভিশয় কোমল প্রকৃতির। তিনি আর্নোলাটি বাইরে নিয়ে গিয়ে না মেরে ছেভে দিলেন। এ-কথা শুনে ঠাকুর দেই শিশুকে ভর্ৎ দনা করলেন। শিশুটি জ্ঞে অবাক হলেন। .ডিনি ভাবলেন কোথায় অহিংসার পরাকাষ্ঠার জন্ত ঠাকুর তাঁর উপর খুশীই হবেন, তা না হয়ে উন্টোটা হ'ল। কিন্ত ঠাকুরের ভর্থনার উদ্দেশ্ত হ'ল এই যে, শিয়েরা যদি তাঁর কথামত কাজ না ক'রে নিজেদের খুশীমত কাজ করতে থাকেন, তা হ'লে সাধনপর্থে তাঁদের সমূহ বিপদের সম্ভাবনা।

বন্ধজীব ও মুক্তির উপায়

এর পর ঠাকুর বিভিন্ন প্রকারের জীবের কথা বলছেন। চার প্রকারের জীব আছে—বদ্ধজীব, মৃমুক্ষীব, মৃক্জীব ও নিত্যজীব। বদ্ধজীব যারা তারা সব সময়ে বদ্ধনেই থাকে, আর এই বদ্ধনেই তাদের আনন্দ। মৃমুক্জীব এই বন্ধন থেকে মৃক্তির চেষ্টা করে, আর তাদের মধ্যে কেউ কেউ সে বন্ধন কেটে বেরিছে যায়, তথন তাদের বলা হয় মৃক্তাজীব। আর নিত্যজীব কথনও মহামায়ার জালে পড়েন না।

वक्षकीय मश्रद्ध शिक्त बनाइन "वक्षकी त्वता मः मादत कांभिनी-कांक्टन

বন্ধ রয়েছে, হাত-পা বাঁধা। জ্বাতো সময় কাটে না দেখে তাস খেলতে আরম্ভ করে।" সকলে ন্তর। শ্রোতাদের ন্তর হওয়ারই কথা। কারণ এ দৃখ্য তো তাঁরা সকলে দেখেছেন; কিন্তু এ-রকম ক'রে তো তাঁর। কোনদিন ভাবেন না। সংসারে কর্ম থেকে যাঁর। অবসর গ্রহণ করেছেন, তাঁদের দেখলেই বুঝতে পারা যায়। ঠাকুর কি রকম হুবছ ছবি এঁকেছেন। প্রতিটি মৃহুর্ত আমাদের কাছে অমৃলা, দেই সময়টা কোন রকমে কাটিয়ে দেবার কি প্রাণান্তকর প্রয়াস। সময়ের এই দীমিত গণ্ডির মধ্যে জীবনের উদ্দেশ্য সফল করা কত কঠিন; কোথায় এর জন্ম থাকবে একটা উৎকণ্ঠা, একটা তীত্র ব্যাকুলতা, তা না উল্টে ভাবছে কি ক'রে সময় কাটাবো। যদি আমরা এই বন্ধনকে বন্ধন ব'লে সত্যি প্রতি বোধ করতাম, তা হ'লে বন্ধনটা আমাদের কাছে তুর্বিষহ ব'লে বোধ হ'ত; যেথানে বন্ধনেরই বোধ নেই, সেথানে তা কাটাবার চেষ্টাই বা থাকবে কি ক'রে? উল্টে কেউ যদি আমাদের দেই বন্ধন থেকে মৃক্তির পথ দেখিয়ে দেন তো আমরা **প্রশ্ন** করি, সে মুক্তিতে আমাদের কি হুখ ? কয়েকদিন আগে কথা হচ্ছিল "সহস্ৰ বন্ধন মাঝে লভিব মুক্তির স্থাদ।" 'বন্ধন মাঝে'কেন? ওর উপর বড় আকর্ষণ আছে ব'লে না কি? মুক্তির স্বাদ চাই, সে তো খুবই ভাল কথা, কিন্তু তা আবার বন্ধনের মাঝে কেন ?

আমরা অনেক সময় কল্পনা করি যে, মৃত্যুর পর আমরা যে স্বর্গে যাব, দেখানে প্রয়াত আত্মীয়স্বজনদের দঙ্গে হবে মিলন, একটা—পারিবারিক সম্মিলনের মতো হবে। দেখানে আমাদের শক্তরা কেউই যাবে না; সেথানে কেবল তারাই থাকবে, যাদের আমরা পছল করি। আমরা যারা শাস্ত্র মানি, ভগবানকে মানি, ভদ্ধাচারী—তা দে আচার যেমনই হ'ক না কেন—এই আমাদেরই থাকবে স্বর্গে একচেটিয়া অধিকার। দাক্ষাতে এই জগং ভোগ করছি, আর মৃত্যুর পর কল্পিত পরজগতের

এক সোনালী স্থপ্ন দেখছি যে-জগতে এ-জগতের সব বন্ধনই সঙ্গে থাকবে।—জীবের বন্ধাবস্থার এই হ'ল এক চরম দৃষ্টান্ত। তাই অনেক সময় আমরা ভাবি আমরা সংসারী জীব বন্ধজীব—আমাদের কি আর কোন উপায় আছে!

ঠাকুর কিন্তু এ রকম নিরাশার কথা শুনতে ভালবাসতেন না। তাই তিনি বলছেন, "উপায় অবশ্য আছে। মাঝে মাঝে সাধুসঙ্গ, আর নির্জনে ঈশ্বরচিস্তা করতে হয়, আর বিচার করতে হয়, প্রার্থনা করতে হয়—আমাকে ভক্তি বিশাস দাও।" এই উপায়গুলির কোনটাই এমন কঠিন নয়, যে নিতান্ত সংসারী জীব তা করতে পারে না। আমাদের যে ত্রবন্থা তা আমরা বৃঝি, কিন্তু সঙ্গে এ-বিশাস্ত থাকা দরকার যে, এই বন্ধন থেকে মৃক্তির উপায়প্ত আছে এবং তা আছে আমাদের স্থাতেরই মধ্যে। তা না হ'লে জীব তো হতাশার অন্ধকারে তলিয়ে যাবে।

বৌধ্বধৰ্ম ও গীভামত

বৌদ্ধর্মের প্রধান কথা হ'ল 'চতুরার্য সত্য' অর্থাৎ চারটি আর্য সত্য।

এর প্রথম কথা হ'ল: "সর্বং ক্ষণিকম্ ক্ষণিকম্ তঃখম্" এই সব

কিছুই অনিত্য, ক্ষণিক এবং তঃখময়। ভগবান শ্রীকৃষ্ণ গীতায়
বলচেন: "অনিত্যম্ অন্তথং লোকম্ ইমং প্রাণ্য ভজস্ব মাম্" এই
জগৎটা অনিত্য। এখন মিলিয়ে দেখি,—বুদ্ধের কথা: "ক্ষণিক",
ভগবান কৃষ্ণ বলেচেন 'অনিত্য'। বুদ্ধের কথা, 'সর্বং তঃখম্', তঃখময়;
কৃষ্ণ বলচেন, 'অন্তথম্'। এঁদের কথাগুলির মধ্যে কোন পার্থক্য নেই।
এই সংসার অনিত্য, আর এই অনিত্য সংসার তঃখময়।

এখন এই তুঃখের হাত থেকে পরিত্রাণের উপায় কি ? ঠাকুর বলছেন "উপীয় অবশ্যুই আছে।" বুদ্ধও বলছেন এই তুঃখ-নিবৃত্তির উপায় আছে

5

এবং সে নিবৃত্তির উপায় আছে মাহুষেরই হাতে। এখন কেউ যদি ্সে উপায় গ্রহণ না করে, তা হ'লে তার জন্ত দায়ী সে নিজে। এখানে 'সংসারী জীবে'র অর্থ এ নয় যে যাবা বিয়ে-থা ক'বে ফেলেছে। ''সংসরতি ইতি সংসার: !"—অর্থাৎ যারা জন্ম-মৃত্যু-পরম্পরার মধ্য দিয়ে চলেছে, তারাই সংসারী। যাদের এই চলা থেকে নিবৃত্তির কোনও চেষ্টাই নেই, তারা সংসারী জীব। ঠাকুর বলছেন, এ হেন সংসারী জীবেরও উপায় আছে। আর নেই উপায়গুলি হ'ল নাধুনক, ঈশরচিন্তা, বিচার আর প্রার্থনা। প্রথম চাই সাধুসক অর্থাৎ এমন একজনের সক যিনি এই मः मादित जाल जज़ान-नि । वृद्धत जीवत्न देवतारंगात जेमग्र ठिक এইভাবে। সিদ্ধার্থ যথন রোগ শোক জরা মৃত্যু দেখে ভাবছেন, 'এ জগতে হুথ তা হ'লে কোথায় ?' ঠিক দেই সময় তাঁর চোথে প'ড়ল এক সন্ন্যাদী—এক **আনন্দময় পুরু**ষ। এই আনন্দের উৎস খুঁজতে গিয়ে িতিনি এই হৃঃথের হাত থেকে নির্ন্তির সন্ধান পেলেন ; আবিষ্ণার করলেন 'চতুরার্য-সভ্য'। ভাই প্রয়োজন সাধুসঙ্গের। সাধু যিনি, তাঁর মধ্যে থাকে এক নিরবচ্ছিন্ন আনন্দের প্রবাহ। তাই তাঁর সংস্পর্নে যারা আদে তাদেরও জীবনে দেই ভাবের কিছুটা ছোঁয়াচ লাগে। বুদ্ধদেব এমন অজ ছিলেন না যে, রোগ শোকের কথা তিনি কোথাও শোনেন নি। কিন্তু চোথের সামনে যথন এগুলো দেখলেন, তথন তার প্রতিক্রিয়া হ'ল অন্ত রকম। ঠিক সেই রকম এ জীবন অনিত্য, দু:থময়—এ আমরা সকলেই জানি। কিন্তু মাঝে মাঝে সাধুসঙ্গের ফলে আমাদের মনে পড়ে যায়, যে-গতান্তগতিক জীবন আমরা যাপন করছি, তার বাইরে আছে এক আনন্দময় জগৎ, যার সন্ধান করাই আমাদের প্রকৃত কাম্য। তাই প্রয়োজন মাঝে মাঝে সাধ্দক্ষের; 'মাঝে মাঝে' এই জন্ম বলা ষে আমাদের জীবনে সংশারের সংস্কার এমন বন্ধমূল যে এক আধবার সাধুসঙ্গে দে মূলটাকে সরানো যায় না। তাই মাঝে মাঝে সাধুসঙ্গ করতে হয়: করতে করতে মনের ভিতর একটা চেতনার স্থাষ্ট হয়, নবজাগরণ আদে, আমরা বুঝতে পারি—আমরা জেগেও কি ভয়ানকভাবে ঘুমস্ত; আর তথনি জাগে একটা আকাজ্ঞা, তীব্র ব্যাকুলতা, নতুন আনন্দময় জগতে চোথ মেলে চাইবার জন্ত।

ছয়

क्षांगुड-->।>।ठ->०

ঠাকুরের সহজ ও গভীর ভাব

্ :৮৮২ খুষ্টাব্দের ৫ই মার্চ। ঠাকুর দক্ষিণেশ্বরে তাঁর ঘরে ভক্তদের দক্ষে ভগবৎ-প্রদঙ্গ করছেন। মান্টারমশারের ঠাকুরকে এই চতুর্থবার দর্শন। কাজেই ঠাকুরের দক্ষে থানিকটা পরিচয় হয়েছে; কিন্তু ঠাকুরের বিভিন্ন ভাবের দঙ্গে তথনও তাঁর সমাক পরিচয় হয়ে ওঠেনি। তিনি ঠাকুরকে সমাধিম্ব অবস্থায় দেখেছেন, দেখেছেন ভক্তদের দঙ্গে ঈশ্বরীয় প্রদঙ্গ করতে, গভীর তত্ত্বকথা সরলভাবে ব্যাখ্যা ক'রে বলতে— সে এক-রকম দৃশ্য। আবার মাস্টারমশাই ঠাকুরকে দেখছেন ছেলেদের দঙ্গে ফচকিমি করতে, যেন তাদের সমবয়সী। সম্পূর্ণ বিপরীত দৃষ্ঠ। তাই মাস্টারমশাই ভাবছেন যে, আগের তিনবারের দর্শনে যে রামক্ষের সঙ্গে তাঁর পরিচয় হয়েছিল, ইনি যেন দে রামক্লঞ্চ নন। তাই তাঁর মনে প্রশ্ন এসেছিল—"ইনিই কি তিনি ?" আমাদের অনেকের ধারণা যে, যাঁরা ধর্মকথা বলেন, তাঁরা থাকবেন সবসময় গভীর চিন্তামগ্ন, আর তাঁদের ভিতরে এমন একটা গাম্ভীর্য থাকবে, যা ভেদ ক'রে দাধারণ মানুষের পক্ষে তাঁদের কাছে পৌছানো তুঃসাধ্য।

এ হ'ল সব জায়গায়, সব দেশে সাধকদের সহক্ষে সাধারণ মান্ন্রের প্রচলিত ধারণা। যেথানে এর ব্যতিক্রম হয়, সেথানে লোকে ভাবে 'এ আবার কি!' পাশ্চাতা দেশে স্বামীজীকে সাধারণ মান্ন্রের মতো হাসিতামাসা করতে দেখে কোনও ভক্ত অবাক হয়ে তাঁকে প্রশ্ন করেছিলেন এ সহস্কে। উত্তরে স্বামীজী বলেছিলেন "We are the children of Bliss. Why should we be morose and gloomy?"—আমরা হচ্ছি আনন্দের সন্তান; আমরা বিমর্থ হবো কেন? স্বামীজী এ-কথা বলতে পেরেছেন, কেননা ঠাকুরের গড়া 'বিবেকানন্দ' তিনি।

ঠাকুর যথন সাধারণ ভূমিতে থাকতেন, তথনও তিনি ছিলেন সদানন্দময় পুরুষ। আনন্দ তাঁর চারদিকে যেন প্রবাহিত হ'ত। আর সেই আনন্দ তিনি করতেন সাধারণ ভূমিতে নেমে এসে সামান্ত সাধারণ কণা নিয়েও। যেমন এখানে মাস্টারমশাই দেখলেন ছেলেদের সঙ্গে ফচকিমি-ক'রে আনন্দ করতে। ঠিক এই রকম ভাবের এক দৃষ্টান্ত আমরা পাই স্বামী ব্রন্ধানন্দ মহারাজের জীবন থেকে। ব্রন্ধানন্দ মহারাজ তথন বলরাম মন্দিরে। সেথানে তাঁকে দর্শন করবার জন্ম এক ভক্ত তাঁর এক বন্ধুকে নিয়ে গেছেন, মহাপুরুষ দেখাবেন ব'লে। তাঁরা এসে দেখেন মহারাজ ছোকরাদের নিয়ে হাসি-তামাসা করছেন। ভক্তটি ভাবছেন হায়। মহারাজ কিছুই সং-প্রদক্ষ করছেন না। তাঁর वक्षि ना क्षानि कि ভाবছেন। कि इक्ष्म পরে যথন তাঁরা বিদায় নেবেন, তথন মহারাজ তাঁদের বললেন হাসতে হাসতে, "ওগো, আমাদের আবার ভাল কথাও হয়।" বাস্তায় নেমে ভক্তটি ভাবলেন যে, বন্ধুটি বোধহয় খুব হতাশ হয়েছেন। কিন্তু বন্ধুটি বললেন "ভাই, আধ্যাত্মিক জীবনে মহাপুরুষেরা কি বোধ করেন, তা আমরা জানি না। কিন্তু আজ কএ নতুন জিনিদ দেখলাম, দেখলাম এক আনন্দময় পুরুষকে।" মহারাজ কোন উপদেশ না দিয়েও সেই নবাগত বন্ধুটির মন যে কি ক'রে জয় করলেন, তা তিনিই জানেন।

যে ছক-বাঁধা রাস্তার মহাপুরুষেরা চলবেন ব'লে আমরা মনে করি, সে রাস্তার তাঁরা দব দমর চলেন না। তাঁদের ধারা আলাদা। ঠাকুরের জীবনেও এই ধারা দেখে কে বলবে যে ইনি এত দৎপ্রদঙ্গ করেন। ঠাকুর ছেলেদের দঙ্গে যে ফচকিমি করতেন, কোন দমর তা হয়তো শ্লীলতার মাত্রা ছাড়িয়ে যেত। ঠাকুর হেদে বলতেন "মাঝে মাঝে একটু আঁশজল দিতে হয়।" তা দে তিনিই জানেন বৈহা তিনি, কি দিতে পারেন, কি দেওয়া উচিত, কতথানি দেওয়া উচিত—তিনিই বোঝেন। সাধারণ মান্তবের পক্ষে তা ধারণা করা কঠিন। মান্টারমণাইও তাই তাঁকে এ অবস্থায় দেখে অবাক হচ্ছেন।

শ্রীরামকৃষ্ণ ও চিচ্ছিত ভক্তগণ

ঠাকুর মান্টারমণাইকে দেখে বলছেন "এরে! আবার এসেছে!"
তিনি তাঁর অন্তরঙ্গদের চিনতেন। মান্টারের বেলায়ও তার ব্যতিক্রম
হয়নি। তবে ঠাকুর নানাভাবে গাঁদের পরীক্ষা করতেন। মান্টারমশাইকে বলছেন "আহ্না, আমার সম্বন্ধে তোমার কি ধারণা? আমাকে
তোমার কি রকম মনে হয়?" এ প্রশ্ন তাঁর সব অন্তরঙ্গদের ক'রে
তিনি জেনে নিতেন; তাঁরা তাঁকে কতথানি ধারণা করতে পারলেন।
ঠাকুর আবার কাকেও কাকেও দেখে তড়াক ক'রে লাফিয়ে উঠতেন।
এ সম্বন্ধে তিনি নিজমুখে বলেছেন "এ কি রক্ম জানো, যেন অনেকদিন
পরে হঠাৎ অপ্রত্যাশিতভাবে এক নিকট আত্মীর দামনে এসে পড়লে
মান্তর অবাক হয়ে যার তিকি দেই রক্ম যথন দেখি, কোন অন্তরঙ্গ
পার্যদ আসছে, যাকে আর পূর্বে দেখিনি; প্রথম দর্শন, সে জানে না,
আমিও যেন তার সম্বন্ধে জানতুম না, হঠাৎ তাকে'দেখে অবাক হয়ে

ও-রকম লাফিয়ে উঠি।" এ-কথাটা তিনি বললেন ব'লে লোকে জানল,

না জানালে জানবার কোন উপায় ছিল না। তিনি সর সময় নবাগত ভক্তদের সঙ্গে তাঁর যে সম্বন্ধ, তা প্রকাশ করতেন না। হয়তো পরে প্রসক্ষমে বলতেন। যেমন মাস্টারমশায়ের সঙ্গে তাঁর যে-সম্বন্ধ এই কয়দিন দর্শনেও ঠাকুর তার উল্লেখ করেননি। এখনও পর্যন্ত মাস্টার-মশাইকে বলেননি যে তিনি তাঁর পার্ষদ, অর্থাৎ তিনি এদেছেন তাঁর কাজের সহকারী হবার জন্ম।

অবশ্র স্বামীজীর সম্বন্ধে অন্ত কথা। স্বামীজীর জন্ম তিনি কতদিন ধ'রে প্রতীক্ষা ক'রে রয়েছেন। তাই দেখা হবার সঙ্গে সঙ্গে তিনি যেন আর নিজেকে আর্ত ক'রে রাখতে পারলেন না। সঙ্গে সঙ্গে তাঁকে প্রকাশ্রে গ্রহণ করছেন। স্বামীজী কিন্তু কিছুই বুঝতে পারছেন না। এই যে তাঁর অন্তরঙ্গদের সঙ্গে সম্বন্ধ, এ-সম্বন্ধ তাঁর জানা আছে, কিন্তু যাদের সঙ্গে সম্বন্ধ তাদেরও জানা দরকার। যেমন ভগবান অর্জুনকে বলছেন:

বছনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জুন।
তাগ্যহং বেদ দর্বাণি ন তং বেখ পরস্তপ।
—হে অন্তুন, তোমার ও আমার বহু জন্ম অতীত হয়ে গেছে—তোমার,

আমার কথা ছটি পাশাপাশি ক'রে বললেন যে, "সংবদ্ধভাবে তুমি আমার সহকারীরূপে বহুবার এসেছ।" "তানি অহং বেদ সর্বাণি"——আমি সেগুলি সব জানি; কিন্তু তুমি তা জানো না। ঠিক এইরকমভাবে তার পার্যদদেরও তিনি চিনে নিয়েছেন, জেনেছেন যে অত্যের মতো কর্মের ছারা প্রেরিত হয়ে তারা আসেনি, তারা এসেছে তাঁর এই বিশ্ব-কলাণ-কার্যে সহায় হবার জন্তু, ভগবানের লীলা-সহচরক্রপে। ঠাকুর বলেছেন "তোমাদের এটুকু জানা দরকার, তোমরা কে, আমি কে, আমার সঙ্গে তোমাদের কি সম্বন্ধ"—এই হলেই হয়ে গেল। এই দিব্য

জন এবং কর্ম। এটুকু জানলেই তাদের হয়ে গেল। তাদের আর কিছুই জানতে হবে না। যদি কিছু সাধনা তিনি করিয়ে নেন, সে কেবল এই জ্ঞানটুকুর উন্মেষের জন্ম যে তাদের সামনে যিনি তিনি শ্বয়ং পর্মেশ্বর, দেহ ধারণ ক'রে এসেছেন জীবের কল্যাণের জন্ম, আর ঈশ্বের সেই ক'জের দহকারী হিসাবে এসেছে তারা।

এরপর আমরা দেখি পট পরিবর্তন হচ্ছে। এত যে হাসি-তামাসা হচ্ছিল, সব বন্ধ হ'ল। কথা উঠল হত্নমানের রামদান হত্যমান। বললেন "দেখ, হত্যমানের কি ভাব। ধনমান দেহস্থ কিছুই চায় না কেবল ভগবানকে চায়। ক্ষটিক স্তম্ভ থেকে ব্রহ্মান্ত্র নিয়ে যাচ্ছেন হত্যমান, মন্দোদরী কত প্রলোভন দেখাছেনে অন্তটি ফিরে পাবার জন্তা। কিছ কোন প্রলোভনই তাঁকে লক্ষ্যমন্তই করতে পারল না। রামের কাজের জন্ত তাঁর আলা; রাম ছাড়া তিনি আর কিছুই জানেন না। এই গান গাইতে গাইতে আবার সমাধি, নিশ্চল, নিম্পন্দ। মান্টারমশাই আগে যেমনটি দেখেছিলেন, ঠিক দেই রক্মটি দেখছেন। তখন ভাবছেন যে "এই মহাপুরুষই কি ছেলেদের সঙ্গে ফচকিমি করছিলেন।"

শ্রীম-কে যন্ত্ররূপে গঠন

সম্পূর্ণ ছটি বিপরীত দৃশ্য, ছটি বিপরীত স্বভাব; দেখে মান্টারমশাই অবাক হচ্ছেন। এর পর ঠাকুর মান্টারমশাই ও স্বামীজীকে ইংরেজীতে একটু তর্ক করতে বললেন। কিন্তু মান্টারমশাই বলছেন, ''তাঁর তর্কের ঘর ঠাকুরের ক্নপায় একরকম বন্ধ।" ঠাকুর এক সময় মান্টারমশাইকে বলেছিলেন "বলো, আর বিচার ক'বব না।" এইভাবে তিনবার বলিয়ে নিলেন। কারণ এ-পর্ব মান্টারের জন্ম নয়। তিনি ঠাকুরের ভাব যেমন দেখছেন, কোন রকম পরিবর্তন না ক'রে পরিবেশন করবেন। তার ভিতর একটুখানিও অদল বদল করা চলবে না। মান্টারকে পরীক্ষা

ক'রে দেখেছেন। বলেছেন, ''আচ্ছা, আমি কি বলেছিলাম ?" মান্টার-মশাই জানালেন। ঠাকুর বললেন "হ'ল না। ও-কথা নয়, এই বলেছিলাম।" এইরকমভাবে সংশোধন ক'রে দিচ্ছেন, যাতে তাঁর কথা গুলি ঠিক ঠিকভাবে পরিবেশিত হয়। তাই ঠাকুর মান্টারমশাইকে দিয়ে 'তিন সভাি' করিয়ে নিলেন। তাই মাস্টারমশায়ের তর্কের ঘর বন্ধ। ঠাকুর একবার এক বালকভক্ত হুবোধকে মান্টারমশায়ের কাছে যেতে বলেছিলেন। তিনি ভাবলেন মান্টার তো গৃহন্থ লোক। তাঁর কাছে আর ধর্মোপদেশ নিতে যাব কি ? ত্যাগময় জীবন গ্রহণ করবেন ব'লে বোধহয় স্থবোধের একট অভিমান ছিল। তাই ঠাকুর যথন আবার তাঁকে জিজ্ঞাসা করলেন, তিনি ব'লে উঠলেন, 'ভিনি গৃহস্থ লোক ; তাঁর কাছে আবার ধর্মকথা ভনতে যাব কি ?" ঠাকুর হেদে বললেন, 'না রে, যাস'। ঠাকুরের কথা রাথার জন্ম তিনি মাস্টার-মশায়ের কাছে গেছেন। মাস্টারমশাই শুনলেন যে, স্থবোধ তাঁর কাছে এদেছেন নিতান্ত অনিচ্ছাদত্তে। শুনে মাস্টারমশাই বললেন ''আমার কাছে একটা জালাতে আমি গঙ্গাজল ভবে বাখি। যথন কেউ আসে. তথন দেই জালা থেকে একটু একটু ক'রে পরিবেশন করি!" ভাব এই যে, এই উপদেশের মধ্যে তাঁর নিজম্ব কিছু নেই। ঠাকুরের কথা তাঁর মনেতে ভবে বেথে দিয়েছেন সেই জালা ভবে রাথার মতো। এই থেকে বোঝা যায়, কেন ঠাকুর মাস্টারমশাইকে এত ক'রে বিচার

ঠাকুবের গান শুনে মান্টারমশাই মুগ্ধ। যাঁরা তাঁর গান শুনেছেন তাঁরা বলতেন, একবার তাঁর গান শুনলে আর অন্তের হুর ভাল লাগে না। কাজেই ঠাকুরের গানে মুগ্ধ মান্টারমশাই আবার গান হবে কিনা থোঁজ নিচ্ছেন। ঠাকুর তাঁকে বলরামবাবুর বাড়ীতে যেতে বললেন, সেথানে গান হবে। মান্টারকে তাঁর ভক্তমগুলীর সঙ্গে পরিচয়

করতে বারণ করেছিলেন, বলেছিলেন, বিচারের ঘর তাঁর নয়।

করিয়ে দেওয়ার এ যেন এক উপলক্ষ। এর মধ্যে আমরা ঠাকুরের প্রচারকার্যের ধারার একট্ন পরিচয় পাই। তিনি যথন যেখানৈ গেছেন, যাঁদের জন্ম গেছেন, তাঁদের ঠিকই থবর দিয়েছেন। যে বিশিষ্ট ভাবধারা তিনি জগৎকে দিয়ে যাচ্ছেন, তাকে অবিকৃত ভাবে ধ'রে রাথার জন্ত কতকণ্ডলি শুদ্ধ আধার তাঁর চাই। সেই শুদ্ধ আধারগুলিকে তিনি একস্থত্তে গেঁথে রেখে যেতে চান যা পরবর্তীকালে গড়ে তুলবে এক সভ্য। তিনি শাষ্ট ক'রে এ-কথা না বললেও তাঁর ব্যবহারে শাষ্ট বোঝা যেত যে, একটা স্থানির্দিষ্ট প্রণালী অনুসারে তাঁর কাজ হচ্ছে। '**লীলাপ্রদঙ্গে**' · তার জীবনের পর্যালোচনা ক'রে স্বামী সার্দানন্দ দেখিয়ে<mark>ছেন যে</mark> ঠাকুরের জীবনের অতি তৃচ্ছ ঘটনাও বিশেষ গুরুত্বপূর্ণ। আপাতদৃষ্টিতে আমরা হয়তো সবসময় তার মর্ম উদ্ঘাটন করতে পারব না, কিন্তু ভাল ক'রে তলিয়ে দেখলে বেশ বুঝতে পারব যে বিশেষ যুগ-প্রয়োজন সিদ্ধ করবার জন্ম তিনি একটা স্থনির্দিষ্ট প্রণালী অনুসরণ ক'রে কাজ ক'রে যাচ্ছেন: যদিও তিনি তা ক'রে গেছেন এ বিষয়ে অবহিত না হয়ে. কেবল মায়ের হাতের যন্ত্র হিসাবে।

ভাবের প্রচার

কেবল কয়েকজন বৃদ্ধ ধর্মান্তেষীর কাছেই নয়, যাঁরা তথাকথিত ধর্মবিমৃথ তাঁদের কাছেও তিনি যাচ্ছেন এবং যাচ্ছেন অনাহুতভাবেই। তথনকার দিনে যাঁরা বিশিষ্ট গণামাল্য ব্যক্তি তাঁদের সঙ্গে দেখা করা তাঁর চাইই। এই আগ্রহ যাঁর তিনি নিজে হয়তো জানেন না এর কারণ, কিন্তু এ ছিল তাঁর যুগোপযোগী ভাবধারা সঞ্চারিত করার এক পদ্ম। তিনি চাইতেন, তাঁণ ভক্তেরা সকলে মিলে একত্র হয়ে ভগবৎ-প্রসঙ্গ নিয়ে নাচে গানে আনন্দের হাট বসাক, আর তৈরী করুক এক উচ্চ আধ্যাত্মিক স্থর, যা সমবেত শ্রোত্মগুলী বহন ক'রে নিয়ে গিয়ে ছড়াবে চারদিকে।

সঙ্গে সঙ্গে তিনি তাঁর অস্তরঙ্গ ভক্তদের এমনভাবে তৈরী করছেন যাতে তাদের ভিতর দিয়ে তাঁর ভাবধারা অবিক্বতভাবে প্রবাহিত হ'তে থাকে। তাঁদের তিনি বলছেন, "দেখ তোমরা অস্ত কোখাও যেও না, তোমরা কেবল এখানেই আসবে।" আশ্বর্ধ কথা। আকাশের মতো সীমাহীন যাঁর উদারতা, তাঁর মুখে এ-রকম কথা কেন ় তার কারণ, তা না হ'লে তাঁরা অবিক্বতভাবে তাঁর ভাবধারা প্রকাশ করতে সমর্থ হবেন না।

তাঁর মধ্য দিয়ে তাঁর অজ্ঞাতদারে জগন্মাতার বিধানে এক বিশেষ উদ্দেশ্য সিদ্ধ হচ্ছে, আর তা হচ্ছে এক স্থনির্দিষ্ট প্রণালীবদ্ধভাবে। তিনি নিজে হয়তো এ-সবের কিছুই জানেন না; আর জানেন না বলেই তাঁর মধ্যে প্রকাশ পেত এক শিশুফুলভ সরলতা। অথচ আর এক দিক দিয়ে তিনি সকলের গুরু-স্থানীয়, সকলের ভত ভবিষ্যৎ বর্তমান দেখছেন ও নিয়ন্ত্রিত করছেন। অথচ এই মানুষ্টিই আবার কত সহজ্ঞ, সরল, শিশুর মতো অসহায়, যেন আমাদের সাহায্য ছাড়া তিনি দাঁড়াতেও পারেন না। মথুরবার তাই মনে করতেন যে তাঁর মতো অভিভাবক একজন বাবার বিশেষ প্রয়োজন না হ'লে কে এই অসহায় শিশুটির রক্ষণাবেক্ষণ করবে ? আবার এই অসহায় শিশুর কাছেই মথুরের মতো তুর্দান্ত জমিদার আত্মনিবেদন ক'রে বলছেন, "বাবা রক্ষা করে।।" তুটি বিপরীত ভাবে আমরা অনেক সময় সামঞ্জন্ত করতে পারি না, যেমন সামঞ্জ করতে পারি না মাস্টারমশায়ের দেখা ঠাকুরের ছটি চিত্রের। এক দিকে গভীর অধ্যাত্মতত্ব বাখ্যা করছেন, অপরদিকে ছোটছেলেদের সঙ্গে মিশে গিয়ে তাদেরই মতো হাসি-তামাদা করছেন। একদিকে সকলের ভূত ভবিষ্যৎ বর্তমান নিয়ন্ত্রণ করছেন, অক্তদিকে নিতান্ত অসহায় শিশুর মতো ব্যবহার করছেন। এই বিপরীত ভাবের সন্মিলন যা মাস্টার-মশাই দেখলেন, এ হ'ল লোকোত্তর পুরুষ, অবতার-পুরুষের জীবনের বৈশিষ্টা।

এই খণ্ডের ১ম পরিচ্ছেদটি বর্ণনা-বহুল।

ঠাকুরকে স্তীমারে নিয়ে বেড়াবার জন্ম কেশব সেন এসেছেন।
ঠাকুরপ্ত যাচ্ছেন নোকোয়। মাস্টারমশাই এই দৃষ্ঠটির বর্ণনা দিচ্ছেন।
সঙ্গে সঙ্গে দিচ্ছেন গঙ্গার বর্ণনা, দক্ষিণেশর মন্দিরের বর্ণনা, নীল
আকাশের বর্ণনা, সর্বোপরি সকল সৌন্দর্ধের উৎস যিনি সেই
শীরামক্বঞ্চের বর্ণনা। এই পরিবেশে কেশবের সঙ্গে ঠাকুরের মিলন
হবে, মাস্টারমশাই ভাই দেখবেন।

ত্রীরামক্বঞ্চ ও কেশব—উভয়ের বিপরীত ভাব

বাংলার শিক্ষিত যুবসমাজ তথনকার দিনে ছিল কেশবের গুণমুধ। কেশব তাঁর বিভাবতা, তাঁর অসাধারণ বাগ্মিতা এবং সর্বোপরি তাঁর নিরাকার বন্ধের উপাসনার মধ্য দিয়ে যে নতুন আধ্যাত্মিক জীবনের সন্ধান দিয়েছিলেন—এই সব কিছু দিয়ে তিনি তথনকার নব্য শিক্ষিত যুব সম্প্রদায়ের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছিলেন। আর সেই শিক্ষিত যুব সমাজেরই একজন ছিলেন মাস্টারমশাই। তাই খ্বই স্বাভাবিক-ভাবে তিনি কেশবের সঙ্গে ঠাকুরের তুলনা ক'রে বোঝাবার চেষ্টা করছিলেন, এই ঘৃটি মহাপুরুষের ভিতর মিলনের যোগস্ত্রটি কোথায়। তিনি ভাবছেন, কেশব ঠাকুরকে কি দেখে ভক্তি করছেন; আর ঠাকুরই বা কি দেখে কেশবের প্রতি এত আক্রষ্ট। ছজনের জীবনধারা তো সম্পূর্ণ বিপরীত খাতে প্রবাহিত। কেশব শিক্ষিত, শ্রীরামকৃষ্ণ সেই দৃষ্টিতে দেখলে প্রায় নিরক্ষর; ঠাকুর মৃতিপূজা করেন আর এই

পোন্তলিকতার বিরুদ্ধেই কেশবের প্রচার; ঠাকুর সনাতন-পন্থী, তিনি তিথি নক্ষত্ৰ প্ৰাচীন পূজা-পন্ধতি দৰ্বকিছুই মানেন, যা না মানাই হ'ল কেশবের অন্নহত ধর্মের রীতিনীতি। কেশব গৃহস্থ আর ঠাকুর-সন্নামের কোন চিহ্ন ধারণ না করেও সন্নাসীদের আদর্শ। আবার ঠাকুর প্রাচীন সন্মাদী যাকে বলে তাও নন, কারণ তার জটা-জুট নেই গায়ে ভম্ম নেই, উপরম্ভ পায়ে জুতো আছে, এমন কি মোজাও মাঝে মাঝে পায়ে দেন। স্তরাং প্রাচীন দৃষ্টিতে ঠাকুর হয় অত্যন্ত ু শৃঙ্খলাবিহীন, নয় অত্যন্ত প্রগতিশীল। মোট কথা প্রাচীনপন্থীদের কাছে তিনি মোটেই আকর্ষণীয় নন; আবার নবীনদের কাছেও তিনি বড় পিছিয়ে রয়েছেন। শিক্ষায় পিছিয়ে, ভাষার পারিপাটো পিছিয়ে, বেশভূষায় পিছিয়ে। জামা পরেন বটে, তবে কিরকমভাবে পরবেন তার ঠিক নেই; কাপড় যদিও পরেন তো সেই কাপড় কোমরে থাকবে কি বগলে থাকবে, তার ঠিক নেই; কাজেই এ-রকম লোককে নিয়ে সমাজে সকলের সঙ্গে চলাফেরা করা যান্ত্রা। আর এই জন্মই তো মহর্ষি দেবেক্রনার্থ, ঠাকুরকে নিমন্ত্রণ করেও থবর পাঠিয়ে তাঁকে আসতে বারণ করেছিলেন। এই তো হ'ল তার তথনকার সমাজে স্বীকৃতি। এ হেন ঠাকুরের মধ্যে আধুনিক দৃষ্টিসম্পন্ন কেশব কি এমন দেখলেন আর ঠাকুরই বা কেশবের প্রতি, যিনি তথনকার দিনে সনাতনপদ্বীদের দৃষ্টিতে প্রায় বিধর্মী, কি দেখেই বা এত আরুষ্ট হচ্ছেন। যাই হ'ক কেশব সেনের সঙ্গে মাস্টারমশায়ের যে থুব ঘনিষ্ঠতা ছিল, তা আমরা জানি ; এবং এই ঘনিষ্ঠতা এত নিকট যে তিনি ওঁদের জাহাজে সাদরে গৃহীত হয়েছেন। এখন তিনি ব্রাহ্মভক্তদের দৃষ্টিতে ঠাকুরকে দেখবেন, আবার ঠাকুরের দৃষ্টিতেও দেখনেন ত্রাহ্মভক্তদের কি-রকম দেখায়। এই কৌতৃহল নিয়ে তিনি এসেছেন, দেখছেন, বর্ণনা করছেন।

এদিকে ঠাকুর নৌকোয় উঠেই সমাধিস্থ। ঠাকুরের মনের কথা

যে, তাঁর হয়তো দেইসময় মনে পড়েছিল কেশবের কথা; ধর্মাত্মা কেশব, ভক্ত কেশব, ঈশ্বাত্যাগী কেশবের কথা, আর দেই পথ অতুসর্ণ ক'রে মনে পড়েছে শ্রীভগবানের কণা, তাই তিনি দমাধিস্থ। ব্রাহ্মভক্তেরা উপভোগ করছেন এই দেব-ছুর্ল ভ দৃশ্রটি। ভগবানের কথা চিন্তা ক'রে মাহুৰ কতদূর তন্ময় হয়ে যেতে পারে যে তার দেহজ্ঞান ভূল হয়ে যায়—

এটা হয়তো বইএ লেখা থাকতে পারে, কিন্তু কজন মামুষ দেখেছে এই দৃষ্য। এ তো 'দৃশার পাওরা' নয়, যা হ'ল মুছা বা অজ্ঞানের অবস্থা। আমাদের বন্ধ একাধিকজন এই দশার অন্নভব করেছেন; অনেক সময় কীর্তন করতে করতে এঁদের জ্ঞানলোপ হ'ত। এঁদের যেমন বাহু কোন জ্ঞান থাকত না, তেমনি আন্তর জ্ঞানও থাকত না। এটা কোন অহ-্ৰভৃতির লোপ। সব ভাব-সমাধির সম্বন্ধে এ-কথা বলছি না. সাধারণতঃ স্থামাদের চোথে যা পড়ে, তার কথাই বলছি। এত কথা বলস্ম এইজন্ত যে, আমাদের এ-সম্বন্ধে খুব সচেতন থাকা দরকার, কারণ তা

অবস্থাকে একটা উন্নত আধ্যাত্মিক অবস্থা ব'লে ভুল করতে পারি। কিন্তু ঠাকুরের অবস্থা অন্ত রকম। আনন্দের দাগরে নিমজ্জিতু তিনি; আনন্দ তাঁর চারদিকে বিচ্ছুরিত হচ্ছে, আর তাঁর মূথে সেই আনন্দেরই প্রতিফলন। যাই হ'ক অতি সন্তৰ্পণে তাঁকে জাহাজে তোলা হ'ল। চলতে পারছেন না; ইন্দ্রিয়েরা কোনও কাজ করছে না। কোন বকমে তাঁকে

না হ'লে আমরা একটা বাহু সাদৃশ্য দেখে সাধনপথের এক অভুন্নত

কেবিনে বসানো হ'ল, চাবদিকে লোকের হুড়োহুড়ি। সমাধি থেকে ু ব্যুখিত হ'য়ে তাঁর প্রথম কথা হ'ল—"মা, আমায় এথানে আনলি কেন ? আমি কি এদের বেড়ার ভিতর থেকে রক্ষা করতে পারব।" ঠাকুর এই রকম কশাঘাত ক'রে কথা আরও অনেকবার বলেছেন, অনেক জারগায়। কিন্তু এই কশাঘাতে আমাদের হেবভাব উৎপর হয় না, কারণ যিনি এই কশাঘাত করছেন, তিনি আমাদের প্রতি অপার করুণাসম্পন্ন। আমরা যে-রকম ভয়ানুকভাবে ঘুমন্ত, এই রকম কশাঘাত না করলে আমাদের ঘুম ভাঙবে কি ক'রে? আমরা জানি একদিকে তিনি তিক্ত সমালোচনা করছেন, অক্তদিকে আবার আমাদের জক্ত রয়েছে তাঁর অকুণ্ঠ সহামুভূতি আর কল্যাণ-চিন্তায় তিনি নিজের মুক্তি পর্যন্ত ভূচ্ছ ক'রে দিয়ে মাকে বগছেন, 'মা আমান্ত বেছ্ঁশ ক'রে দিসনি, আমি এদের সঙ্গে কথা ব'লব।" যে সমাধি-অবস্থা লাভের জক্ত মূনি থবি যোগীরা জন্মজন্মান্তর ধরে সাধনা ক'রে চলেছেন, সেই অবস্থাকে তিনি তুক্ত করছেন জীবের তৃঃব দূর করবার জক্ত। তাই ঠাকুর যথন বলছেন যে, 'মা, আমি কি এদের বেড়ার মধ্য থেকে বক্ষা ক'রতে পারব ?" তথন তাঁর ভাব এই যে 'মা আমান্ত দি, সামর্থ্য দে, যাতে আমি এদের এই বেড়া ভেঙে মুক্ত করতে পারি।'

এরপর একজন ভক্ত বললেন, 'পওহারী বাবা নিজের ঘরে **আ**পনার ফটোগ্রাফ রেখে দিয়েছেন।''

ঠাকুর হেদে বললেন 'থোলটা ?''

ঠাকুরের সমাধি-মূতি ও ফটে।

ফটোগ্রাফ যাঁর, তাঁর আদর্শের স্মারক হিসাবে যদি ফটোগ্রাফ থাকে তো অন্থ কথা; আর যদি এটা ঘরের অক্সান্ত সরশ্বামের একটা হয়ে দাঁড়ায় তো সে-ফটোগ্রাফ রাথার কোন সার্থকতা নেই। এ-কথা তিনি পওহারী বাবাকে উদ্দেশ্ত ক'রে বলছেন না, এ-কথা বলছেন সাধারণকে উদ্দেশ্ত ক'রে। ফটোগ্রাফের পেছনে যে তত্ত্ব আছে, যে আদর্শ আছে, আমরা যদি সেই তত্ত্বকে, সেই আদর্শকে গ্রহণ ক'রে ফটোগ্রাফকে সেই দৃষ্টিতে দেখি তবেই তাতে ফুল দেওয়া, তাঁর প্রতি সম্মান দেখানো সার্থক

হয়; নচেং ওটা মাত্র একটা ছবি হয়েই থাকবে, যা আমাদের কোন দিনই কল্যাণের পথে এগিয়ে নিয়ে যেতে পারবে না।

আমরা জানি, এক সময় তাঁর যে-ছবি এখন ঘরে ঘরে প্জো হচ্ছে, সেই ফটোগ্রাফ দেখে ঠাকুর নিজেই প্রণাম করেছিলেন। বলেছিলেন যে, "একদিন এই ছবির ঘরে ঘরে প্জো হবে।" এটি একটি উচ্চ যোগের অবস্থা। তিনি চিনেছিলেন। আমরা কি সেই দৃষ্টিতে দেখে, চিন্তা ক'রে ঐ ফটোগ্রাফকে আমাদের আধ্যাত্মিক পথে এগোবার উপায় ব'লে প্জো করি? যদি তা করি, তবেই দে প্জো হবে সার্থক, নচেৎ সব বৃথা। "এই খোলটা" বলার মধ্য দিয়ে ঠাকুর ঘেন সেই ভাবই প্রকাশ করতে চাইছেন। তাই তো আমরা দেখি যে, যে-ঠাকুরের কাছে সমস্ত শরীর অতি তৃক্ত ছিল, সেই ঠাকুর তাঁর সমাধিস্থ অবস্থার ছবি দেখে নিজে অভিভূত হ'য়ে প্রণাম করেছেন—এই ব'লে যে, কালে "ঘরে ঘরে এর প্জো হবে।" তাঁর সেই ভবিশ্বদ্বাণী যে কতদ্র সফল হয়েছে, আজ তার প্রমাণ আমাদের চারিদিকে ছড়িয়ে রয়েছে।

ভক্তের হাদয় তাঁর আবাসস্থল

ঠাকুর বলেছেন, "তবে একটি কথা আছে, ভঁক্তের হান্য তাঁর আবাসস্থান, তাঁর বৈঠকথানা"। ঠাকুর এই কথাটি খ্ব জোর দিয়ে বলছেন
যে, সংসারে সব অনিত্য, সন্দেহ নেই; আবার সেই অনিত্য বস্তর
ভিতরেও কোথাও কোথাও দেখা যায়—তাঁর বিশেষ প্রকাশ। অনিত্য
বস্তু ব'লে সমস্ত জগৎকে যদি তুচ্ছ ক'রে দিই, তা হ'লে আমাদের তাঁকে
ধরবার যে যোগস্তা, তা ছিন্ন হ'য়ে যাবে। তাঁকে আমরা এই জগতের
ভিতরে না ভেবে বাইরে কোখাও ভাবব—এ কথা আমরা ভাবতে
পারি না। আমাদের চিন্তার রাজ্যে আমরা তাঁকে ভাবি যে, তিনি এই
সমস্ত জগতে পরিবাাও হ'য়ে রয়েছেন অথবা তিনি আমাদের হান্য মধ্যে

বিরাজ করছেন। জগৎকে আমরা অনুভবের বিষয়রূপে দেখেছি, বলছি এই **জগতে তিনি নিজে ওতপ্রোত হ'**য়ে রয়েছেন। আবার আমরা এও বলছি যে তিনি অন্তরে রয়েছেন, 'তদন্তরক্ত সর্বস্ত'—তিনি এই সমস্তের ভিতরে রয়েছেন, আবার তিনি "বাহ্নতঃ" বাইরেও রয়েছেন। এথন এই বাইরে বলতে কতদূর ? তার সীমা আমরা জানি না। বাহির আর ভিতর তবে কি দৃষ্টিতে ? একটা কোন সীমাকে লক্ষ্য ক'রে বলতে পারি, তার ভিতর আর বাহির। দেহটাকে একটা দীমা ধরলাম; ধ'রে বললাম তিনি এই দেহের ভিতরে আছেন, আবার বাইরেও আছেন। এই জন্ত সাধকেরা বলেছেন, ভক্ত-হাদয়ে তাঁর প্রকাশ। তিনি সর্বত্র আছেন, কিন্তু "ভক্ত-হাদয় তাঁর বৈঠকথানা" অর্থাৎ দেগানে তিনি বিশেষভাবে আছেন। এখন এই বিশেষভাবে আছেন মানে কি ? তিনি কি দেখানে আরও জ্বমাটভাবে রয়েছেন? ভগবান এ-রকম কোন বস্তু নন, যাঁকে জমাট ক'বে দেওরা যায় এক জায়গায়, আর তরল ক'রে দেওলা যায় অন্য জায়গায়। দর্বত্র তিনি আছেন; সমস্ত বিশ্ব বা তার বাইরে তিনি যেমনভাবে আছেন একটি ধুলিকণার মধ্যেও তিনি তেমনিভাবে আছেন। কিন্তু তবু আমাদের প্রশ্ন হয়, কোথায় তাঁকে ধ'রব ? তাই আমাদের ধরিয়ে দেবার জক্ত বলছেন যে, যদি ধরতে হয় তো এমন স্থান আছে, যেথানে তার প্রকাশ বেশী। তার 'সত্তা' বেশী, এ-কথা বলা হচ্ছে না। বলা হচ্ছে তাঁর 'প্রকাশ' বেশী, আর তা হ'ল ভক্ত-হানয়ে। তাই তাঁকে অন্তব করতে হ'লে আমাদের দেই ভক্ত-হৃদয়েই অৱেষণ করতে হবে, যেখানে তাঁর সারিধা আমরা সহজে বুকতে পারি। তানা হ'লে তিনি সমস্ত বিখে ওতপ্রোতভাবে থাকলে. সেই বিশ্বের ক্ষুদ্রাতিক্ষ্ত্র স্বামি সেই স্বামার কি লাভ হবে সেই বিশ্বব্যাপীকে নিয়ে, যাকে আমরানা পারি ধরতে, না পারি ছুঁতে, না পারি ধারণা করতে। আমার প্রয়োজন এমন কিছু, যাকে আমি ধরতে পারি, ছুঁতে পারি, অন্থভব করতে পারি। তাই ঠাকুর আমাদের নাগালের মধ্যে তাঁর সন্ধান দিয়েছেন, আর তা হ'ল ভক্ত-হৃদয়।

জানী ও ভক্ত

এর পর ঠাকুর বলছেন ভাগবতের কথা—"জ্ঞানীরা যাঁকে ব্রহ্ম বলেন, যোগীরা তাঁকেই আত্মা বলেন, আর ভক্তেরা তাঁকেই ভগবান বলেন।" বলা বাহুলা, কথামতে 'ব্ৰন্ধজ্ঞানী' বলতে অনেক সময় বান্ধসমান্ধের ভক্তদের বোঝায়, তাঁরা কিন্তু ঠিক জ্ঞানীর পর্যায়ে পড়েন না। তাঁরা ভক্ত। ঠাকুর এ-কথা অক্সত্র অক্সভাবে বলেছেন যে, জ্ঞানী মানে যাঁরা 'বিচার ক'রে তত্তকে জানবার চেষ্টা করেন, আর বান্ধভক্তেরা ভগবানকে আস্থাদন করবার চেষ্টা করেন তাঁর গুণের ভিতর দিয়ে। স্বভরাং তাঁরা নিরাকার দণ্ডণ ত্রন্ধের উপাদক। তাঁরা চান এমন ভগবানকে যে-ভগবানের ভিতর দয়া আছে, স্নেহ আছে, আছে মায়া মমতা, ঘাঁকে আমরা পিতা বা মাতা ব'লে সম্বোধন ক'রে তৃপ্তি পাই। আমরা এ-রকম ভগবানকে চাই, যিনি আমাদের প্রার্থনা শোনেন, আমাদের আকাজ্ঞা পূরণ করেন, আমাদের মৃক্তির পথে নিয়ে যান। ব্রহ্ম এ-দৰ কিছুই করেন না। তা হ'লে বন্ধকে ভাবা কেন? অহৈত বৈদান্তবাদী যাঁৱা, তাঁৱা তা হ'লে ত্রন্ধের কথা কেন বলেন ? ত্রন্ধ তাঁদের কি কাজে লাগবে? তাঁরা বলেন, ব্রহ্মকে কাজে লাগানো নয়, প্রয়োজন হ'ল ত্রন্ধকে জানা। এই জানা যদি হয়, তখন আমরা বুঝতে পারব, এই যে স্থত্ঃথাদি আমরা ভোগ করছি, এটা আমাদের অজ্ঞানবশতঃ হচ্ছে। আমাদের স্বরূপ হ'ল সেই পরবৃদ্ধ যিনি দকল প্রকার স্থতঃথের অতীত। মাহুষ দেখানে ব্রদ্ধ হবে, অর্থাৎ যা কিছু তার ব্রহ্মাহভূতির প্রতিবন্ধক, তা দূর হ'য়ে যাবে। ঠাকুর বলছেন, ভক্তের ভাব কিন্তু এ-রকম নয়। সে চিনি হ'তে চায় না, চিনি থেতে ভালবাদে। সে তাঁকে আবাদন করতে চায়—মাতারূপে, পিতারূপে, বর্রূপে, আত্মীয়-পরিজন প্রভৃতি বিভিন্নরূপে। এখন সেই
আবাদনের জন্ম তাঁর রূপ কল্পনা করা হবে কিনা, সেটা এখানে গোণ।
বাগভন্তেরা রূপ কল্পনা করছেন না, কিন্তু আত্মাদন আকাজ্জা করছেন।
স্বতরাং তাঁরা ভক্ত। এই দৃষ্টিতে দেখে ঠাকুর কেশব সেনের মধ্যে
দেখছেন একটি ভক্তি-আগ্লুত হৃদয়, যেখানে ভগবানের জন্ম আছে
ব্যাকুলতা, আছে আন্তরিকতা। আর এই হ'ল কেশবের সঙ্গে ঠাকুরের
মিলনের সেই যোগত্ত্বে, মান্টারমশাই যার খোঁজ করছিলেন এই খণ্ডের
প্রথমাংশে।

আট

কথামত-->।২।৪

শ্ৰীরামকুষ্ণ ও কেশব

কেশব সেন ঠাকুরকে দক্ষিণেশর থেকে স্বীমারে ক'রে বেড়াতে নিম্নে যেতে এদেছেন। সঙ্গে বহু ভক্ত। ঠাকুর নৌকোয় ক'রে স্বীমারে উঠবেন। নৌকোয় উঠেই সমাধিস্থ! অনেক কট্টে একটু হুঁশ এনে তারপর তাঁকে স্বীমারে তোলা হ'ল। তথনও ভাবস্থ। ক্রেমে তাঁকে নিম্নে ক্যাবিনের মধ্যে বসানো হ'ল। ভক্তেরা সকলেই তাঁর কাছে থাকতে চান, যাতে তাঁর প্রত্যেকটি কথা তাঁরা শুনতে পান। যিনি যেমন পারলেন ভিতরে বসলেন। সকলের স্থান হ'ল না। অনেকেই বাইরে থেকে উদ্ব্রীব হ'য়ে তাঁর কথা শোনবার জন্ম অপেক্ষা করতে লাগলেন। ঠাকুর আবার সমাধিস্থ—সম্পূর্ণ বাহণুন্য !

সুমাধি ভঙ্গ হ'লে ভাবস্থ ঠাকুর অফুটস্বরে বললেন, 'মা, আমার

এখানে আনলি কেন? আমি কি এদের বেড়ার ভিতর থেকে রক্ষা করতে পারব?' ঠাকুর কি ভাবে এ-কথা বললেন, তা তিনিই জানেন। মান্টারমশাই সেখানে মস্কবা করছেন যে, সন্তবতঃ ঠাকুর এই বলছেন যে, এই দব জীবেরা মায়ার বেড়ার ভিতরে আবদ্ধ; তাদের কি সেখান থেকে উদ্ধার করা সন্তব হবে?—যেন জগনাতার কাছে তাঁর এই প্রশ্ন, এই আকৃতি। তারপর ঠাকুর একই বস্তকে যে জ্ঞানী, যোগী ও ভক্ত—ব্রন্ধ, পরমাত্মা ও ভগবান বলেন, সে কথা দবিস্ভাবে বললেন। তৃতীয় পরিছেদে সেগুলি আমরা আলোচনা করেছি।

শ্রীরামক্বফ প্রদঙ্গ করছেন, ভগবৎ-প্রদঙ্গ— অবিরল ধারায়। ভক্তেরা শুনছেন। শ্রীম বলছেন, ভক্তেরা দেই অমৃত-পানে এতই তন্ময় যে, স্থীমার যে চলছে, তা তাঁদের থেয়ালই হচ্ছে না। সকলেই শ্রীরামক্রফের যে কথামৃত-ধারা বইছে, তা পানেই মন্ত!

বেদান্তমত, প্রাক্ষমত ও তল্পমত

ঠাকুর প্রথমেই বলছেন, 'বেদান্তবাদী ব্রহ্মজ্ঞানীরা বলে, স্ষ্টি-স্থিতি-প্রলয়, জীব-জগৎ—এ সব শক্তির থেলা।' ব্রাহ্মভক্তদের সামনে তিনি রয়েছেন, কাজেই উল্লেখ করলেন. 'বেদান্তবাদী ব্রহ্মজ্ঞানীরা' ব'লে। আগে ব্রাহ্মদের 'ব্রহ্মজ্ঞানী' শন্দে অভিহিত করা হয়েছে; তাই 'বেদান্তবাদী ব্রহ্মজ্ঞানীরা' বললেন। কেশবের যাঁরা অন্তচর, 'ব্রহ্মজ্ঞানী' বলে থ্যাত, তাঁরা কিন্তু 'বেদান্তবাদী ব্রহ্মজ্ঞানী' নন, অর্থাৎ তাঁরা নির্প্ত নিরাকার ব্রহ্মের উপাসক নন। নির্প্ত নিরাকার ব্রহ্মের উপাসক নন। নির্প্ত করেন না। তাঁরা নিরাকার সন্তও ঈশবের ভজনা করেন। নিরাকার নির্প্ত তত্তকে 'ব্রহ্ম' বলা হয়। যথনি তা সপ্তণ, তা সাকারই হোক বা নিরাকারই হোক, তাকে আর 'ব্রহ্ম' শন্দের ছারা সাধারণতঃ উল্লেখ করা হয় না, বলা হয়, 'ঈশ্বর'। ব্রাহ্ম ব্রহ্মবাদীরা সেই ঈশবের বিশ্বাসী। আর

বেদান্তবাদী বন্ধজানীরা নির্ন্তণ নিরাকার বন্ধে বিশাসী। তাই বেদান্তবাদী বন্ধজানীদের বান্ধ বন্ধজানীদের থেকে পৃথক্ ক'রে ঠাকুর বলচেন, 'বেদান্তবাদী বন্ধজানীরা বলে, স্ষ্টি-স্থিতি-প্রালয়, জীবজগৎ— এ-সব শক্তির খেলা। বিচার ক'রতে গেলে এ সব স্বপ্নবৎ; বন্ধই বন্ধ আরু সব অবস্তু; শক্তিও স্বপ্নবৎ, অব্স্থা।'

এইখানেই বেদান্তমত এবং তন্ত্রমতের পার্থক্য। তন্ত্রমতে শক্তিকে মিথ্যা বলে না। ব্রহ্ম যেমন সত্য, শক্তিও তেমনি সত্য। ব্রহ্ম আর শক্তি—ছটি পৃথক্ বন্ত বলেও বলা হয় না। একই তত্ত্—ছই রূপে অভিব্যক্ত। যথন স্প্টি-ছিতি-লয় করছেন, তথন তাঁকে 'শক্তি' বলা হয়। আর যথন স্প্টি-ছিতি আদি ক্রিয়া করছেন না, তথন তাঁকেই 'ব্রহ্ম' বলা হয়। স্কুতরাং তন্ত্রমতে ব্রহ্ম যেমন সত্য, শক্তিও তেমনি সত্য। তবে ছটি সত্য হওয়ায় বৈতাপত্তি হ'ল কিনা ? তন্ত্র বলেন, বৈতাপত্তি হয় না। কারণ, ব্রহ্ম আর শক্তি অভিন্ন—একই তত্ত্ব। কিন্তু বেদান্তবাদীরা বলেন, 'শক্তি মিথ্যা (অনির্বাচ্যা); ব্রহ্মই বন্তু, আর সব অবন্তঃ।' এই হ'ল বেদান্তমত আর শাক্তমতের পার্থক্য।

ব্রহ্ম আর শক্তি অভেদ

তারপর ঠাকুর বলছেন, 'কিন্তু হাজার বিচার কর, সমাধিন্ত না হ'লে শক্তির এলাকা ছাড়িয়ে যাবার যো নাই।' যে-অবস্থায় কোন ক্রিয়ার বােধ থাকে না, জগতের বােধ থাকে না, সেই অবস্থাকে বলছেন 'সমাধিন্ত' অবস্থা। সেই অবস্থায় সাধক শক্তির এলাকা ছাড়িয়ে যান বটে, কিন্তু যতক্ষণ পর্যন্ত জগতের বােধ আছে, যতক্ষণ পর্যন্ত 'আমি'-বােধ রয়েছে, ততক্ষণ পর্যন্ত শক্তির এলাকা ছাড়িয়ে যাবার যাে নেই। ঠাকুর এই কথাই বলছেন, "—হাজার বিচার কর, সমাধিন্ত না হ'লে শক্তির এলাকা ছাড়িয়ে যাবার যাে নাই। 'আমি ধাান করছি', 'আমি চিন্তা

করছি'—এ-সব শক্তির এলাকার মধ্যে, শক্তির ঐশর্বের মধ্যে। তাই ব্রহ্ম আর শক্তি অভেদ। এককে মানলেই আর একটিকে মানতে হয়।"
—এই ব'লে ঠাকুর এই গুটি অভিন্ন বস্তুরই গ্রহণ যে অবশ্য প্রয়োজনীয়, এ-কথা বলেছেন। ঠাকুরের এই কথাটি বেদাস্ত-দর্শনের দিক দিয়ে যেন একটি নতুন ধারার কথা। যদিও ঠিক নতুন বলা চলে না, বলা যায়—বেদাস্ত-দর্শনে শক্তির আপেক্ষিক সত্তা মাত্র স্বীকৃত, কিন্তু ঠাকুর সেই শক্তির উপর বিশেষ জোর দিয়েছেন, যতক্ষণ আমরা শরীর-মনে আবদ্ধ ততক্ষণ শক্তির গুকুত্ব উপেক্ষণীয় নয়—দেহধারণ করলে শক্তি মানতে হয় —এ-কথা তিনি বারংবার বলেছেন।

আপেক্ষিক সত্তা বলার উদ্দেশ্য: যতক্ষণ আমরা বন্ধকে কারণ-রূপ বল্ছি, ততক্ষণ তিনি শক্তিমরপ। কারণ-রূপ যিনি, তিনিই হলেন শক্তির স্বরূপ; আর যথন তাঁকে কার্য-কারণের অতীত বলি, তথনই তিনি ব্রহ্মস্বরপ। যথন তাঁকে জগৎ-কারণ বলি, অর্থাৎ 'ঈশ্বর' বলি, সেও শক্তিরই রাজাের কথা। বেদান্তশান্তে যেথানে জগতের স্তি-স্থিতি-লয়-কর্তাকে এক্সরূপে বলা হয়েছে, মনে রাখতে হবে-নেস্ট ব্রন্ধ কিন্তু গুদ্ধবুদ্ধ নন। 'যতে। বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যং প্রয়ন্তাভিদংবিশন্তি, তদ্ বিজিঞাদম্ব তদ্ ব্রন্দেতি।' (তৈ. উ. ৩।১)—ঘার থেকে এই সমস্ত প্রাণী উৎপন্ন হয়, যাঁর হারা এই সমস্ত প্রাণী জীবিত থাকে এবং প্রলয়কালে যাঁতে এই সকলের লয়, তাঁকে বিশেষভাবে জানতে চাও, তিনিই ব্রুজ। এই যে স্পষ্ট-স্থিতি-লয়কারী ব্রন্ধের কথা বলা হ'ল, ইনি শক্তিরপী ব্রন্ধ। এখানে ব্রন্ধকে নিগুণ, নিরাকার সন্তা ব'লে বলা হ'ল না। নির্প্ত যথন, তথন আর সৃষ্টি-আদি ক্রিয়া হয় না। ত্রিগুণাত্মিকা যে প্রকৃতি, যে প্রকৃতি ব্রন্ধাভিন্না – সাংখ্যের প্রকৃতি নন, কারণ তন্ত্রে ভাকে 'জড়া' বলা হয় না—এমন যে প্রকৃতি, দি ন শক্তি, তিনিই

আতাশক্তি, তিনিই কালী। তিনিই এই জগতের স্থাই-শ্বিতি-লয়-কর্ত্রী। তাঁকেই পরমেশ্বরী বা পরমেশ্বর বা জগৎকারণ এক্ষা বলা হয়। স্থতরাং এই দৃষ্টিতে মনে রাখতে হবে যে, ঈশ্বর পর্যস্ত শক্তির মধ্যে, শক্তির বাইরে নন। ঠাকুর বলছেন যে, "আমি ধ্যান করছি, আমি চিস্তা করছি—এ-সব শক্তির এলাকার মধ্যে, শক্তির এশ্বর্ধের মধ্যে।"

ভোভাপুরীর মতুন দৃষ্টি

আমাদের মনে বাথতে হবে তোতাপুরী ব্রশ্বজ্ঞানী ছিলেন, সাক্ষাৎ অধৈত তবের তিনি অপরোক অনুভব করেছিলেন। এই সম্বন্ধে আমাদের সন্দেহের অবকাশ নেই, কারণ ঠাকুর বার বার এ-কথা বলেছেন। সেই তোতাপুরীও এই ভ্রমে পড়েছিলেন যে, শক্তি মিধ্যা। শক্তির সত্যতা তিনি থীকার করেননি দীর্ঘকাল ধ'রে। পরে নানা অবস্থা-বৈচিত্ত্যের মধ্য দিয়ে গিয়ে শেষকালে তাঁকে স্বীকার করতে **হয়েছে নেই জগন্মাতাকে, আতাশক্তিকে।** বুঝতে পারা যায়, ঠাকুরের একটি অপূর্ব শক্তি ক্রিয়া করেছিল এই ব্যাপারে, যার ফলে চূড়াস্ত অধৈত-বাদী যে তোতাপুরী, তিনিও শক্তিকে মানতে বাধ্য হয়েছিলেন। ঠাকুরেরও তাতে কতই না আনন্দ—তোতাপুরী অবৈতবাদী ব্রদ্মজ্ঞানী হয়েও শক্তিকে মেনেছেন। এই যে শব্তিকে মানা-এটি হচ্ছে যেন অবৈতবেদান্তী যে তোতাপুরী, তাঁবও জ্ঞানের পূর্ণতা। প্রশ্ন হবে, তোতাপুরীর কি তা হ'লে জ্ঞানের অভাব ছিল ? না. তাঁর এক্ষজানের অভাব ছিল না। ব্ৰহ্মজ্ঞ ছিলেন তিনি। ব্ৰহ্মজ্ঞান তাঁৱ পূৰ্ণ ছিল. এবিষয়ে সন্দেহ নেই। কিন্তু ত্রন্ধের যে কন্ত রকমের বৈচিত্র্য হ'তে পারে, তাঁর ম্বরূপের ভিতর যে বৈচিত্ত্য কল্পনা করা যায় শাস্ত্র বলেছেন সে-মুম্বন্ধে তিনি বিশেষ অবহিত ছিলেন না, এ-কথা বোঝা যায়। তিনি তাঁর সাধনের ধারায় এই ভাবটিকে একেবারে যেন উপেক্ষা করেই সিদ্ধি

লাভ করেছেন। স্থতবাং শক্তির অস্তিত্ব সম্বন্ধে তাঁর সচেতন থাকার কোন কারণ ছিল না। যথন কোন একটি সাধন-প্লছাতির ভিতর দিয়ে যেতে হয়, তথন সেই পদ্ধতি সম্বন্ধে যে-রকম অবহিত হওয়া সম্ভব হয়,

মাত্র শাস্ত্রের সাহায্যে সে-রকম অবহিত হওয়া যার না। তাই তোতা-পুরীর শ্ক্তি সম্বন্ধে সাক্ষাৎ অভিজ্ঞতার অভাব ছিল। সেই অভাব পূরণ হ'ল ঠাকবের সাম্ভিধ্যে এসে।

হ'ল ঠাকুরের সান্নিধ্যে এসে।
প্রথমে কিন্তু ঠাকুরের এই ভাবটি যেন তিনি বুঝতেই পারছেন না।
আমরা জানি, তিনি ঠাকুরকে যথন সন্নাস দিতে চেয়েছেন, ঠাকুর
বলছেন, দাঁড়াও আমি মাকে জিজ্ঞেন করি। মন্দিরে গিয়ে মাকে
জিজ্ঞেন ক'রে এলেন, বললেন, হাা, আমি বেদান্ত সাধন ক'রব।

জিজ্ঞেদ ক'রে এলেন, বললেন, ইয়া, জ্বামি বেদান্ত সাধন ক'রব।'
তোতাপুরী একটু হাদলেন—বেদান্ত সাধন করবেন, তার জন্ম তিনি
গেলেন মাকে বলতে, মন্দিরের ভিতর পাষাণ্ময়ী প্রতিমাকে জিজ্ঞেদ
করতে! তোতাপুরীর কাছে দেবী পাষাণ্ময়ী মাত্র। তাঁর বাস্তব

অন্তিও তিনি জানতেন না, জানার প্রয়োজনও কথনও বোধ করেননি।
সেই তোতাপুরী ক্রমশঃ ঠাকুরের সঙ্গে থেকে জনেক বিষয় ঠাকুরের
কাছ থেকে শিথেছেন। যেমন দৃষ্টান্ত দেওয়া যায়, একদিন বিকালে

পঞ্চবটীতে তোতাপুরীর কাছে বসে ধর্মপ্রসঙ্গে ক্রমে সন্ধ্যা হওয়ায় ঠাকুর হাততালি দিয়ে হরিনাম করতে লাগলেন। তোতাপুরী অবাক—উপহাস ক'রে বললেন, 'আবে কেঁও রোটী ঠোক্তে হো ?' ঠাকুর হাততালি দিয়ে ভগবানের নাম করছেন, তোতাপুরী ঠাটা করছেন, হাত চাপুড়ে চাপুড়ে কটি তৈরী ক'বছ কেন ?—যদিও

তিনি জানেন ঠাকুর অসাধারণ দৈবী সম্পদ নিয়ে জন্মেছেন, তাঁর ব্রহ্মজ্ঞান হয়েছে; তর্ তোতাপুরী ভাবছেন, ঠাকুর তাঁর পূর্বের সংস্কার থেকে মৃক্ত হ'তে পারছেন না, এখনও সেই সংস্কারের পুনরাবৃত্তি হচ্ছে, তাই হাততালি দিয়ে ভগবানের নাম করছেন। ঠাকুর

হেদে বলছেন, 'দূর শালা, আমি ভগবানের নাম করছি, আর তুমি কিনা ব'লছ কটি ঠুকছি।' তোতাপুরী উপহাস করলেও ঠাকুর জানতেন, সময় আদবে যথন তোতাপুরী এ-সব সাধনকে স্বীকার করবেন। ঠাকুর তাই ধৈর্য ধ'রে অপেক্ষা করছিলেন, যেমন তাঁর সন্তানদেরও ধৈর্য ধ'রে শিক্ষা দিয়ে গেছেন। যখন নরেন্দ্রনাথ ঠাকুরের ইচ্ছায় অপ্টাবক্র-সংহিতাদি গ্রন্থ প'ড়ে বলেছিলেন, 'মুনিঋষিদের নিশ্চয়ই মাথা খারাপ হ'য়ে গিয়েছিল, তা না হ'লে এমন দব কথা লিখলেন কি ক'রে ?' তথন ঠাকুর বলেছিলেন, 'তুই ঐ কথা এখন নাই বা নিলি, তা ব'লে মূনি-ঋষিদের নিলে করিন কেন ?' ঠাকুর ধৈর্ঘ ধ'রে উপযুক্ত সময়ের অপ্রেক্ষা করেছিলেন। তারপর একদিন যথন নরেজ্ঞনাথ 'ঘটি বাটি ঈশ্বর !' ব'লে বাঙ্গ করছিলেন, তথন ঠাকুর তাঁকে স্পর্শ ক'রে অ্থৈত-তত্ত্ব সম্বন্ধে তাঁর সব সন্দেহ নিরসন ক'রে দেন। তোতাপুরীর ক্ষেত্রেও ঠাকুর জানতেন; তিনি বৈতভাবে উপাদনার কথা পরে বুঝবেন; এবং বাস্তবিকই ভোতাপুরীকে তা পরে বুঝতে হয়েছে।

এই যে বিভিন্ন প্রকারে ভগবানের সন্তার উপলবি, এ জিনিসটি সম্বন্ধে আমরা গোড়া থেকে অবহিত না হ'লে পরে আমাদের অবহিত হ'তে হবে, অন্ততঃ যাঁরা আচার্য হবেন, তাঁদের এবং যাঁর জীবনে একমের বহু প্রকারের অভিজ্ঞতা পরিপূর্ণভাবে আদে, তাঁর জীবনই আচার্য হিসাবে পূর্ণ বলতে হবে। 'আচার্য হিসাবে' এই জন্ম বলছি যে, সব সাধকদেরই সব অবস্থার ভিতর দিয়ে যাবার দরকার হয় না। একজন সাধক কোন একটি প্রণালী অবলম্বন ক'রে যদি চরম তত্ত্ব পৌছতে পারেন. তাঁর জীবনের পক্ষে তাই যথেষ্ট, তাতেই তাঁর পূর্ণ সার্থকতা। কিন্তু যাঁরা আচার্য হবেন, যাঁরা জগতের সকলকে পথ দেখাতে এসেছেন. তাঁদের ঐভাবে আংশিক দৃষ্ট নিয়ে চললে হবে না। কারণ তা হ'লে তাঁরা মাত্র ঐ রকম মনোভাব-সম্পন্ন কতকগুলি লোককেই সাধন-জগতে

শাহাযা করতে পারবেন। বহু লোক তাঁদের পরিধির বাইরে প'ড়ে থাকবে। এইজন্ম ঠাকুর বলেছেন, নিজেকে মারতে হ'লে একটা নকনই যথেষ্ট; কিন্তু অপরকে মারতে গেলে অর্থাৎ অপরের সঙ্গে যদি লড়তে হয়, তা হ'লে ঢাল তরোয়াল দরকার হয়। ঠিক সেই রকম যাঁদের আচার্য হ'তে হবে তাঁদের ঠাকুর যেমন বলেছেন, সব বরের ভিতর দিয়ে নিয়ে তবে ঘুঁটিকে পাকাতে হবে। তাঁদের একদিক দিয়ে চলে গেলে হবে না; পরিপূর্ণ অভিজ্ঞতা পেতে হবে। সেই পূর্ণ অভিজ্ঞতা দেবার জন্ম, তোতাপুরীর ঐ যে অনভিজ্ঞতা ভক্তিমার্গ সম্বন্ধে, তা দূর করবার জন্ম গৈকুর হেসে বললেন, আমি ভগবানের নাম করছে আর তুমি কিনা উপহাস ক'রে ব'লছ আমি ফটি ঠুকছি। ক্রমশঃ তোতাপুরী সেই ভাব পেলেন এবং তারপরে আমরা জানি, কিভাবে তিনি জগমাতার সাক্ষাৎ দর্শন লাভ ক'রে রুতক্ততা হয়েছিলেন।

শ্রীরামকৃষ্ণ ও তাঁর গুরু

আমাদের এথানে জানতে হবে যে, অবতারপুরুষ যদিও তাঁর সাধন-পথে কোন কোন বাজিকে গুরুত্বে বরণ করেন, সেই গুরুরা কিন্তু তাঁর মতো পূর্ণ হন না। অবতারের সায়িধ্যে এসে, তার সহায়তায় তাঁরা জ্মশং পূর্ণতা প্রাপ্ত হন, এ-কথা মনে রাখতে হবে। ঠাকুরের ক্ষেত্রে এ-কথা তোভাপুরীর সম্বন্ধে প্রযোজ্য, ভৈরবী ব্রাহ্মণীর সম্বন্ধেও প্রযোজ্য। একদিকে যেমন তোভাপুরী শক্তি সম্বন্ধে অক্তর্যারে অনভিক্তা হিলেন। আমরা জানি ঠাকুর যথন ভোভাপুরীর সহায়তায় অবৈত্বেদান্তের সাধনা করতে যাচ্ছেন, ভৈরবী ব্রাহ্মণী ঠকুরকে সাবধান ক'রে দিচ্ছেন, 'বাবা, ও-সব অবৈত্বাদীদের সঙ্গে অতো মেশামিশি ক'র না; তোমার ভাব ভক্তি তা হ'লে ওকিয়ে যাবে, ওদের

সঙ্গে মিশলে ভক্তির হানি হবে।' স্থতরাং অবৈতবেদান্ত সম্বন্ধে ভৈরবী ব্রাহ্মণীর যেমন কোন অভিজ্ঞতা ছিল না, তেমনি তোতাপুরীরও বৈভভাবে সাংনা সম্বন্ধে, শক্তি সম্বন্ধে কোন অভিজ্ঞতা ছিল না। ভৈরবীও তার জ্ঞানভাগুরে ঠাকুরের সম্পর্কে এসে বাড়িয়েছিলেন এবং তোতাপুরীও তাঁর জ্ঞান আরো বেশী সমৃদ্ধ করেছিলেন ঠাকুরের সামিধ্যে এসে, শক্তি সম্বন্ধ অভিজ্ঞতা লাভ ক'রে।

ব্রন্ধ ও শক্তির অভিন্নতা সম্বন্ধে ঠাকুর বলেছেনঃ 'ব্রন্ধ আর শক্তি অভেদ। এককে মানলেই আরু একটিকে মানতে হয়। যেমন অগ্নি আর তার দাহিকাশক্তি;—অগ্নি মানলেই দাহিকাশক্তি মানতে হয়, দাহিকাশক্তি ছাড়া অগ্নি ভাবা যায় না; আবার অগ্নিকে বাদ দিয়ে দাহিকাশক্তি ভাবা যায় না। হর্ষকে বাদ দিয়ে হুর্ষের রশ্মি ভাবা যায় না; হুর্যের রশ্মিকে ছেড়ে হুর্যকে ভাবা যায় না।"

শক্তি-শক্তিমতোঃ অভেদঃ' এই কথা বলা হয়। শক্তি এবং
শক্তিমান্—এ ছটি অভিন্ন। একই বস্ত —তার একটি দিককে লক্ষ্য
ক'রে আমরা বলি 'শক্তি'; তারই আর একটি দিককে লক্ষ্য ক'রে বলি
'শক্তিমান্'। শক্তির যে বৈচিত্রা, সেই বৈচিত্রাকে অস্বীকার করা
হয় না। কিন্তু সেই বৈচিত্রোর পশ্চাতে একটি নিরপেক্ষ সন্তা আছে,
যে সন্তার ভিতর কোন পরিবর্তন ঘটছে না। এ-রকম একটি সন্তা
যদি না মানা যায়, তা হ'লে শক্তির যে বৈচিত্রা, তাও বোঝা যায় না।
একটি স্বায়ী সন্তাকে মানতে হয়। সেই স্বায়ী সতার বিভিন্ন প্রকারের
অভিব্যক্তি হয়, সেই অভিব্যক্তিগুলিকেও স্বীকার করতে হয়।

পরিণামবাদ ও বিবর্তবাদ

দার্শনিকেরা অভিবাক্তিগুলিকে ত্রুকমের ব'লে থাকেন। কেউ কেউ বলেন, এক্ষের পরিণাম; অক্তেরা বলেন, এক্ষের বিবর্ত। আসল কথা এই যে, পরিণামই বলি বা বিবর্তই বলি, এগুলি কথার কথা মাত্র। কারণ পরিণাম যাঁরা বলেন, তাঁরা প্রত্যক্ষ পার্থক্য দেখে পরিণাম বলছেন, অর্থাৎ ব্রহ্ম পরিবর্তিত হচ্ছেন, বলছেন। অপরপক্ষে অইছত-বেদাস্ববাদীরা বলেন, যা কিছু পরিণাম প্রাপ্ত হয় তা নশ্বর, তা নিতা হ'তে পারে না। ব্রহ্মের যদি পরিণাম হয়, তো ব্রহ্ম কথনও নিত্য হ'তে পারেন না, অনিত্য হ'য়ে যান। স্থতরাং তাঁতে আর ব্রহ্মন্থ থাকে না। এই দোঘের জন্ম যে পরিণামের প্রতীতি হচ্ছে, দেই পরিণামকে বাস্তব না ব'লে তা প্রতীতি মাত্র, তাঁরা এই কথা বলেন; এবং তার জন্ম করেন, যাকে বলে 'বিবর্ত'। বিবর্তবাদে তত্ত্ব পরিবর্তিত হয় না। পরিণামবাদে তত্ত্ব পরিবর্তিত হয় না। পরিণামবাদে তত্ত্ব পরিবর্তিত হয় । যেমন একটি শ্লোকে বলা হয়েছে—

'দতত্ততোহন্তথাপ্ৰথা বিকার ইত্যুদাহতঃ

অতত্ততোহন্যথাপ্রথা বিবর্ত ইত্যুদীর্ঘতে ।

অর্থাৎ তত্ত্ব পরিবর্তিত না হ'রে—তত্ত্ব এক থেকে যদি তার বছধা প্রতীতি হয়, তা হ'লে তাকে বলে 'বিবর্ত'; আর যদি তত্ত্ব পর্যন্ত পরিবর্তিত হ'য়ে য়য়, তাকে বলে বিকার বা পরিণাম। যেমন দৃষ্টাস্ত দেওয়া হয় যে তথ পরিবর্তিত হ'য়ে, পরিণাম প্রাপ্ত হ'য়ে দই হয়। তথটা আর তথ থাকে না, দই হ'য়ে য়য়। একে বলা হয় বিকার বা পরিণাম। আর বিবর্তের দৃষ্টাস্তঃ একটি দড়ি আছে। দে দড়িটি কখনো সাপ কখনো লাঠি, কখনো মালা, কখনো জলধারা, কখনো বা জমিতে ফাটল বঁ'লে মনে হচ্ছে। এই য়ে বছ প্রকারে তার প্রতীতি, দেই প্রতীতিগুলির ফলে দড়িটি বাস্তবিক বদলে য়য় না। দড়িটি যেমন দড়ি, তেমনি থাকে। একে বলে বিবর্ত।

আমাদের দৃষ্টিতে ত্রন্ধের এই বৈচিত্রা—তা বিবর্তই হোক বা পরিণামই হোক, তাতে বিশেষ কিছু যায় আদে না, কারণ আসল কথা হচ্ছে, শব্দের অতীত বস্তুর শব্দ দিয়ে আমরা একটা ব্যাখ্যা দিতে চেষ্টা করছি মাত্র, কিন্তু সমর্থ হচ্ছি না।

শাস্ত্র বলেন, বন্ধ এক এবং অবিতীয় হয়েও বছরণে প্রতীত হচ্ছেন; তাঁর সেই বহুরণে প্রতীত ইবার যে শক্তি, তাকেই বলা হয় অচিস্ত্য-শক্তি; তাকেই বলা হয় অচিস্ত্য-শক্তি; তাকেই বলা হয় অচিস্ত্য-শক্তি; তাকেই বলা হয় অচিস্ত্য-শক্তি; তারেণ এই শক্তিকে আমাদের বৃদ্ধির দারা পরিমাপ করা যায় না। যেমন ব্রন্ধকে পরিমাপ করতে পারি না আমাদের বৃদ্ধি দিয়ে, তেমনি তাঁর শক্তিকেও পরিমাপ করতে পারি না। এই জন্ম তৃই-ই আমাদের তর্কের অতীত হ'য়ে যায় এবং দেখানে আমরা এই তৃটি তরের পার্থক্য তাবতে পারি না। কাজেই বলি তৃটি এক, অভেদ। যেমন বন্ধ তর্কাতীত, তেমনি তাঁর শক্তিও তর্কাতীত। স্ক্তরাং তৃটি তর্কাতীত বস্তুকে আমাদের তর্কের সাহায্যে বিভিন্ন করা সম্ভব নয় ব'লে তাঁদের আমরা অভিন্ন বলচি।

জীরামকুকের উপমা ও ব্যাখ্যা

দেই বন্ধাভিন্ন বন্ধশক্তি কথনও সক্রিয়, কখনও নিক্রিয়। 'কথনও' বলতে সময়ের কথা নয়; কারো কাছে কোন অবস্থায়, এই বুঝতে হরে। 'কখনও' নিক্রিয় বলতে কারো কাছে, কারো কোন বিশেষ অবস্থায় তিনি নিক্রিয়। আবার সেই ব্যক্তিরই কাছে অন্ত অবস্থায় তিনি সক্রিয়। এই তৃটি অবস্থাকে লক্ষ্য করেই বলা হয়, ব্রন্ধ অথবা শক্তি— ঠাকুর এই কণাই বুঝাক্রেন। ঠাকুর বলছেন, যথন তিনি স্প্রে-স্থিতি-লয় করছেন, তথন তাঁকে 'শক্তি' বলি, আর যথন তিনি স্প্রি-স্থিতি আদি কিছুই করছেন না. তথন তাঁকে 'ব্রন্ধ' বলি। এই 'যথন' আর 'তথন' শব্দ তৃটি লক্ষণীয়। এদের তাৎপর্য কিনে? সময়েতে তাৎপর্য কি? তা যদি হয়, তা হ'লে ব্রন্ধের এই যে শক্তির প্রকাশ, তা কালের ঘারা

অবচ্ছিন্ন, কালের ছারা পরিমেয় হ'রে যাবে। কিন্তু কালের ছারা এর পরিমাপ হয় না। স্থতরাং আমাদের বৃক্তে হবে সাধকের অবস্থাবিশেষে প্রতীতির তারতম্যের কথা বলা হচ্ছে। অর্থাৎ 'যথন' মানে—যে অবস্থায়; 'তথন' মানে—সে অবস্থায়। এই ভাবে বললে বোধ হয় স্মৃষ্ট হবে।

কেন এই কথা বলছি আমরা ? জগতের সম্বন্ধে আমাদের ধারণা যে, জগতের সৃষ্টি হচ্ছে, স্থিতি হচ্ছে, লয় হচ্ছে। কিন্তু এই ধারণা অতিশয় শীমিত। যে জগংটাকে আমর: উপলব্ধি করছি, সেই জগৎ সম্বন্ধেই ॰আমাদের ধারণা। কিন্তু এই রকমের অনস্ত জগৎ যে নেই, তা আমর। - কি ক'রে বলতে পারি ! ঠাকুর বলেছিলেন, 'জগৎ কি এডটুকু ? বর্ষা-কালে গসায় কাঁকড়া হয়, জানো ? এইরপ অসংখ্য জগৎ আছে।' তাই আমাদের কাছে দেশ-কানাদির ছারা পরিচ্ছিন্ন যে জগতের প্রতীতি হচ্ছে, সে-রকম অনস্ত জগৎ আছে। যথন এক জগতে প্রলয় হচ্ছে, অন্ত জগতে তখন হয়তো স্টির ধারা চলছে, যদিও একে বলা হয় খণ্ড প্রলয়, আর এর থেকে তফাৎ করা হয় মহাপ্রলয়কে। মহাপ্রলয় মানে যথন কোথাও সৃষ্টি থাকে না। কি ক'রে জানব, কোথাও সৃষ্টি থাকে কিনা ? কে বলতে পারে, সমস্ত স্প্রের লোপ হয়েছে কিনা? কেউ পারে না। স্তরাং ঐ দিক দিয়ে বুঝতে চেষ্টা না ক'রে সাধকের অমৃভবের ভিতর দিয়ে এই জিনিসটিকে বুঝতে হবে।

সাধক শক্তির এলাকাধীন

1

স্টি, স্থিতি, প্রলবের অর্থ কি । না, কার্য কারণে লয় হয়। কার্য স্থল বন্ধ, তা স্ক্রে লয় হয়; স্ক্রে—কারণে লয় হয়। কারণ—মহাকারণে লয় হয়। এই যে লয় হওয়া, এটা কোন কালের দারা পরিচ্ছিন্ন হওয়া ব্যাপার নয়। এটা অবস্থার পরিচ্ছেন্ন মানলে, বলতে পারি, যে অবস্থায়

আমাদের কাছে স্থূল জগতের প্রতীতি হচ্ছে না, সে অবস্থায় স্থূল জগৎ সৃক্ষে লয় পেয়েছে। মনের যে অবস্থায় সৃষ্ণ জগতের প্রতীতি হচ্ছে না. সে অবস্থায় সূক্ষ্ম জগৎ কারণে লয় পেয়েছে। মনের যে অবস্থায় কারণেরও সন্তার প্রতীতি হচ্ছে না, সে অবস্থায় কারণ মহাকারণে অর্থাৎ কারণাতীত সন্তাম, যাকে 'তুরীয়' বলা হয়, তাতে লয় পেয়েছে। কারণাতীত সতা আছে বলেই স্থল, পুন্ধ, কারণের ক্রমবিকাশ হওয়া সম্ভব হচ্ছে। স্থতরাং আমাদের বাদ দিয়ে, অর্থাৎ দ্রষ্টা বা অনুভব-কর্তাকে বাদ দিয়ে, স্বতম্বরূপে জগতের স্ঞাই, স্থিতি, লয় অবস্থাকে লক্ষ্য করবার দরকার নেই। সেইজন্ম বেদান্ত বলেন যে, এ-সব সৃষ্টি স্থিতি লয়ের কথা যা শাল্তে রয়েছে, তা কেবল আমাদের অবয় ব্রহ্মতত্ত্বে পৌছে দেবার উপায় মাত্র। 'মূলোহবিক্দু নিঙ্গাতিঃ স্বষ্টি বা চোদিতাক্তথা। উপায়ঃ সোহবতারায় নাস্তি ভেদঃ কথঞ্ন 🖟 (মাগুক্যকারিকা, ৩):৫) এই **বে** মৃত্তিকা (ছা. উ. ৬া১া৪), লোহমণি (ছা. উ. ৬া১া৫) বা বিক্লাকির (मू. छे. २।১।) मुझेल मिरा रुष्टित कथा नानाजार वना इरहरू, এ কেবল সেই একজানের অবতারণা করবার জন্ত, জীব ও একোর এক্য বৃদ্ধিতে আর্ঢ় করাবার জন্ত, এর আর অন্ত কোন তাৎপর্য নেই; আসলে এক্ষে কোন ভেদই নেই। কারণ জগতের স্ঠে স্থিতি লয় অথবা স্থূন ক্ষম কারণাবস্থার কোন বাস্তব সত্তা নেই - এ-কথা ঐ মাণ্ডকাকারিকায় বলা হয়েছে। তা যদি হয়, তা হ'লে জগৎকারণতা পর্যন্ত আমাদের এই জগৎ-অর্ভৃতিকে অপেক্ষা ক'রে, একে আধাররূপে ধ'রে। স্তরাং যতক্ষণ পর্যন্ত আমরা জগৎ-শ্রষ্টা অবধি কল্পনা রাখি, ততক্ষণ পর্যন্ত আমরা 'শক্তির এলাকা'র মধ্যে। যতদূর পর্যন্ত দাধনার স্তর চলতে পারে, ততদূর পর্যন্ত শক্তির এলাকা। আর যদি কেউ সাধনার সমস্ত স্তর অতিক্রম ক'রে ধ-শ্বরূপে প্রতিষ্ঠিত হন, ব্রহ্মদংশ্ব হন, তিনি শক্তির এলাকা ছাড়িয়ে যান।

আসল কথা হচ্চে, আমাদের সেই সত্যে পৌছবার বিভিন্ন স্তরের অপেক্ষা আছে। বিভিন্ন ধাপ দিয়ে এগিয়ে গিয়ে আমরা শেষে লক্ষ্যে উপনীত হই। প্রত্যেকটি ধাপ আমাদের কাছে প্রয়োজনীয়। তা না হ'লে ছাতে ওঠা আমাদের পক্ষে সস্তব নয়। আর যথন ছাতে উঠেছি, তথন সিঁ ডিগুলিকে অবাস্তব বলারও কোন সার্থকতা নেই। সেগুলিছিল ব'লে আমাদের ছাতে ওঠা সন্তব হয়েছে। শক্তির এলাকা আছে ব'লে আমরা তদ্ধ বন্ধে প্রতিষ্ঠিত হ'তে পারি, হওয়া সম্ভব। তা যদি না হ'ত, তা হ'লে ওদ্ধ বন্ধের আর কোন সার্থকতা থাকত না। কে তাঁকে জ্ঞানত ? তিনি স্ব-স্থনপেই অবস্থিত থাকতেন। আর আমরা তাঁর যে সব ব্যাথ্যা করছি, জগৎ-কারণ ইত্যাদি ব'লে, সে স্বই অর্থহীন হ'রে যেত। কারণ, আমাদের এই সব কথা নির্ভর করছে শক্তির উপরে।

ু ঠাকুর বলছেন: 'ব্রদ্ধকে ছেড়ে শক্তিকে, শক্তিকে ছেড়ে ব্রদ্ধকে ভাবা যায় না। নিতাকে ছেড়ে লীলা, লীলাকে ছেড়ে নিতা ভাবা যায় না।'

ব্ৰহ্ম ও শক্তি ; নিত্য ও লীলা

'শক্তি' আর 'ব্রহ্ম' শব্দ ঘৃটি বললেন, তার পরেই শব্দ পরিবর্তন ক'রে বলছেন, 'লীলা' আর 'নিত্য'। লীলাকে ছেড়ে নিত্যকে ভাবা যায় না, নিত্যকে ছেড়ে লীলাকে ভাবা যায় না। লীলা মানে পরিবর্তন। পরিবর্তন মানেই তার পিছনে একটি অপরিবর্তিত সন্তা আছে, তা না হ'লে কার অপেক্ষায় পরিবর্তন হবে? এইজন্ত 'পরিবর্তন' শব্দটি বলার দঙ্গে সঙ্গেই আসছে আর একটি তত্ত্ব, যা অপরিবর্তনশীল। সেটি পট-ভূমিকাতে রেথে তার সঙ্গে তুলনা ক'রে আমরা পরিবর্তনকে অভ্যত্তব করি। তা না হ'লে পরিবর্তন ব'লে কোন বস্তু থাকত না। আমরা একটি টেনে চড়ে যাচ্ছি। সেই টেনটা যেমন চলচে ঠিক ক্মেনি যদি

চারিপাশের মাটি, গাছপালা, ঘরবাড়ি চলতে থাকত তা হ'লে ট্রেনটার চলা বোঝা যেত না। 'ট্রেনটা চলছে', এই বাকোরও প্রয়োগ হ'ত না। কারণ, সব দৃশুটি একই রকম থাকত। কিন্তু যথন আমরা দেখি যে, আমরা ট্রেনে বদে আছি, গাছপালাগুলোকে দেখছি স্থান পরিবর্তন করছে, ঘরবাড়িগুলো সরে সরে যাচ্ছে, তথনি আমরা বুঝতে পারি একটা পরিবর্তন। পরিবর্তনের ভিতর কোন্টা স্থায়ী, কোন্টা অস্থায়ী, দেটা পরের কথা। আমরা বলছি যে, কোন একটা স্থায়ী বস্তুকে লক্ষ্য না ক'রে, অস্থায়ী বস্তুকে, পরিবর্তনকে আমরা ভাবতে পারি না। আবার অস্থায়ী বস্তুকে লক্ষ্য না ক'রে কোন একটা স্থায়ী বস্তুকেও কল্পনা করতে পারি না। কারণ, স্থায়ী আর অস্থায়ী এমন তৃটি শব্দ— অর্থসঙ্গতির জন্ম পরস্পার এমন ভাবে জড়িত যে, একটিকে ছেড়ে আর একটিকে ভাবা যায় না। অস্থায়ীকে ছেড়ে স্থায়ীকে ভাবা যায় না, স্থায়ীকে ছেড়ে অস্থায়ীকে ভাবা যায় না।

নিত্য আর লীল্'ও ঠিক সেই রকম। ভগবানের এই যে স্ষ্টিস্থিতি-লয়-লীলা চলছে, এই লীলার মানে পরিবর্তন। এই পরিবর্তন
কল্পনাই করতে পারব না, যদি একটি স্থায়ী বস্তুকে—নিত্য বস্তুকে লক্ষ্য
না করি। কাজেই নিতাকে বাদ দিয়ে লীলাকে ভাবা যায় না। আবার
লীলাকে বাদ দিয়ে নিতাকে ভাবা যায় না, যেমন আগে বলেছি।
স্থতরাং শক্তিকে বাদ দিয়ে ব্রহ্মকে ভাবা যায় না; ব্রহ্মকে বাদ দিয়ে
শক্তিকেও ভাবা যায় না। ছটি এমন অঙ্গান্ধিভাবে সম্বদ্ধ—এমন অভেগ্
সম্বন্ধে সম্বন্ধ যে, একটিকে বাদ দিয়ে আর একটি কল্পনা পর্যন্ত করা যায়
না। স্থতরাং ব্রহ্ম আর শক্তি অভিন্ন এই দৃষ্টিতে।

তবে অনেক সময়ে আমরা ঐ দৃষ্টির একটুথানি যেন দার্শনিক সামঞ্জন্ত না রেথে বলি যে, এই যে পরিবর্তন, এটি মিথ্যা; অপরিবর্তনীয় যেটি. সেইটিই সত্য। কারণ, আমাদের জাগতিক অহুভব থেকে আমরা

জানি, যা কিছু পরিবর্তনশীল, তাই অনিত্য। কিন্তু এই পরিবর্তন, এই লীলা যদি প্রবাহাকারে নিতা হয়, তাতে আমাদের আপত্তির কি থাকতে পারে। সেটা যে অসম্ভব, এমনও আমরা বলতে পারি না। আসল কথা, যে দীমিত গণ্ডীর ভিতর আমরা অভিজ্ঞতা অর্জন করেছি, আমাদের যুক্তি তার উপরেই আধারিত; তার বেশী আমরা ভারতে পারি না। সেইজন্ত শান্ত বলছেন, 'অচিন্ত্যাঃ থলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজ্বেং'—যে দৰ বিষয় চিন্তার অতীত, তাদের তর্কের সাহায্যে তুমি নির্ণয় করতে যেওনা; কারণ, তাতে বিভ্রান্ত হবে। তর্ক যেথানে পৌছতে পারে না, দেখানে আমরা তর্ককে প্রয়োগ করি। এটা তর্কের ্ অপপ্রয়োগ। তর্ককে আমরা অস্থানে প্রয়োগ করছি। ফলে তর্ক দেখানে ব্যাহত হয়। শাস্ত্র তাই বলছেন যা অচিন্ত্য, তাকে তর্কের দার্ "সংযুক্ত করতে যেও না। ব্রন্ম এবং শক্তি গুই-ই অচিন্তা, কারণ জগতের সুশ্বতম যে তত্ত্ব, তাকেই যদি শক্তি বলি, নেই শক্তির স্বরূপকে আমরা ভাবতে পারি না। আবার দেশ, কাল, নিমিত্তের অতীত যে বস্তু, তাকেও আমরা চিন্তা করতে পারি না। কাজেই তর্কের দারা যদি , তত্তকে বুঝতে চেষ্টা করি—তা সম্ভব হবে না। স্থতরাং যুক্তির সাহায্যে শক্তিকে মিথ্যা ব'লে প্রমাণিত করার প্রয়াস অপপ্রয়াস মাত্র।

শক্তি সভা কি মিখা। ?—এই প্রশ্ন একটি কৃট দার্শনিক প্রশ্ন মাত্র।
তর্কের দ্বারা এর মীমাংসা হয় না। অন্তত্তের ভিত্তিতেই এর মীমাংসা
হ'তে পারে। ঠাকুর অন্তত্তের দৃঢ় ভূমির উপর প্রতিষ্ঠিত হ'য়ে বল্ছেন,
শক্তি আর রক্ষ—তুই-ই সভা। বল্ছেন, আসলে তুটি বস্তু নয়। শক্তি
যাকে বলি, রক্ষ তাঁকেই বলি। কেবল তুটি বিভিন্ন অবস্থাকে লক্ষ্য ক'রে
আমরা তুটি নাম দিচ্ছি, আমাদের বোঝবার স্থবিধার জন্য। আসলে
এ তুটি পৃথক্ বস্তু নয়। যিনি রক্ষ, তিনিই শক্তি; যিনি শক্তি, তিনিই
বক্ষ। এই তুয়ে বিদ্দুমাত্র পার্থক্য নেই। এই তুয়ে দৈত্ত্তি হচ্ছে না।

ছটি আলাদা জিনিস নয়। ছটি দৃষ্টিকোণ থেকে আমাদের বৃদ্ধিতে যেমন প্রতিভাত হয়, সেই রকম ক'রে বলি এক্ষ অথবা শক্তি। যথন তিনি সৃষ্টি-স্থিতি-লয় করছেন, তথন বলি 'শক্তি'। আর যথন সৃষ্টি-স্থিতি-লয় করছেন তথন বলি 'শক্তি'। আর যথন সৃষ্টি-স্থিতি-লয় করছেন না, তথন তাঁকে 'এক্ষ' বলি। ঠাকুর এই কথা বললেন এখানে এমন সহজ ক'রে যাতে আমাদের অনায়ানে বোধগম্য হয়। তিনি এভাবে না বললে ঝুড়ি ঝুড়ি শাল্প পড়েও এই সাধারণ কথা ধারণা করা আমাদের বৃদ্ধির পক্ষে সম্ভব হ'ত না।

কালীতত্ত্ব

এ কথাই ঠাকুর আবার বলছেন: "আতাশক্তি লীলাময়ী; স্ষ্টি-'ছিতি-প্রলয় করছেন। তাঁরই নাম কালী। কালীই ব্রহ্ম, ব্রহ্মই কালী ! একই বস্তু, যথন তিনি নিছ্নিয়—স্ষ্টি, স্থিতি, প্রলয় কোন কাজ করছেন না—এই কথা যথন ভাবি",—'এই কথা যথন ভাবি' শব্দগুলি লক্ষণীয়, এর ব্যাখ্যা আমরা আগেই করেছি—"তথন তাঁকে 'ব্রহ্ম' বলে কই। যথন তিনি এই সব কার্য করেন", অর্থাৎ করেন ব'লে ভাবি—"তথন তাঁকে 'কালী' বলি, 'শক্তি' বলি। একই ব্যক্তি নাম রূপ ভেদ। যেমন 'জল' 'ওয়াটার' 'পানি'।''

যেমন যেমন আমাদের অভিজ্ঞতা, তেমন তেমন আমরা এক-একটি
নাম দিই। 'কালী' বলি বা 'আতাশক্তি' বলি বা 'বল্ল' বলি, যথন
যে-রকম আমাদের বৃদ্ধির দৌড় বা দৃষ্টিকোণ দেই অন্থলারে বলি মাত্র।
তাতে তত্ত্বে প্রভেদ হ'য়ে যায় না। এ-কথাটি এখানে বোঝালেন, 'জল'
'ওয়াটার' 'পানি'র দৃষ্টান্ত দিয়ে। জলকে যদি 'ওয়াটার' বলা হয়, বস্তুটি
ভিন্ন হ'য়ে যায় না। আমাদের ভাষার পার্থক্য হয় মাত্র। কেউ জল
বলি, কেউ ওয়াটার বলি, কেউ পানি বলি। কেন বলি ?—না, আমরা
যেমন শিথেছি, আমাদের যেমন সংস্কার, যেমন আমরা অভ্যন্ত, তেমনি

ভাবে শব্দ প্রয়োগ করি। যথন আমাদের সংস্কার অন্থযায়ী আমরা দেখি তিনি জগতের স্প্রট, স্থিতি, লয় করছেন, তথন সেই দৃষ্টিকোণ থেকে আমরা তাঁকে বলছি 'শক্তি'। আর যে অবস্থায় আমরা নিক্রিয় সন্তায় প্রতিষ্ঠিত, সেই অবস্থাকে লক্ষ্য ক'রে বলছি 'ব্রহ্ম'। শব্দগত ভেদ মাত্র। তত্ত্বগত কোনই ভেদ নেই। এ-কথা খুব জোর দিয়ে ঠাকুর বলছেন এখানে।

তার পরের কথা। কেশব বলছেন—"কালী কত ভাবে লীলা করছেন, দেই কথাগুলি একবার বলুন।"

কোৰ গুনেছেন দে-সর কথা ঠাকুরের কাছে। তারই পুনরার্ত্তি করাতে চান, আবার গুনবেন, অপর ভক্তদের শোনাবেন, কথাটি আরও আম্বাদন করবেন—এই উদ্দেশ্তে। আগেই আমরা মনে রাথব, ঠাকুর কালী বলতে কি বলছেন। রামপ্রানাদেরও এই ভাবের একটি কথা আছে—'কালী বল্ধ জেনে মর্ম ধর্মাধর্ম সব ছেড়েছি।'—কালী আর বল্ধ, এ ঢুটি ভিন্ন নয়, এই জেনেছি। জেনে 'ধর্মাধর্ম' অর্থাৎ সব রকমের উপাধি প্রিত্যাগ ক'রে আমি নির্বিশেষ তত্ত্বে প্রতিষ্ঠিত হয়েছি। অথবা আর এক জায়গায় বলছেন,…'মাত্ভাবে আমি তত্ত্ব করি যাঁরে / সেটা চাতরে কি ভাঙর হাঁড়ি, বোঝ না রে মন ঠারে ঠোরে'—যাঁকে আমি মাত্ভাবে আরাধনা করি, তাঁকে আর ব্যাখ্যা ক'রে সকলের সামনে কি প্রকাশ ক'রব ? ইন্ধিতে বলছি, বুঝে নাও। ভাব হচ্ছে এই, যাঁকে আমি 'মা' বলি, 'কালী' বলি, 'শক্তি' বলি বা বিভিন্ন দেবদেবীরূপে বর্ণনা করি, আমলে তিনি সেই ব্রক্ত—এ-কথা কি আর বেণী খুলে বলতে হবে!

শক্তি-এলাকার পারে

তা'হলে আমুরা দেখলাম, যতক্ষণ পর্যস্ত কেউ সাধনা করছেন, ততক্ষণ অর্থাৎ সেই চরম তত্ত্বে ওঠবার পূর্বমূহূর্ত পর্যস্ত, তিনি শক্তির এলাকায়। যথন তিনি নির্বিকল্প সমাধিতে অবস্থিত, তথনই বলা যায়—তিনি শক্তির এলাকার অতীত। কিন্তু আবার যথন তিনি সাধারণ ভূমিতে ফিরে আদছেন, তথনও তিনি শক্তির এলাকায়! তাই তোতাপুরী ব্রহ্মজ্ঞ হয়েও ইচ্ছামাত্ত্রেই নিজেকে সেই সমাধিতে প্রতিষ্ঠিত করতে পারছেন না, কারণ আতাশক্তি মহামায়া পথ ছেড়ে দিচ্ছেন না। তোতাপুরী এ-কথা বুঝতেন না। বুঝতেন না যে শক্তিরই কপায় তাঁর নির্বিকল্প সমাধি। তিনি এ-বিষয়ে সচেতন ছিলেন না। তাই শক্তিকে মানা দ্বকার ব'লে তিনি মনে করতেন না। কিন্তু যথন তিনি দেখলেন—তাঁর এক্ষাবগাহী মন বারবার চেষ্টা করেও এই ত্রিগুণের রাজ্য ছাড়িয়ে সেই তুরীয় সন্তায় প্রতিষ্ঠিত হ'তে পারছে না, তখন তিনি বিশ্বিত হ'য়ে ভাবলেন, এ কি ব্যাপার! আমার মন তো কখনও আমার আজা লজ্মন করেনি। কেন এ-রকম হ'ল ? যাই হোক শরীরটাই যত নষ্টের মূল মনে ক'রে স্থির করলেন শরীরটাকে ছাড়তে হবে। তথনও তিনি বুঝছেন না, শরীরটা ছাড়া বা রাখা—এতেও তার স্বতন্ত্রতা নেই, এখানেও মহামায়ার রাজত, শক্তির রাজত। শরীর ত্যাগ করতে যাচ্ছেন। বর্ণনা রয়েছে; গভীর রাত্রিতে চলেছেন গঙ্গায় কৃগ্ । দেহটি বিদর্জন দিতে। ধীরে ধীরে গঙ্গায় নামলেন এবং ক্রমে গভীর জলে অগ্রসর হলেন, কিন্তু ডুব-জল আর পাচ্ছেন না। হাঁটতে হাঁটতে প্রায় অপর পারে চলে এসেছেন, তবু ডুব-জল পেলেন না। তথন তিনি অবাক হ'য়ে ভাবলেন, 'এ কি দৈবী মায়। ভুবে মরবার জলও আজ গঙ্গায় নেই। এ কি অপূর্ব লীলা!' যথনই এই কথা মনে উঠেছে—এটা শেষ ধাপ—তথনই তাঁর জগন্মাতার সন্তার অন্তভূতি হ'ল। তিনি জলে, স্থলে, দেহে, মনে—সর্বত্ত সেই আভাশক্তির লীলা উপলব্ধি করলেন। বুঝলেন, শরীরের ভিতর যতক্ষণ, ততক্ষণ তিনি ইচ্ছা না করলে তাঁর প্রভাব থেকে মৃক্ত হবার সামর্থ্য কারও নেই—মরবারও সামর্থ্য নেই। এবং তথনই তিনি সেই আছাশক্তির বশুতা স্বীকার

করলেন। তাঁকে জগনাতারপে গ্রহণ করতে বাধ্য হলেন। এখানেই প্রামার্কন্থের গুরু হ'রে আসার যে সার্থকতা, তা তাঁর লাভ হ'ল পরিপ্রিরপে। আমরা আগেই বলেছি, যাঁরা তাঁর গুরুরপে এসেছিলেন, তাঁরাও এসে তাঁর কাছ থেকে কোন না কোন রক্ষে অপূর্ণতা দূর ক'রে পূর্ণতা লাভ করেছিলেন। তোতাপুরীর এই পূর্ণতা লাভ আমরা এখানে দেখছি। 'জ্ঞানিনাম্ অপি চেতাংসি দেবী ভগবতী হি সা / বলাদারক্ষ মোহায় মহামায়া প্রযক্ততি।' (প্রশ্রীকতী ১।৫৫-৫৬)—দেবী ভগবতী মহামায়া জ্ঞানীদেরও চিন্ত বলপূর্বক আকর্ষণ ক'রে মোহার্ত করেন। 'জ্ঞানিনাম্ অপি চেতাংসি'—কাকেও বাদ দেওয়া হয়নি। শরীরধারী মাত্রকে, তা তিনি যত বড় জ্ঞানীই হ'ন না কেন, মহামায়া ইচ্ছামতো নিজের হাতের পুতুল ক'রে ব্যবহার করতে পারেন। 'আমি উন্নত সাধক' ব'লে গর্ব করবার কিছু নেই। অভিমান ক'রে মাথা তোলবার কিছু নেই।

নয়

কথামূত—১৷২৷৪-৫

অবিরাম ঈশ্বরপ্রদক্ষ চলছে। কেশব ঠাকুরের কাছে জানতে চাইছেন মা কালী কত ভাবে লীলা করেন। এথানে শ্বরণ রাথতে হবে—কেশব দেন শ্রাক্ষসমাজের নেতা। তাই তাঁর নিরাকারের উপর অন্তরাগ ও মূর্তিপূজার উপর বিতৃষ্ণা থাকাই স্বাভাবিক। কিন্তু ঠাকুরের সংস্পর্শে এদে তাঁর দেই একদেশী ভাব ধীরে ধীরে দূর হ'য়ে যাচছে। তিনি ঠাকুরের কাছে জানতে চাইছেন—মা কালী নানাভাবে কি রকম লীলা

করেন। ঠাকুর তাঁর প্রশ্নের উত্তরে মহাকালী ও নিত্যকালীর উল্লেখ

গর্মাবক্ষে জাহাজে কেশব ও অক্সান্ত ব্রাক্ষভক্তদের সঙ্গে ঠাকুরের

ক'রে বলছেন,' তন্ত্রে আছে যে মা সেখানে নিরাকারা। সৃষ্টি তথনও হয়নি। তিনি সৃষ্টির পূর্বে পূর্বসৃষ্টির বীজ কুড়িয়ে রেথেছিলেন।

স্ষ্টিভত্তঃ ঈশ্বর ও জগৎ

বলা বাহুল্য, এখানে তন্ত্র এবং বেদাস্তের অথবা বেদ-বিহিত যে সব অন্তান্ত সাধন-প্রণালী আছে, তাদের একটি গুঢ় রহন্তের কথা বলছেন। দে বহুন্তটি এই যে, সকলেই জানেন সৃষ্টি নিতা নয়। তাই যা নিতা নয় একদিন ভার নাশ হবে, এবং নাশ হওয়ার পর আবার সৃষ্টি হবে কোথা থেকে ? যদি বলা যায় যে তাঁর ভিতর থেকেই স্পষ্ট হবে অর্থাৎ তিনি কার্য এবং কারণ উভয়ই, তথন প্রশ্ন উঠবেঃ তা হ'লে তাঁর ভিতরে যে বৈচিত্র্য রয়েছে, তা স্বীকার ক'রে নেওয়া হক্তে। এখন এই বৈচিত্রাকে স্বীকার করলে হয় অবৈতহানি, আর অস্বীকার করলে হয় স্ষ্টি অসম্ভব। এইজন্ম তন্ত্র এবং বেদান্তও বলে, সমস্ত জগতের যথন লয় হয়, তথন ঈশ্বর স্ষ্টের বীজগুলি নিজের ভিতর সংগ্রহ ক'রে রাথেন, এবং সেই বীজগুলি যেহেতু তাঁর স্বরূপ থেকে ভিন্ন নয়, সেইহেতু সেখানে বৈতাপত্তি হয় না। আমরা যথন অবৈতবেদান্তের দৃষ্টিতে জগৎ-রচনার কথা শুনি, তথন রচনার ক্রম এই ভাবে দেখি: প্রথম হয় তাঁর হিরণ্য-গর্ভরূপে আবির্ভাব--হিরণাগর্ভ যেন জগৎস্রষ্টা, জগৎ সৃষ্টি করবেন এই উদ্দেশ্যে তিনি যেন একটি ব্যক্তিরূপে আবিভূতি হলেন; তারপর তাঁরই ভিতর থেকে আরম্ভ হ'ল প্রথম সৃষ্টি। প্রথম তাঁর ভিতর থেকে আঁবির্ভাব হ'ল বেদের, বেদ মানে সমস্ত জ্ঞানের একটি স্থন্মরূপ, যা তাঁর ভিতরে ভাবরূপে আবিভূতি হ'ল প্রথমে। তার পর তিনি তাঁকে স্থল রূপ দেবেন এবং এই স্থলরপেরও ক্রম আছে। এমন বলা আছে:

> তস্মাদ্ বা এতস্মাদ্ আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ আকাশাদ্ বায়ুঃ বায়োৱগ্নিঃ অগ্নেরাপঃ অন্ত্যঃ পৃথিবী ।

অর্থাৎ দেই আত্মা থেকে আকাশ উৎপন্ন হ'ল, আকাশ থেকে বায়ু, বায়ু থেকে অগ্নি, অগ্নি থেকে জল, জল থেকে পৃথিবী ও তারপর পঞ্ছৃতাত্মক বিভিন্ন প্রাকৃতি। তাঁর ভিতরে অনভিব্যক্তরূপে যে স্টি ছিল, তাঁকেই বলছেন যেন স্টির বীজ কুড়িয়ে রাখা। আত্মশক্তি এই স্টি তাঁর ভিতর থেকে বার করেন, আবার তাঁতেই রাখেন। এই উপমা দিছেন মাকড্মার জাল স্টি দিয়ে। উপনিষদে বলেছেন "যথোর্ণনাভিঃ স্কতে গৃহতে চ"—যেমন উর্বনাভি তার ভিতর থেকে জাল বিস্তার করে, আবার সময়ে সে জালকে নিজের ভিতরে গুটিয়ে নেয়, তেমনি ঈশ্বরও তাঁর ভিতর থেকে এই জগৎকে প্রকাশিত করেন, আবার তাঁর ভিতরেই এই জগৎকে উপসংহত ক'বে নেন।

যাঁর ভিতর থেকে এই জগতের সৃষ্টি হয়, যাঁতে এই জগৎ অবস্থিত থাকে এবং অন্তে যাঁতে এই জগৎ লয় হয়, তাঁকেই আমরা বলি 'ত্র্লা', তাঁকেই বলি 'ঈশর'। ঈশরের এই সৃষ্টি কিন্তু কুস্ককারের কুন্তু সৃষ্টির মতো নয়। কুমোর যথন হাঁড়ি কলদী তৈরী করে, তখন দে তা নিজের ভিতর থেকে তৈরী করে না। সে তৈরী করে বাইরের কোন উপাদান থেকে। কুমোর যদি নাও থাকে, হাঁড়ি কলদীগুলোর তাতে কোন ক্ষতি-বৃদ্ধি হয় না। জগতের সৃষ্টি এ-রক্ম নয়—এ-কথা বোঝাবার জন্তুই উপনিষ্ধ ঐ-ভাবে বললেন য়ে য়ার থেকে জগতের উৎপত্তি, য়াতে এই জগতের স্থিতি এবং য়াতে এই জগতের স্থিতি এবং লাতে এই জগতের স্থিতি এবং লাতে এই জগতের স্থিতি এবং লাতে এই জগতের স্থিতি এবং বাতে এই জগতের স্থিতি এবং লাতে এই জগতের স্থিতি যাবে এই জগতের স্থিতি এই জগতের স্থিতি এই জনতা এই জগতের স্থিতি এই জগতের স্থিতি এই জনতা এ

স্তক্ষাং এই স্ষ্টি, স্থিতি, লয় তাঁর থেকে যে ভাবে হচ্ছে, ডাতে তিনি জগতের উপাদান-কারণও বটেন, নিমিত্ত-কারণও বটেন। হাঁড়ি কলসীর উপাদান-কারণ মাটি, নিমিত্ত-কারণ কুম্বকার। কুম্বকার আছে ব'লে মাটির এই রূপান্তর ঘটে। এখানে কিন্তু এক ঈশর আছেন. আর দিতীয় কিছু নেই। তিনি ছাড়া কোন উপাদান নেই, যা তিনি

मदन ।

রূপান্তরিত করবেন, কোন যন্ত্র নেই যার সাহায্যে রূপান্তরিত করবেন, কোন সত্তা নেই যা তাঁর স্থষ্ট এই জগতের উপাদান হবে। তাই বলছেন, তিনিই এই জগৎ স্থাষ্ট করেছেন, এই জগতে অবস্থান করছেন আবার তাঁতেই এই জগতের লয় হবে।

"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে,

যেন জাতানি জীবস্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশস্তি—"

এবং অন্তে যাঁতে এই জগতের লয় হয়, তিনিই হলেন সেই পরম তব।
তাঁকে জানতে ইচ্ছা কর। এখন এই পরম তব এই ভাবে ব্যাখ্যাত
হওয়াতে তিনি উপাদান এবং নিমিত্ত উভয় কারণ। হতরাং তাঁর
জগৎ-স্প্রী সাধারণ কোন স্প্রীর সঙ্গে তুলনীয় হ'তে পারে না। আংশিকভাবে তুলনা করা যেতে পারে উর্ণনাভির সঙ্গে, অথবা বিক্লিঙ্কের

যাঁর থেকে এই জগৎ উৎপন্ন হয়, যাঁতে এই জগতে সন্তাবিশিষ্ট হ'য়ে থাকে

"যথা অগ্নের্বিক্ষ্ লিঙ্গাঃ প্রবর্তন্তে সরূপাঃ"

যেমন অগ্নি থেকে হাজার হাজার অগ্নিফুলিঙ্গ বেরোয় অনেকটা সেই-রকম। অগ্নির যা তত্ত্ব ফুলিঙ্গেরও সেই তত্ত্ব, অথচ তারা অগ্নি থেকে ভিন্নরূপে প্রতীত হচ্ছে। কিন্তু এই দৃষ্টান্তগুলির সঙ্গে জীব-সৃষ্টির দৃষ্টান্ত কোথাও পুরোপুরি মেলে না, অংশতঃ সাদৃশ্য আছে মাত্র।

স্থাই সম্বন্ধে। ঠাকুর বলছেন, মা এই জগৎ-স্থাই এইভাবে করেছেন।
জগ্রৎ-স্থাইর পূর্বে মার স্বরূপ-সম্বন্ধে বলছেন, তিনি নিরাকার।। গানে
ভক্ত বলছেনঃ 'ব্রহ্মাণ্ড ছিল না যথন, মুগুমালা কোথায় পেলি'? মুগুমালা

এই দৃষ্টান্ত দারা মাত্রধের কতকটা ধারণা হ'তে পারে, ব্রন্দের জগৎ-

ধারণ ক'রে আছেন বরাভয়করা; সেই মূর্তি সম্বন্ধে বললেন, এন্ধাও যথন ছিল না, তথন তাঁর মূওমালা কোথায় ছিল ? এগুলো আমাদের দৃষ্টিতে যেন অসম্ভব, কিন্তু যিনি নিত্যা, যিনি আমাদের মন-বুদ্ধির অগোচরা, তাঁর পক্ষে সবই সম্ভব। এইভাবে ভক্তেরা, সাধকেরা তাঁকে দেখেছেন। গানে আছে,

"মা কি আমার কালো রে।
কালোরণে দিগম্বরী, হৃদ্পদ্ম করে আলো রে॥"
মা কালো কিনা, তা জানতে হ'লে তাঁর কাছে গিয়েই জানতে হয়। এ ছাড়া জন্ম কোনও উপায় নেই।

ঈশ্বরের ইতি নেই

শামরা যথন দেখি, আমাদের দৃষ্টিকোণ যেমন, সেই অন্থনারে তাঁর বর্ণ, তাঁর রূপ ধারণা হয়। কিন্তু মান্থ্য যথন তাঁতে লীন হয়, তথন তার ধারণা, এই সাধারণ প্রবর্তকাদি যে উপাদক, তাদের ধারণার সঙ্গে, এক হয় না। বছরপীকে নানা জনে নানা রঙের দেখে, কিন্তু যে গাছ-তলায় থাকে, সেই ঠিক বলতে পারে বছরপীর স্বরূপ কি ? সে বলে যে যত বং-এ আমরা তাকে দেখি, দব বংই তার। ভক্ত বলেছেন 'চিদাকাশে যার যা ভাসে, তাই তার বোধের দীমানা'—যার মনে যে অন্থভব হচ্ছে, তার বৃদ্ধি সেই অন্থভবটুকুর দারা দীমিত হ'য়ে রয়েছে। ঠাকুর তাই বলছেন যে, তাঁর সম্বন্ধে আমরা যে যা ধারণা করি, সেটাই যে তাঁর শেব, এ যেন আমরা কথনও মনে না করি। আমরা এই কথা মনে রাথতে পারি যে, আমি যা অন্থভব করছি, তা তাঁর রূপ। কিন্তু এই রূপ ছাড়া যে তাঁর আর কোন রূপ নেই, এ-কথা যেন আমরা কথনও মনে না করি, আমরা কথনও মনে না করি, আমরা যেন কথনও তাঁর 'ইতি' না করি।

বন্ধন ও মুক্তি

এরপর ঠাকুর আলোচনা করছেন, বন্ধন আর মৃক্তির প্রসঙ্গ। ঠাকুর বল্ছেন, বন্ধন আর মৃক্তি এ-হ্য়ের কর্তা তিনি। এখন এ-কথা ভারতে গেলে আমাদের মনে সংশয় জাগে যে তিনি এ জগতে তা হ'লে কেন

১০৮

মন্দের সৃষ্টি করলেন। বন্ধনের সৃষ্টি তোনা করলেই পারতেন। তার উত্তরে ঠাকুর বলছেন, তা হ'লে বুড়ীর খেলা চলে না। তাঁর খেলা চালাতে

গেলে ভালোর সঙ্গে মন্দকেও রাখতে হবে। বলছেন, সবাই বৃড়ী ছুঁরে ফেললে বুড়ীর খেলা চলে কি করে? তবে যদি কেউ খেলতে খেলতে ক্লান্ত হয়ে পড়ে, বুড়ী তার হাতটা বাড়িয়ে দেয় তার দিকে। এখন প্রশ্ন

হ'ল তিনি তো থেলছেন; কিন্তু আমাদের যে এদিকে প্রাণান্ত। সেই জ্বীপার গল্পের বাজের বাাজের ছেলেদের বলেছিল—তোমাদের কাছে যা থেলা,

"আমাদের কাছে তা প্রাণাস্তকর ব্যাপার। তার উত্তরে ঠাকুর 'কথামৃতে'
অনেক জায়গায় ব'লে দিয়েছেন যে তোমরা যারা 'প্রাণে মরছি' ব'লছ,

সেই তোমবা কারা ? তিনি ছাড়া আব কেউ কি ? যদি তিনি নিজেই কথনও চোখ বেঁধে, কথনও চোখ খুলে ঘোরাঘূরি করেন তো কারও ওপরে কি অত্যাচার করা হয় ? ঠাকুর বলছেন 'হে রাম, তুমি নিজের ছুর্গতি নিজে করেছ। যেখানে তিনি বন্ধনের মধ্যে থাকছেন, দেখানে তিনি নিজেই কষ্ট ভোগ করছেন।

এখন প্রশ্ন হচ্ছে, এ-রকম নিজের কষ্ট নিজে ভেকে আনা তো মুর্থেরাও করে না। তার উত্তর হচ্ছে এই যে, মুর্থেরও যে বৃদ্ধি আছে, তা কি তাঁর নেই! তিনি সে বৃদ্ধি প্রয়োগ করেন না। তাঁর যা বৃদ্ধি, তা আমাদের বৃদ্ধির আগোচর। বৃন্ধতে না প্রের আয়বা বলি তাঁর লীলা এবং এই লীলার মঙ্গে চোট চেল্ট

পেরে আমরা বলি, তাঁর লীলা, এবং এই লীলার দঙ্গে ছোট ছোট ছৈলে-মেয়েদের থেলার তুলনা ক'রে বলি "লোকবং তু লীলাকৈবল্যং" —যেমন ছোট ছোট ছেলে মেয়েরা থেলাঘর তৈরী করছে, ভাঙ্ছে

আবার গড়ছে, ঠিক সেই-রকম তিনি এই জগতের স্থ স্থিতি লয় করছেন। আসল কথা তিনি ছাড়া আর দ্বিতীয় কেউ নেই। "একৈবাহং জগতাত্র দ্বিতীয়া কা মমাপরা" এ জগতে আমি একাই আছি; আমি ছাড়া আব ধিতীয় কে আহে? স্বতরাং তিনি ছাড়া যথন আব কেউ নেই, তথন কাকেও তিনি বন্ধ করছেন আব কাকেও মৃক্ত করছেন— এ-বক্ম তো হয় না।

মুক্তির উপায়

এখন এই বন্ধন যদি আমাদের পছন্দ না হয় তো তারও উপায় আহে। যদি আমরা আন্তরিকভাবে কাতর হ'য়ে প্রার্থনা করি, তা হ'লে তিনি আমাদের এই বন্ধন থেকে মৃক্তি দেন। কিন্তু কেন তিনি এই বৈটিত্র্য করেছেন—এই প্রশ্নের অবসর নেই। কেন করেছেন, আমরা তা জানিনা। তবে আমরা এইটুকু ভাবতে পারি—এই সৃষ্টি-রূপ তোমার খেলা যেমনই হ'ক, মা, তুমি আমাকে রেহাই দাও। তা হ'লে তিনি হয়তো মৃক্তি দিতে কাতর হবেন না; কিন্তু তাঁকে প্রশ্ন করা চলে না, কেন তিনি এ-বকম সৃষ্টি করলেন। তার খুদী। এই জন্মই তাঁকে বলা হয়েছে 'ইচ্ছাময়ী'। তার যেমন ইচ্ছা হয়, তিনি তেমনই করেন, আমাদের সিদ্ধান্তের অপেকা তিনি করেন না। আমাদের পক্ষে যদি এ বন্ধন অসহ ব'লে বোধ হয় তো সে বন্ধন থেকে মৃক্তির উপায় খুজতে হবে। সেই উপায় দম্বন্ধেও আবার তিনিই ব্যবস্থা ক'রে রেখেছেন। কিন্তু সেই উপায় আমরা নিতে চাই কি? এথানে বলেছেন যে, এই সংসার তিনি স্বষ্ট ক'রে তারপর বলছেন "যাও বাবা, এখন খেলা কর।" যদি খেলা ও খেলনা আমাদের পছনদ হয় তো ক্ষতি কি? থেল! যথন থেলনা আর ভাল লাগে না, তথন ছেলে বলে 'মা যাব।' তখন কোনও খেলনা তাকে আর তৃপ্ত করতে পারে না। এখন প্রশ্ন এই যে এই খেলা আর এই সব থেলনা কি অসহ হয়েছে আমাদের কাছে? যদি হ'য়ে থাকে তো তাব ব্যবস্থা রয়েছে, আর সেই ব্যবস্থা তিনিই ক'রে

রেখেছেন। বলছেন—'পরাঞ্চি থানি ব্যতৃণৎ স্বয়স্থৃস্তস্মাৎ পরাঙ্ পশ্যতি নান্তবাত্মন্' – ভগবান সমস্ত ইন্দ্রিয়গুলিকে বহিমূ্থ ক'রে স্ষ্ট করেছেন। দেই জন্মই তারা বাহ্ম জিনিসকেই দেখে, অনুভব করে; অন্তরাত্মাকে দেখে না, দেদিকে তাদের দৃষ্টি নেই। কিন্তু এর ভিতর বিরল কোন ব্যক্তি "আবৃত্তচক্ষ্" হ'য়ে বাইরে থেকে চোথ ফিরিয়ে অন্তরাত্মাকে দেখেন। স্বতরাং হুই-ই আছে। তিনি যেমন মন দিয়েছ, মনেরে আঁথি ঠারি'—মনকে ব'লে দিয়েছেন 'যা, তুই বিষয় ভোগ করগে যা' তেমনি আবার যিনি মার জন্ম ব্যাকুল হচ্ছেন, তাঁর দিকে হাত প্রদারিত ক'রে দিচ্ছেন। কিন্তু দেই ব্যাকুলতা কি আমাদের আছে ? আমরা কি আবার তাঁর কোলে ফিরে যেতে চাই ? অনেক সময় আমরা ভাবি যে চাইব কি ক'রে ?—তিনি কি আমাদের সে অমৃতের স্বাদ দিয়েছেন ? সেই স্বাদে বঞ্চিত ক'রে রেখেছেন বলেই তো আমরা বিষয়ের আকর্ষণ বোধ করছি। এ কথাটা কেবল একই জিনিসকে ঘুরিয়ে বলা। বিষয়ের উপর এত আকর্ষণ আছে বলেই তো তাঁর প্রেমের স্বাদ পাচ্ছিনা। আমরা ভাবি আমাদের করণীয় বোধহয় কিছুই নেই, যা করতে হয় তিনিই করুন। দেবীস্থক্তে পাই

> "যং কাময়ে তং তম্ উগ্ৰং ক্লোমি তং ব্ৰহ্মাণং তম্ ঋষিং তং স্থমেধাম্"

আমি যাকে ইচ্ছা করি, বড় করি; আবার যাকে ইচ্ছা করি, অধোগামী করি। শাস্ত্র বলছেন, যাকে তিনি উচুতে তুলবেন তাকে দিয়ে শুভ কর্ম করান 'তমেব সাধ্ কর্ম কারয়তি যম্ উর্ধাং নিনীষতি' তিনি যাকে উচুতে ওঠাবেন, তাকে দিয়ে সাধু কর্ম করান —আবার যাকে অধোগামী করবেন, "তমেব অসাধু কর্ম কারয়তি যম্ অধো নিনীষতি"— তাকে দিয়ে তিনি অসং কর্ম করান। এখন তিনি যদি সব করান, সংকর্ম ও অসং

কর্ম, তা হ'লে আমাদের দোষ কি? কোনও দোষ নেই, কেবল একটি দোষ ছাজ।

বন্ধনের কারণ কর্তৃত্ববোধ

আমরা যেন মনে না করি যে আমি করছি। তাঁকে সরিয়ে এই যে নিজের কর্তৃথবোধ, এই থেকেই যত বিপত্তির ভক। যদি আমরা এই কথা সব সময় মনে রাখতে পারি যে সবই তিনি করছেন, তা হ'লে তো আর কোন চিন্তাই ছিল না; তা হ'লে তো আমরা হতাম জীবন্মুক্ত। কিন্তু ভার্নর বেলায় আমরা ক্বতিত্ব নিই, আর মন্দের বেলায় যদি বলি 'তিনি করাচ্ছেন, তাহ'লে তোমনের দঙ্গে জুয়াচুরি করা হয়। এ যেন সেই ব্রাক্ষণের গো-হত্যার মতো। গল্পটি যদিও অনেকের জানা, তবুও আবার বলস্থি। এক ব্রাহ্মণ খুব হুন্দর এক বাগান করেছেন। সেই বাগানে একদিন এক গরু ঢুকে ভাল ভাল ফুলের গাছ মুড়িয়ে থেল। এই দেখে তো বাল্লণ রেগেই আগুন। গরুটাকে তিনি এমন মারলেন যে গঞ্চী মরেই গেল। তথন গো-হত্যার পাপ বান্ধণকে আক্রমণ করতে এসেছে। এই দেখে তিনি বলনেন "দাঁড়াও, এ পাপ আমি করিনি। হাতের দেবতা ইন্দ্র। অতএব ইন্দ্রই গো-হত্যা করেছে, হাত তো একটা যন্ত্র মাত্র।" গো-হত্যার পাপ তথন গেল ইন্দ্রের কাছে। ইন্দ্র মব ওনে সেই পাপকে একটু অপেক্ষা করতে বলে, নিজে এক বৃদ্ধ বান্ধণের বেশে গেলেন সেই বাগানে। বাগানে গিয়ে বাগানটির খুব প্রশংসা করছেন, ভনে ব্রান্ধণ তো খুব খুসী, ঘুরিয়ে ঘুরিয়ে ছদ্মবেশী ইন্দ্রকে তিনি সব দেখাচ্ছেন আর সবকিছুই তিনি নিজে করেছেন ব'লে ক্বতিহ নিচ্ছেন। ঘুরতে ঘুরতে হঠাৎ মরা-গরুটার কাছে এসে পৌছলেন। চমকে উঠে ছদ্মবেশী ইন্দ্ৰ জিজ্ঞাসা করলেন "এখানে গো-হত্যা ক'রল কে?"

তথন বাদাণ নিজন্তর। এতক্ষণ 'আমি করেছি' বলেছেন, স্থতরাং এখন কি ক'রে বলেন যে, 'এটা ইন্দ্র করেছে'। তাই তিনি চুপ ক'রে রইলেন। তখন ইন্দ্র স্বরূপ ধারণ ক'রে বললেন "তবে রে ভণ্ড! যত ভাল কাজ করবার বেলায় তুমি, আর গো-হত্যা করবার বেলায় ইন্দ্র।"

আমাদেরও ঠিক সেই রকম অবস্থা। আমরা যদি সম্পূর্ণ কর্তৃত্বহীন হই তে ওভ অওভ কোন কর্মের কলের জন্মই আমরা দায়ী হবো না। কিছু যথনই নিজেকে কৰ্তা ব'লে, ভোক্তা ব'লে বোধ হচ্ছে, তখনই ভাল এবং মন্দ এই তু-রকম কর্মের ফলই ভোগ করতে হচ্ছে। স্থতরাং এই দায়িত্ব – হয় আমরা পুরোপুরি নেব, নয়তো সব তাঁর হাতে ছেড়ে দেবো, মাঝামাঝি হ'লে চলবে না ৷ লব জায়গায় আমি করছি, আর যথন অস্ক্রিধার পড়ছি, তথন তিনি করছেন—এ হ'তে পারে না। আমরা অনেক সময় গুনি যে "একটু ভগবানের নাম করা দরকার; তা তিনি ্যদি করান তো ক'রব।" কই খাওয়ার সময় তো বলি না, তিনি যদি থা ওয়ান তে। থাব। তথন তে। আমার চেষ্টা আছে। তথন প্রাণপণ চেপ্তা করছি, আর ভগবানের চিন্তার সময় "তিনি করান তো ক'রব !" আর এটাই হ'ল আমাদের আলভা; আমাদের মনের দঙ্গে জুয়াচুরি। এই জুয়াচুরি না ক'রে যদি আমরা সম্পূর্ণ তাঁর ওপর নির্ভর করতে পারি, তে: আমাদের বিশ্বাদের কখনও অমর্যাদা হবে না। তিনিই আমাদের স্ব রক্ষের অমঙ্গলের হাত থেকে রক্ষা করবেন, কিন্তু তার আগে নয়। আর যদি থেলা আমাদের এত অরুচিকর নাহয় তো থেলা চলুক। তিনি দেথবেন। খালি দেথবেনই না, ছ-একটা ঘুড়ি যদি স্থতো কেটে বেরিয়ে যায় তো তিনি আনন্দে হাততালি দিয়ে উঠবেন। "ভাইতো, আমার খেলা যে এখানে বন্ধ হয়ে গেল"— এ-কথা কখনও বলবেন না!

সংসার ও মুক্তি—ভাঁর ইচ্ছা

তাই বলছেন, তিনি লীলামন্ত্রী, এ সংসার তাঁর লীলা; তিনি ইচ্ছামন্ত্রী, আনন্দমন্ত্রী, লক্ষের মধ্যে একজনকে মৃক্তি দেন। এখন প্রশ্ন হ'ল তিনি তো সকলকেই মৃক্তি দিতে পারেন। তবে কেন তিনি তা দেন না? তার উত্তরে ঠাকুর বলছেন যে, তাঁর ইচ্ছা যে খেলা চলে। আবার যখন খেলা বন্ধ হবে, তখনও তিনিই তা করবেন। প্রসাদ বলে "মন দিয়েছে, মনেরে আঁখি ঠারি"—মনকে তিনি ইশারা ক'রে সংসার করতে বলেছেন। সে তাই করছে; তাঁর মায়াতে ভুলে মানুষ তাই সংসার নিম্নে পড়ে রয়েছে।

এরপর এল একটি মারাত্মক প্রশ্ন — "মহাশয়, দব ত্যাগ না করলে কি ঈশ্বরকে পাওয়া যাবে না ?" সর্বত্যাগী ঠাকুরকে দেখে এই প্রশ্নটি মাতুষের বিশেষ ক'রে মনে ওঠে। সর্বত্যাগীর সান্নিধ্যে এদে মাহুষের নিজের দৈক্ত প্রকট হ'রে ওঠে। তাই প্রশ্ন ওঠে যে সমস্ত ত্যাগ না করলে কি তিনি আমাদের নাগালের বাইরে থাকবেন। এই সর্বত্যাগ আমাদের পক্ষে সম্ভবও হবে না, হুতরাং তাঁকে পাওয়াও আমাদের পক্ষে অসম্ভব। ঠাকুর হেদে বলছেন—হাসা এইজন্ম যে আমাদের দৌড় তিনি জানেন,— "না গো, তোমাদের সব ত্যাগ করতে হবে কেন? তোমরা রসে-বশে বেশ আছ। সারে-মাতে।" গুড়ের নাগরী থাকে, তাতে কোন কোন নাগরীতে কিছু ঝোলা-গুড়ও থাকে, আবার কিছু দানা-গুড়ও থাকে। তাকে বলে সারে-মাতে থাকা। আবার বলছেন নকশা খেলার কথা। এই থেলায় যারা বেণী 'কাটায়', তাদের ঘুঁটি দিয়ে আর খেলা চলে না। ঠাকুর তাই বলেছেন "আমি বেশী কাটিয়ে জ্বলে গেছি।" তারপর তিনি বলেছেন "সত্যি বলছি, তোমরা সংসার ক'বছ, এতে দোষ নেই।" যদিও ঠাকুরের মতো সর্বত্যাগীকে দেখলে মনে হয়, এ-রকম হ'লে তো বেশ হ'ত। কিন্তু মন বোঝে না যে এ-রকম সকলের জন্ম নয়। ঠাকুর তা বোঝেন। তাই বলেছেন "তোমবা সংসার ক'বছ—দোষ নেই।" তবে ঈশবের দিকে মন রাখতে হবে, এই একটা ব্যাপারে ঠাকুরের কিন্তু কোন আপস নেই। সংসারে আমি যেমন ইচ্ছা তেমনি চ'লব, আর ঈশবের একাস্ত দায় তিনি সেখান থেকে তাঁর পাদপদ্দে নিয়ে যাবেন—এ হয় না। তাই বলছেন "তবে ঈশবের দিকে মন রাখতে হবে, না হ'লে হবে না।" তাই সংসার করায় দোষ নেই, দোষ আছে সংসারে আসক্ত হ'রে থাকায়, ভগবানকে ভূলে সংসারে ত্বে থাকায়।

দশ

কথামূত--১া২া৬

নামে বিশ্বাস

কেশব ও অন্তান্ত প্রাক্ষভক্তদের দকে ঠাকুরের অবিরাম দ্বির-প্রবন্ধ চলছে। ঠাকুর বলছেন "মনেতেই বন্ধ, মনেতেই মৃক্ত।" যদি মাহ্রব মনে মনে দৃঢ়সংকল্প ক'রে বলতে পারে যে সে মৃক্ত, তো সে সত্যি মৃক্ত হ'রে যায়। আর তা না হ'রে যদি সে ক্রমাগত ভাবতে থাকে যে, আমি পাপী, আমি বন্ধ, তো সে বন্ধই হ'রে যায়। ঠাকুর বলছেন যে, দ্বির্ধরের নামে এমন বিশ্বাস হওয়া চাই যে "কি, আমি তাঁর নাম করেছি, আমার আবার পাপ কি ?" এই বলে ঠাকুর নিষ্ঠাবান্ প্রান্ধণ ক্রম্ফকিশোরের কুথা বললেন। ক্রম্ফকিশোরের এমনই বিশ্বাস যে এক অন্তচি, সমাজে অপবিত্র বলে গণ্য মৃচিকে বললেন "তুই বল্ শিব"; শিব বলার সঙ্গে সঙ্গে তাঁর বিশ্বাস হ'ল যে সে শুদ্ধ হ'রে গেল, আর তার হাতের জল তিনি গ্রহণ করলেন। ঠাকুর বলছেন যে, "তাঁর নামে বিশ্বাস কর, আর বলো যে অক্তায় করেছি, আর ক'রব না"—এ-তুটি একসঙ্গে হওয়া

চাই। যদি তাঁর কাছে শরণাগত হ'য়ে, শ্রন্ধার সঙ্গে তাঁর নাম গ্রহণ করা যায় তো তিনি সকল পাপ থেকে উদ্ধার করেন। কিন্তু সঙ্গে সঙ্গে এ কথাটাও ব্রুতে হবে—যে তাঁর ওপর নির্ভর করে, যে তাঁর শরণাগত, সে আর অসৎ পথে যায় না। যদি দেখি কেউ অসৎ পথে চলছে, আর বলছে 'আমি তাঁর নাম করেছি, আমি শুদ্ধ, আমি মৃক্ত', তা হ'লে ব্রুতে হবে, সে ঠিক ঠিক নাম করেনি, নামে তার শ্রন্ধাও নেই, তাই সে শুদ্ধও নয়, মৃক্তও নয়। তার আচরণের মধ্য দিয়েই প্রকাশ পাবে, তার স্বরূপ।

ভগবদ্ আশ্রয়

ভাগবতের ভিতরে একটা কথা আছে, যে তাঁকে আশ্রয় করেছে, তার আর কথনো পদখলন হয় না; ঠাকুর যাকে বলছেন 'বেতালে পা পড়ে না'।

''যমাশ্রিত্য নরে' রাজন্ ন প্রমাত্তেত কর্হিচিৎ। ধাবন্নিমীল্য বা নেত্রে ন খলেন্ন পতেদিহ ॥''

বলছেন যে, ভগবানকে বা তাঁর প্রতি শুকা ভিক্তিকে অবলম্বন ক'রে মাহ্য যথন শুক্ত, পবিত্র হয়, তথন সেই আশ্রারের ম্বভাবই হচ্ছে এই যে সে রকম মাহ্য আর প্রমাদগ্রস্ত হয় না; "ন প্রমান্তেত কর্ছিচিং"—কথনও ভুল করে না। "ধাবিদ্নমীল্য বা নেত্রে ন অলেদ্ন পতেদিহ" — যদি দে চোথ বুজেও দোড়োয় তবু তার পদস্থলন হয় না। ঠাকুর বলেছেন, যে ছেলে বাপের কোলে চড়ে যায় সে ম্বছলে হাততালি দিয়ে যেতে পারে; তার পড়বার কোন ভয় থাকে না। কিন্তু যে ছেলে বাপের হাত ধরে চলেছে, দে হঠাং কিছু দেথে অগ্রমনস্ক হ'রে হয়তো হাততালি দিতে গেল, তথনই দে বাপের হাতছা ভা হ'রে পড়ে যেতে পারে তাই যদি দেখা যায় যে কোন ভক্তের বারবার পদস্থলন হছে, তবে

বুঝতে হবে—তার ভক্তি ঠিক অন্তরের ভক্তি নয়। কেন না দে ভক্তি যদি আগুরিক হ'ত, ভগবানই তার রক্ষাকর্তা হতেন; তার পা বেতালে পড়তে দিতেন না।

> ''তেষামহং দম্দ্ধর্তা মৃত্যুসংদারদাগরাৎ। ভবামি ন চিরাৎ পার্থ মঘ্যাবেশিতচেতদাম্॥''

ধার। অনগ্রচিন্ত হ'য়ে ভগবানের শরণাগত হন, ভগবানই তাঁদের উদ্ধার করেন। ভগবান প্রতিজ্ঞা ক'রে বলছেন যে, তিনি তাঁদের মৃত্যুসংসাররূপ সাগর থেকে উদ্ধার করেন। তাঁর প্রতিজ্ঞা তিনি রক্ষা করেন। তবে তাঁকে যদি ভার দিই তো ভার সম্পূর্ণরূপে দিতে হবে, তার মধ্যে কোন ভাগাভাগি চলবে না।

গিরিশবাবু ও বক**ল্**মা

ঠাকুরকে বকল্মা দিয়ে গিরিশবার্ খুব স্বস্তির নিঃশাদ ফেললেন, ভাবলেন—তিনি এবার নিশ্চিন্ত। এরপর একদিন যথন কথার কথার গিরিশবার্ বলে উঠেছেন যে তাঁকে কোন এক জারগার যেতে হবে, ঠাকুর সঙ্গে মঙ্গে বলে উঠলেন "সে কি গো, তুমি না আমার বকল্মা দিয়েছ ? তুমি আবার এটা করতে হবে, ওটা করতে হবে'— ব'লছ কেন ?" গিরিশবার্ তথন বুঝলেন, সত্যি তো, তাঁর যে বকল্মা দেওয়া আছে; এখন তো আর থানিকটা তাঁর, থাকিটা আমার করলে চলবে না। যেথানে আমার অভিমান নিহিত আছে, সেটা আমি ক'বেব; আর যেটা কঠিন সেটা তিনি করবেন; এ-রকম ভাগাভাগি তো চলে না। তাই শাস্ত্র বলেছেন যে, পরিপূর্ণভাবে অনক্সচিত্ত হ'য়ে তাঁর শরণাগত হ'তে হবে। 'অনক্য' না হ'লে হবে না। যদি আমি 'এটাও কিছুটা' 'ওটাও কিছুটা' করি তো বুঝতে হবে কোনটাতেই আমার নিষ্ঠা নেই। তাই বলেছেন, ''অনক্যাশ্চিন্তয়জো মাং যে জনাঃ

পষ্পাসতে" অন্যাচিত্ত হ'রে যদি তার শরণাগত হওয়া যায়, তবেই তিনি তাকে সর্বপ্রকারে রক্ষা করেন। কিন্তু 'অন্যা হ'তে হবে, সম্পূর্ণরূপে তার ওপর ছেড়ে দিতে হবে।' এই কথাটি ঠাকুর গিরিশকে ভাল ক'রে বুঝিয়ে দিলেন। এ-সম্বন্ধে পরবর্তী জীবনে গিরিশ বলছেন যে, তথন তিনি ভেবেছিলেন যে বকল্মা দিয়ে বোধ হয় তিনি নিশ্চিম্ত হলেন, কিন্তু পরে প্রত্যোকটি কাজের আগে, এমনকি প্রতিটি খাস-প্রশাসের আগে তাঁকে ভাবতে হয়েছে যে, সে কাজটি তিনি করছেন, না ঠাকুর করছেন। 'বকল্মা দেওয়া'র অর্থ যে এত গৃঢ়, তা তিনি তথন 'ভাবতেই পারেন নি। ঠাকুরও এ-কথা বারবার বলেছেন, তিনি করিয়ে নেন, ছাড়েন না। তাই ঠাকুর তাঁর আদরের সম্ভানদের দিয়েও কঠোর সাধনা করিয়ে নিয়েছেন, জগতে এই সত্য প্রতিষ্ঠিত করবার জন্ম যে এ-বস্তু এত সহজ-লভ্য নয়। তবে যদি কেউ তাঁর উপর নির্ভর করে তো তথন যা করাবার তিনিই করিয়ে নেন।

এর পর ঠাকুর বলছেন যে বাহ্মসমাজে খ্রীষ্টান প্রভাব থাকায় খ্রীষ্টানদের মতো পাপ ও পাপীর উপর বেশ জোর দেওয়া হয়। ঠাকুর এটা একবারেই পছন্দ করতেন না। এ-সম্বন্ধে বহুবার তিনি বলেছেন, যারা নাম' করে, জপ করে, তারা এত 'পাপী পাপী' কেন করে? তা হ'লে নিশ্চয় তাদের নামে তেমন বিশ্বাস নেই। পুরাণে একটি আখ্যায়িকা আছে যে, কোন রাজা ব্রহ্মহত্যা ক'রে খ্যবির কাছে গেছে, ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত কি ক'রে হবে, তা জানবার জন্ম। খ্যবি বাড়িতে নেই খ্রিনিক ছিল। সে ব'লল "ব্রহ্মহত্যা ক'রে এসেছ, বেশ, তিনবার 'রাম' নাম কর। তুমি এখন নিশাপ"। খ্যবি বাড়িতে ক্ষিরলে বালক তাকে সব কথা খুলে বললে। সব শুনে খ্যবি বললেন "করেছিল্ কি! এক 'রাম' নামে কোটি ব্রহ্মহত্যা হরে।

তিনবার রামনাম করাইলি তারে ?"

"এক রাম নামে যেখানে কোটি ব্রশ্বহত্যার পাপ চলে যায়, কি হিসেবে তাকে তিনবার রামনাম করালি? একবারই কি যথেষ্ট নয়?" তাই ঠাকুর বলছেন যে, এত নাম করেও যারা 'পাণী পাণী' বলে, বুঝতে হবে যে তাদের নামে শ্রন্ধা নেই।

ভগবানের দক্ষে আমাদের এইরকম দম্বন্ধ পাতাতে হবে যে আমরা তাঁর সন্তান, তাঁর অতুল আধ্যাত্মিক ঐশর্থে আমাদের অধিকার। তাঁর পবিত্রতা, তাঁর ভদ্ধি, তাঁর যে দমস্ত বন্ধনাতীত দত্তা—এই দবকিছুর উপর আমাদের দাবী, যে দাবীর উপর, ঠাকুর বলেছেন যে, কোন নালিশও চলে না। তাই তো ঠাকুর গাইলেন—"আমি হুর্গা হুর্গা ব'লে মা যদি মরি।" যদি তাঁর নাম করি তো উদ্ধার আমাদের হাতের মুঠোয় ধরা রয়েছে। এর পরেও যদি আমরা চিন্তা করি তো বুঝতে হবে, তাঁর নামে আমাদের সে বিশাসও নেই, ভক্তিও নেই।

😎দ্ধা ভক্তি

ঠাকুর মার কাছে চেয়েছিলেন শুকাভক্তি, অহৈতৃকী ভক্তি, যে ভক্তি কোন প্রয়োজন সাধনের জন্ত নয়। বিশেষ কোন উদ্দেশ্ত দিদ্ধ করবার জন্ত নয়, এমন কি মুক্তির জন্তও নয়। এই রকম ভক্তি যদি কারও থাকে, তা হ'লে তার আর সংসারের কোন জিনিসের জন্ত প্রার্থনা করতে হয় না। ভগবানকে আমরা সাধারণতঃ উপায়রূপে গ্রহণ করি, বলি, 'ভগবান আমি বিপদে পড়েছি, আমায় উদ্ধার কর; হে ভগবান, আমাকে এটা পাইয়ে দাও, সেটা পাইয়ে দাও, ইত্যাদি'; কিন্তু শুদ্ধা ভক্তি ঠিক তার বিপরীত। সেথানে একমাত্র তিনি ছাড়া আর কোন কাম্য নেই। 'আর কিছুই চাই না ভগরান, একমাত্র তোমাকে চাই, তোমাকে ভালবাদতে চাই, যে ভালবাদা হবে নিদ্ধাম, অহৈতৃক, যে ভালবাদার কোন কারণ থাকবে না।' তাই তো ঠাকুর মায়ের পায়ে শুচি-অশুচি, পাপ-পূণ্য, ধর্ম-অধর্ম-স্ব নিবেদন করলেন, চাইলেন কেবল শুদ্ধা ভক্তি।

'এ-স্ংসার ধোঁকার টাটি' প্রসাদ বলেছিলেন। তাঁর পাদপাের শুদ্ধা ভক্তি লাভ করলে আবার এই সংসারই হয় 'মঙ্গার কূটি'। সংসারের অনিতাতা বিচার ক'বে এ-সংসারকে যথন মিথাা, মায়িক বস্তু ব'লে বােধ হয়, তথন এ-সংসার 'ধোঁকার টাটি' ব'লে মনে হয়। আবার যথন এই সিদ্ধান্ত দৃঢ় হয় যে এই সংসার সেই এক পরমেশ্বর ছাড়া আর কিছু নয়, ভিনি ছাড়া এর আর কোন পৃথক্ সন্তা নেই—আমরা এই যা কিছু দেখছি, সবই সেই ব্লম্বরূপ, তথন এ-সংসারে থেকেও আমরা ভগবানের লীলা আধাদন করতে পারি। আর তথনই সংসার 'মঙ্গার কূটি' হয়। এই সংসার আমাকে আবদ্ধ করবে, এই সংসার আমাকে ব্লম্ব থেকে দ্বে নিয়ে যাবে—এ-রক্ম আশংকার তথন আর কোন অবকাশ থাকে না।

ঠাকুর বনছেন, একবার তিনি ধানে করতে বনেছেন চোথ বুজে; বনে ভাবলেন যে চোথ বুজনেই 'তিনি' আর চোথ চাইলে 'তিনি নেই'! ভাবলেন যে, এ কেমন একবেরে ভাব যে চোথ বুজেই তাঁকে ভাবতে হবে! তিনি না অন্তরে বাহিরে সর্বত্র বিরাজিত! জগতে এমন কোন জিনিস কি আছে, য তিনি ছাড়া? গীতায় তো ভগবান বলেছেন "ন তদন্তি বিনা যং স্থান্ময়া ভূতং চরাচরম্"—পৃথিবীতে এমন কোন জিনিস নেই, যা আমি ছাড়া। জগতের প্রতিটি অবুপ্রমাণ্তে তিনি ওতপ্রোত হ'য়ে রয়েছেন, এক একটি ধুলিকণার ভিতরেও তিনি পূর্ণভাবে বিরাজ করছেন, অংশতঃ নয়. ক্রুরেপে নয়; কারণ অথও যিনি, অবিভাজা যিনি, তাঁকে কি আর ভাগ ক'রে টুকরো টুকরো করা যায়? এই বুদ্ধিতে যথন মানুষ প্রতিষ্ঠিত হয়, তথন জগতে কি এমন বস্তু আছে, যা তাকে মাহত্রক্তি করবে ? উপনিষদ্ধ বলছেন, শ্রথন সর্বত্র কেউ

আত্মাকে দেখে "তত্ত্ব কো মোহং কং শোক একত্বমমুপশ্রতং"—তথন শোকই বা কোথায়, মোহই বা কোথায়? এর পর ঠাকুর বলছেন যে, এ সত্য কথা যে, জনকরাজা একাধারে জ্ঞানী আবার কর্মী, নিত্যসত্যে প্রতিষ্ঠিত, আবার তিনিই এই জগতে সাধারণের মতো ব্যবহার করছেন। রাজা তিনি, সংসারী তিনি—তিনি সংসার ত্যাগ ক'রে বনবাসী হ'য়ে যাননি, সতরাং তাঁর জ্ঞানের সঙ্গে সংসারের কোন বিরোধ নেই। কথাটি ব'লে ঠাকুর বলছেন "কিন্তু ফদ ক'রে জনকরাজা হওয়া যায় না।"

মির্জনবাস ও সাধন

জনকরাজার উদাহরণ দিয়ে আমরা অনেক সময় বলি যে আমরা জনকরাজার মতো সংসারও ক'রব আবার ভগবানের চিস্তাও ক'রব। কিন্তু এই যে ভগবানে নিত্য প্রতিষ্ঠিত হওয়া, তা এত সহজ্পাধ্য নয়। তার জন্ম অনেক সাধন করতে হয়। জনকরাজা নির্জনে অনেক তপস্থা করেছিলেন, তবে 'জনকরাজা' হ'তে পেরেছিলেন। তাই সংসারে থেকেও মাঝে মাঝে নির্জনবাদ করতে হয়। নির্জনে গিয়ে যদি ভগবানের জন্ম তিনদিনও কাঁদা যায় তো দেও ভাল। তবে মনে রাখতে হবে যে এ কেবল নির্জনবাসের জন্ত নির্জনে বাস নয়, তা যদি হ'ত তো নির্জন সেলে বন্দী কয়েদীরা তো সব শ্রেষ্ঠ ধার্মিক হ'য়ে যেত। তা নয়। ক্লারণ, যতক্ষণ পর্যন্ত না নির্জনে গিয়ে আমরা আমাদের মনের সঙ্গে বোঝাপড়া করছি, ততক্ষণ আমাদের লক্ষ্যন্ত্রষ্ট করবার জন্য মনের কতদুর শক্তি, তা আমরা আন্দান্ধ করতে পারি না। স্রোতে গা ভাসিয়ে দিয়ে যারা ভেমে যায়, স্রোতের শক্তি যে কত প্রবল তা তারা বুঝতে পারে না। যথনই স্রোহত বিরুদ্ধে কেউ এগোবার চেষ্টা করে, তথনই সে এর শক্তির পরিচয় পায়। তাই যাঁরা সাধন-ভন্ধন করেন, তাঁরা জানেন

যে যত তাঁরা মনকে ইপ্তে নিবিষ্ট হবার জন্য নির্দেশ দিচ্ছেন, মন ততই ঠিক সেইটি ছাড়া চুনিয়ার আর সব জিনিসের কথা ভাবছে। এই মনের সঙ্গে যুঝতে গেলে আমাদের এই সদা-বিক্লেপময় সংসারের ভিতর থেকে তা করা সম্ভব নয়। এই জন্ম ঠাকুর নির্জনে গিয়ে ঈশবচিন্তার কথা বলছেন। নির্জনে কেন? না, সেখানে গেলে চিত্তবিক্ষেপের স্ভাবনা কিছুটা কম থাকবে। তাই এই নির্দ্ধনেই মনের স্বরূপের সঙ্গে আমরা পরিচিত হ'তে পারি। আমরা ধরতে পারি, মন আমাদের কোথায় নিয়ে যাচ্ছে, কডভাবে বিভ্রাস্ত করছে। নির্দ্ধনে বিক্ষেপের কারণ থাকে না, তাই ভগবানের সঙ্গে আমাদের সম্বন্ধ নির্বাধ হ'তে পারে। আমরা অহরহ এই সংসারের কোলাহলের মধ্যে যেভাবে দিন কাটাচ্ছি, তাতে এই মনকে সংযত ক'বে ভগবানের দিকে স্থির রাখা অসম্ভব হ'য়ে দাঁডায়। তাই মানুৰের অবকাশের প্রতীক্ষা করতে হয়; আর যথনই এই অবসর হয়, তথনই নিজ্নে মনকে ঈশ্বর-চিন্তায় অভ্যন্ত করতে হয়। এই অভ্যাদ করতে করতে তবে ভগবানের জন্ম একটা স্বাদ, একটা আকর্ষণ, একটা আনন্দ বোধ হয়-পার্থিব আনন্দের সঙ্গে যার অনেক পার্থক্য। পার্থিব বস্তুতে আনন্দ পাওয়া খুবই স্লাভাবিক, কেন না মনের স্বাভাবিক গতিই ঐ দিকে; কিন্তু ভগবদ্-আনন্দ !—এ দিকে তো ইন্দ্রিয়ের স্বাভাবিক প্রবৃত্তি নেই, তাই ভগবানের দিকে মনের মোড় ফেরাতে গেলে মনের সঙ্গে যুদ্ধ করতে হয়, চেষ্টা করতে হয়, অভ্যাস করতে হয়, তবেই ধীবে ধীবে সেই আনন্দের আস্বাদ পাওয়া যায়।

কেশব ও বিজয়ের মতভেদ

ঠাকুর শ্রীরামকৃষ্ণ কেশবের সঙ্গে গঙ্গাবক্ষে খ্রীমারে চলেছেন, আর অরিরাম ঈশ্বর-প্রদঙ্গ চলছে। বিজয় আর কেশবের মধ্যে যে মতভেদ আছে, ঠাকুর তা দূর করার চেষ্টা করছেন। কেশব ও বিজয় পরস্পরের ষ্মৃত্যস্ত ঘনিষ্ঠ ছিলেন। পরে মতভেদ হওয়ায় বিজয় কেশবের বান্ধসমাজ জ্ঞেড় আলাদা হ'মে গেলেন, ফলে উভমের অন্তরদের মধ্যে একটা জন্দ দেখা দিল। ঠাকুর তাই এদের হুজনের মধ্যে ভাব করিয়ে দেবার চেষ্টা করছেন। তাঁদের মতভেদের উল্লেখ ক'রে ঠাকুর বলছেন যে, তাঁদের ঝগড়া যেন শিব-রামের ঝগড়া। শিবের গুরু রাম; রামের গুরু শিব। তাঁদের ঝগড়া মিটে গেল, কিন্তু তাঁদের অত্তরদের অর্থাৎ বানর ও ভূতপ্রেতগুলোর ঝগড়া মিটল না। ঠাকুর আরও বলছেন, গুরু-শিয়ের ঝগড়া এ আর নতুন কিছু নয়। গুরুর দঙ্গে রামাইজের মতবিরোধ হয়েছিল। কিন্তু গুরুশিয়োর সম্বন্ধ যেন পিতা-পুত্রের সম্বন্ধের মতো। বাইরে তাদের যতই বিরোধ থাকুক না, অন্তরে পরস্পরের প্রতি এক নিগৃঢ়, সাকর্ষণ থাকে।

এর পর ঠাকুর কেশবকে বোঝাচ্ছেন, কেন তাঁর দল ভেঙে যায়— তিনি প্রকৃতি দেখে শিশু করেন না বলে। বলা বাহুল্য, কেশবের দলের ভাঙনের কারণ ছিল তাঁর অন্ধর্মসের মেয়ের সঙ্গে কুচবিহার-রাজার বিয়ে দেওয়া। ব্রাহ্মসমাজের কর্ণধার হ'য়ে তিনি নিজেই অন্ধ বয়সে মেয়েদের বিয়ে না দেওয়ার সমাজের প্রতিজ্ঞা ভাঙলেন। ফলে বিরোধের স্ষ্টি হ'ল; বিজয়কৃষ্ণ গোস্বামী প্রভৃতি তাঁর দল ছেড়ে দিয়ে এক নতুন দল গড়লেন।

ঠাকুরের অভিমানশূন্যতা

প্রদক্ষতঃ ঠাকুর বলছেন যে কেশব গুরু হ'য়ে, বিচার না ক'রে যাকে তাকে শিশুতে গ্রহণ করতেন; তার ফলে সকলে তাঁকে সমভাবে গ্রহণ করতে পারেনি, ফলে দল ভেঙে যায়। ঠাকুর বলছেন, তাঁর কিন্তু অন্ত ভাব, "আমি থাই-দাই থাকি, আর সব মা জানে ৷ আমার তিন কথাতে গায়ে কাঁটা বেঁধে—গুরু, কর্তা, বাবা।" অর্থাৎ 'আমি গুরু'— এই বৃদ্ধি তাঁর নেই। এই রকম কর্তৃত্বদ্ধি থাকলে অভিমানের সৃষ্টি হয় আর এই অভিমান থেকেই পতন হয়। দেখা যায় যে কর্তৃত্বোধ থেকে অপরকে চালাবার আগ্রহই মাহুষের মধ্যে বেশী থাকে; নিজে চলবার প্রতি তার তেমন আগ্রহ থাকে না। ফলে উপনিষদে যেমন বলা হয়েছে ''অক্ষেনৈব নীয়মানা ষথাকাঃ"—অক্ষের তারা চালিত অক্ষের মতো তার অবস্থা হয়। এই গুরুগিরি থেকে সাবধান ক'রে দিচ্ছেন কেশবকে। অন্তদিকে তাঁর নিজের ভাবের কথা তিনি বলছেন যে, মার হাতের যন্ত্র তিনি। মা যেমন চালাচ্ছেন, তিনি তেমনি চলছেন। যেখানে তত্ত্ব হুজ্জের, পথ অপরিচিত, সেইপথে অপরকে চালানো কত এই পথে অপরকে চালাবার আগে আমাদের নিজেদের প্রশ্ন করতে হবে, আমরা কি অভ্রান্ত ? নিজে যদি অভ্রান্ত না হই তো অপরকে যে নির্দেশ দেব, তা ভ্রান্তিশৃত্ত হবে কি ক'রে ? এইজত্ত ঠাকুর বলছেন যে, সব তাঁর উপর ছেড়ে দিতে হয়।

গুরু তিনিই হ'তে পারেন, যাঁকে ঈশ্বর নির্দেশ দেন গুরু হবার। তথন তাঁর ভিতরে তিনি প্রতিষ্ঠিত হ'য়ে অপরকে চালনা করেন। নেথানে গুরুর কোন কর্তৃত্ব থাকে না, কর্তৃত্ব থাকে ভগবানের। গুরু নেখানে মাধ্যম হ'য়ে কাজ করেন। অপরকে চালনা করার অধিকার ভগবান যদি আমাদের না দেন, তো আমাদের কথার কোন জোর থাকে না। যীশুঞ্জীষ্ট উপদেশ দিছেেন; একজন বললেন "He speaks like on having authority." তাঁর কথার এমন জোর দেখা যাচ্ছে যে, মনে হচ্ছে যে তিনি আদেশ পেয়েই কথা বলছেন।

গুরু-শিশ্য-সম্বন্ধ

ঠাকুর আরও বলছেন, গুরু এক সচ্চিদানন্দ, আর কেউ নয়। শাল্তের ' দিদ্বান্তও তাই। আমরা যথন প্রণাম মন্ত্রে বলি "গুরুর্জা গুরুর্বিফ: গুরুর্দেবো মহেশ্বর:।" তথন 'আমার গুরু অমুক ভট্টাচার্য'—তিনি বন্ধা বিষ্ণু মহেশ্বর, এ-কথা বোঝায় না। শান্তের তাৎপর্য এখানে ভাবে বুঝতে ছবে। অমুক ভট্টাচার্য যে বলছি, তিনি কিন্তু গুরু নন। গুরু হচ্ছেন স্চিদানন্দ স্বয়ং: হ'তে পারে তিনি কোন আধারের মধ্য দিয়ে তাঁর কুপা বিতরণ করেন। কিন্তু সেই কুপা বিতরণ তখনই সার্থক হয়, যথন সেই মাধ্যম হয় ভদ্ধ। আর সেই মাধ্যমে যদি অভদ্ধি থা কে তো তাঁর কুপা অবাধে প্রবাহিত হ'তে পারে না। এইজন্ম গুরুরও অধিকার-অন্ধিকার বিচার শিশ্ব করবে, তাঁকে গুরুরূপে বরণ করার আগে। এইটি শাল্তের সিদ্ধান্ত। শান্ত আরও বলেন যে, যাঁকে গুরুরূপে বরণ করতে হবে, তাঁকে জানতে হবে, তাঁর সঙ্গে পরিচিত হ'তে হবে, তাঁর আচরণ বিচার ক'রে দেখতে হবে। ঠিক ঐ রকম বিচার করার কথা শিশু সম্বন্ধেও প্রযোজ্য। গুরু যদি অন্ধিকারী হন তো তিনি যথাবিধি শিখ্যকে পরিচালনা করতে পারবেন না। শিখ্যও যদি উপযক্ত গুণসম্পন্ন না হন, তিনিও অগ্রসর হ'তে পারবেন না। গুরু নিজে গুল্পচরিত্র হ'রে. শিয়ের প্রতি করুণাপরবশ হ'য়ে তার পথ প্রদর্শনের জন্য সাধ্যমত চেষ্টা করবেন এবং এই সম্বন্ধের ভিতর যেন কোন আর্থিক আদান-প্রদানের

ভাব না থাকে, এটা যেন একটা ব্যবসায়ে পরিণত না হয় -সে বিষয়ে থ্ব সাবধান হ'তে হবে। শাস্ত্র বলছেন, তিনি শ্রোত্রিয় শাস্ত্রজ্ঞ হবেন,

থ্ব সবিধান হ'তে হবে। শাস্ত্র বলছেন, তিনি শ্রোত্রিয় শাস্ত্রজ্ঞ হবেন, ব্রহ্মনিষ্ঠ—শাস্ত্রের সিদ্ধান্ত জীবনে প্রতিফলিত ক'বে তাতে প্রতিষ্ঠিত

প্রকানষ্ঠ শাস্ত্রের াদদ্ধান্ত জাবনে প্রাত্ধান্ত ক'রে তাতে প্রাত্তিত পাকবেন—তিনি অকামহত হবেন অর্থাৎ কোন কামনার দারা প্রেরিত হ'য়ে তিনি শিয়োর সঙ্গে সম্বন্ধ শ্বাপন করবেন না। আর তার যেন

হ রে তান শিশ্রের সঙ্গে সম্বর্জ্বাপন করবেন না। আর তার বেন আমিত্বের অভিমান একটুও না থাকে। স্ত্রাং গুরু সবচেয়ে বেনী অযোগ্যভার পরিচয় দেবেন তথন, যথন 'আমি শিক্ষা দিচ্ছি শোন, আমি

অযোগ্যভার পরিচয় দেবেন তথন, যথন 'আমি শিক্ষা দিচ্ছি শোন, আমি
নির্দেশ দিচ্ছি, তোমরা সেই অনুসারে চল'—এইরকম আমিত্বের অভিমান
থাকবে তার। গুরুকে ভাবতে হবে যে তিনি একটি আধার মাত্র, যেমন
মাটির প্রতিমা আমাদের উপলক্ষ্য, ঠিক সেই রকম। প্রতিমা যেমন
দেবতা নন, তেমনি সেই র্যক্তি আধাররূপে গুরুশক্তি প্রকাশের একটি
ইপলক্ষ্য মাত্র, গুরু নন। ঠাকুর তাই বলছেন, গুরু সেই সচিদানন্দ এবং

দেই দৃষ্টিতে দেখেই "গুরুর জা গুরুর্বিফু: গুরুর্দেবো মহেশ্বর:"—এ-কথা বলা দন্তব। মাচুষ হ'য়ে জন্মালে তার মধ্যে কিছু না কিছু অপূর্ণতা থাকবেই, তাই দে অসম্পূর্ণ ব্যক্তি কথনও পর ব্রহ্ম হ'তে পারেন না—এ-

কথা সকলের বোঝা উচিত, বিশেষ ক'রে বোঝা উচিত তাঁর যিনি

গুৰুপদে প্ৰতিষ্ঠিত আছেন। বৰীন্দ্ৰনাথ যেমন বলেছেন "পথ ভাবে আমি দেব, বথ ভাবে আমি। মূৰ্তি ভাবে আমি দেব, হাদে অন্তৰ্গামী।"

রথ, পথ, মৃতি সকলেই নিজে নিজেকে প্রণামের লক্ষ্য ব'লে ভাবছে; আর অন্তর্যামী হাসছেন, ভাবছেন যে এরা কি ভুলই না করছে।

উপনিষদে একটা গল্প আছে যে দেবতারা যুদ্ধে অস্তরদের পরাজিত ক'রে খুব অভিমানী হ'ল্পে উঠেছিল। ব্রহ্ম সর্বান্তর্যামী পরমেশ্বর, তিনি

দেবতাদের এই মনোভাব বুঝলেন; বুঝে তিনি তাঁদের অভিমান দ্র
*করবার জন্ম একটি ১অপূর্ব রূপে আবিভূত হলেন, দেবতারা তাঁকে

চিনতে পারলেন না। তথন তাঁরা অগ্নিকে পাঠালেন জেনে আসতে, ইনি কে। অগ্নিকে দেখে তিনি জিজ্ঞান। করলেন 'তুমি কে হে বাপু ?' অগ্নির অভিমানে ঘা লাগল, বললেন "আমি অগ্নি, আমি জাতবেদা"। তিনি বললেন 'বুঝলাম তোমার ছোট বড় অনেক নাম আছে, কিন্তু তুমি কি করতে পারো ?' 'আমি জগৎদংদারটা পুড়িয়ে ছাই ক'রে দিতে পারি। ' 'তাই নাকি। তা হ'লে এই কুটোটা পোড়াও তো'। অগ্নি গেলেন দেটাকে পোড়াতে, সমস্ত শক্তি প্রয়োগ করলেন ; কিন্তু তবুও দেটির গায়ে আগুনের একট আঁচও লাগাতে পারলেন না। লজ্জায় অধোবদন হ'য়ে 'তিনি ফিরে এলেন। তথন বায়ুকে পাঠানো হ'ল। বায়ুরও হ'ল ঠিক সেই অগ্নির মত অবস্থা। তথন ইন্দ্র নিজে গেলেন। ইন্দ্রকে আরো তীত্র কশাঘাত করবার জন্ম সেই যক্ষ অন্তর্হিত হলেন। ইন্দ্র লজ্জিত হ'য়ে অংধাবদনে দাঁড়িয়ে আছেন, এমন সময় সেখানে উমা হৈমবতীর আবিভাব হ'ল। তিনি বললেন, "ইক্র, যিনি তোমাদের সামনে আবিভূতি হয়ে-ছিলেন, তাঁকে তোমরা কেউ চিনতে পারলে না, তিনিই হলেন পরবন্ধ। অস্ত্রদের দক্ষে যুদ্ধে তারই জয় হয়েছে, ভোমাদের কোন কৃতিত্ব নেই দেখানে।" ঠিক দেই বকম আমবা যদি মনে করি যে, কোন কাজ আমাদের শক্তিতে হর্চ্ছে তা হ'লে আমরা ভুল ক'রব। আমাদের নিজেদের কোন সামর্থ্য নেই; আমাদের পিছনে সর্বশক্তির আধার যিনি, তিনিই আমাদের চালাচ্ছেন; ঠিক যেমন পুতুলনাচের পুতুলগুলোকে চালানো হয়, উপর থেকে দড়ি ধরে। ঠাকুর উপমা দিয়ে বলছেন, যেমন আলু পটল সিদ্ধ হবার সময় দেখা যায়, সেগুলো লাফাচ্ছে; নীচে আগুন থাকে. তাই তারা লাফায়; আগুনটা সরিয়ে নিলে সব ঠাণ্ডা। শাল্পে বলেছেন— ''ষঃ সর্বেষু ভূতেযু তিষ্ঠন্, সর্বেভ্যো ভূতেভ্যো অস্তরঃ, যং সর্বাণি ভূতাতি ন বিহু:, যশু দর্বাণি ভূতানি শরীরম্, যঃ দর্বাণি ভূতানি অন্তরো যময়তি, এব তে আত্মা অন্তর্গার্মী অমৃতঃ।" যিনি সর্বভূতে অবস্থিত,

দর্বভূত থেকে পৃথক্, দর্বভূত যাঁকে জানে না, দর্বভূত যাঁর শরীর, দকল ভূতের অভাস্তরে থেকে যিনি তাদের নিয়ন্ত্রণ করছেন, তিনিই নিয়ন্ত্রণ-কর্তা অন্তর্যামী, অমরণধর্মী আত্মা।

যাঁর শক্তিতে সর্ব ক্রিয়া ঘটছে, আমাদের সকল চেষ্টা নিয়ন্ত্রিত হচ্ছে তাঁকে কিন্তু "সর্বাণি ভূতানি ন বিজ্ঃ"—সর্বভূত জানে না; আর এই জানে না বলেই সকলে ভূল ক'রে মনে করে যে 'আমি করছি'। এই যে নিজেকে কর্তার আদনে বদানো—এরই নাম অবিলা, এরই নাম অজ্ঞান। তাই ঠাকুর বারবার বলছেন "নাহং নাহং তুঁছ তুঁছ"—আমি নয়, সবু কিছুই তুমি। এই দৃষ্টিতে ঘতক্ষণ না আমরা দেখব, ততক্ষণ তাঁর প্রকাশ আমাদের মধ্যে হবে না, আমরা কেবল চোখ-বাঁধা বলদের মতো এই বিশ্বে জন্মমুত্যুপরম্পরার মধ্য দিয়ে ঘুরে ম'রব।

তাই যত্ক্ষণ না তিনি আদেশ দিচ্ছেন ততক্ষণ গুরু পদবী গ্রহণ করা উচিত নয়। শশধর তর্কচ্ডামণিকে ঠাকুর যথন এই আদেশের কথা জিজ্ঞাসা করলেন, পণ্ডিত তথন একটু সঙ্কোচবোধ করলেন। ঠাকুর তথন বলছেন যে "আদেশ না পেয়ে থাকলে তাঁর কথায় জোর হবে না"—কেউ বলবে না "He speaks like one having authority."

ইশ্বরলাভ ও লোককল্যাণ

এরপর ঠাকুর বলছেন যে 'তোমরা বলো জগতের উপকার করা, জগৎকে শিক্ষা দেওয়া। তুমি কে যে, জগতের উপকার করবে। আগে তাঁকে লাভ কর, তিনি শক্তি দিলে, তবে সকলের উপকার করবে; নচেৎ নয়।' অনেক সময় আমরা মনে করি, জগতের উপকার করার কথা। এটা আর কিছু নয়, কেবল আমাদের ভিতরের প্রচ্ছয় অহংকারকে

একটা আকর্ষণীয়রূপে প্রকাশ করা মাত্র। যীভঞ্জীষ্ট একটা স্থন্দর কথা

বলেছিলেন যে "তোমার চোথে একটা কড়িকাঠ পড়ে আছে, আর

ভিথাবী হ'য়ে থাকবে।

একজনের চোথে একটা কুটো পড়ে আছে — তুমি দেই কুটোটা সরাতে যাচছ। আগে তোমার চোথের উপর থেকে দেই কড়িকাঠটা সরাও, তবে তো তুমি দেখতে পাবে, তবে তো তুমি অপরের চোথের উপর থেকে কুটোটা সরাতে পারবে।" আমরা নিজেদের অবস্থার কথা না ভেবে অপরের কল্যাণের জন্ম অনেক সময় ব্যস্ত হই। ঠাকুর তাই বলছেন, ''যার জগং তিনি কি আর জগতের কল্যাণে সমর্থ হচ্ছেন না

যে, তোমাকে জগতের কল্যাণ করতে হবে।" কল্যাণ সম্বন্ধে তোমার

ধারণাটাই বা কতটুকু যে তুমি জগতের কল্যাণ করবে ?

'বালাগ্রশতভাগস্থ শতধা কল্লিভস্থ চ ভাগো জীবঃ"—একটা চুলের
ডগা, তাকে একশ ভাগ করলে যা হয় তার আবার একশ ভাগ করলে
মতটুকু হয়, ততটুকু এই জীব। এই এতটুকু জীব, সে আবার অহংকার
করছে যে সে জগতের উপকার করবে! কি বিকট অভিমান যে আমি
এই জগতের কল্যাণ ক'বব, আর সমস্ক জগৎ আমার সেই কল্যাণের

তাইতো 'জীবে দয়ার' কথা শুনে ঠাকুর ব'লে উঠেছিলেন "দয়া!
দয়া করবার তুমি কে? বলো 'জীবে দেবা'।" সকল জীবের মধ্যে
তিনি রয়েছেন সেই দৃষ্টিতে তাঁর নেবা করা। এই ভাবটি যদি আমরা
গ্রহণ করি, তবেই আমাদের কর্ম পরিণত হবে সাধনায়। না হ'লে
জীবে দয়া করতে গেলে আমাদের অভিমান হিমালয়ের মতো বিশাল
হ'য়ে উঠবে, যার ভারে আমরা ডুববো। স্বামীজী যিনি এত কর্মের কথা
বলেছেন, তিনিও বলছেন যে, "এ জগৎটা যেন একটা কুকুরের লেজ।
টানাটানি ক'রে মনে করি সোজা হয়েছে, ছেড়ে দিলেই সে যেমন
বাঁকা, তেমনি থাকে।"

জীব সেবা

আসল কথা হচ্ছে এ জগৎটা একটা পাঠশালা। এই পাঠশালায় আমরা এদেছি শেথবার জন্ম। এই শেথবার দৃষ্টি নিয়ে যদি আমরা কান্ধ করি তবে আমাদের কিছু লাভ হবে, নচেৎ নয়। 'জগন্নাথের রথ তাঁরই শক্তিতে চলে, তোমার শক্তিতে নয়। তুমি সেই রথের দড়ি ছুঁয়ে নিজের জীবনকে সার্থক করতে পারো এই পর্যন্ত।' কাজেই আমি সমাজ সংস্কার ক'রে বা নানা লোকহিতকর কর্ম ক'রে, এ জগতের উপকার ক'রব—এ-সবই আমাদের ভ্রান্ত অভিমান। ভগবান আমাদের এই জগতে আসার হুযোগ দিয়েছেন, কান্ধ ক'রে নিজেকে ধন্ত করবার জন্ত, আর সেই কাজ করতে হবে দেবার ভাবে, দরার ভাবে নয়। তাই তো স্বামীজী বলেছেন—দরিত্রদেবো ভব, মূর্থ-দেবে। ভব। সব জায়গায় তিনি। তাঁর সেবা কর, যেথানে যে রকম প্রয়োজন দেখানে সেই ভাবে। যেখানে যেটি প্রয়োজন, ভাবতে হবে ভগবান দেখানে আমার পূজা নেবার জন্ত দেইভাবে অবস্থান করছেন। ভক্তিশান্তে যেথানে সর্বত্ত পূজার কথা বলেছেন, সেথানে এইভাবে পূজার কথাই বলা হয়েছে। তাই গৰুড়কে পূজা করতে হবে দিংহাদনে বদিয়ে নয়, তা হ'লে উল্টে আরও বিল্রাটের স্বষ্টি হবে। 'শুধু মানুষে নয়, সর্বত্র সর্বজীবে—যেখানে যেভাবে প্রয়োজন, সেইভাবে পূজা করতে হবে, ভক্তিভাবে, দেবার ভাবে। আর এইভাবে কান্ধ করলে আমরা যা কিছু করি না কেন, সবই হ'য়ে উঠবে তাঁরই পূজা—তাঁরই আরাধনা।

কেশব প্রভৃতি ভক্তনঙ্গে ঠাকুর গঙ্গাবক্ষে নৌ-বিহার করছেন। অবিরাম ঈশর-প্রদঙ্গ চলছে।

লোকশিক্ষা কঠিন কাজ

ঠাকুর বলছেন 'লোকশিকা দেওয়া বড় কঠিন'। যিনি শিকা एएटन, जिनि छगवानित जाएम পেলে जटाई এই গুরুদায়িত্ব পালন করতে পারেন; না হ'লে তাঁর কথার ভিতর না থাকে জ্বোর, না পাকে সঙ্গতি। আমাদের সীমিত বৃদ্ধি দিয়ে যথন আমরা অসীমকে বোঝাতে যাই তখন খুব স্বাভাবিকভাবেই আমাদের কথার মধ্যে অসম্বতি থেকে যায়। দুষ্টান্ত দিয়ে তিনি বললেন সামাধ্যায়ীর কথা। তিনি বক্ততা দিচ্ছেন 'ভগবান নীরদ, তাঁকে তোমাদের ভক্তিরদ দিয়ে রসিয়ে নিতে হবে'। বেদে ঘাঁকে 'রসম্বরূপ' বলা হয়েছে, এখানে তাঁকে বলা হচ্ছে 'নীরস'। এ-রকম অসঙ্গতি তথনই আসে, যথন মান্ত্র অন্তভূতি ছাড়া কথা বলে। ঠাকুর উপমা দিয়ে বলছেন, 'কেউ যথন বলে, আমাদের মামার বাড়িতে এক গোয়াল ঘোড়া আছে' এ হ'ল সেই বুকমের এক অদঙ্গতি; ফলে বুঝতে হবে ঘোড়া তো নেইই, গরুও এ-রকম অসঙ্গতি দেখা দেয় তথন, যথন আমরা আমাদের বুদ্ধির উপর নির্ভর ক'বে কথা বলি। যেমন একদিন বেলুড় মঠে একজন গান গাইছেন "মাঝে মাঝে আমি তব দেখা পাই, চিব্ৰদিন কেন পাই না।" গানটি ভনে মহাপুরুষ মহারাজ অতান্ত বিরক্তি প্রকাশ করলেন। বললেন "অন্নভব না ক'রে থালি কাব্য করা, তাই এই

রকম কথা। যে বস্তুরুএক মৃহুর্তের স্বাদ সাহযের জীবনকে পরিবর্তিত ক'রে দিতে পারে, সেই বস্তু সম্বন্ধে বলছে "মাঝে মাঝে তব দেখা পাই, চিবদিন কেন পাই না।" এব কাবণ, দেই স্বাদ জীবনে লাভ হয়নি, তাই তার এক মুহুর্তের আশ্বাদন জীবনকে কতথানি ভরে দিতে পারে, তা জানা নেই। ভাগৰতে বৰ্ণনা আছে, নারদ পাঁচ বছরের ছেলে। তাঁর একমাত্র বন্ধন ছিলেন মা। সেই মায়ের মৃত্যুর পর তীত্র বৈরাগ্যে সংসার ত্যাগ ক'বে বেরিয়ে যাচ্ছেন। এক জায়গায় গাছের তলায় ্বদে গভীর ধানে মগ্ন হলেন। এমন সময় ভগবানের আবির্ভাব বোধ করলেন হ করে। অন্তর তাঁর ভরে গেল। কিছুক্ষণ পরে ভগবান অন্তর্হিত হলেন। তথন ব্যাকুল অন্তরে তিনি আবার তাঁর দর্শন চাইলেন, এমন সময় দৈববাণী গুনলেন "নারদ, তুমি যা অন্নভব করেছ, তাতেই তোমার সমস্ত জীবন ভরে থাকবে । এখন তুমি এই নাম গুণগান কীর্তন ক'রে বেড়াও। এতেই তোমার জীবনের দার্থকতা।" এই এক মূহুর্তের দর্শন সমস্ত জীবনটাকে পরিপূর্ণ ক'রে দিল। এটি হচ্ছে তত্তজ্ঞের, রসিকের ভাব ; কবিতা নয়, এ হ'ল অমুভূতি। স্থতরাং সাক্ষাৎ আদেশ যদি কেউ পেয়ে থাকেন তো তাঁর পক্ষেই লোকশিক্ষা দেওয়া সম্ভব, অক্তথা নয়। এই লোকশিক্ষা দেওয়ার ব্যাপারে দেখতে হবে যে মানুষ কি দৃষ্টিতে নিজেকে দেখছে, তার কর্মের কিভাবে মূল্যায়ন করছে। যদি সে লোকশিক্ষা দেবার অভিমান না নিয়ে, ভগবৎ-কথা-প্রদঙ্গ মাত্র করে আলোচনার দৃষ্টিতে, তাতে দোষ নেই। কিন্তু যদি দেটা 'আমি শিক্ষা দিচ্ছি' এই অভিমান থেকে আদে, তা হ'লে তা অজ্ঞানতা ছাড়া আর কিছুই নয়। ভাগবতে আছে, এক্স্ণ-মহিধীরা পরস্পর আলোচনা করছেন;

আর এই আলোচনার বিষয়বস্ত হ'ল তাঁদের মধ্যে কে ভগবানের মধ্যে কোন গুণ দেখে আকৃষ্ট হয়েছেন। এক একজন তাঁদের নিজের নিজের অভিজ্ঞতা বলছেন। এথানে লক্ষ্য করতে হবে যে এর ভিতর একটা দৌলর্ব, একটা স্বাভাবিকতা আছে, অহন্ধার নেই। অহন্ধার তথনি হ'ত, যদি তাঁরা বলতেন যে ভগবান এই রকম মাত্র, অন্থরকম নয়। আমি তাঁর ভিতর কি গুণ দেখে আকৃষ্ট হয়েছি, বলছেন সেই কথা, বর্ণনা দেই হিদাবে। ভগবান অনস্থ, অনস্থ প্রকারের বৈচিত্র্য তাঁর মধ্যে, অনস্থ গুণ তাঁর। এ কাকেও শিক্ষা দেওয়া নয়, এ শুরু পরম্পর ভাব-বিনিময়। এর মধ্যে কোন দোষ নেই। দোষ তথনি হয় যথন কেউ গুক্বর ভাব নিয়ে বেশ পায়ের উপর পা দিয়ে বলে "আমি বলছি, তাঁমবা শোন।"

সংসারীর কর্তব্য

ৈ এরপর একজন প্রশ্ন করছেন "যতদিন না লাভ হয়, ততদিন সব কর্ম ত্যাগ ক'রব ?" উত্তরে ঠাকুর বলছেন, "না, সব কর্ম ত্যাগ করবে কেন ? চিন্তা, তাঁর নাম গুণগান, নিতাকর্ম এ-সব করতে হবে।" এ-সব করতে হয়, কারণ এগুলি তাঁকে পাবার উপায়। এর প্রতিকূল যেগুলি, দেগুলি থেকে সাধ্যমত বিরত থাকতে হয়। তথন ব্রাহ্মভক্তটি বললেন, "কিন্তু সংসারের কর্ম ? বিষয় কর্ম ?" ঠাকুর বলছেন, "হাঁা, তাও করবে, সংসার্যাতার জন্ম যেটুকু দরকার।"তবে কর্মব্যস্ততা এমন যেন ন। হয় যে ভগবানকে চিন্তা করবার এক মুহূর্ত অবদর পাওয়া যায় না। জীবনের মধ্যে বিষয়কর্মেরও একটা অংশ আছে। সেই কর্ম সম্পাদনের জন্ম কিছু সময় ব্যয় করতে হবে; কিন্তু সঙ্গে মঙ্গে এও দেখতে হবে যে সেই কর্ম যেন আমাদের সমস্ত সময়টা গ্রাস ক'রে না ফেলে। ভগবানকে ভুলে কর্ম নয়, তাঁকে লাভ করার জন্ম কর্ম। তাই ঠাকুর সংসারী লোকদের বলেছেন, একহাতে তাঁকে ধরে অক্সহাতে কর্ম করতে। এগুলি খুব প্রয়োজনীয় কথা, তাই পুনরাবৃত্তি হলেও কথাগুলি বার বার মনে করবার মতো। কারণ আমরা বেশীর ভাগই আছি
দংসারের ভিতরে, সংসারের কাজকর্ম নিয়ে বাস্ত, তাই অনেক সময়
মনে হয়, এই বাস্ততার মধ্যে হয় তো আমরা তাঁকে ভূলে যাচিছ।
কাজেই মনে সংশয় জাগে, আর এই সংশয়াকুল মনে বার বার প্রশ্ন
জাগে 'তা হ'লে উপায় কি ?' উপায় যে কি—তা ঠাকুর বার বার
ব'লে দিয়েছেন বিভিন্ন পরিবেশে; কর্থনও কোন নিরাশার ভাব তাঁর
মধ্যে কেউ দেখেনি। সকলের জন্মই তিনি একনিষ্ঠ আশাবাদী,
সকলেরই হবে; চাই কেবল আন্তরিকতা। যতক্ষণ সংসারের দায়িত্ব
আছে, উতক্ষণ একহাতে তাঁকে ধরে অপর হাতে সংসার করতে হবে।
আর যথন তিনি দায়িত্ব থেকে অব্যাহতি দেবেন, তথন তৃ-হাতেই তাঁকে
ধরতে হবে।

জগতের উপকার সাধন

আজকাল অনেকে বলেন, জগতের উপকার করতে হবে আগে।
এটা এই আধুনিক সমাজের মনোরন্তিরই প্রতিফলন। এ প্রসঙ্গে ঠাকুর
বলছেন, "জগৎ কি এতটুকু গা ?— যে তুমি এর উপকার করবে। যাঁর
জগৎ তিনি করবেন, যা করবার। ভোমার এত বাস্ততা কেন?" একটু
ভেবে দেখলেই বোঝা যাবে, আমি যে জগতের উপকার করার জন্ম এত
বাস্ত, তার কারণ জগতের বাথিতদের প্রতি আস্তরিক সহান্তভূতি, না
অন্ত কিছু? আর এই 'অন্ত কিছু'র উৎস সন্ধান করতে গিয়ে কি
আমার একটা প্রক্রের অহংকার, প্রতিষ্ঠা অর্জনের বাসনা খুজে পাওয়া
যাবে না? এই দৃষ্টিতে কর্ম করতে গেলে সেটা মানুষকে আত্মপ্রতিষ্ঠার
দিকে টেনে নিম্নে গিয়ে বিল্রান্ত করবে। এটা কর্মের দোষ নয়, দোষ
কর্ম করার যে কোশন, তা অবলম্বন না করা। আর এই কোশল হ'ল
তাঁকে ধরে কর্ম করা যাতে কর্মপ্রোত জীবনের উদ্দেশ্ভকে ভাদিয়ে নিয়ে

যেতে না পারে। ঠাকুর শস্তু মলিককে বলেছিলেন, "ভগবানের সঙ্গে দেখা হ'লে কি কতকগুলো স্থল হাসপাতাল ডিসপেনসারী চাইবে ?" কেন এ-কথা বললেন? এগুলো ভো ভাল কাজ। ভাল কাজ ঠিকই, কিন্তু ভগবানকে আম্বাদন করাকে গৌণ ক'রে কতকগুলো হাসপাতাল ডিসপেনসারীকে মুখ্য করা—এ ঠিক কাঞ্চন ফেলে কাঁচ নিয়ে খেলা করার মতো নয় কি ? তিনি মুখ্য, তিনিই প্রধান—তারপর অক্ত সব কিছু। তাই বলছেন, 'কালীঘাটে গিয়ে আগে যো দো ক'রে কালী দর্শন করো, তারপর দানধ্যান'। ভাব এই যে আমরা এই জগতে এসেছি, তাঁকে লাভ করবার জন্ম, তাঁকে আয়াদন করবার জন্ম—এ কণা যেন আমাদের ভুল হ'য়ে না যায়। কথামুতে আমরা দেখি, ঠাকুরের এক জন্মদিনে কালীকৃষ্ণ দক্ষিণেশ্বরে গিয়ে একটু পরেই উঠে যেতে চাইছেন কোন একটা মিটিং-এ যাবার জন্ম। সেটি শ্রমিক-কল্যাণ বিষয়ে। ঠাকুর বলছেন "এখানে কত হরিনাম হবে, কত আনন্দ হবে, ওর ভাগ্যে নেই।" ঠাকুরের আপসোদ হ'ল। কিন্তু কেন? কালীকৃষ্ণ তো ভাল কাজই করতে যাচ্ছিলেন। ভাল কাজ বটে, কিন্তু দামনে ভগবদ্ভজনের যে স্থযোগ রয়েছে: তাকে উপেক্ষা ক'রে একটা লোকহিতকর কাজের দোহাই দেওয়া—ঠাকুরের দৃষ্টিতে এটা স্থবর্ণ স্থযোগ হারানোর মতো।

আত্মনো মোক্ষার্থং জগদ্ধিভায় চ

স্বামীজী এই যে রামকৃষ্ণ মিশনের 'আদর্শ বাক্য' দিয়ে গেলেন "আত্মনা মোক্ষার্থং জগজিতার চ"—দেখানে নিজের মৃক্তির সাধনার সঙ্গে জগতের হিত জুড়ে দিলেন। সন্ন্যাদীদের সামনেও তিনি এ আদর্শ তুলে ধরলেন। অনেক সময় অনেকের মনে সংশয় ওঠে, জগতের হিত করতে গেলে আমাদের নিজেদের মোক্ষ ব্যাহত হবে কি না? একজন সাধু তাই হরি মহারাজকে লিখছেন, হরি মহারাজ খ্ব ত্যাগ বৈরাগ্যের উপদেশ দিতেন কিনা, তাই ভাবলেন হরি মহারাজ হঁয়তো তাঁকে সমর্থন করবেন, লিখলেন "আমি ভাবছি কাজকর্ম আর ক'রব না, কেননা তা করতে গেলে অহংকার আলে।" হরি মহারাজ তার উত্তরে লিখলেন "আর বুঝি ভেবেছ হাত পা গুটিয়ে বসে থাকলে অহংকার আদবে না।" এ-কথাটা আমাদের ভাল ক'রে বুঝতে হবে, যে মান্ত্র্য যে ভাবে তৈরী, তার মনের যে বিভিন্ন প্রকার বৃদ্ধি আছে, সবগুলি দিয়ে তাকে ভগবানের দিকে যাবার চেষ্টা করতে হয়। আমাদের যেমন অন্তরে চিন্তা করবার একটি যয়—মন রয়েছে, সেটি দিয়ে তাঁর চিন্তা করতে হয়, বাইরে সমন্ত ইন্দ্রিয় রিয়েও তেমনি তাঁর সেবা করতে হয়। স্বামীজী বার বার এই কথাটি বলেছেন যে, ভাগবানের সেবা কেবল একটি বিগ্রহের মধ্যে সীমিত রাখলে, আমরা তাঁর সেবাকে সংকীর্থ ক'রে রাখলাম বুঝতে হবে।

ভাগবভবাণী

ভাগবতে এ-সম্বন্ধে পরিষ্কার বলা আছে:

অর্চায়ামের হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে

ন তদ্ভকেষু চামেষু স ভকঃ প্রাক্তঃ মৃতঃ ॥

যিনি কেবন্মাত্র ভগবানের বিগ্রহেই তাঁর পূজা করেন, অবশু শ্রদ্ধান সহকারে না হ'লে তো তিনি ভক্তই হতেন না—এদিকে অগ্যত্র এমন কি ভগবানের ভক্ত যাঁরা, তাঁদের দিকেও দৃষ্টি নেই—তাঁকে প্রাকৃত ভক্ত বলে অর্থাৎ প্রকৃতির প্রভাব তাঁর উপর বেনী। আর শ্রেষ্ঠ ভক্ত সম্বন্ধে বলা আছে:

সর্বভূতেষু যঃ পশ্যেদ্ ভগবদ্ভাবমাত্মনঃ

ভূতানি ভগবত্যাত্মন্তেষ ভা**গবতোত্তম:** ॥

শ্রেষ্ঠ ভক্ত যিনি, তিনি সর্বভূতেই নিজের আত্মাকে দেখেন এবং 'ভূতানি

ভগবতি আত্মনি'—অর্থাৎ সমস্ত ভূতকে সেই ভগবানে দেখেন, যিনি তাঁর আত্মা। আত্মা যেমন প্রিয়, দেইরকম দর্বভূতই প্রিয়। ভগবান যেমন পূজার্হ, দকল ভূতের মধ্যে অবস্থিত ভগবানও দেইরকম পূজার্হ। তাই "জীবে দয়া" কথাটি ঠাকুরের পছল হ'ল না, পরিবর্তে তিনি বললেন "শিবজ্ঞানে জীব-দেবা", যে কথা শুনে স্বামীষ্কী বলেছিলেন "আন্ধ একটা নতুন শিক্ষালাভ হ'ল, যদি ভগবান কথনও দিন দেন তো তা প্রচার ক'বব"। এই জন্মই যেন ঠাকুর তাঁকে নিয়ে এসেছিলেন, আর তাঁকে তৈরী করেছিলেন তাঁর হাতের যন্ত্রূরূপে, যার পরিণামে আধ্যাত্মিক জগতে একটা নতুন-সাধনার ধারা প্রবর্তিত হ'ল। লোককলাাণের কথা আগেও প্রচলিত ছিল কিন্তু সর্বভূতে ভারই সেবা— এটি এমনভাবেপরিস্ফুট ক'রে বোধ হয় আর কথনো বলা হয়নি। যদিও ভাগবতে এর উল্লেখ আছে, তবু সাংনজীবনে এর প্রয়োগ করার এ-রকম স্থপ্ট নির্দেশ বোধ **হয়** ষ্মার কোথাও পাওয়া যায় না। ঠাকুর তাই বলেছেন, "ভগবা:নর পূজা গাছে হয়, পাথরে হয় প্রতিমায় হয়, আর মাত্রে হয় না !" সর্বজীবের মধ্যে মাহুষে তো তাঁর শ্রেষ্ঠ প্রকাশ। কেননা এই মাহুষের ভিতরে**ই** তাঁকে লাভ করবার, তাঁর সঙ্গে অভিন্নতা অন্তভ্য করবার স্থযোগ পাওয়া যায়। এই দিক দিয়ে দেখলে মানুষের শ্রেষ্ঠত্ব অনস্বীকার্য। এই মানুষ এতদূর অব্ধি এগিয়ে যেতে পারে যে সে ভগবানের সঙ্গে অভিনতা পর্যন্ত বোধ করতে পারে।

নরজন্ম ও আত্মজ্ঞান

ঠিক এই দৃষ্টিতে দেখেই উপনিষদে মান্ত্যকে খুব উচু স্থান দেওয়া হয়েছে। উপনিষদ্ বলছেন—''ঘথাদর্শে তথাত্মনি, যথা হপ্পে তথা পিতৃলোকে, যথাপ্স পরীব দদৃশে তথা গন্ধর্বলোকে, ছায়াতপন্নোরিব বিদ্লোকে"। এই নরলোকে আত্মাকে কি রকম দেখা যায় ? না,

দর্পণে প্রতিবিশ্ব যেমন দেখা যায়, তেমনি নিখুঁতভাবে ! আর পিতলোকে অমূভূত হয় স্বপ্নে দৃষ্ঠ বস্তব মতো; গন্ধর্বলোকে অমূভূত হয় জলের উপর পড়া প্রতিবিশ্বের মতো; কেবল ব্রন্ধলোকে অমূভূত হয় স্পষ্টভাবে, আলো আর অন্ধকার যেমন পৃথক্, আজ্বা দেখানে দেইবকম পৃথক্

জনাত্মা থেকে।
ব্রহ্মলোক মানে যেথানে মান্নবের শুদ্ধি দেবতাদের শুদ্ধিকেও ছাড়িয়ে

গৈছে। দেখানের সঙ্গে এই তুলনা। তা হ'লে বুঝতে হবে মন্ন্যলোকের

স্থান কত উর্ধে। এই মান্নবের-ভিতরে তাঁর প্রকাশ কত স্পষ্ট। স্থতরাং
দেখানে তাঁর পূজা না ক'রে যদি আমরা যেখানে কাঁর অল্পপ্রকাশ কেবল
দেখানে করি, তা হ'লে আমাদের পূজা যে অসম্পূর্ণ থেকে যায়! তাই
সর্বত্র তাঁর পূজা, এই দৃষ্টিতে যেন আমরা কাজ করি। যথন কারও দেবা
করছি, তখন মনে করতে হবে দেবা করার সোভাগ্য হচ্ছে বলেই দেরা
করতে পাচ্ছি, সেব্যকে যেন নিজের থেকে উচু আসনে বসাই, আর
নিজেকে যেন তার সেবক—এই দৃষ্টিতে দেখি। তা হ'লে আমাদের কাজে
কোন ক্রটি থাকবে না; মন ভগবান থেকে দ্বে সরে যাবে না, আর কর্ম
তথন আমাদের বন্ধনের কারণ না হ'য়ে বন্ধনমোচনের উপায় হবে।

(তর

কথাৰ্ম্ব্ৰ—১৷৩৷১-২

ঠাকুর ব্রাহ্মভক্ত বেণীমাধব পালের বাগান-বাড়ীতে তাঁদের উৎসবে যোগ দিতে এসেছেন। মান্টারমশাই এই বাড়িটির যা বর্ণনা দিয়েছেন তা থেকে বোঝা য়াছে যে সেটি বাস্তবিক একটি সাধন-ক্ষেত্র। ঠাকুর আসবেন ব'লে ভক্তেরা বিশেষভাবে আরুষ্ট হ'য়ে সেথানে এসেছেন। চাবদিক লোকে লোকারণ্য। ঠাকুর হাসতে হাসতে এসে আসন গ্রহণ করলেন। এই যে বর্ণনাটুকু, এটুকু বিশেষভাবে মনে রাখা প্রয়োজন। কল্পনা কল্পন, উংসব বাড়ি, সর্বগ্রই ভিড় উপছে পড়ছে, এর ভিতর ঠাকুর আসছেন প্রথি-মৃথ, হাসতে হাসতে এসে আসন গ্রহণ করলেন। ভক্তেরা একদৃষ্টিতে তাঁকে দেখছেন। বলা বাছল্য, এই দৃষ্ঠটি মাস্টারমশাই যেন তাঁর মানসনেত্রে ধ্যান করতে করতে রচনা করেছেন। কাজেই দৃষ্ঠটি এইভাবে রচিত হয়েছে যে আমরাও যেন ধ্যান ক'রে সেই চিত্রটি আমাদের মানস নেত্রে দেখতে পাই।

ঠাকুর বললেন, 'এই যে শিবনাথ! দেখ তোমরা ভক্ত, তোমাদের দেথে বড় আনন্দ হয়। গাঁজাখোরের স্বভাব আর এক গাঁজাখোরকে দেথলে ভারী খুদী হয়।"

ঠাকুর বলছেন যে ভক্তকে দেখে ভক্তের আনন্দ হয়, আর সেই আকর্ষণেই ঠাকুরের সেথানে আসা। যদিও বান্ধভক্তেরা সনাতন ধর্মের বিরোধী ছিলেন, তবু তাঁদের মধ্যে এমন একটা ঐকান্তিকতা ছিল যা তাঁকে আক্লয় ক'বত।

এর পরেই ঠাকুর বলছেন "যাদের দেখি ঈশ্বরে মন নাই, তাদের আমি বলি,—"তোমরা একটু ঐথানে গিয়ে বদো, অথবা বলি, যাও, বিভিঃ (রাসমণির কালীবাটীর সংলগ্ন কুঠি বাড়ি প্রভৃতি) দেখ গে।"

প্রাকৃত মানব

আমরা জানি যেখানে লোক-সমাগ্য হয়, সেখানে সকলেই কিছু এক ভাবের হয় না। কাজেই যাঁরা ভগবদ্ভক্ত তাঁরা ঠাকুরের সারিধ্যে এসে তাঁর কথাবার্ত। মন দিয়ে গুনে আনন্দবোধ করবেন। আর যাঁরা এ ভাবের মন, স্বভাবতই তাঁদের এসব ভাল লাগবে না। ভাল যে লাগে না, তা আমরা চারদিকে চোখ চেয়ে দেখলেই বুঝতে পারি। অসংখ্য লোকের মধ্যে মৃষ্টিমেয় কয়েকজন হয়তো ভগবদভাব নিয়ে আনন্দ করে, আর বাকী সকলের কাছে এগুলি একটা বিরক্তির কারণ মাত্র। তুলসী-দানের দোঁহায় আছে—"গো-রদ গলি গলি ফিরে, স্থরা বৈঠি বিকায়"— তুধ ঘরে ঘরে গিয়ে ফেরি ক'রে বিক্রি করতে হয়, আর মদ ফেরি করতে হয় না : এক জায়গা থেকেই বিক্রি হয় : প্রয়োজনের তাগিদে লোক এনে নিয়ে যায়। কলকাতায় যাঁবা বাস করেন, তাঁরা জানেন যে যে-বান্তায় সিনেমা-থিয়েটার পড়ে, সে রান্তা দিয়ে হাঁটাই যায় না। সব সময় সেথানে ভিড় লেগেই রয়েছে। আর ভগবৎকথা শুনতে কজনই বা আদে াঁহয়তো কোতৃহলের বশবর্তী হ'য়ে বলে ''আচ্ছা ওথানটায় অত লোক জমা হয়েছে কেন, একটু গিয়ে দেখি।" यদি দেখে যে কীর্তন হচ্ছে তো বলে 'ও কীর্তন! তার চেয়ে যদি একটু মারামারি হ'ত তো দেখে আনন্দ হ'ত।'' এই হ'ল মামুষের স্বভাব। ভগবানকে নিয়ে আনন্দ করা, এটা যেন সাধারণ মাত্ত্যের স্বভাবের বাইরে। যদি বা কেউ এ-রকম করে, তা হ'লৈ সে সকলের উপহাসের পাত্র হয়। আমরা যথন ছেলেবেলায় বেলুড় মঠে যাতায়াত করতাম, তথন অনেকে টিটকিরি দিত। ''এই বয়দে অত সাধুদের কাছে যাওয়া কিদের জন্ত। ওথানে আছেই বা কি?" ত। হ'লে কি করতে হবে? ছোটবেলায় ছেলেরা খেলার মাঠে যায়— সে বেশ বোঝা যায়। একটু বয়স হ'লে তাস পাশা থেলে, তাও বেশ বোঝা যায়। এমনকি যখন বৃদ্ধ হয়, তখনও যেন সৎপ্রসঙ্গের অবকাশ হয় না। তথনও বিষয়-কথা নিয়ে মন্ত। কয়েকটি বৃদ্ধ একসঙ্গে জড় হ'য়ে যে সব আলোচনা করে, দেগুলো গুনলে বোঝা যাবে যে, সারা জীবন ধরে তারা যা ক'রে এসেছে, বদে বদে শুধু তারই জাবর কাটছে। এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার, আর দেই পরিবর্তন যাতে হ'তে পারে, তার জন্ত অনুকূল পরিবেশের স্মষ্টি করতে হয়। জায়গায় জায়গায় ভগবৎ-প্রসঙ্গের জন্ম স্থান নির্দিষ্ট ক'রে রাখা উচিত, যাতে হুটি লোক হলেও তারা সেখানে সংপ্রদঙ্গ ক'রে নিজেদের ভাবকে আরও দুঢ় কংতে পারে। আর এই চু-চারজনকে দেখে আরও কিছু লোক আরুই হ'তে পারে। অনেক সময় এমন দেখেছি, আমাদেরই ভিতর কেউ বলছে "তাই তো এখানে লোক বেণী **আ**সে না।" তার উন্তরে একজন বলছেন "তার উপায় আছে। এসো আমরা মারামারি করি। এথনি লোক ভরে যাবে।" উদ্দেশ্য ভগবংপ্রসঙ্গে লোককে আরুই করা। কিন্তু অন্ত কোন আকর্ষণ দিয়ে তাদের ভগবৎপ্রসঙ্গে আনার কোন সার্থকতা নেই। কি পাশ্চাতা দেশে, কি এখানে, দেবস্থানে লোক বেশী হয় না. তাই মাইক চালিয়ে দেওয়া হয়, একেবারে হাউ হাউ করে। আর বারোয়ারী হ'লে তো কথাই নেই ৷ মনের খাভাবিক গতিই হৈ চৈ-এর দিকে, তাই এইভাবে লোককে আকর্ষণের চেষ্টা। কিন্তু ছু-চারঞ্জন লোকও যদি একটা উচ্চভাব নিয়ে পড়ে থাকে এবং তারা যদি আন্তরিক হয় তো তার প্রভাব হয় অমোদ। আমাদের বহির্মুখী দৃষ্টি অনেক সময় অনুষ্ঠানের স্ফল্তা যাচাই করে সংখ্যা দিয়ে। অনেক সময় অনেকে আমাকে জিজ্ঞানা করেন "আচ্ছা তোমাদের ওখানে কত লোক হয় ?'' আমি বলি, "লোক কোনদিন আমি গুনি না; একটা পরিবেশ সৃষ্টি করাই আমাদের কাজ।" শাস্ত্র বলেছেন যে বহু লোক এদিকে আরুষ্ট হয় না৷ অসংখ্য লোক এ পৃথিবীতে আসে, যারা 'জায়স্থ শ্রিয়ন্ত্র'-পর্যায়ে পড়ে। এসেছে, জন্মেছে, স্থখতঃখাদি ভোগ করছে, মরছে। উদ্দেশ্বহীন, लक्षाशीन জीवन।

জীবনের উদ্দেশ্য

যদি কাকেও প্রশ্ন করা যায়, "আচ্ছা তোমার জীবনের উদ্দেশু কি ?" দেব বলবে, "উদ্দেশ্য আবার কি ?" জীবনের কোন উদ্দেশ্য আছে—
এ-কথা যেন ভাবতেই পারে না। যেমন বৃদ্ধিমনন্দ্র চট্টোপাধ্যায় ঠাকুরকে

বলেছিলেন যে জীবনের উদ্দেশ্ত হচ্ছে, আহার নিদ্রা ইত্যাদি। উত্তরে ঠাকুর বলেছিলেন, "সমস্ত জীবন যেমন ক'রে কাটাচ্ছ, এখন তারই ঢে কুর উঠছে।" অবশ্র বৃষ্কিমান্। ঠাকুরের এই ভর্ৎ সনা তিনি ভালভাবেই নিয়েছেন, বিরক্ত হননি এবং শেষে যেন অত্যন্ত বিনতির শ্বদে বলেছেন ''না মশাই, আমরাও হরিনাম করি।" খুব ভাল কথা। কিন্ত ও-রকম করলে হবে না। ত-চার জনের এটিকে জীবনের একমাত্র উদ্দেশ্য ব'লে নিয়ে পড়ে থাকতে হবে। কেবল মঠ-মন্দিরেই নয়, বাডীতে যে কোন জায়গায় যদি তু-পাঁচটি লোক এই ভাব দুচুরূপে ধরে থাকে. তা হ'লে সেখানে ক্রমশঃ একটা পরিবেশের সৃষ্টি হয়। অবশ্ব প্রত্যেক জায়গায় এমন একজন থাকতে হবে, যিনি হবেন সেই কেন্দ্রের প্রাণস্বরূপ ; যাঁর চরিত্র দেখে অপর লোকে আকৃষ্ট হবে। এই রকম ছোট ছোট কেন্দ্র যদি সর্বত্র ছড়ানো থাকে তো সর্বত্র একটা অমুকুল পরিবেশ সৃষ্টি করা সম্ভব হবে। বড় বড় মুভা সমিতি ক'রে এই রকম পরিবেশ স্পষ্ট ় করা যায় না, কারণ সভাসমিতি লোকের কৌতুহল চরিতার্থ করে মাত্র, জীবনকে স্পর্শ করে না। জীবনকে অত সহজে স্পর্শ করা যায় না, কারণ মে আরও গভীরে। এইজন্ম ঠাকুরেরও এইসব জায়গায় যাতায়াত ছিল। ঠাকুর বান্ধসমাজে যেতেন, হরিসভায় যেতেন, এমনকি তান্ত্রিকদের সাধনচক্রেও যেতেন। তথনকার দিনের জ্ঞানী গুণী সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তিদের দর্শন করতেও তিনি গেছেন নিজে উপঘাচক হয়ে। কালনায় ভগবানদাস বাবাজীকে দেখতে গেছেন, কলকাতায় মহর্ষি দেবেক্রনাথকে, ঈশ্বরচক্র বিভাসাগরকে দেখতে গেছেন, শশধর তর্কচূড়া-মণিকে দেখতে গেছেন, দ্যানন্দ স্বামীকে দেখতে গেছেন। কারণ তিনি জানতেন যে এই বিশিষ্ট লোকদের ভিতরে যদি একটু ঈশ্বরীয় ভাব ঢুকিয়ে দেওয়া যায় তো অনেক কাজ হবে। তিনি নিজে থেকেই তাঁদের কাছে গেছেন; কারণ গরজ তো তাঁরই বেশী। যে কাজের জন্ম তাঁর আসা, সেই উদ্দেশ্যকে তো পূর্ণ করতে হবে। তিনি জানতেন যে 'মা'র ইচ্ছায় এই কাজ চলবে; কাজেই তার ভূমিকা তৈরী করবার জন্ম এইভাবে ঘুরে বেড়িয়েছেন মায়ের হাতের যন্ত্ররূপে।

ঠাকুরের আচরণ ও উদ্দেশ্য

এরপর ঠাকুর বলছেন যে "সংসারী লোকদের যদি বলো 'সব ত্যাগ ক'রে ঈশ্বরের পাদপদ্মে মগ্ন হও' তো তারা কখনও ভনবে না।" ঠাকুর জানতেন যে খুব শুদ্ধভাব যদি প্রচার করা যায়.তা হ'লে খুব কম লোকই ভা গ্রহণ করতে পারবে। শাস্ত্র তা জানে, আচার্যেরা ভা বোঝেন : আর যিনি স্বয়ং অবতার, তিনি তো ভাল করেই তা জানেন। এ জন্ম ঠাকুর তাঁর ভক্তদের দঙ্গে শুধু যে ভগবৎ-প্রদক্ষ করতেন, তা নয়, রঙ্গরসও করতেন। তাঁর অগাধ স্নেহ বাপ-মার স্নেহকেও তৃচ্ছ ক'রে দিয়েছে—এ-কথা যাঁব। তাঁর সংস্পর্লে এসেছেন, তাঁরাই বুঝেছেন। কত রকমে তাঁদের আকর্ষণ করছেন। কাকেও বলছেন ''একে তামাক খাওয়ারে,'' কাকেও ্ বলছেন "একে কিছু থেতে দে"—স্বাবার কাকেও বলছেন "ওকে গাড়ির ভাড়াটা দিও।" এমনকি যথন তিনি অন্তিমশ্যায়, গিরিশবার গেছেন তাঁকে দেখতে, তাঁকে ফাগুর দোকানের কচুরী থাওয়াবার জন্ম তাঁর কি বাস্ততা! চলতে পারেন না, তবু কোনরকমে কল্সী থেকে জল নিয়ে তাঁকে থাওয়াচ্ছেন। এত করার কি প্রয়োজন তাঁর? প্রয়োজন এই যে, জানতেন যে এঁদের যন্ত্ররূপে তৈরী ক'বে যাচ্ছেন, যাঁদের মধ্যে দিয়ে অনৈকে তাঁর ভাব গ্রহণ করবার স্থযোগ পাবে। তাই এত কষ্ট এত ত্যাগন্বীকার। আমরা ভাবলে অবাক হয়ে যাই, কি স্থন্দর স্বষ্ঠ এক প্রণালীতে প্রচার কার্য এগিয়ে চলেছে যে বিষয়ে তিনি নিজেও হয়তো অবহিত ছিলেন না। 'অবহিত ছিলেন না' এইজন্ম বলছি যে তা ছিল তাঁর শাসপ্রশাসের মতোই স্বাভাবিক। এ ভাবেই তাঁর প্রত্যেক**টি কাজে**র দার। লোককল্যাণ সাধিত হ'ত সহজ ও ^১ স্বাভাবিকভাবে।

(চাদ্দ

কথায়ভ- ১।৩।৬-৭

স্বামীজীকে যন্ত্ররূপে গঠন

সি থির ত্রাহ্মসমাজে শ্রীরামক্বঞ্চ সমবেত ব্রাহ্মভক্তগণের সামনে ভগবৎ-প্রাসঙ্গ করছেন। ঠাকুর অনেক শময় বলতেন, "জ্ঞানপথ—বড় কঠিন।" তবে কথনও কথনও আমরা এর ব্যতিক্রমও দেখেছি। যেমন স্বামীজীকে তিনি জ্ঞান-পথের উপদেশ দিয়েছেন। যেমন তাঁকে শক্তি মানিয়েছেন, আবার তেমনি উপদেশও দিয়েছেন 'সবই ব্রহ্ম'। অবশ্র স্বামীজী তথনই দে-কথা মানেন্নি। উপহার্স ক'রে বলছেন "ঘটি ব্রহ্ম, বাটি বন্ধ।" ঠাকুর একটু হেদে বলেছিলেন "পরে বুঝবি"। তারপর সতাসতাই স্বামীজীর জীবনে এমন হয়েছে যে তিনি সর্বত্ত ব্রহ্মদর্শন করছেন। বর্ণনা আছে, মা সামনে থেতে দিয়েছেন। নরেন্দ্র দেখছেন ভাত, থালা, বাটি সব ব্ৰহ্ম। সত্য-সত্যই সে অমুভূতি হ'ল, যথন তিনি সর্বত্ত ত্রহ্মদর্শন করলেন। তার পরে আর ঠাকুরের কথার প্রতিবাদ করতে পারছেন না। স্থামরা দেখেছি, প্রথমে কেউ বিরুদ্ধ মত পোষণ করলেও ঠাকুর তাঁকে বাধা দিতেন না। তাই নরেক্র যথন 'মা'কে মানতে চাননি, তথনও তাঁকে বাধা দেননি। পরে যথন স্বামীজী সেই 'মা'কে মানলেন, তখন ঠাকুরের কি আনন্দ! কারণ নরেন্দ্রনাথকে তিনি বিশেষভাবে তৈরী করেছেন এক পূর্ণাবয়ব যন্ত্র হিসেবে, আচার্য হিসেবে, যাঁর কাছ থেকে শিক্ষা নেকে বিভিন্ন ভাবের মাত্র্য, তাই ঠাকুরের এত চেষ্টা, তাঁকে বিভিন্ন ভাব শেখানোর জন্ত । এক ছটাক জলে যদি পিপাদা মেটে তো দম্দ্রে কত জল আছে দে খোঁজের দরকার কি? কিন্তু এ তো দাধারণের পক্ষে প্রযোজ্য । নরেক্রকে তো দেই দাধারণের পর্যায়ে ঠাকুর কেলেননি । আপাতবিরোধী এই দব বিভিন্ন দিন্ধান্ত নরেক্রকে নিফান্ত ক'রে তাঁকে এক অপূর্ব যন্ত্রে পরিণত করেছিলেন তিনি, যেখান খেকে ধর্ম-দমন্বয়ের বাণী ছড়িয়ে পড়েছিল দিকে দিকে।

ঠাকুরের অহঙ্কারশৃক্ততা

এর পর ঠাকুর বলছেন, বেদে যে সপ্তভূমির কথা আছে সেগুলি মনের বিভিন্ন অবস্থার বর্ণনা। এগুলি অন্তব দিয়ে বুঝতে হয়, যুক্তি দিয়ে বোঝা যায় না। এর মধ্যে সপ্তমভূমিতে মন গেলে শরীরের আর কোন ক্রিয়া সম্ভব হয় না। ঠাকুরের জীবনে আমরা দেখতে পাই, এই দপ্তমভূমি থেকে যথন আর তাঁর মন নামতে চাইছিল না, তথন দৈব-প্রেরিভ হ'য়ে কোন একজন এদে তাঁর মন নীচে নামিয়ে কোন রকমে তাঁকে কিছু থাইয়ে দিতেন। এইভাবে প্রায় ছয়মাসকাল তিনি ছিলেন। অবশ্য সাধারণ লোকের পক্ষে এই অবস্থায় বেশী দিন থাকা সম্ভব নয়। আমাদের শরীর যদি চেতনের দ্বারা অধিষ্ঠিত না হয় তো তার দ্বারা কোন কাজ হয় না। কিন্তু তা হ'লে আচার্যদের অবস্থা কি ? ঠাকুর বলছেন তাঁদের সম্বন্ধে, তাঁদের একটু 'বিভার আমি' থাকে। শঙ্করাচার্য প্রভৃতির একটু 'বিগার আমি' ছিল, তাই তাঁদের দারা প্রচারকার্য হয়েছিল। কিন্তু নিজের সম্বন্ধে বলতে গিয়ে ঠাকুর বলছেন যে ''এর ভিতর 'আমি' কিছু নেই, 'তিনি' আছেন।" এটি কিন্তু খুব আশ্চর্য কথা। "আমার একটুথানি অহন্ধার আছে" এ-কথাটি কিন্ত তিনি

বলেননি। বলেছেন ''এর ভিতরে আর কিছু নেই; আমি নেই, এথানে

তিনি আছেন''—অর্থাৎ এই শরীরে আমি-বৃদ্ধি কর্মছেন না। বৃদ্ধি করছেন—তাঁর শরীর একটি যন্ত্রন্ধপ, যাকে জগন্যাতা নিয়ন্ত্রণ করছেন, চালাচ্ছেন; প্রতি ক্ষণে প্রতি মৃহুর্তে এই শরীরে যতকিছু ক্রিয়া হচ্ছে, তা তাঁরই দারা নি পন্ন হচ্ছে। এই যে দেহাভিমানশৃষ্ঠতা এবং নিজেকে জগন্যাতার যন্ত্রন্ধপে বোধ করা, এ একমাত্র অবতার-পুরুষের পক্ষেই সম্ভব।

মনের বিভিন্ন স্তর

মনের যে সৰ ভূমির কথা বলা হচ্ছে, এগুলি হ'ল বিভিন্ন স্তর বা অবস্থা; যেমন শিপ্ত, মৃঢ়, বিশিপ্ত, একাগ্র ইত্যাদি। প্রথমে মনের অবস্থা হয় পাগলের মতো। পাগল মানে যে সম্পূর্ণ বিপরীত জিনিস দেখে, সত্যকে মিথ্যা দেখে, মিথ্যাকে সত্য দেখে। এ হ'ল ক্ষিপ্ত অবস্থা। মৃচ অবস্থায় বৃদ্ধি কাজ করে না। এর পর 'বিক্ষিপ্ত অবস্থা' মানে মনের গতি হয় কথনও সত্যের দিকে, কথনও মিথ্যার দিকে; সাধারণ জ্ঞান অনুসারে যাকে বলা যায়, কখনও ভগবানের দিকে কখনও সংসারের দিকে। এর পর 'একাগ্র অবস্থা', যথন মনকে বিষয় থেকে গুটিয়ে ধ্যেয় বস্তুতে নিবন্ধ করা হয়। এর আর একটু উচু অবস্থার নাম 'নিরোধ' অবস্থা, তথন সম্পূর্ণরূপে ইন্দ্রিয়বৃত্তি নিরুদ্ধ হ'য়ে যায়। তারপর হ'ল 'ষতঃ ব্যুখান', এ হ'ল 'সমাধির অবস্থা', কিন্তু এ অবস্থায়ও মনের মধ্যে সংস্থারের লেশ থাকার জন্তু মন নিজে থেকে সমাধি থেকে নেমে আসে। এর পর আরও একট এগিয়ে গেলে যে অবস্বাহয়, তার নাম 'পরত: ব্রাখান,' যথন মন নীচে নামতে চায় না, একমাত্র অপরে চেষ্টা ক'রে তাকে নামাতে পারে। এইভাবে বিভিন্নভূমির দঙ্গে ঠাকুরের পরিচয় হয়েছে এবং তিনি হয়েছেন জগনাতার এক অপূর্ব যন্ত্র।

় এর পর ঠাকুর বলছেন যে "এই ব্রদ্ধজ্ঞানীর অবস্থা বড় কঠিন। ভোমাদের ভক্তিপথ খুব ভাল আর সহজ।" কথাটি কেন বললেন, তা বোঝা মৃদ্ধিল। বোধহর এইজন্ম বললেন যে এইরকম ব্যক্তিত্বলোপের অবস্থা হয়তো দকলে পছন্দ করবে না। ব্রহ্মজ্ঞানী, যে ব্রহ্মের অনুসরণ করছে, ব্রহ্মের অবস্থা লাভ করবার চেষ্টা করছে, দেও হয়তো ভয় পেয়ে যাবে নিজের অবস্থা-মৃত্যুর কথা ভেবে। তাই বলছেন "তোমাদের ভক্তিপথ খুব ভাল ও সহঙ্গ পথ।" ভাল কেন? না, বহুলোকের পক্ষে এই পথ অনুসরণ করা সম্ভব। সাধারণের পক্ষে—জ্ঞানীর মতো নিঃশেষে নিজের 'আমি'কে বিলীন ক'রে দেওয়া নহন্ধ নয়।

মধুরবাবুর ভাবাবস্থা

এতটুকু কামনার লেশ থাকলে সমাধি তো দ্বের কথা, কোন উচ্চ ভাবভূমিতেই দ্বির হ'য়ে থাকা দন্তব হয় না। যেমন হয়েছিল মথ্রবাব্র। মথ্রবাব্ ভাবের জন্ত ঠাকুরের কাছে প্রার্থনা জানিয়েছিলেন। ঠাকুর বলেছিলেন, "ও-দব মার ইচ্ছা হ'লে হবে।" পরে যথন সত্য-সভাই মথ্রবাব্র ভাব হ'ল, তথন তিনি এতই অতিষ্ঠ হ'য়ে উঠলেন যে ঠাকুরকে বললেন "বাবা, তোমার ভাব তুমি ফিরিয়ে নাও, আমার এই ভাবের চোটে দমস্ত সম্পত্তি নই হ'য়ে যাচ্ছে; কোন দিকে আমি মন দিতে পারছি না।" দামান্ত একটু ভাবের উন্মেষেই এই অবস্থা, আর যদি ভাবের এমন বেগ আদে যে দমস্ত মন লীন হ'য়ে যায়, তো তা মায়্রের পক্ষে হয় নিতান্ত অদহ। এইজন্ত বলেছেন "যোগিনো বিভাতি হয়াদ্ অভয়ে ভয়দর্শিনঃ"—যোগীরা পর্যন্ত এই অভয়য়রলকে দেথে ভয়ে দম্বস্ত হ'য়ে উঠেন।

আমিত্বের লোপ

যথন যাজ্ঞবন্ধ্য মৈত্রেয়ীকে উপদেশ দিতে গিয়ে বগছেন "ন প্রেত্য সংজ্ঞাহস্তি"—এর পর এ অবস্থা অতিক্রম ক'রে গেলে আর সংজ্ঞা থাকে না। সংজ্ঞা বলতে জ্ঞান ধরেছেন এবং জ্ঞান মানে 'আমি' 'তৃমি' এইসব

সংসারের জ্ঞান। এ সব লোপ হ'য়ে যাবে ভনে মৈতেয়ী ভয় পেয়ে গেলেন, বললেন, "এই অবস্থা নিয়ে আমি কি ক'রব: এ অৱস্থা তো আমার ভাল লাগছে না।" তথন যাজ্ঞবন্ধ্য তাঁকে বোঝালেন যে "সংজ্ঞা মানে এ নয় যে সেথানে গিয়ে ভোষার সন্তাও লুপ্ত হ'রে যাবে। সংজ্ঞা যানে জাগতিক বিষয়ের জ্ঞান, দে সব লোপ পেয়ে যাবে।" তাঁর বোঝানোর পর হয়তো মৈত্রেয়ীর ভয় দূর হ'ল, কিন্তু সাধারণ মাহুষের এ ভয় কথনও যায় না। দে যদি মনে ক'রে যে ভার আমিত্ব একেবারে লোপ পেয়ে যাবে, তা হ'লে সে অবস্থা সাধকদের যতই কামা হোক না কেন, মাতুষ তা চায় না; বলে, 'দরকার নেই ও-রকম অবস্থার, আমি যেমন আছি এই বেশ।' এই হ'ল সাধারণ মনের অবস্থা। তাই ঠাকুর বলছেন 'তোমাদের ভক্তিপথ থব ভাল আর সহজু।" ঠাকুর বলছেন, "আমায় একজন বলেছিল, মহাশয়, আমাকে সমাধিটা শিখিয়ে দিতে পারেন ?" সকলে হাসছেন। সমাধি' ভনে মাতৃষের একট আকর্ষণ হয়। শিথে নিলে সমাধির অবস্থাটা যদি উপভোগ করা যায় তো মন্দ কি ? বহুবার বলেছি, পাঁচ টাকার সমাধির কথা। একজন নিয়মিতভাবে সমাধি বিক্রি করতেন, পাঁচ টাকা যার দাম। একদকে অনেকগুলি লোককে বদিয়ে তিনি তাদের বলতেন. এইভাবে ভাবো। এর পর তাদের উপর সম্মোহন বিভা প্রয়োগ ক'রে তিনি তাদের এমন অবস্থায় পৌছে দিতেন, যাতে তারা অন্ততঃ মনে ক'রত যে তাদের সমাধি হয়েছে। আর এই সমাধিও ছিল থুব হুলভ, মাত্র পাঁচ টাকা তার দায। তাই একজন বলেছিলেন "মশাই, সমাধিটা শিথিয়ে দিতে পারেন ?"

ভাবে কর্মাভাব

আমরা যেভাবে ভগবানের লীলাকীর্তন করি, তাঁকে নিয়ে লীলা-বিলাসের কথা বলি, মানুষ যথন একেবারে তাঁতে লীলাছ'রে যায়, তথন আর তাঁকে নিয়ে দে ভাবে লীলাবিলাস সম্ভব হয় না। তাই ঠাকুর বলছেন 'ঈশ্বের দিকে যত এগিয়ে যাবে, কর্মের আড়ম্বর তত কমে আদবে। এমন কি তাঁর নাম গুণগান পর্যন্ত বন্ধ হ'য়ে যায়।" ভিত্তেরও এই ভাবে সমাধি হ'তে পারে, তথন তার দ্বারা আর বাহু অফুষ্ঠানাদি সম্ভব হয় না। ঠাকুর বলছেন যে এই অবস্থায় তর্পণ করতে গিয়ে তিনি তা করতে পারেননি, পরে হলধারী ব্রিয়ে দিলেন যে এটা সাধনের একটা স্ভব, যেথানে গেলে মাহুবের এ-রক্ষ অবস্থা হয়।

এর পর ঠাকুর বলছেন যে অবতার ও দিছ্ক-পুরুষের স্তর-বিভাগের কথা। 'অবতার' বলতে তিনি বোঝাচ্ছেন—যেথানে শক্তির বিশেষ প্রকাশ। অবতার, দিছ্ক, দিছের দিছ্ক—শক্তির প্রকাশের তারতম্য অফুদারে এ দের বিভিন্ন স্তরে বিভক্ত করা হয়। ভগবানের শক্তি দকলের মধ্যে আছে পূর্বভাবে, কিন্তু তার প্রকাশের তারতম্য আছে। এ-কথা আমরা ব্যাবহারিক জগৎ থেকে ব্রুতে পারি। তাই তিনি বিভাসাগরের প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, তাঁর ভিতর ঐশী শক্তির বেশী প্রকাশ বলেই লোকে তাঁকে দেখতে আদে। যে বস্তু অথও, তাকে থও ক'রে কোন জায়গায় কম, কোন জায়গায় বেশী এ-রকম তো করা যায় না। একটি ধূলিকণাতে পর্যন্ত ভগবানের সত্তা পরিপূর্ণভাবে রয়েছে। কেবল প্রকাশের তারতম্য। আর এই থেকেই বোঝা যায় কে বদ্ধ, কে মৃক্ত্রু, কে দিছ্ব আর কে বা অবতার।

লেকচারঃ ঈশ্বরের ঐশ্বর্য ও মাধুর্য

এর পর লেকচার দেওয়ার কথা উঠল। ঠাকুর বললেন "একবার কেশবকে বললাম, তোমরা কি রকম ক'রে লেকচার দাও, আহি শুনবো।" বলা বাহুল্য কেশব অসাধারণ বাগ্মী ছিলেন; তিনি বক্তুত দিলেন। ঠাকুর বলছেন 'শুনে আমার সমাধি' হ'য়ে গেল।' এত আনন্দ তার ভিতর পেয়েছেন। কিন্তু দঙ্গে দঙ্গে বলছেন "তোমরা ঈশবের ঐশর্ষের কথা অত বলো কেন? ভগবান তুমি অমৃক করেছ, তমুক করেছ। তুমি স্থন্দর ফুল করেছ, আকাশ করেছ—এই সব।" যারা নিজেরা ঐশ্বর্য ভালবাদে, তারাই ভগবানের ঐশ্বর্যের এত ক'রে বর্ণনা করে। তাই যতক্ষণ আমাদের ঐশ্বর্ষের মোহ থাকে, ততক্ষণ ভগবানের ঐশ্বর্যের দিকে দৃষ্টি থাকে। কিন্তু যত তাঁর নিকটে যাওয়া যায়, তত তাঁর সঙ্গে সম্বন্ধ গাঢ় হয়, তত তাঁর ঐশর্যের দিকে দৃষ্টি কমতে থাকে। তাই যে ভগবানকে প্রথম প্রথম মনে হয়—অনন্ত-শক্তিম্বরূপ, তিনিই শেষে হন অনন্ত-প্রেমস্বরণ। শান্ত ও দাস্তে যে এখর্ষের ভাব থাকে. সথোর ভিতর সেই ভাব কমতে থাকে; কমতে কমতে বাৎসল্যে সে-ভাব একেবারে লোপ পেয়ে যায়। মা যেমন সন্তানের কাছ থেকে কিছু আশা করেন না, তাকে তাঁর দেবারই থাকে, নেবার কিছু থাকে না. ভগবানের সঙ্গে যথন ঠিক সেই রক্ষ সম্বন্ধ হবে, তথন তাঁর দিকে আমরা অনেকটা এগিয়ে গেছি। আর সবশেষে মধুর ভাব; সেথানে প্রেমে তার দঙ্গে সম্পূর্ণ একীভূত হ'য়ে যাওয়া, যেথানে আর চুই-ভাব থাকে না।

এর পর জন্মান্তরের কথা উঠল। একজন জিজ্ঞাদা করলেন "আপনি জন্মান্তর মানেন ?" ঠাকুর বললেন, "হাা, আমি শুনেছি জন্মান্তর আছে। ঈশবের কার্য আমরা ক্ষ্রবৃদ্ধিতে কি ব্বাব ? অনেকে ব'লে গেছে, তাই অবিশাদ করতে পারি না।" ভগবানের লীলা আমরা কি ব্বাব ? ভীশ্মনেবের দেই শেষ কথা। ভগবানের লীলা কিছুই ব্বাতে পারলাম না। যে ভগবান জগতের রক্ষাকর্তা, তিনি পাগুবদেব দার্থি হ'য়ে দক্ষে সঙ্গের জারছেন, তবু তাঁদের ছাথের শেষ নেই। ভাব এই যে—তোমরা এথানেই তাঁর যথেই লীলা দেখতে পাচ্ছ, তা-ই ব্বাতে পারছ না; আবার জন্মন্তরের চিন্তায় মাথা ঘামানো! তা থেকে এই জন্মে এই জীবনটা

যাতে পরিপূর্ণভাবে কাজে লাগতে পারে, তার চিস্তাই করা উচিত।
অনস্ত জগতের সবকিছু তো জানা সম্ভব নয়, আর দরকারই বা কি
নিপ্রয়োজন কতকগুলি সিদ্ধান্ত মাথার পুরে রাখার ? এই হুর্লভ মহয়াজন্ম পেয়েছি, ভগবানের কথা শুনেছি, তাঁর উপর হয়তো একটু
ভালবাসাও এসেছে। এখন চেষ্টা করতে হবে তাঁর চিস্তা করবার, চেষ্টা
করতে হবে তাঁতে ভূবে যাবার, তাঁকে নিয়ে আনন্দ করবার।

প্রেরা

কথামুত—১।৪।১-২

দক্ষিণেশ্বর কালীবাড়ীতে শ্রীযুক্ত বিজয়ক্ষণ গোষামী শ্রীরামকৃষ্ণকে দর্শন করতে এদেছেন। এই বিজয়ক্ষণ এখন দাধারণ রাক্ষমাজের বেতনভোগী আচার্য। তাই তাঁকে রাক্ষমাজের দিদ্ধান্ত মেনে চলতে হয়। স্বাধীন চিন্তার হুযোগ কম। কিন্তু তাঁর ভিতর পরম বৈষ্ণব অধৈত গোষামীর যে ভাব তিনি উত্তরাধিকারহুত্তে পেয়েছেন, তা অন্তরে এখন বিকশিত হচ্ছে। তাঁর সেই ভক্তি, সেই প্রেমের উপর যে আবর্ষণ ছিল, শ্রীরামকৃষ্ণের সংস্পর্শে এদে তা ধীরে ধীরে অপদারিত হচ্ছে। তিনি ঠাকুরের কথামৃত আকণ্ঠ পান করছেন, আবার কথন কথন হরি-প্রেমে মাতোয়ারা হ'য়ে ঠাকুরের সঙ্গে বালকের ন্তায় নৃত্যও করছেন।

জন্মান্তরবাদ ও শাস্ত্র

কথাপ্রসঙ্গে একটি ভক্ত ছেলের কথা উঠল যে গলায় ক্র দিয়ে দেহত্যাগ করেছে। এ-কথা শুনে ঠাকুর বললেন "বোধ হয় তার শেষ জন্ম।" ঠাকুরের এই কথাটি বিশেষভাবে জনুধাবন করবার মতো।

জনান্তর দম্বন্ধে ঠাকুর সাধারণতঃ কোন সিদ্ধান্ত প্রকাশ করতেন না। কেউ জিজ্ঞাদা করলে হয় বলতেন "এ-রকম গুনেছি''—নয় বলতেন ''শান্তে আছে''। এথানে বলছেন, ''পূর্বজন্মের সংস্কার মানতে হয়''। কেন না, তা না হ'লে কারো কারো যে আবালা ভভদংস্কার দেখা যায়, তা কোথা থেকে আদে ? দে তো এ জীবনে তা অর্জন করেনি! স্তবাং কল্পনা করতে হয়, এগুলি তার পূর্বজীবনের অর্জিত। দৃষ্টাস্তস্বরূপ এথানে এ গল্পটি বললেন, একজন শ্ব-সাধনা করতে বদে নানা . বিভীবিকা দেখতে লাগল, শেষে তাকে বাদে নিয়ে গেল। স্থার একজন বাবের ভয়ে গাছের উপর উঠে বদেছিল। সব উপকরণ তৈরী দেখে দে শবের উপর বনে সাধনা শুরু ক'রে দিল। অল্প জপ করতেই মা প্রসন্মা হ'য়ে তাঁকে দেখা দিলেন। তখন দে মাকে বললে ''মা, তোমাকে ভাকার জন্ম যে এত আয়োজন ক'বল, তার কিছুই হ'ল না; আর আমি কিছুই করিনি, আমার উপর ভোমার ক্লপা হ'ল !" তথন মা বললেন, ''ওরে **জন্ম-জন্মান্ত**র ধরে তোর এই সাধনা চ**লে এসেছে। তারই** পরিপক অবস্থাতে তুই আমার দর্শন পেলি।" ভাবটা হচ্ছে এই যে, পূর্বজন্মের সংস্কার নিয়ে মাহুবের জন্ম হয়। এক জন্মই তো শেষ নয়। যদি এক জন্মে সব শেষ হ'য়ে যেত, তা হ'লে "কুতহানি, অকুতাভ্যাগম" দোষ হ'ত। একজন মনেক শুভকার্য ক'রল, কিন্তু এ জীবনে হয়তো তার কোন ফল দেখা গেল না; আবার আর একজন আবাল্য গুভ বা অণ্ডভ কর্মকল ভোগ করছে, যা সে এ জীবনে অর্জন করেনি, 'অক্লড' অর্থাৎ যা দে করেনি। শাস্ত্রকার বলছেন, কর্মকল কিছুই নষ্ট হয় না ; পরজন্মে দেগুলির ভোগ হবে। ঠিক এই কথা আমরা গীতাতেও পাই। অর্জুন জিজ্ঞাসা করছেন, যদি কেউ সাধনা করতে করতে যোগভাই হয় অথবা দিন্ধির আগেই তার শরীরপাত হয়, তার কি হয় ? শাস্ত্র বলছেন, দে যা কিছু করেছে, তার কিছুই নষ্ট হয় না। গীতা বলছেন, 'নহি কল্যাণক্লং কশ্চিদ্বৰ্গতিং তাত গচ্ছতি'—কল্যাণকারীর কথনও হুৰ্গতি হয় না। অর্জুনের প্রশ্ন—এক চিরন্তন প্রশ্ন: 'যোগাচ্চলিতমানসঃ' যোগ থেকে কোন কারণে যার মন সরে গেল, তার কি অবস্থা হবে ? দে কি ছিল্ল মেঘের মতো উভয়ত্রপ্ত হ'য়ে নাশপ্রাপ্ত হবে ? এই ছিল্ল মেঘের মতো নাশপ্রাপ্ত হওয়া, পাহাডে যারা মেঘের খেলা দেখেছেন, তারা জানেন। একটা মেঘ এদে পাহাড়ের গায়ে লাগল; লেগে যথন আবার উঠে গেল মেঘটা, তথন ঐ মেঘের এক টুকরো হয়তো পাহাড়ের গায়ে আটকে গেল। সেই টুকরোটি কিছুক্ষণ পরে দেখতে এদখতে মিলিয়ে গেল অর্থাৎ সেটা মেঘেও স্থান পেল না, আবার পাহাড়েও স্থান পেল না, সেইরকম যোগভ্রষ্ট ব্যক্তির কি ইহকাল কি পরকাল ছই-ই নষ্ট হবে ? শাস্ত্র বলছেন, তার কিছুই নষ্ট হবে না। এ জীবনে দে যা কিছু ক'রল, তাই তার পরবর্তী জীবনে পাথেয় হিদাবে বইল, যা দিয়ে দে দেই জীবন গুরু করবে। আর এই কারণেই বিভিন্ন ব্যক্তি বিভিন্ন সংস্থার নিয়ে জন্মগ্রহণ করে: কারো ভিতর থাকে আবাল্য ভগবংপ্রেম, আবার কেউবা মলিন মন নিয়ে জনায়। এই যে ভদ্ধি বা মলিনতা, তা তো সে এ জনে অর্জন করেনি। স্বতরাং বুঝতে হবে এর পিছনে রয়েছে পূর্ব পূর্ব জন্মের সংস্থার। স্বতরাং ''অবশ্বমেৰ ভোক্তব্যং কৃতং কৰ্ম গুভাগুভম্'—গুভ বা অগুভ কৰ্ম যা করা হয়েছে, তার ফল আমাদের ভোগ করতেই হবে। এখন এই যে 'অবশ্য ভোক্তবা'—তা আমরা এক জীবনে দেখতে না পেয়ে ভাবি যে পরজীবনে ও হয়তো তা পাওয়া যাবে না । অনেক চ্ম্বুতকারী সারাজীবন চুক্তর্ম করেও দাপটে কাটিয়ে যায় জীবনের শেষ দিন পর্যস্ত। এইসব দেখে আমরা ভাবি, তা হ'লে তার হৃষ্কৃতির পরিনাম তো কিছুই দেখা গেল না ? শাস্ত্র বলছেন, মৃত্যুর সঙ্গে সঙ্গে তার শরীরের পরিবর্তন হ'ল মাত্র, সংস্কারের পুঁটলি ঠিকই রয়ে গেল; ফলে কোন না কোন সময় তাকে ক্লতকর্মের ফল ভোগ করতেই হবে। স্কতরাং সাধনার ধারা পরবর্তী জীবনেও চলতে থাকে যদিও এ সম্বন্ধে তার নিজের স্মৃতি থাকে না। গীতায় তাই ভগবান অর্জুনকে বলেছেন:

বহুনি মে বাতীতানি জন্মানি তব চার্জুন। তাক্তহং বেদ স্বাণি ন ত্বং বেখ পরস্তপ ॥

তোমার আমার বছ জন্ম হয়েছে; আমি দে দব জানি, কিন্তু তুমি তা জানো না। আমাদের এই শাস্ত্রবাক্য শ্রদ্ধাসহকারে মেনে নেওয়া ছাড়া পরীক্ষা ক্ররার কোন উপায় নেই। "ক্বতহানি, অক্কতাভ্যাগম" এই যুক্তির ছারা জন্মান্তরবাদ দিদ্ধ করলেও তাতে মান্তষের বিশ্বাস স্থির হয় না।

শ্রীরামক্বফ ও বাইবেলের উক্তি

তবে এ সম্বন্ধে ঠাকুরের ভাবটা হচ্ছে যে, তুমি যে জন্মটা হাতের কাছে পেয়েছ, তাকে কাজে লাগাও; আগের বা পরের জন্ম যেগুলি নাগালের বাইরে সে সম্বন্ধে মাথা ঘামিয়ে লাভ কি ? যে জন্ম তোমার হাতের মধ্যে, তাকে উপভোগ কর; তারপর যদি জন্মান্তর থাকে. তাও কাজে লাগবে, আর যদি নাও থাকে তা হলেও কিছু নষ্ট হবে না। বাইবেলে একটা কথা আছে। একজন যীগুকে বলছেন যে আপনি লেজারাসকে পাঠিয়ে দিন। ওর মুথে জন্মান্তর আছে' গুনলে লোকে বিশ্বাস করবে ও ধর্মপরায়ণ হবে। যীগু বলছেন 'লেজারাস বললেই কি তার বিশ্বাসকরবে। কত প্রফেট অবতীর্ণ হ'য়ে কি লোককে এ-কথা বলেননি, কিন্তুলোকেরা কি তাদের কথায় বিশ্বাস করেছে ?' এখন প্রশ্ন হ'ল, ধরা যাক যে জন্মান্তর আছে। শাস্ত্র বলছেন, আত্মহত্যা মহাপাপ আর এই মহাপাপের ফলে মান্ত্র্যকে ফিরে ফিরে জন্মাতে হয়। ঠাকুর বলছেন, যাঁরা জ্ঞানলাভ করার পর আত্মহত্যা ক'বে শ্রীর ত্যাগ করেন, এই পাপ

আত্মহত্যা: উপমা ও ব্যাখ্যা

উপনিষদে বলেছেন, আত্মহত্যা যারা করে, তারা এক তঃথময় অন্ধকার লোকে যায়-পুরাণাদিতে যাকে 'নরক' বলে। মানুষ আতাহত্যা করে কখন? না, যখন তার শারীরিক বা মানসিক ক্লেশ তার সহের সীমা ষ্মতিক্রম ক'রে যায়। সহু করতে পারে না ব'লে দে এই শরীরটাকে সব ছঃথের মূল ব'লে সেটাকে নষ্ট ক'রে দেয়। এথন এই শরীরটা নাশ করেও যদি ছ:থের নিবৃত্তি না হয়, তো এই শরীরটা নাশের কোন সার্থকতা নেই। তাই ঠাকুর বলছেন 'ফিরে ফিরে আসতে হয়।' তাই তার চেয়ে দুঢ়তার সঙ্গে হঃথকষ্ট সহা করা ভাল। তবে ঠাকুর বলছেন, ষাঁদের এই শরীরের প্রয়োজন সিদ্ধ হয়েছে, তাদের পক্ষে আত্মহত্যায় শরীর-ত্যাগে পাপ হয় না। ঠাকুর অন্ত জায়গায় উপমা দিয়ে বলছেন যে কুয়ো থোঁড়া হ'য়ে গেলে যখন জল বেরোতে থাকে, তথন কেউ কেউ দেই কুয়ো-খোঁড়ার উপকরণ দেই ঝুড়ি-কোদাল ফেলে দেয়। ঠিক সেই রকম এই শরীর দিয়ে ভগবান লাভ করাই আমাদের উদেশ্য। এথন যার এই দেহ-মন দিয়ে ভগবান লাভ হ'য়ে গেছে, তার আর এই শরীরের কোন প্রয়োজন নেই। তবে যাঁর মনে ভগবান লাভের পর লোককল্যাণ-কামনা আসে, তিনি এই শরীটাকে বাথেন তাপিত তৃষিত মাত্ত্বকে দেই অমুতের সন্ধান দিতে; দেই কুগ্নো খোঁড়া হ'য়ে গেলে ঝুড়ি-কোদাল রেখে দেবার মতো। কিন্তু ভগবান লাভ করবার আগে যে আত্মহত্যা করে, তার পক্ষে সেটা খুবই হুর্ভাগ্য-জনক, কেননা তথনও সেই শরীর দিয়ে ভগবান লাভ করা তার পক্ষে সম্ভব; অস্ততঃ সম্ভাবনা আছে, আর এই সম্ভাবনা আছে বলেই এই শরীরটাকে নষ্ট করা তার অক্যায় ; তার পক্ষে ক্ষতিকর—এটি বোঝাবার জন্মই ঠাকুর বলছেন, শরীরটাকে অত তুচ্ছবুদ্ধি করা উচিত নয়। এই শরীর ভগবানের মন্দির, যে মন্দিরে ভগবানকে প্রতিষ্ঠা করাই আমাদের উদ্দেশ্য। তাই তাকে হস্থ, স্থলব, দবল বাখতে হয়। যে তা করে না, দে তার হুর্বলভারই পরিচয় দেয়, যে হুর্বলতা তাকে অধিকতর কষ্টের মধ্যে ফেলে, ঠাকুর যাকে বলেছেন 'ফিরে ফিরে আসা।'

আমরা কারো গায়ে পা লাগলে তাকে প্রণাম করি। এখন এই প্রণাম করি কাকে, না ভগবানকে, যিনি সেই দেহরূপ মন্দিরে বাস করছেন। বড়দের পর্যন্ত ছোটদের এই বৃদ্ধিতে দেখতে হয়, কারণ সবই যথন ভগবানের মন্দির, তখন ছোট বড় তফাৎ কোথায় ? সে মন্দিরে কারো কাছে বিপ্রাহ প্রকাশিত। কিন্তু সকলেরই কাছে রয়েছে সে বিপ্রাহ প্রকাশের সম্ভাবনা। কাজেই যে-যন্ত্র কিন্তু ভগবান লাভ সম্ভব, সেই যন্ত্রটিকে তৃচ্ছ করতে নেই, অবহেলা করতে নেই। সেই দিক দিয়ে দেখে শাল্প শারীর নাই করাকে 'মহাপাপ' বলেছেন। পাপ আর পুণোর মাপকাটি হ'ল এই ঃ যা ভগবানের দিকে নিয়ে যেতে সাহায্য করে তাই 'পুণা,' আর যা ভগবানের থেকে মামুষকে দ্বে সরিয়ে নিয়ে যার তাই 'পাপ'।

পুণ্যকর্মের স্তুতি

কথন কথন স্বর্গে যাবার জন্ম মানুষ পুণা করে—এক হিনাবে এও
মানুষের মনকে ক্রমশঃ শুদ্ধ ক'রে ভগবানের দিকে এগিয়ে নিয়ে যেতে
সাহায্য করে। অবশু শাস্ত্র বলেছেন এই স্থর্গের দিকে দৃষ্টি, স্বর্গের দিকে
সাকর্ষণ—এও আমাদের বন্ধন স্বষ্টি করে; যেমন এ পৃথিবীতে বিপুল
এশ্বর্ষের মধ্যে থাকলে মানুষ ভগবানকে ভুলে যায়, ঠিক তেমনি স্বর্গের
বিপুল এশ্বর্ষের দিকে দৃষ্টি থাকলে সে মন ভগবানের দিকে যায় না। কিন্তু
স্বর্গনাভের সাধন যে-সব শুভকর্ম, উপাসনা প্রভৃতি—এগুলি মানুষের
মনকে ধীরে ধীরে শুদ্ধ করে এবং এই শুদ্ধির পরিণামে সে কিছুটা
ভগ্নামেন্ত্র ক্রিকে এগিয়ে যায়। এই জন্মই খাল্লে পুণাকর্মের এত

চলতে কতক ওলি সংযমের বাঁধনে সে বাঁধা পড়ে, যার ফলে তার আর পশুর মতো জীবন্যাপন সম্ভব হয় না। এই যে ভোগলোলুপ মারুল শাস্ত্রীয় পথে তার নিজের অজ্ঞাতসারে তার পশুস্থলভ বৃত্তির উপর কিছুটা লাগাম টেনে দেয়, এটা হয় তার চিত্তগুদ্ধির পথে প্রথম পদক্ষেপ

প্রশংসা করা হয়েছে। লোভপ্রবণ মানুষের মন ভোগের জন্ম লালায়িত থাকবেই, কিন্তু এই লালদা তাকে যাতে দেহসর্বস্থ ক'রে অধোগামী ন। করে, তার জন্ম শাস্ত্র বলেছেন যে তোমার ভোগের উদ্দেশুও সিদ্ধ হবে, যদি তুমি শাস্ত্রনির্দিষ্ট পথে এগোও। এথন এই শাস্ত্রনির্দিষ্ট পথে চলতে

এঁর পর ক্রমশঃ আরও কিছুটা শুদ্ধ হওয়ার পর শাস্ত্র তাকে ব'লে দেন 'ও-সব ভোগের দিকে নজর দিও না। তুমি নিকামভাবে যাগ-যজাদি যা ক'রছ কর'; হয়তো বা আবার বলছেন 'ভক্তিই সার কর' অথবা বলছৈন 'আত্মাকে জানো।' এগুলি গোড়ায় বললে কিন্তু কোন লাভ হ'ত না।

মানবমনের ক্রমোল্লভি

ঠাকুর তাই বলছেন, "যথন কোন লোক কাছে আদে, আর দেখি

তার ভিতরে প্রবল ভোগের বাদনা রয়েছে, তখনতাকে বলি, 'খেয়ে লে ; প'রে লে'" অর্থাৎ থেয়ে প'রে ভোগ ক'রে নাও। কিন্তু সঙ্গে সঙ্গে এ-কথাও বলেন 'কিন্তু জেনো এগুলো কিছুই নয় ' অর্থাৎ এ-সব দিয়ে তোমাদের চরম উদ্দেশ্য সাধিত হবে না। কিন্তু প্রথমেই ভোগ করতে বারণ করলে সে-কথা কেউ শুনত না। তারা ভাবে ঠাকুর যথন ভোগ করতে বলছেন, তথন থেয়ে প'রে ভোগ করতে বাধা কোথায় ? বাধা কোথাও নেই। শাস্ত্রও আমাদের বাধা দেননি। বলেছেন করো,

কিন্তু জেনো 'নিবৃত্তিস্ত মহাফলা'—এগুলি সব বলেছেন মাহুধের স্বভাব। ২ ্যাব– ই এতে দোষ নেই, সে বেচারী কি করতে? মন চাইছে

ভোগ। আমরা ঘদি বলি 'ভোগ ক'রো না, এটা অক্তায়'—দে ভনবে না। কাজেই তাকে ছেড়ে দিতে হয়, একটু ভোগ করো। কিন্তু সঙ্গে সঙ্গে মনে করিয়ে দিচ্ছেন "জেনো, এগুলি কিছু নয়।" বিচার ক'রে ভোগ করবে। চারেতে যখন মাছ গাঁথে মাছটা তখন স্থতো টানতে আরম্ভ করে; আর তথনই কিছুটা হতো ছেড়ে দিতে হয়। প্রথমে হতো ছেড়ে ্দিয়ে পরে কিছু খেলিয়ে মাছটাকে তুলতে হয়। কেননা প্রথমেই টানলে ফ্রভো ছিঁড়ে যাবে। তাই যারা প্রবল ভোগপরায়ণ, ঠাকুর তাদের ভোগ ক'রে নিতে বলতেন, কিন্তু শেষে এও বলে দিতেন 'কিন্তু জেনো—কিছুই কিছু নয়।' এই শেষের কথাটি হয়তো তথন তাদের মনে থাকে না, প্রথম কথাটাই মনে থাকে। কিন্তু এমন সময় আদে, যখন মনে হয় যে ঠাকুর যেন শেষে কি একটা কথা বলেছিলেন। সেই উভ মুহূর্তে মনে পড়বে, তাইতো ঠাকুর তো বলেছিলেন "এ-সব **কি**ছুই 'কিছু নয়।" শাস্ত্রও তাই আমাদের যার যেমন মনের আকাজ্ঞা সেই · অনুসারে তাকে উপদেশ দিয়েছেন। যে পুত্রের কামনা করছে, তাকে পুত্রেষ্টি-যাগের বিধান দিয়েছেন, যে শস্ত-সম্ভার চাইছে তাকে বুষ্টির জন্ম কারীরী-যাগ করবার উপদেশ দিয়েছেন, এমনকি যে শত্রু বিনাশের জ্ঞ ব্যাকুল, তাকেও শ্রেন্যাগ ক'রে শত্রু বিনাশ করবার উপায় ব'লে দিয়েছেন। আপাতদষ্টিতে মনে হবে শান্ত এ-রকম অসং কর্মে কেন আমাদের প্রবৃত্ত করছেন? শান্ত প্রবৃত্ত করছেন না। মানুষ নিজেই প্রবৃত্ত হচ্ছে। শাস্ত্র তার ভোগপ্রবণ মনকে একটু শাস্ত্রমূখী করবার চেষ্টা করছেন মাত্র। শাস্ত্র যদি কেবলমাত্র উচ্চতম আদর্শের কথাই বলতেন, তাহ'লে তা হতো মৃষ্টিমেয় কয়েকজনের জন্ত ; বেশীর ভাগ লোককে শাস্ত্র-ধর্ম ছাড়াই চলতে হ'ত। শাস্ত্র আমাদের সকলের এই প্রয়োজনটি বুঝেছেন; আরু বুঝেছেন ব'লে যার যেমন মন, তাকে তার উপযোগী कं'त्र উপদেশ দিচ্ছেন।

औरष्टेत्र উপদেশ

একজন ভক্ত যীশুঞ্জীষ্টকে এসে বললেন যে "আমি ভগবানের পথে যেতে চাই, কি ক'রব ?" যীন্ত তাকে বললেন, "তুমি এই কর, ঐ কর।" সে বললে "আমি তো এই সব করি। আমি আয়ের এক-দশমাংশ দান করি, আরো যা যা বিধান সবই করি।" তথন যীশু বললেন "Then leave all and follow me"—তা হ'লে দ্ব পরিত্যাগ ক'রে আমার সঙ্গে চলে এম। তিনি গোড়াতেই কিন্তু সকলকে ডাকছেন না তাঁর স্কে চলে আসবার জন্ম। কারণ সে-রকম ডাকলে সকলে চলে আসবেও না ; ত্ব-চারজন হয়তো তাঁর ডাকে সাড়া দেবে, বাকি সব নিজেদের পথে চলবে। কাজেই তাদের জন্ত রোগ ভাল করতে হবে; মৃতকে বাঁচাতে হবে ; জলের উপর দিয়ে হাঁটতে হবে। বাইবেল পড়লে মনে হবে, যত সব অলোকিক কাজে ভরা। যীশুর কি থেয়ে দেয়ে কাজ ছিল না যে বাজীকরের মতো যতদব অলোকিক কাজ ক'রে বেড়িয়েছেন। এর কারণ হচ্ছে এই যে যাদের জন্ম তাঁর আদা, তারা কি ক'রে তাঁকে জানতে পারে কি ক'রে তাঁর অফুসরণ করতে পারে, কডটুকু তারা চলতে পারে, তা দেখতে হয়।

উপদেশের বৈচিত্র্য

ঠাকুর তাই বলছেন, যে যেমন তাকে সেই রকম উপদেশ দিতে হয়।
শাস্ত্র আমারা যথন বৃদ্ধির সাহাযো শাস্ত্র
বিচার করি, তথন বিভ্রাপ্ত হই এই দেখে যে, যে-শাস্ত্রে উচ্চতম আধ্যাত্মিক
তবের কথা আছে, সেই শাস্তের অক্ত জায়গায় আবার আছে অতাস্ত
অক্তর্মত ধরনের নিয়ম-আচার। তার কারণ সমাজটাই যে এই-রকম।
এই সমাজেই কত বিচিত্রে রকমের মান্ত্র্য আছে! এই বৈচিত্রের জক্তই

উপদেশেরও বৈচিত্র্য প্রয়োজন। যে যেখানে আছে, নেখান থেকেই এক

পা এক পা ক'বে তাকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই জন্ত আমরা দেখতে পাই, বেদাদি শাস্ত্রে চরম লক্ষ্যের কথাও যেমন আছে, তেমনি আছে অত্যম্ভ অনুমত যে, তার পক্ষেও গ্রহণোপযোগী উপদেশ, আর এই রকম উপদেশই আছে বেশী, কারণ সংখ্যায় তো এরাই গরিষ্ঠ। এই কথা বিচার ক'বে শাস্ত্রকে বুঝতে হয়।

এখন এই যে আত্মহত্যা, এই যে দেহকে নাশ করা, সাধারণের পক্ষে
এটি অত্যন্ত অক্সায়, কারণ সেই দেহ দিয়ে জীবনের চরম লক্ষ্য তথনও
লাভ হয়নি। কিন্তু ভগবানকে লাভ করার পর শরীরের আর কোন
প্রয়োজন থাকে না, তথন সেটা থাকল আর গেল, কিছুভেই কিছু আসে
যায় না। এখানে মনে হ'তে পারে অপবের কল্যাণের জন্ম তো দেহটা
রাখা উচিত ? তার উত্তর এই যে, কল্যাণ করবার আকাজ্জা সকলের
মনে থাকে না; আর তার প্রয়োজনও নেই। কারণ সাধক তথন
সকলের মধ্যেই তাঁকে দেখেন; কেই বা বলবেন আর কাকেই বা
বলবেন ? যে ভূমি থেকে এ রকম দেখা যায়, সেই ভূমি থেকে আর
উপদেশ চলে না। ঠাকুর বলছেন, কিন্তু কারও কারও ভিতরে, তিনিই
একটু 'বিভার আমি' রেখে দেন।

ঠাকুর এক জায়গায় বলছেন ''আছে।, আমার অহন্ধার আছে কি ?''
মান্টারমশাই বলছেন, "আজে আপনি একটুখানি রেখেছেন লোকের
কল্যাণের জন্ত, লোককে দেই আজ্মজ্ঞান, ভগবানের কথা শোনাবার
জন্ত ।'' ঠাকুর বললেন 'না, আমি রাখিনি। তিনিই রেখেছেন।''
এইটি বিশেষ ভাবে অনুধাবন করার মতো কথা। যে ভাঁর হাতের যন্ত্র,
তাকে তিনি রাখতেও পারেন, প্রয়োজন না থাকলে যন্ত্র পরিত্যাগ
করতেও পারেন। যথন আমার প্রয়োজন শেষ হ'য়ে যায়, তথন শরীরটা
থাকবে—না যাবে, সেটা তাঁর প্রয়োজনে তিনিই বুঝবেন। স্থতবাং যিনি
ভগবান লাভ করেছেন, তাঁর শরীরটা থাকবে কি যাবে, তা নির্ণয় করার

আর প্রয়োজন তিনি বোধ করেন না। যিনি এর পিছনে সর্বনিয়ন্তা, তাঁর ইচ্ছা অনুসারে যা ঘটবার তা ঘটে, যে ব্যক্তি পূর্ণকাম তার আর ঐ সবের কোন চিন্তা থাকে না।

(याल

কথামূভ-১। ।২-৩

ঁ দক্ষিণেশ্বর কালীবাড়ীতে শ্রীযুক্ত বিজয়ক্ত্ম গোস্বামী প্রভৃতি ভক্তসঙ্গে ঠাকুরের অবিরাম ঈশ্বর-প্রদঙ্গ চলছে। ঠাকুর চার রকম জীবের
লক্ষণ বলছেন: বন্ধজীব, মৃমৃক্ষুজীব, মৃক্তজীব আর নিতাজীব।

বদ্ধজীব

বদ্ধজীব তো আমরা চাবিদিকেই দেখতে পাই। ঠাকুর উপমা দিচ্ছেন, ঠিক যেমন জালের ভিতরে পড়ে মাছ কাদায় মৃথ গুজে থাকে, ভাবে এথানটা বোধ হয় নিরাপদ। সে জানে না যে জেলে সেখান থেকে তাকে টেনে তুলবে এবং তার মৃত্যু হবে। এ রকম একটি অবশুস্থাবী সত্যু সম্বন্ধে সে সচেতন নয়; এটাই হ'ল বদ্ধজীবের লক্ষণ। মহাভারতে তাই বলছেন, এ এক আশ্চর্ষ ব্যাপার:

षरग्रश्नि ভূতাनि গচ্ছ छि ययमनित्रम्।

শেষাঃ স্থিরত্বমিচ্ছন্তি কিমাশ্চর্যমতঃপরম্॥"

দিন দিন মান্ন্য মৃত্যুম্থে পতিত হচ্ছে, তা দত্ত্বেও তার থেয়াল নেই। সে তাবছে, যারা মরবার তারাই মরছে, আমি ঠিক থাকব। বদ্ধের বন্ধন দম্বন্ধে কোন 5েতনা থাকে না। সে যে আন্টেপ্ঠে বাঁধা রয়েছে—এ সম্বন্ধে তার কোন থেয়ালই নেই। তাই মান্ন্য হাদয়ের মতো পরিকল্পনা করে,

ভাবে 'এটা ক'বব', 'ওটা ক'বব', কিন্তু ভাবে না যে আজই যদি ডাক আদে তো দব ছেড়ে চ'লে যেতে হবে। ঠাকুব বলছেন, হৃদয় দক্ষিণেশ্বরে একটা এঁড়ে বাছুরকে ঘাদ খাওয়াবার জন্ম খুঁটোতে বেঁধে রেখেছিল। ঠাকুব জিজ্ঞাদা করায় দে বলল যে, বড় হ'লে এটাকে দেশে পাঠিয়ে দিয়ে চায় করানো হবে। ঠাকুব ভনে মূর্ছিত হয়ে গেলেন। এতটুকু একটা বাছুব বড় হবে, তারপর তাকে অতদ্রে শিহড়ে পাঠিয়ে দেওয়া হবে, আর সেখানে তাকে দিয়ে চাৰ করানো হবে!

আমরা এর চেয়েও অনেক বড় বড় পরিকল্পনা করি, আর ভাবি-আমরা চিরকাল বেঁচে থেকে দেই পরিকল্পনা রূপায়িত ক'রে তার ফল ্ভোগ ক'রব। এখানে কিন্তু জাতীয় পরিকল্পনার কথা বলছি না, ব্যক্তিগত পরিকল্পনার কথাই বলছি। এখন প্রশ্ন হচ্ছে তাহ'লে কি আমরা পরিকল্পনা ক'রব না? ঠাকুর কিন্তু দে-কথা বলছেন না। পরিকল্পনা আমরা নিশ্চরই ক'বব, কিন্তু সেই দঙ্গে আমাদের এ-কথাও ভাৰতে হবে, আমরা যতটকু পারি ক'রব. তারপর আমাদের পরবর্তী যারা আদবে, তারা করবে। এখান থেকে চলে যাবার জন্ম সবসময় তৈরী থাকতে হবে। এই বৃদ্ধি ক'রে যদি পরিকল্পনা করা যায় তো (माय इस ना। তবে সেই বৃদ্ধি, निःशार्थजाव ना এলে इस ना। आमात्र মন যদি স্বার্থবৃদ্ধিতে ভরা থাকে তো এমন পরিকল্পনা আমার মাথাতেই আদবে না, যার ফল আমি ভোগ ক'বব না। বন্ধজীবের মাথায় এ চিস্তা আসে না যে আমি তুদিনের জন্ম এ জগতে এদেছি; যথনই ডাক আসবে, তথনই আমায় সব ছেভ়ে চলে যেতে হবে। বরং তার ব্যবহার দেখে মনে হয়, সে এমন এক পাকা বন্দোবস্ত ক'রে এ জগতে এসেছে, যাতে বোধ হয় তাকে কোনদিনই এখান থেকে চলে যেতে হবে না

गूग्कुकीर ও गूककीर

মৃমৃক্জীব বন্ধন সম্বন্ধে সচেতন; তার আছে বন্ধনের অন্তব, বন্ধনের বেদনা, তাই সে-বন্ধন থেকে তার মৃক্তির চেষ্টা। তবে মৃক্তির জন্ম

সচেষ্ট সকলেই যে মৃক্ত হয়, তা নয়। ঠাকুর উপমা দিয়ে বলেছেন, যে
মাছগুলো জাল থেকে বেরোবার জন্ম ছটফট করে, তাদের সবাই জাল
থেকে বেরিয়ে যেতে পারে না। তাদের মধ্যে ত্-চারটে ধপাং ধপাং
ক'রে লাফিয়ে চলে যায়। ঠিক সেই রকম মহামায়ার জাল থেকে যাঁরা

নিত্যজীব

্কোনরকমে বেরোতে পারেন, গারাই হলেন মৃক্তজীব।

এছাড়াও আর এক-রকমের জীবের কথা ঠাকুর বলেছেন, যাঁদের বলে 'নিতাজীব'। দেয়ানা মাছ যেমন কথনো জালের মধ্যে পড়ে না, এঁরাও তেমনি কথনো মহামায়ার জালে বন্ধ হন না। আর পাঁচজনের মতো তাঁরাও এই জগতে আদেন, কিন্তু একটু বুদ্ধির বিকাশের সঙ্গে দঙ্গে তাঁরা বুঝতে পারেন যে তাঁরা এ জগতের নন। এই নিতাজীবের পর্যায়ে ঠাকুর ফেলেছেন তার পার্ষদদের, যাঁদের এ-জগতে আদা কোন বাসনা-প্রেরিত হ'য়ে নয়, যাঁরা আদেন লোক-কল্যাণের জন্ম, অবতারা-मित नौनात **मरु**ठत र'रत्र। ठीकूत এथान नातरमत मृष्टी छ । पिट्हिन। নারদের জীবনে দেখা যায় আবাল্য প্রবল বৈরাগ্য-একেবারে সেই পাঁচ বছর বয়স থেকে। সংসারের একমাত্র বন্ধন ছিলেন মা, যিনি ব্রাহ্মণদের বাড়ীতে দাসী-বৃত্তি ক'রে জীবিকা নির্বাহ করতেন, সন্তান পালন করতেন। দেই মায়ের যখন সর্পদংশনে মৃত্যু হ'ল, তখন তাঁর. বয়স মাত্র পাঁচ বছর। আপাতদৃষ্টিতে এটা তাঁর তুর্ভাগ্যের স্থচনা ব'লে মনে হবে, কিন্তু নারদ বলছেন, তাঁর যে একটুখানি বন্ধন ছিল, তাও ংসে গেল; তাই তিনি বেরিয়ে পড়লেন সাধন করতে। হাঁটতে হাঁটতে

অনেক দূরে গিয়ে একটা গাছের তলায় তিনি ধ্যানে বদেছেন। বলা

বাহল্য, এমন মন নিমে তিনি ধ্যানে বদেছেন, যা কথনও সংসারে লিপ্ত হয়নি। ধ্যান করতে করতে ভগবানের সাক্ষাৎকার লাভ করলেন। কিন্তু কিছুকণ পরে যথন ভগবান অন্তর্হিত হলেন, যথন ধ্যানে আর তাকে ধরা যাচ্ছে না, তথন বালক আকুল হ'য়ে কাঁদছেন ও বলছেন, 'ভগবান, ত্মি দেখা দিয়েও অন্তর্হিত হ'লে কেন ?' তথন দৈববাণী শুনলেন, "নারদ, তুমি যে একবার দেখা পেয়েছ, তোমার এ-জীবনের পক্ষে তাই যথেষ্ট। আর তুমি আমার দর্শন পাবে না; কিন্তু এই এক দর্শনেই তোমার সমস্ত জীবন ভ'রে থাকবে। এথন তুমি আমার গুণকভিন ক'রে সমস্ত জীবন ভ'রে থাকবে। এথন বাছল্য, এই ভগবদ্ভিভি শেশবার জন্তই নারদের দেহধারণ; হুতরাং নারদের সংসারে আসার অন্তর্কান উদ্দেশ্য নেই—একমাত্র লোক-কল্যাণ ছাড়া। এই হ'ল নিতাজীবের লক্ষণ।

এই সংসারে বদ্ধানীবই সবচেয়ে হলভ, চারিদিকেই দেখা যায়; মৃমুক্ষ্জীব অপেকাকত বিরল, তবে খুঁজলে সকলেই কিছু না কিছু দেখতে পান;
মৃক্তজীবের দেখা পাওয়া মোটেই সহজ নয়; আর নিতাজীব কেবলমাত্র অতি বিরলই নন, তাঁদের দেখা পেলেও লোকে চিনতে পারে না।

বন্ধজীবের লক্ষণ

এর পর বদ্ধজীবের বর্ণনা দিতে গিয়ে ঠাকুর এক ভয়াবহ চিত্র
আমাদের সামনে তুলে ধরলেন। বললেন "উট কাঁটা ঘাদ থেতে বড়
ভালবাদে। কিন্তু যত খায় তত মৃথ দিয়ে দরদর ক'রে রক্ত পড়ে; তবুও
দে কাঁটা ঘাদ খাওয়া ছাড়বে না।" আমরা দেখি এ সংসারে মায়মের
কষ্টের শেষ নেই। যাদের বাইরেটা দেখে আমরা স্থী ব'লে মনে করি,
তাদের অন্তরটা যদি দেখা যেত তো দেখতে পেতাম, তা ছংখে ভরা।
ভগবান গীতায় বলেছেন, "আনিত্যমস্থাং লোকমিমং প্রাণ্য ভজস্ব মাম্।'

এই অনিত্য জগতে ছঃথের নির্ত্তি নেই, তাই অনিত্য বস্তুর উপর আসন্তিতাগ ক'রে আমার ভন্ধনা কর। মৃথ দিয়ে বক্ত পড়ছে, তব্ও উট যেমন কাঁটা ঘাদ থেয়ে চলে, মায়্বও তেমনি দংসারে থেকে এত ছঃথ পাছে, তব্ দেই দংসারকেই জড়িরে থাকতে চায়। কই যথন পায়, তথন হয়তো সাময়িকভাবে মনে করে সংসার ভাল লাগছে না, ছেড়ে দিই, কিন্তু ছাড়তে কিছুতেই পারে না, এমনই আইে-পৃষ্ঠে বন্ধন। কেশব সেনের এক আত্মীয় যার বয়দ প্রায় পঞ্চাশ হয়েছে, তাকে তাস থেলতে দেখে ঠ্রাকুর অবাক হছেন, কিন্তু আমরা এ দৃশ্য দেখলে তত অবাক হই না, কেননা এ তো আমরা সর্বদাই চারিদিকে দেখছি। এই বন্ধনীরের অবস্থা সেই মেছুনীর মতো, মাছের আঁদটে গন্ধ ছাড়া যার ঘুম হয় না, ফুলের গন্ধে যে অস্বস্থি বোধ করে।

বদ্ধজীবের মুক্তির উপায়

এখন প্রশ্ন: এ বন্ধজীবের কি বকম মনের অবস্থা হ'লে তবে মৃক্তি হ'তে পারে? ঠাকুর তার উত্তরে বলছেন, ''ঈশরের ক্বপায় তীত্র বৈরাগ্য হ'লে এই কাম-কাঞ্চনে আদক্তি থেকে নিস্তার হ'তে পারে। তীত্র বৈরাগ্য কাকে বলে? 'হচ্ছে, হবে, ঈশরের নাম করা যাক'—এ-সব মন্দ বৈরাগ্য। যার তীত্র বৈরাগ্য, তার প্রাণ ভগবানের জন্ম ব্যাকুল, মার প্রাণ যেমন পেটের ছেলের জন্ম ব্যাকুল।'' এই মন্দ বৈরাগ্যের ফলে অনেক সাধকের দিদ্ধি স্থদ্বপরাহত হয়। অনেক সাধক প্রথম প্রথম প্র রোক করেই ভক্ত করে। মনে করে ছদিনের চেষ্টাতেই বুঝি ভগবান লাভ হ'রে যাবে। কিন্তু যথন সে দেখে দিনের পর দিন মনের সঙ্গে কঠোর সংগ্রাম করেও সে পরান্ধিত, তথন সে বুঝতে পারে যে ভগবান লাভ যত সোজা সে মনে করেছিল, তত সোজা নয়। আর এই বোধ থেকেই স্টি হয় হতাশা, যা সাধকদের জীবনে বড় শক্রে। কিন্তু ভয় হয় তথন, করতে পারছি না' ব'লে বেদনা বোধ থাকা আনে, কিন্তু ভয় হয় তথন,

যথন এই বেদুনাবোধ থেকে জন্ম নেম্ন হতাশা, যা সাধকের মনোবল ভেঙে দিয়ে তার সাধনায় ছেদ ঘটায়। শাল্তে একে বলেছেন, ''প্রমাদ্-আলস্ত।" এই প্রমাদ প্রথমতঃ অনবধানতা অর্থাৎ লক্ষ্য সম্বন্ধে অচেতনতা, আর যদিই বা চেতনা থাকে তো চলবার পথে এমন আলস্থ উপস্থিত হ'ল যে সে আর এগোতে পারল না। শাস্ত শুধু ৩-কথা বলেননি যে "কুরস্ত ধার। নিশিতা হরত্যয়া হুর্গং পথস্তৎ কর্বয়ো বদস্তি ॥ তীক্ষ ক্ষ্বের ধারের উপর দিয়ে চলা যেমন কঠিন, তেমনি কঠিন ভগবান লাভের পথ। দাধারণ মাহুষের পক্ষে এ যেন অধাধ্য। কিন্তু এই অসাধ্যকেই দাধন করতে হবে, কেননা এ ছাড়া ভগবান লাভের যে আর কোন পথ নেই। কিন্তু মাহুষের স্বভাবই হ'ল দে সবসময় সবচেয়ে সহজ পথ খোঁজে, আর এইভাবে খুঁজে যে পথটা ভার সবচেয়ে সহজ ব'লে মনে হয়, সেই পথেই চলতে থাকে; চলতে চলতে দে বুঝতে পারে যে, পথটি মোটেই সহজ নয়। অনেক সময় মাতৃষকে প্রবোচিত করার জন্ত বলা হয় "এই কর, তাহলেই হবে। একবার ডেকে দেখ. তাহলেই হবে।" কিন্তু একবার কেন, দশ বার, হাজার বার গলা ফাটিয়ে ভেকে যথন সে দেখে কোন কাজ হচ্ছে না, তথন তার সন্দেহ জাগে। কিন্তু একদিকে যেমন সন্দেহ জাগে, অক্তদিকে তেমনি এক**টু আক**র্ষণণ্ড বোধ হয়। এথন এই আকর্ষণ আর সন্দেহের দোলায় দোলায়মান সাধকের চিত্ত। এ-সম্বন্ধে কোন স্তোকবাক্য দিয়ে লাভ নেই যে, এমন এক সহজ পথ আছে যে পথে ভগবান অনায়াসলভ্য, কেননা সে-রক্ষ কোন পথই নেই।

এখানে গিরিশবাব্র দৃষ্টাস্তই নেওয়া যাক। গিরিশবাবুকে ঠাকুর বললেন "দেখ, আর কিছু না পার তো দিনে ছবার তার নাম ক'রো।" দিনে ছবার কেন, দিনে একবারও নাম করতে অপারগ দেখে ঠাকুর ভাবের ম্থে তাঁকে বললেন, "তাও যদি না পার তো আমাকে বকল্মা দাও" অর্থাৎ আমার উপরে ভার দাও। গিরিশবাবুভগরান লাভের এমন সহজ পথ পেয়ে নিশ্চিন্ত হলেন। কিন্তু এর পর একদিন কথাপ্রসঙ্গে যথন বলছেন যে 'তাঁকে অমৃক জায়গায় যেতে হবে, অমৃক কাঈ করতে হবে', ঠাকুর তথন বললেন, "সে কি গো, তুমি না আমার উপর বকল্মা দিয়েচ ? তবে আবার 'এটা করতে হবে' 'ওটা করতে হবে' কি ব'লছ ?' গিরিশবাবু তথন ব্ঝলেন যে সত্যিই তো, ভার দেওয়া তো ও-রকম ক'রে মাঝামাঝি ক'রে, ভাগাভাগি ক'রে হয় না। শেষজীবনে তিনি বুঝেছেন যে এই বকল্মা দেওয়া কত কঠিন। তিনি বলছেন, "প্রতি পদে প্রতি নিঃখাসে দেখতে হয়, তাঁর উপর ভার রেখে তাঁর জোরে পা-টি, নিঃখাসটি কেলনে, না, এই হতচ্ছাড়া 'আমি'টার জোরে সেটাকরলে।" তিনি ভাবলেন তার চেয়ে রোজ এক হাজার বার জপ করাও বোধ হয় ভাল ছিল।

নামমাহাত্ম্য

শাস্ত্র বলেছেন, ভগবানের নাম 'হেলয়া শ্রদ্ধয়া বা''—হেলায় করুক

বা শ্রদ্ধাভরে করুক, তার কল্যাণ হবেই। এই আশ্বাসবাণীতে ভরসা পেয়ে মান্ত্র্য ভাবে, ভগবানের নাম না হয় ক'রে ফেলাই যাক এক আ্ববার। বেশী সময় নই না করলেই তো হ'ল। কিন্তু তারপর শান্ত্রবলছেন 'নাম তো ক'রছ, কি রক্ম ক'রে নাম করতে হয় জান তো? নামের সঙ্গে মনকে একাগ্র করতে হয়। একাগ্রতা আছে তো?" সর্বনাশ। একাগ্রতা! সে যে কঠিন কথা! তার চেয়ে এক হাজারের জায়গায় দৃশহাজার বার নাম কর। যায়, কিন্তু একাগ্রতা পাঁচ মিনিটের জন্ত আনাও খ্ব কঠিন। স্বামীজী গান গাইছেন "সাধন ভজন তাঁর কররে নিরন্তর" শুনে ঠাকুর বলছেন, "যা করবিনি, তা বলছিদ কেন? বল্, কর রে দিনে গ্রার"—ঠাট্রা ক'রে বললেন। ভাব এই যে, এইরক্ম ক'বে ভগবানের সঙ্গে কোন বোঝাপড়া হয় না যে, আম্বা তু-দশবার

তাঁর নাম ক'রব, আর তিনি তার পরিবর্তে **আমাদে**র সব ক'রে দেবেন।

ভগবান বলছেন ''আমি যোগক্ষেম বহন করি অর্থাৎ যার যা প্রয়োজন আছে, তাকে তা দিই; আর যার যা আছে, তা রক্ষা করি।'' তাহ'লে তো তাঁর ভক্ত হ'রে লাভ আছে। যার যা প্রয়োজন তিনি যোগাবেন, আর যা আছে দব পাহারা দেবেন। কিন্তু সঙ্গে স্থার একটি কথা বললেন, যেটা আমাদের মনে থাকে না। 'অনক্যশ্চিন্তরভো''—অনক্য হ'রে যারা আমার চিন্তা করে 'তেবাম্ নিত্যাভিযুক্তানাম্ যোগক্ষেমং বহাম্যহম্''—দেই যারা আমার সঙ্গে নিত্যসংযুক্ত তাঁদের যোগক্ষেম আমি বহন করি। যোগক্ষেমের আশার প্রলুক্ক হ'রে তাঁর দিকে এগোলাম বটে, কিন্তু তাঁর সর্ভ শুনে ব'লে উঠি 'রক্ষা কর ভগবান, তোমার যোগপ্ত চাই না ক্ষেমণ্ড চাই না।''

আদল্যে আমরা চাই স্বন্ধতম বাধার পথ (path of least resistance)। কিন্তু ভগবান লাভের তো তেমন কোন পথ নেই, বরং প্রতিটি পথই বিপদ্সন্থুল, যেথানে পদে পদে পরীক্ষা। গোপীরা – যারা ভগবানকে সর্বস্থ অর্পণ করেছে, তাদেরও এই পরীক্ষা দিতে হয়েছে; পরীক্ষায় উত্তীর্ণ হ'তে হয়েছে, তবেই তাঁর রুপা লাভ হয়েছে।

ভ্যাগ ও ব্যাকুলভা

গোপীরা গৃহত্যাগ ক'রে. আত্মীয়-মজন ম্বামী-পুত্র দব ত্যাগ ক'রে, পাগলের মতো ভগবানের পদ প্রান্তে হাজির হ'ল, আর ভগবান তখন বললেন ''এদেছ, বেশ করেছ, তা আমাকে তোমাদের জন্ম কি করতে হবে ?" যেন একেবারে অপরিচিত তারা দব। ইংরেজীতে যেমন বলে ''What can I do for you?'' ঠিক দেইরকম ভাব। যার জন্ম দর্বম্ব ত্যাগ করলাম, দেই এ-রকম ব্যবহার করছে। এই হ'ল পরীক্ষার ধারা। তবে পথের ভয়ম্বরতা যদি গোড়া থেকেই চিত্রিত হয় তো কেউ আর ভয়ে সে পথ মাড়াবে না। কাজেই বলতে হয়--উপায়

আছে। তাঁর উপন্ন নির্ভর করো। তিনিই সমস্ত বিপদ থেকে তোমাকে উদ্ধার করবেন। "তেষামহং সমুদ্ধর্তা মৃত্যুসংসারসাগরাৎ"—তাদের আমি মুকারপ সংসার-সাগর থেকে উদ্ধার করি, "মঘাবেশিতচেতসাম''---যারা আমাতে চিত্ত নিবিষ্ট করেছে। কিন্তু উদ্ধার হ'তে চাইলে তো তিনি উদ্ধার করবেন। ঠাকুর যেমন বলেছেন যে, বিষ্ঠার ক্রমিকে যদি ভাতের হাঁড়িতে রাখা যায় তেই লে মরে যাবে। **আমাদের অবস্থাও** ঐ রকম। সংসাবের মালিভেই আমাদের সম্ভোষ, আর এর ভিতরেই আমরা হাইপুট হচ্ছি, ভগবানের কথা ভাববার অবকাশ কোথায় ? আর যদি বা আমরা তাঁর কথা ভাবি, দেটা হয়, যা স্বামীজী বলেছেন, যেমন বৈঠকথানা সাজাবার জন্ম একটা জাপানী ফুলদানির প্রয়োজন—অর্থাৎ ফ্যাশন, ধর্মের প্রয়োজন আমাদের জীবনে ঐ ফুল্লানির মতো। এই রকম হ'ল ভর্গবানের দিকে আমাদের মন দেওয়া। কিন্তু ও-রকম দিলে তো চলবে না, সমস্ত মনটা ভাঁকে দিতে হবে। সহস্র বন্ধন ছিঁড়ে সমস্ত মন তাঁর দিকে দেওয়া কঠিন কথা।

শরণাগতি

শান্তের নির্দেশ, যভ কঠিনই তা হোক না কেন, পালন করার চেষ্টা করতে হয়। কেন করতে হয় ? না, তা ছাড়া মাহুবের কল্যাণকর আর কিছুই নেই বলে। এ কথাটি যদি মাহুব অস্তর দিয়ে বুঝতে পারে তো তাঁর পায়ে শরণ নেওয়া ছাড়া দে আর করবেই বা কি ? ভাগবড বলছেন যে মরণশীল মাহুব দেখছে তার পিছনে মৃত্যুরূপ কালদর্প ছুটে আসছে তাকে দংশন করবার জন্ম। তাই সে ছুটে পালাচেছ ; ছুটতে ছুটতে সে বর্গ মর্ত্য পাতাল তিন লোকই ঘুরে ফেলল, কিন্তু দেখল কোথাও তার নিষ্কৃতি নেই। পিছনে সেই কালসাপ ছুটছে। ছুটতে ছুটতে ক্লান্ত অবসন্ন হ'য়ে সে দেখছে—তার পাদপদ্মে এনে পড়েতে। সে খুঁজে বার করতে পারেনি, ছুটতে ছুটতে কোনজনে পূর্ব হুকৃতি বলেই

হোক বা তাঁর ক্বপাতেই হোক, তাঁর পাদপদ্মের সমীপে এমে পড়েছে। এখানে এসে সে নিশ্চিন্ত হ'রে স্বস্তির সঙ্গে শুরে প'ডল। স্বস্তি কেন প না, মৃত্যুত্তপ কালসর্পের ভয় আর নেই এখানে। ঠিক তারই প্রতীক বোংহয় নারায়ণের বাহন গরুড় যার কাছে দাপ ঘেষে না। হতরাং তার পাদপদ্মে শরণ নিলে মান্ত্র মৃত্যুর হাত থেকে নিম্বৃতি পায়। মৃত্যু কাকে বলচেন? না, নিজেকে ভুলে থাকাই মৃত্যু, ্নিজের স্বরূপকে ভুলে থাকাই মৃত্যু। এই মৃত্যু আমাদের সব জায়গায়, দব সময় আমরা মৃত্যুগ্রাস্ত হ'য়ে রয়েছি, কারণ মৃত্যু মানে তো ওধু দেহের নাশ নয়. মৃত্যু মানে তাঁকে ভূলে থাকা। তাই মৃত্যুর হাত থেকে নিষ্কৃতির উপায় হ'ল তাঁকে আশ্রয় ক'রে থাকা। কিন্তু তাঁকে আশ্রয় করাও সহজ নয়, এটা আমরা পরে ব্রতে পারব। ঐ লোকটির মতো তিন লোক ছটোছটি ক'রে ক্লান্ত হ'লে তবেই তাঁর পাদপদ্মে আশ্রয় পাব। এই যে তিন লোকে ছুটোছুটি, এই যে মনের দঙ্গে সংগ্রাম, তা ক'রে যখন আমরা অবদন্ন হই, তথনই হয়তো আমাদের শরণাগতির ভাব মনে আসে, আর তণনই তিনি আমাদের আশ্রেয় দেন। তা না হ'লে সর্বদা তাঁর সঙ্গে ওতপ্রোত-ভাবে জড়িত হয়েও আমরা তাঁর থেকে দূরে থাকি কি ক'রে ? আর এই যে नाधना, এ-সাधना एक दम उथनहै, यथन এ-সংসার আমাদের বিষবৎ বোধ হয়।

সংসার ও সাধনা

এখন সংসারে থেকে তাকে বিষবৎ মনে ক'বব, এ তো বড় সর্বনেশে কথা! কিন্তু যতক্ষণ সংসার মধ্র ব'লে মনে হয়, ততক্ষণ আর অগ্য মধুরের প্রয়োজন কোথায়? স্বতরাং ভগবানের আর প্রয়োজন নেই সেখানে। যদি বা প্রয়োজন হয় তো ব'লব, "হে প্রভু ছেলেটার অস্থ হয়েছে, যেন সেরে যায় বা এবারের ফসল যেন ভাল হয়"—তার প্রয়োজন

এই পর্যন্ত। আমরা এই সংসারকে চাই, আর এই সংসারের স্থথ পাবার বা তঃথ এড়াবার উপায়রূপে চাই তাঁকে। আসলে আমরা আন্তরিক তাঁকে চাই না। তাঁকে চায় এ-রকম বীর হাদয় খুব কম, যে হাদয় তাঁর জন্ম দর্বস্ব ত্যাগ করতে প্রস্তুত। মনে হবে এ তো সন্নাদের কথা, কিন্তু এ সন্নাদের কথা নয়, এ হ'ল প্রকৃত ভক্তের হৃদয়ের কথা। আমরা যথন বলি 'নাথ, তুমি দর্বস্ব আমার' তথন তোতা-পাথির মতো কথাটি আবৃত্তি করি মাত্র। এর অর্থ হৃদয়ত্বম করার মতে। দুঢ়তা আমাদের থাকে না। ঠাকুর বলেছেন, "তোমরা এ-ও কর, ও-ও কর।" এক হাত দিয়ে সংসার কর, অন্তহাতে ভগবানকে কিন্তু তার পরেই ঠাকুর বলছেন—যথন পরিবেশ অন্তকুল হবে, তথন "ত্-হাত দিয়েই তাঁকে ধর।" এই যে ত্-হাত দিয়ে ধরা এইটিই. কিন্তু লক্ষ্য; এবং এই লক্ষ্যে পৌছে দেবার **জন্ত অবস্থা বিশে**ষে যদি প্রয়োজন হয় তো এক হাত দিয়ে তাঁকে ধরার কথা বলা হয়েছে। তানাহ'লে সংসারে এক হাত, আর ভগবানে এক হাত —এটা কোন কাজের কথা নয়। মূল কথা হ'ল ছ-হাত দিয়ে তাঁকে ধরা। কিন্তু দেখা যায়—হয় সংসার আমাকে ছাড়ছে না, অথবা আমি সংসারকে ছাড়ছি না; তাই একটু আপদ করা হয়। বলা হয়—আচ্ছা এক হাতে সংসার কর, আর এক হাতে তাঁকে ধরে থাকো। ঠাকুরের সন্তানেরা বলছেন যে মনটার তৃত্থানা দিয়ে যদি সংসার করা যায় তো ভেদে যাবে। আমরা অনেক সময় বলি যে সংসারে এত কাজ যে, ভগবানের চিন্তা করার অবকাশ পাই না'—এই কথাই যদি সব সময় মনে থাকে তো প্রকারান্তরে তাঁরই চিন্তা হ'য়ে যায়। কিন্তু তা তো হয় না ; এগুলো কেবল আত্মপ্রবঞ্চনা, নিজেকে ভুলিয়ে রাখা যে, কাজের চাপে আমি তাঁর চিন্তার সময় পাই না। তথন কি মনে থাকে এই কথা যে তিনি ছাড়া আর কিছু নেই, তথন কি মনে থাকে যে ''ঈশা বাস্তমিদং

সর্বম্"—এই বিশ্ব জ্বাণ্ড দেই আত্মবস্ত দিয়ে ভ'রে ফেলতে হবে, তাঁকে দিয়েই ভরিয়ে তুলতে হবে সমস্ত জীবনটা ?

সতরো

কথা মৃত--> ১।৪।৬-৭

শীবিজয়কয়্ষ গোস্বামীর দক্ষে ঠাকুরের ভগবৎ-প্রদক্ষ চলছে।
বিজয়কয়্ষ্ ঠাকুরকে প্রশ্ন করছেন, সপ্তমভূমিতে মন যাবার পর যথন
ব্রহ্মজ্ঞান হয়, তথন সাধক কি দেখে ? এই প্রশ্নের উন্তরে ঠাকুর বলছেন,
সেগানে গেলে মনের নাশ হ'য়ে যায়, কাজেই সেথানকার থবর দেবার
আার কেউ থাকে না; হুনের পুতুলের সম্দ্র মাপতে যাবার মতো অবস্থা!
ছেনের পুতুল সম্দ্র মাপতে গিয়ে গলে গেল, পুতুলটি আার রইল না।
সেই রকম যে ব্যক্তি ব্রহ্মলাভ ক'রল, তার আর ব্যক্তিত্ব রইল না।
উপনিষদে দৃষ্টান্ত আছে:

জ্ঞানীর অবস্থা ও শ্রীরামকুষ্ণের উপমা

এখন প্রশ্ন হচ্ছে যে এতে কি তাঁর লোপ হয় ? তার উত্তর এই যে, এতে তাঁর লোপ হয় না, কেবল তাঁর চারপাশের যে বেড়া, যে সীমার বাঁধন দিয়ে তিনি অন্ত বস্তু থেকে নিজেকে পৃথক্ ক'রে রেখেছিলেন, সেই দীমার নাশ হয়। অর্থাৎ যে ক্ষুদ্র বিন্দৃটি ছিল,

সেটি আর বিন্দুরূপে রইল না, সিন্ধুরূপে রইল। বিন্দুরূপে তার যে ক্ষতা, কেবল সেইটার নাশ হ'ল সে অসীম হ'য়ে গেল। আরও पृष्टीख निष्ट्यन ठीकूत, जनवाशित छेभव यनि এक**টा** नाठि तांश यात्र, তাহলে মনে হয়, জলটা যেন ছভাগ হ'য়ে গেছে। আদলে জলট। যা ছিল তাই আছে, কেবল লাঠিটা থাকার জন্ম ঘটো ভাগের মতে। দেখাচ্ছে। সেইরকম 'আমি'-বুদ্ধি থাকাতেই মনে হয়, আমার ব্যক্তিত্ব আলাদা হ'য়ে গেছে৷ এখন সেই 'অহং লাঠি' তুলে নাও সেই এক জলই থাকবে। 'আমি'-কে সবিয়ে ফেল, তাহলে আর 'আমি একটি' 'তিনি একটি' এই বিভাগ থাকবে না। লাঠি রাখলে জলের যে ভাগ হয়, সে ভাগ যেমন সভা নয়, সেই বকম এই 'আমি'রপ বস্তটিও সভা-দতাই দত্তাকে পৃথক করে না; জীবাত্মা ও পরমাত্মারূপে অথও অন্বয় তত্তকে সে পৃথক ক'রে দেয় না। কিন্তু ঐ জলের বিভাগের মতে। মনে হয় জীবাত্মাও পরমাত্মা ঘটি ভিন্ন বস্তু। কিন্তু আসলে তে। ভিন্ন বস্তু নয়। 'আমি' থাকাতেই ভেদের প্রতীতি হয় মাত্র। তাই বলেছেন ''অহংই এই লাঠি। লাঠি তুলে লও, সেই এক জলই থাকবে।" ' এথন প্রশ্ন হ'ল, এই 'অহং' যদি যত নষ্টের মূল হয়, তাছলে যে পথে সে অহংএর নাশ হয়. সেই পথই ভাল। ভক্তিযোগে যদি 'অহং' থাকে তো জ্ঞানের পথই ভাল. যাতে জজ্ঞান দূর হয়. জহংএর নাশ নয়। এই

দে অহংএর নাশ হয়. দেই পথই ভাল। ভক্তিযোগে যদি 'অহং' থাকে তো জ্ঞানের পথই ভাল। যাতে জ্ঞান দূর হয়. জহংএর নাশ নয়। এই প্রশ্নই বিজয়ক্ষফ করলেন ঠাকুরকে। উত্তরে ঠাকুর বলছেন: তৃ-একটি লোকের জ্ঞানযোগের দ্বারা 'অহং' যায় বটে, কিন্তু প্রায় যায় না। হাজার বিচার কর 'অহং' ঘুরে ফিরে ঠিক উপস্থিত হয়। এ দেই অশ্বর্থ গাচ কাটার মতো অবস্থা। আজ গাছ কেটে দাও. কাল সকালে দেখবে আবার ফেঁকড়ি বেরিয়েছে।

আমরা বিচার করি—এই জগৎটা মিখ্যা. আমিও এই জগতের

অন্তর্ভুক্ত, এই আমি-আমার অহংকার—এও সেই মিধ্যারই কার্য, পত্য দৃষ্টিতে যার কোন অন্তিত্ব নেই; কাজেই একে সত্য ব'লে যে বোধ, তা আমাদের প্রান্ত ধারণা থেকে হচ্ছে—এই ভাবে আমরা মনকে বোঝাই। কিন্তু হাজার বিচার করি, কিছুতেই এই 'অহং' যায় না। বড় বড় পণ্ডিত, দার্শনিক—তাদের সেই পাণ্ডিতা, দর্শনের মধ্যে দিয়েও অহং আত্মপ্রকাশ করে। চেষ্টা করলেও অহংকার যায় না। ঠাকুর বলছেন যে, দৈবাৎ কারও যেতে পারে। কিন্তু সাধারণের পক্ষে এইভাবে অহংকে নির্ত্ত করা বড় কঠিন। তাই তিনি বলছেন ''একান্ত যদি 'আমি' যাবে না, তবে থাক শালা 'দাস আমি' হ'রে · · · · আমি দাস, আমি ভক্ত—এরণ আমিতে দোষ নাই।"

ভক্তের 'দাস আমি'

এই 'ভক্ত আমি', 'দাস আমি' মাহ্নষকে সংসারে বদ্ধ করে না। 'অহংকার দোষের' বলি কেন ? না সে বন্ধন এনে দেয়। কিন্তু যে অহংকার বন্ধন এনে দেয় না, তাতে দোষ কিসের ? সেইজক্ত 'দাস আমি' 'ভক্ত আমি' 'সস্তান আমি'তে দোষের কিছু নেই। এ-কথা কেন বলছেন ? জ্ঞানযোগের হারা অহংকে সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন করা যায় সতা; কিন্তু জ্ঞানযোগের অহুশীলন ক'রে অতদ্র অবধি এগোনোক-জনের পক্ষে সম্ভব ? দেহাত্মবৃদ্ধি না গেলে এই জ্ঞানে প্রতিষ্ঠিত হওয়া যায় না। দেহাত্মবৃদ্ধি মানে—এই দেহটাকে 'আমি' বোধ করা। এই দেহটাকে 'আমি' ব'লে বোধ করছে শিশু থেকে বৃদ্ধ পর্যন্ত, মূর্থ থেকে পণ্ডিত পর্যন্ত। ঠাকুর তাই বলছেন, যতই বলি কাটা-থোঁচা নেই, দেই কাটা যথন হাতে লাগে তথন 'উঃ' ক'রে উঠি। সাধারণ মাহ্নের কি. কথা, তোতাপুরীর মতো উচ্চ অধিকারীরও দেহের জন্ত মন নীচে নেমে এদেছিল। এই দেহাত্মবৃদ্ধির প্রভাব এতদ্র। এখন

জ্ঞানীরও যেথানে এই অবস্থা সাধারণ মান্তবের তাহলে করণীয় কি ? এমন কি উপায় আশ্রয় করা উচিত, যার দারা "বজ্জাত আমি" অর্থাৎ যে আমি বন্ধনের স্থি করে, সেই 'আমি'র হাত থেকে মৃক্ত হ'য়ে সাধক 'শুদ্ধ আমি' হ'তে পারে। এই 'শুদ্ধ আমি' থাকলে কোন দোষ হয় না; স্থতরাং তাকে নাশ করবার জন্ম কোন উৎকট সাধনার প্রয়োজন নেই, থাকলেও তা আমাদের ক্ষমতার বাইরে। তাই ঠাকুর বলেছেন, "কলিতে অন্ধগত প্রাণ, দেহাত্মবৃদ্ধি, অহংবৃদ্ধি যায় না। তাই কলিয়ুগের পক্ষেভক্তিযোগ।" কলিয়ুগে মাহুবের মন দেহে নিবিষ্ট থাকে।

কলিতে ভব্জিযোগ

উপনিষদের যুগকে আমরা 'সত্যযুগ' ব'লে কল্পনা করি। সেই সমরেও কিন্তু উপনিষদ বলছেন, "পরাঞ্চি থানি রাতৃণৎ স্বয়ন্ত তত্মাৎ পরাঙ্পশুতি নাস্করাত্মন্।" ইক্রিয়গুলিকে বহিমুখি ক'রে সৃষ্টি ক'রে ভগবান যেন জীবের মহা অনিষ্ট করছেন। সেই জন্ম সে কেবল বাইরের জিনিসই দেখে, অন্তরাত্মাকে দেখে না। এ তো দেই উপনিষদের যুগের কথা। স্থতরাং এটি হচ্ছে সনাতন সত্যা, সব সময় সব মাতুষের পক্ষে। কলিযুগের প্রভাব কি কেবল বর্তমানেই রয়েছে? কলিযুগ তো চিরকাল রয়েছে। কেননা যে 'দেহাত্মবুদ্ধি' কলিযুগের বৈশিষ্ট্য বলা হয়েছে, সেই দেহাত্মবুদ্ধির প্রভাব থেকে তো মানুষ সত্য, ত্রেতা, দ্বাপর—কোন যুগেই মুক্ত নয়। এই যুগেতেই আবার আমরা দেথব এমন মানুষ, ঘাঁদের আমরা সত্যা, ত্রেতা বা দাপর যুগের লোক ব'লে বলতে পারি। আবার সভাযুগেও কলিযুগের মতে। অহুর প্রকৃতির লোক দেখা যায়। স্থতরাং যুগ ঠিক এইভাবে ভাগ করা যায় না। আমরা কলিযুগের যত দোষ দিই। ভাগবতে এক জায়গায় আছে:-

"কুতাদিযু মহারাজ কলাবিচ্ছন্তি সংভূতিম্"—

ক্বত মানে সভাযুগ, সভাযুগের লোকেরাও এই কলিযুগে জন্ম নিতে ইচ্ছা

করে। তারা ভাবে যদি কলিযুগে জন্মাতাম, তাহলে অত কঠোর সাধনার প্রয়োজন হ'ত না। অনায়াদে ভক্তিমার্গ অবলম্বন ক'রে সিদ্ধিলাভ করা

যেত। এটি হচ্ছে বোঝাবার জন্ম যে, সব যুগেই মান্তবের মধ্যে উচ্চ নীচ মনোবৃত্তি আছে। আবার এ-সবের ভিতর থেকেও উদ্ধার পাবার

উপায়ও আছে। আর দাধারণ মান্তবের পক্ষে দেই উপায়ই হচ্ছে ভক্তিযোগ। যে কোন যুগেই হোক না কেন, যদি দহজনভা ভক্তিযোগ অবলম্বন, ক'রে এগোনো যায়, তাহলে দরকার কি জ্ঞানযোগের, অত কুঠোরতার বা কর্মকাণ্ডের আড়ম্বর যেখানে হাজার বছর ধরে একটি যজ্ঞ

করছে। আ্মরা তে। এক-শ বছরও বাঁচি না, কাজেই আমাদের ও চিস্তা ক'রে লাভ কি ? এ কথার তাৎপর্য কিন্তু এ নয় যে, জ্ঞানযোগ কোন উপায় নয়।

করতে হয়। পুরাণাদিতে আছে অমৃক লোক দশ হাজার বছর তপস্তা

জ্ঞানযোগ উপায় তো বটেই, কিন্তু দেই উপায় অন্থনরণ করার ক্ষমতা আমাদের ক-জনের আছে ? মৃষ্টিমেয় কয়েকজনের সে সামর্থ্য থাকলেও বাকি সকলের কাছে সে উপায় নাগালের বাইরে। স্থতবাং সেই উপায়ই আমার কাছে শ্রেষ্ঠ,যা আমার পক্ষে অনুক্ল,যা আমার সামর্থ্যের মধ্যে।

তাই এই যোগ শ্রেষ্ঠ, ঐ যোগ নিকৃষ্ট বলা যায় না। যার পক্ষে যে উপায় উপযোগী, তার পক্ষে দেটাই শ্রেষ্ঠ। বাজারের নানা ধরনের দামী দামী ওযুধ আছে,তার যে কোন একটা খেলেই কি রোগ দারে ? রোগ দারাতে

গেলে আমার পক্ষে যেটি উপযোগী, সেই ওয়্ধটিই গ্রহণ করতে হয়। ভাগবভঃ জ্ঞান, ভক্তি ও কর্ম

ভাগবতে তিনটি যোগের কথা বলা হয়েছে—ভক্তিযোগ, জ্ঞানযোগ ও কর্মযোগ। যাঁরা অত্যস্ত বিষয়বিরাগী, যাঁদের কোন কামনা নেই, যাঁরা সমস্ত কর্ম ত্যাগ করেছেন, অবশু 'কর্ম' বলতে এখানে সকাম

কর্মকেই বোঝাচে: 'এই কর্ম ক'রে এই ফল লাভ ক'রব'-একে বলে 'দকাম কর্ম'। এই দকাম কর্ম যাঁরা ত্যাগ করেছেন, তাঁদের জন্মই জ্ঞান-যোগের বিধান। আর ঘাঁদের মনে কামনা বাসনা প্রবল, তাঁদের জন্ম কর্মযোগ। কামনা প্রবল বলেই প্রথমে তারা কামনা করেই শাস্ত্রীয় কর্ম করবেন। এইভাবে করতে করতে তাঁরা ধীরে ধীরে উচ্চতর পর্যায়ে গিয়ে পৌছাবেন। এইজন্ত সকাম কর্ম দিয়েই তাঁদের শুরু। আর যাঁরা অতিশয় বিষয়বিরাগীও নন, আবার অতিশয় ভোগপ্রবণও নন: অর্থাৎ যাঁদের এমন তীব্র কামনা নেই, যা তাঁদের ভগবানের দিকে এগোতে দিচ্ছে না; আবার এমন তীত্র বৈরাগ্যও নেই, যে মন বিষয়ের দিকে একেবারেই যাবে না—তাঁদের জন্ম ভক্তিযোগ। একজনের কাছে যা পথা, অন্তজনের কাছে তা বিষবৎ পরিত্যাজ্য। এই জন্মই ভক্তিযোগীরা জ্ঞানযোগকে ভয় করে, আবার জ্ঞানযোগী ভক্তিযোগকে উপেক্ষা করে, আবার ভক্তিযোগী ও জ্ঞানযোগী উভয়েই কর্মযোগীকে দ্বণা করে। কিন্তু এ সবগুলিই মান্নবের এগিয়ে যাবার পথ ; স্বতরাং কোনটাই উপেকার বা ঘূণার বস্তু নয়। যে যেথানে আছে, তাকে তো দেখান থেকেই এগোতে হবে-এক পা এক পা ক'রে। এক লাফে কি ছাদে ওঠা যায় ? একটা একটা ক'রে সিঁডি পেরিয়ে তবে তো ছাদে উঠতে হবে। এখন যদি আমি সেই সিঁডিগুলিকে দ্বণ্য বলে মনে করি, কারণ সেগুলি নীচের দিকে আছে, তাহলে তো কোনদিন আমার উপরে ওঠা সম্ভব হবে না। ব্যাকুল হ'য়ে নিষ্ঠার সঙ্গে আমাদের নিজের নিজের পথে এগিয়ে যেতে হবে। যখন আমাদের নিজেদেরই পথ চলার জন্ম তীত্র ব্যাকুলতা থাকে না, তথনই আমরা অপরের পথের সমালোচনা ক'রে তাদের তুচ্ছ বোধ করি। তীত্র ব্যাকুলতা নিয়ে একনিষ্ঠ হ'য়ে যে নিজের পথে এগিয়ে চলেছে, তার পক্ষে কি আর অক্তের পথের দিকে দৃষ্টি দিয়ে সমালোচনা করা সম্ভব ?

তাই নিজের হাদরে অষেষণ ক'রে দেখতে হয়, আমি কোন্ পণের অধিকারী। আমি যদি তীব্র বৈরাগাবান্ হই, তাহলে জ্ঞানযোগের দিকে দৃষ্টি দিতে পারি; আ্র যদি তা না হই তো আমার পক্ষে জ্ঞান্যোগের পথ অর্দরণ ক্রতে যাওয়া এমন একটা বিপত্তির স্প্টি করবে, যা আমাকে সাধনপথে এগোতে দেবে না।

এরপর ঠাকুর বলছেন, ''ভক্ত যে 'ভক্ত আমি' দোস আমি' রেথে দেন, সে 'আমি' দোবের নয়, কেননা সে 'আমি' মানুষকে এমন বন্ধনে আবন্ধ, করে না, যা সহজে ভাঙা যায় না। জ্ঞানী তাঁর অহংকে মিথ্যা ব'লে পরিহার করেন, আর ভক্ত ভগবানকে ভাবতে ভাবতে এমন হ'য়ে যান যে তথন তাঁর ক্রতা, তাঁর অপূর্ণতা নিশ্চিক্ত হ'য়ে যায়।''

ভক্তের জ্ঞানলাভ ও শ্রীরামক্বক্ষের উপমা

এরপর বিজয়ক্ষ প্রশ্ন করলেন, 'এই 'ভক্ত আমি', 'দাস আমি'র কামক্রোধাদি কিরপ থাকে?' উত্তরে ঠাকুর বলছেন: এঁদের কামক্রোধাদির দাগমাত্র থাকে, যেগুলি তাঁদের আর বিচলিত করতে পারে না। একটা দড়ি যদিপুড়ে যায়, তাহলে সেটা দড়ির মতো দেখায় বটে, তবে তা দিয়ে দড়ির কোন কান্ধ হয় না, বন্ধন হয় না। এখন এই 'দাস আমি' বা 'ভক্ত আমি' এই ভাব প্রথমে আরোপ ক'রে নিতে হয়। ভগবানকে জানা নেই, স্বতরাং কর্মনা ক'রে নিয়ে 'তাঁর দাস', 'তাঁর ভক্ত' এই ভাবে ভাবতে চেষ্টা করতে হয়। এই রকম ভাবতে ভাবতে যখন এই ভাবনায় দিদ্ধি হয়, তখন ভক্ত ভগবানকে প্রত্যক্ষ করে। ভগবান সর্বশক্তিমান্। তিনি মনে করলে ভক্তকে প্রদ্ধজ্ঞানও দিতে পারেন। তাই ভক্তেরা ইচ্ছা করলে ভগবানের কাছ থেকে ব্রম্বজ্ঞানও লাভ করতে পারে। স্বতরাং ব্রম্বজ্ঞানে যে কেবল জ্ঞানযোগীরই একচেটিয়া অধিকার, তা নয়। ভক্তিযোগের ভিতর

396

দিয়েও ব্রহ্মজ্ঞান হয়। ঠাকুর দৃষ্টান্ত দিয়ে বলছেন, যেমন বাড়ির পুরানো চাকর, সে প্রভুর কাছ থেকে পৃথক থাকে সব সময়। কিন্তু প্রভু যদি কোনদিন ইচ্ছা ক'রে তাকে পাশে টেনে বসান, তথন সে কি আর পৃথক জায়গায় বসতে পাবে ? তাকে প্রভুর পাশেই বসতে হয়। তবে সাধারণ ভক্ত বন্ধজ্ঞান চায় না। বামপ্রসাদ যেমন বলেছেন ''চিনি হ'তে চাই না মা, চিনি খেতে ভালবাসি।" সে নিজেকে ভগবান থেকে পৃথক রেখে তাঁকে উপাশুরূপে বা শাস্ত, দাস্ত, সথ্য, বাৎসন্য, মধুর—যে কোনভাবে আম্বাদন করতে চায়। এ**টি হ'ল ভক্তে**র অভিক্রচি। যিনি সর্বশক্তিমান, যিনি দব দিতে পারেন তিনি কি আর ভক্তকে বন্ধজ্ঞান দিতে পারেন না? কিছ ভক্ত তা চায় না। তা না চেয়ে দে যদি অনস্তকাল তাঁকে আমাদন করতে চায় তো দে তার কচি। এতে কোন एनाव इस ना ; एनाव इस उथन, यथन छ क मतन करत त्य याता खाँनी, ठाँता একেবারে নীরস, শুষ্ক। কারণ তিনি ভাবতে পারেন না যে তিনি যে-রস আশ্বাদন করছেন, অপরেও অন্যভাবে সেই রসই আশ্বাদন করতে পারেন। এই একদেশীভাব জ্ঞানীরও আছে, ভক্তেরও আছে; এমন কি তোতাপুরীর মতো জ্ঞানীও ঠাকুরের হাততালি দিয়ে ভগবানের নাম করাকে "কেও রোটি ঠোকতে হো?" ব'লে উপহাদ করেছিলেন।

ঠাকুরের বিশেষ শিক্ষ।

তাই ঠাকুরের বিশেষ শিক্ষাঃ নিজের নিজের ভাবের প্রতি একনিষ্ঠ হও, নঙ্গে সঙ্গে অপরের ভাবকেও শ্রদ্ধার চোথে দেখ; পরস্পর পরস্পরকে শ্রদ্ধার চোথে দেখ; অপরের ভাবের প্রতি সহান্তভৃতি-সম্পন্ন হও; কিন্তু নিজের ভাবে দৃঢ় নিষ্ঠা রেখে চল।—এই বিশেষ শিক্ষাই ঠাকুরের বৈশিষ্টা, এই ভাবই আজকের যুগের পক্ষে বিশেষ উপযোগী—

আর এইথানেই শ্রীরামক্বফের যুগাবতারত।

আঠারো

কথামৃত--১।৪।৭

দক্ষিণেশ্বরে কালীবাড়ীতে শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামীর সঙ্গে ঠাকুরের অবিরাম ঈশ্ব-প্রদঙ্গ চলছে।

এর আগে ঠাকুর বলেছেন 'বজ্জাত আমি' ত্যাগ করতে, আর 'ভক্ত আমি' 'দাস আমি' রেখে দিতে। কারণ এই 'আমি'তে কোন দোষ নেই। দোষ, গুণ আমরা কাকে বলি ? যা ভগবানের কাছে নিয়ে যায়, তাই গুণ; আর যা ভগবান থেকে দূরে সরিয়ে রাখে, তাই দোষ। 'ভক্ত আমি' 'দাস আমি' ভক্তকে ভগবান থেকে ঈষৎ পৃথক্ ক'রে রাখে, কিন্তু সে পার্থক্য এমন কিছু নয়, যা তাঁকে আস্বাদন করতে বাধা দেয়।

জ্ঞানপথ কঠিন

যদি কেউ বলে যে ভগবানের দক্ষে ভক্তের ঈষৎ পার্থকাই বা কেন থাকবে, তার উত্তরে ঠাকুর বলছেন, তাঁর থেকে নিজের পার্থকা নিশ্চিহ্ন ক'রে ফেলা মুখে বলা সহজ, কিন্তু কাজে পরিণত করা মোটেই সহজ নয়। আমি হয়তো ব'লব যে আমার মধ্যে তিনগুণের কোনটাই নেই, অতএব এই তিনগুণ থেকে আমি মুক্ত। কিন্তু যথন কথাটা বলছি, তথনও জানি যে আমি মুক্ত একেবারেই নয়। এই যে মুখের কথা আর অস্তরের কথার পার্থকা—এই পার্থকা থাকতে মানুষ কোনদিন তার আদর্শে পৌছতে পারবে না।

গীতায় ভগবান বলেছেন:

''ক্লেশোহধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্। অব্যক্তা হি গতিহু :খং দেহবস্তিরবাণ্যতে।" যাঁরা ভগবানের নিরাকার ভাবের দিকে আরুই, তাঁদের কই বেশী। কই বেশী যেহেতু বাক্য মনের অতীত যিনি, তাঁর দিকে যাওয়াও যাছে না, আবার অক্যভাবে তাঁকে আবাদন করকার কচিও নেই। তাই ঠাকুর 'দোহহং' ভাব দম্বন্ধে দাবধান ক'রে দিয়েছেন। তিনি বলেননি যে এটা ভুল দিছাস্ত ; তিনি বলেছেন যে, দাধারণ মাহুবের পক্ষে এ ভাব সহজ্বদাধ্য নয়। মুথে ব'লব 'আমিই তিনি' আর এদিকে হাজার রকমের সংশয়, আসক্তি আমাদের ঘিরে থাকবে। তাই 'আমিই তিনি' ব'লে আমরা নিজেকে ঠকাই, আর অপরকে বিভান্ত করি। যে-দাধনের যোগ্য আমরা, দে-দাধন ছেড়ে দিয়ে যথন যে-দাধনের যোগ্য নই, দেই দাধনের দিকে ঝুঁকি; তথন আমাদের অবস্থা হয় সেই ছোট ছেলেটির মতো, যে নিজের জুতো ছেড়ে দিয়ে তার বাবার জুতোর পা দিয়ে চলতে চেটা করে। পরিণামে সে যেমন চলতে পারে না, আমরাও তেমনি সাধনপথে এগোতে পারি না।

" আমরা হলাম 'ইতো নইস্ততো অষ্টা'; 'ওতো অষ্টা' এইজন্ম যে, আমরা আমাদের লক্ষ্যে পৌছতে পারলুম না; আর' ইতো নইা' এইজন্ম যে, যে ব্যক্তি যে-সাধনার উপযুক্ত সেই সাধনে তার প্রবৃত্তি হ'ল না, সে মনে ক'বল এটি হীনাধিকারীর জন্ম। স্থতরাং তুমি যে-সাধন করতে পারো সেইটি নিষ্ঠাভরে কর, তাতে আছা রাখো। এইটাই বড় কথা। যে সাধন আমি ক'বব, তার উপর যদি আমার আছা না থাকে, যদি মনে হয় যে এটি হীনাধিকারীর জন্ম, তাহলে সেই সাধন কখনও আমায় এগিয়ে নিয়ে যেতে পারে না!

''যার যেই ভাব হয় তার দে উত্তম। ভটস্থ হয়ে বিচারিলে আছে তহন্তম॥"

সাধনা করবার সময় যার যেটি ভাব, সেটি তার পক্ষে শ্রেষ্ঠ, কেননা, সেটি ধরেই সে এগোতে পারে। "তইস্থ হয়ে বিচারিলে স্পাছে তহত্তম"—

থে ভাবেই এগোই না কেন, তার কাছে গিয়ে যদি বিচার ক'রে দেখি, তাহলে দেখব যে তার থেকেও শ্রেষ্ঠ ভাব আছে।

যেমন অবৈওভাবের সাধনার সময় মান্ন্য যথন বলে যে "আমি এক"
—এই ভাবের সাধনা ক'বব, তথন কিন্তু তার পক্ষে কোন সাধনা করা
সন্তব নয়। কেননা আমিই যদি এক, তাহলে সাধনা করবে কে?
নিজেকে যদি এক্ষের সঙ্গে অভিন্ন ভাবি, আগে থেকেই যদি এই অবৈত
সিদ্ধান্ত করি, তারপর আর সাধনার কোন প্রশ্ন আগে না।

পরমার্থ-সভ্য

এই যে "অহং ব্রহ্ম" সাধনা, যদি তটস্থ হ'য়ে বিচার করা যায়, তাহলে বৃষ্ণব যে, তার চেয়েও উচ্চতর ভাব আছে; "আমি ব্রহ্ম"—এ কথাও বলা চলে না। 'আমি ব্রহ্ম" এ-কথাটি বলা হচ্ছে পার্থক্যকে বীকার ক'রে নিয়ে; আমি একটি, আর ব্রহ্ম একটি, মনের ভিতরে ভেদ ব্রেছে। এই যে বলছি 'আমি' 'আমরা'—এ-ছটি কথার মধ্যে তাৎপর্য কোথায় রয়েছে? ভেদের যে প্রতীতি সেটি মিধ্যা, অর্থাৎ সত্য নয়। ভেদের প্রতীতি হওয়াটা কিছু সাধনায় সিদ্ধির কথা নয়। স্থতরাং যদি তার কাছে গিয়ে বিচার করা যায় তো দেখতে পাব, তার থেকেও বড় ভাব আছে, যে ভাবে প্রতিষ্ঠিত থেকে অহৈতবাদী বলেন [মাণ্ডুক্যকারিকা ২০০২],

ন নিরোধো ন চোৎপত্তির্ন বন্ধো ন চ সাধকঃ

ন মৃষ্ক্র বৈ মৃক্ত ইত্যেষা পরমার্থতা ॥

পরমার্থ সত্য হ'ল এই যে, ধ্বংস বা নিরোধ ব'লে কিছু নেই, স্পষ্টি বা উৎপত্তি ব'লে কোন কথা নেই, বন্ধন ব'লে কিছু নেই, সাধক বলেও কিছু নেই, আমরা যে-শব্দগুলিকে অবৈত্তসাধনে ব্যবহার করছি, এ সবই তো কল্পিত বন্ধকে খীকার ক'রে নিয়ে বলা। কল্পনাকে বাস্তব ব'লে ধরে নিয়ে যেন আমরা বিচার করছি যে আমি অবৈতের সাধনা করছি। কে আমি? তার স্থিতি কোথায়? তার স্থরণ কি? যদি তার স্থরণ রক্ষের থেকে ভিন্ন হয়, তাহলে তো 'আমি রক্ষ' হতেই পারে না। আর অহং যদি রক্ষের থেকে অভিন্ন হয়, তো 'আমি রক্ষ' এই কথার কোন তাৎপর্যই থাকে না। পার্থক্য থাকলে তবেই ছটি বস্তুর সমন্ধ হয়। বস্তু যদি এক হয়, তবে নিজের সঙ্কে নিজের আর কি সম্বন্ধ হবে? স্থতরাং 'আমি রক্ষ' যথন সাধনার সময় বলা হয়, তথন ঐ কল্লিত ভেদকে স্থাকার ক'রে নিয়েই বলা হয়। আর এই কল্লিত ভেদকে যদি স্থাকার করেই নিলাম, তাহলে তো আমার বৈত্ত-ভাবই এসে গেল। কাজেই যথন সেই পরম তত্ত্বে প্রতিষ্ঠিত হ'য়ে আমরা দেখতে যাই, তথন দেখি এগুলির কোন সার্থক্তা নেই। "ন মুমুক্ছন বৈ মুক্তঃ"—মুমুক্ষ্ বলে কেউ নেই, মুক্ত বলেও কেউ নেই।

বন্ধন যদি দত্য হয়, তবেই তো মৃক্তির প্রশ্ন আসবে। যথন বন্ধনই দত্য নয়, তথন মৃক্তি কি ক'রে সত্য হবে ? স্থতরাং যে দৃষ্টি থেকে এই বিভিন্ন রকমের সাধনার কথা বলি. প্রত্যেকটির ভিতর বৈতভাব অহস্যত হ'য়ে রয়েছে। সেই বৈত ''পরমার্থতঃ" না হলেও ব্যবহারে তো আছেই; আর এই ব্যবহারকে অবলম্বন করেই তো যত শাস্ত্র, যত সাধনা। শহর ব্রহ্মস্ত্রের ব্যাখ্যা করতে গিয়ে অধ্যাসভাষ্যে গোড়াতেই বলেছেন, 'স্ত্যান্তে মিথুনীক্বত্য নৈস্গিকোহয়ং লোকব্যবহারঃ"।

সাধনায় দ্বৈতভাব

এই জগতের সমস্ত ব্যবহার সত্য এবং মিখ্যাকে মিশিয়ে; সমস্ত ব্যবহার মানে লোকিক ব্যবহার, বৈদিক ব্যবহার ছই-ই। বেদকে পর্যন্ত এই দৃষ্টিতে দেখলে নিত্য বলা চলে না। নিত্য মাত্র এক, এক বললেও যেন ভুল হয়; নিত্য মাত্র সেই বস্তু যেখানে সমস্ত দৈতের অবসান,

বেদাস্ত-দর্শনে যাকে "অ-বৈত" বলা হয়েছে। তাহলে তিনি কি? কি তিনি, তা আর মুখে বলা যায় না। এই যে বলা যায় না, এটা কিন্ত বক্তার অদামর্থ্য নয়। বলা যায় না এই জন্ম যে, তা বাক্যমনের অগোচর। ''যতো বাচো নিবর্তন্তে অপ্রাপ্য মনদা দহ''—বাক্যের দঙ্গে মনও যেখানে তাঁকে না পেয়ে ফিরে আদে; আর এই বাক্য কেবল লৌকিক বাকাই নয়, বৈদিক বাকোর পর্যন্ত এই চরবন্থা। বেদও কথন বলেন না যে সেই বস্তুকে তিনি প্রকাশ করতে পারেন, কেননা 'ডত্ত বেদা অবেদা ভবস্তি'—দেখানে বেদও অবেদ হ'য়ে যায় অর্থাৎ বেদ দেখারে অজ্ঞানের পর্যায়ে পড়ে। হুতরাং শান্ত্র, লৌকিক বা বৈদিক ব্যবহার কোনটাই সেথানে প্রযোজ্য হয় না। অধৈত সাধনা পর্যন্ত এর মধ্যে পড়ে যায়। এই কথাটুকু যদি বুঝতে পারি, তাহলে 'অহং ব্রকান্মি' ব'লে নিজের প্রতিষ্ঠা স্থাপন করা থেকে আমরা বিরত হ'তে পারি। কে আমি? কাকে বড় করছি? কে বড় অধিকারী ? এই প্রশ্নের উত্তর দেবে কে? এক কানের অধিকারী যদি বড় হয়, তে। দে কার থেকে বড় ? তত্ত্বনৃষ্টিতে দেখলে তার পৃথক্ সন্তাই নেই। স্বতরাং দে আবার কার চেয়ে কি ক'রে বড় হয় ? যা মিথাা, তা মিথাাই। িমিঝ্যার রাজ্যে কি আর 'ছোট মিধ্যা' 'বড় মিথ্যা' ব'লে তফাৎ আ<mark>ছে ?</mark> কিন্তু এই মিখ্যার রাজ্যের ভিতর থেকেও কোন না কোন প্রণানী অবলম্বন ক'রে এই মিথ্যার পারে যাওয়া যায়। মনে রাখতে হবে-এই প্রণালীগুলিও মিখ্যা। যে কোন প্রণালী, যেহেতু ত। প্রণালী, সেই জন্ম তা মিথা। সেই দৃষ্টিতে দেখলে অবৈতবেদান্তের মাধনাও মিথ্যা, দৈত বেদান্তের সাধনাও মিথ্যা।

দ্বিবিধ জ্ঞম

কোন মিথ্য। এমন আছে, যা আমাদের সত্যে পৌছে দেয়, শাস্ত্রে যাকে বলে ''সংবাদীভ্রম'। ভ্রম ত্-রকমের আছে 'সংবাদীভ্রম' আর 'অসংবাদী শুম'। একজন অন্ধকারের ভিতরে একটা আলো দেখল; দেখে তার মনে হ'ল, একটা মনি জলছে। দে তথন চ'লল, মণিটিকে সংগ্রহ কংতে। সেই আলোর অন্তসরণ ক'রে গিয়ে সে দেখল যে একটা মন্দিরের বন্ধ কপাটের মাঝের এক ছিন্ত দিয়ে আলোটা আসছে, যে আলোটাকে সে মনি ব'লে মনে করেছে। সে দরজাটা খুলল, দেখল সভ্যি সভ্যি কেখানে একটা মনি রয়েছে, যে মনির আলো দরজার ছিল্রের মধ্যে দিয়ে আসছিল, সেই আলোটিকেই তার মনি ব'লে মনে হয়েছিল। এখন যেটাকে সে প্রথমে মনি ব'লে মনে করেছিল, পরে মনে হ'ল সেটা মনি নয়, তব্ভ সেই মিখ্যার অনুসরণ করতে গিয়ে সেমনি হ'ল সেটা মনি নয়, তব্ভ সেই মিখ্যার অনুসরণ করতে গিয়ে সেমনিটিকেই পেয়ে গেল, অর্থাৎ সত্যকে পেল।

আর একজন ঠিক এরকম আলো দেখে মণি মনে ক'রে গিয়ে সেই মিলিরের দরজার ছিল্র দিয়ে আলো দেখতে পেল। দরজাটা খুলভেই সে দেখল যে একটা প্রদীপ জলছে। মণি নেই। যেখানে অমুসরণ ক'রে গিয়ে মণিকে পাওয়া গেল, তাকে বলা হয়েছে 'সংবাদীশ্রম' অর্থাৎ যে শ্রম সত্যকে পাইয়ে দেয় আর যেখানে অমুসরণ ক'রে গিয়ে মণিকে আর্থাৎ সত্যকে পাওয়া গেল না, তাকে বলা হয়েছে 'অসংবাদী শ্রম'। এখন শাল্রের যত প্রণালী সেগুলিও শ্রম; কিন্তু সাক্ষাৎ বা পরম্পরাক্রমে নৈগুলি আমাদের সত্যে পৌছে দেয় ব'লে সেগুলিকে 'সংবাদীশ্রম' বলা হয়েছে। তা ছাড়া আর যা কিছু, সেগুলি 'অসংবাদীশ্রম', সেগুলি সত্যে পৌছে দেয় না।

স্ব স্ব ভাবে নিষ্ঠা

যদি বিরাট সগুণ তত্ত্বকে আমাদের মতো ব্যক্তিত্বসম্পন্ন ব'লে ভাবি, তবে যেভাবেই হ'ক তাঁর অনুসরণ করতে করতে আমরা সেই পরমতত্ত্বে পৌছব। স্থতরাং ভ্রমের মধ্য দিয়ে হলেও সেটি 'সংবাদীভ্রম' অর্থাৎ

সভ্যকে পাইয়ে দেয়। যত সাধনা শাল্পে আছে, সবই সেই সংবাদী-ভ্রমের মতো। সর্বত্তই আছে শাল্পের নির্দেশ, যে নির্দেশ হয়তো কিছুটা অকমতী-সায়ের" মতো—অকমতী নক্তটিংদেখাতে হ'লে প্রথমে যদি কেউ বলে "ঐ দেখ অকন্ধতী" তাহলে কিন্তু সেটা কেউ খুঁজে পায় না। তাই প্রথমেই দেখাতে হয় সপ্তর্ষিমণ্ডল, যা সাধারণ মানুষ অনায়ানে থুঁজে পেতে পারে ৷ তারপর দেখাতে হয়—দেই সপ্তর্বিমণ্ডলের লেঞ্চের দিক · থেকে তৃতীয় বশিষ্ঠ নন্ধত্রটিকে। তারপর এই নন্ধত্রটির পাশে দৃষ্টি স্থির ক'রে দেখতে হয়— একটি খুব অম্পষ্ট কীণ-জ্যোতি-সম্পন্ন নকত, সেটিই হ'ল অরুন্ধতী। ঠিক সেই রকম প্রথমেই যদি সেই পরমতত্তক বোঝানোর চেষ্টা করা হয়, তাহলে কেউ বুঝতে পারে না। তাই তাকে রূপ দিয়ে, রুদ দিয়ে নানাভাবে আমাদের আন্থাদনযোগ্য ক'রে, যে-সব অহুভবের সঙ্গে যে-সব ভাব-সম্বন্ধের সঙ্গে আমাদের পরিচয় আছে, সেই সব সম্বন্ধের ছারা তাঁকে সংবদ্ধ ক'বে, কখন তাঁকে মা ব'লে, কখন স্থা ব'লে, কথন বা প্রভু ব'লে আমরা শান্তের নির্দেশেই তাঁকে খুঁজে পাচ্ছি। ঠাকুর বলেছেন, তারপর ডিনিই ব'লে দেবেন—তাঁর স্বরূপ কি। তিনি জানিয়ে দেবেন, তাঁব ভিতরে কত বৈচিত্র্য আছে এবং সর্ব বৈচিত্ত্যের পারেই বা তাঁর স্বরূপ কি। আসল কথা হ'ল, যে কোন ভাবেই হ'ক গাঁতে মন নিবিষ্ট ক'রে রাখতে হবে, অথবা বিপরীতক্রমে বলতে পারা যায়, যে কোন রকমেই হ'ক আমাদের এই ক্ষুদ্র আমিরটাকে দূর করতে হবে। এরই নাম হ'ল সাধনা, সে-সাধনা অধৈতভাবেই হ'ক বা বৈতভাবে আমাদের পরিচিত কোন ভাব সম্বন্ধের মধ্যে मिसिंहे ह'क।

উतिभ

কথামৃত—১'৪া৭

দক্ষিণেশ্ব-মন্দিরে শ্রীবিজয়ক্ষণ গোস্বামী প্রভৃতি ভক্তসঙ্গে ঠাকুরের ঈশ্বব-প্রসৃষ্ণ চলছে।

रेवभी खिक

ু ভক্তিপ্রসঙ্গে ঠাকুর রাগভক্তির উপর জোর দিয়ে বলছেন, ঠিক এই রকমের ভক্তি হ'লে তবেই ভগবানকে পাওয়া যায়। কিন্তু মান্নুব যে ্যেখানে আছে, তাকে সেখান থেকেই শুরু করতে হয়; তাই এই রাগ-ভক্তি পাবার উপায় হচ্ছে বৈধীভক্তি। রাগভক্তি না হওয়া পর্যন্ত ভগবানের চিস্তা করবে না—এই যদি কারও মনোভাব হয়, তবে তার পক্ষে আর তার চিন্তা কর। কোনদিনই সম্ভব হ'য়ে উঠবে না। কেননা তাঁর উপরে পরিপূর্ণ ভালবাসা যথন হবে, তথন তার পক্ষে আর কোন সাধনেরই প্রয়োজন হয় না। তথন কোন আচার নেই; নেই কোন জপতপের. নিয়মকামুনের কঠোর অমুশাসন, তথন কেবল আম্বাদন, কেবল তাঁকে নিয়ে আনন্দ করা। অনেক ভক্ত ও অনেক সাধুর ভক্তিও ঐভাবে সব নিয়মের পারে গিয়ে গৌছেছে। তা ব'লে প্রথম থেকেই আমরা যেন কেউ এরকম বে-আইনী ভক্তির আশ্রয় না নিই, কেননা ভক্তিলাভ করতে হ'লে প্রথমে সাধনের দারা আমরা তাঁকে লাভ করতে পারি—এই বিশাদ নিয়েই এগিয়ে যেতে হয়। কিন্তু যতই আমরা এগিয়ে যাব, ততই আমাদের বুদ্ধি হবে পরিচ্ছন্ন, শুদ্ধ থেকে শুদ্ধতর, আর ততই আমরা বুঝতে পারব যে, যত কঠোর সাধনই আমরা করি না কেন, ভগবানকে পাবার পক্ষে তা কোন দিনই যথেষ্ট নয়।

এই বোধটি যখন পরিপূর্ণভাবে জাসবে, তখনই আসবে ভগবানের উপর সন্ত্যিকারের নির্ভরতা। শাস্ত্রকাররা বলেন, সাধকরাও বলেন যে 'সাধনার সাহায্যে তাঁকে লাভ ক'রব'—সাধকের এই অভিমান, এই অহস্কার যথন চূর্ণ হয়, যথন সাধক নিজেকে অসহায় বোধ করে, সম্পূর্ণ-রূপে তার শরণ নেয়, তথনই আনে তার রুপা, তথনই আনে তাঁর দয়া। **অবশ্য দ্**য়ার কোন নিয়মকাত্মন নেই। এই করলে তাঁর দ্য়া হবে, আর ना करतल इरव ना- এ-कथा कान ममराहरे वना योष्र ना। किन्छ ठाँव ' দয়ার উপর নির্ভর করার মতো মনের অবস্থা সাধকের আসে অনেক সাধনার পর। আমরা এই প্রসঙ্গে ঠাকুরের সেই দৃষ্টান্তটি শ্বরণ করি। বাগবাজারের হরি (পরবর্তীকালে স্বামী তুরীয়ানন্দ) কিছুদিন ঠাকুরের कांट्र याट्य ना। ठीकूत (थांक निरंत्र कानलन (य, इति त्वरांक বিচারে ময়, জেনেও তথন ঠাকুর কোন কথা বললেন না। একদিন ঠাকুর বাগবাজারে এসেছেন, বলরাম-মন্দিরে। এসেই হরিকে ডেকে আনতে বললেন। হরি এসে দেখে হল-ঘরটিতে ঠাকুর বসে আছেন ভিজ্ত-পরিবৃত **হ**য়ে, আর একটি গান করছেন, হু-চোথ দিয়ে অবিরল ধারায় জল পড়ে সামনের কার্পে টটা পর্যন্ত অনেকটা ভিজিয়ে দিয়েছে।

> "ওরে কুশীলৰ করিস কি গৌরব, ধরা না দিলে কি পারিস ধরিতে ?"

গানের কথাগুলি হ'ল—

লবকুশ হন্তমানকে বেঁধে দীতার কাছে নিয়ে গেছেন আর বলছেন "মা দেথ! কি রকম বড় একটা বানর ধরে এনেছি।" ছন্তমান তথন গাইছেন 'ধরা না দিলে কি পারিস ধরিতে'। মান্ত্য মনে করে, সাধনার দারা ঠিক সে ভগবানকে ধরে ফেলবে, সে জানে না যে হাজার জনমের

সাধনাও তাঁকে লাভ করবার জন্ম নিতান্তই অকিঞ্চিৎকর। ঠাকুরের ঐ

গান গুনে হরি নিজের ভুল ব্ঝতে পারল। আরু কোন প্রশ্নের প্রয়োজন হ'ল না; প্রয়োজন হ'ল না কোন উপদেশের।

- রাগভক্তি

ঠাকুর বলছেন, আবার কেউ কেউ আছেন আবালা বাঁরা রাগভক্তি নিয়ে জন্মান, ভক্তির প্রকাশ বাঁদের হয় একেবারে ছেলেবেলা থেকেই, যেমন প্রহলাদ। প্রহলাদকে কারও কাছে ভক্তি শিথতে হয়নি; বরং নিতান্ত প্রতিকৃল ধরিবেশের মধ্যে থেকেও প্রহলাদের ভক্তি শ্বত:ক্ষূর্ত হ'য়ে প্রকাশিত হ'য়ে উঠিছে। এই রকম ভক্তিলাভ হ'লে তথন আর বৈধীভক্তির কোন প্রয়োজনই হয় না।

এ সম্বন্ধে তুলসীদাদের একটি দোঁহা আছে:

তুলসী জপতপ করিয়ে সব গুড়িয়া কা খেল। প্রিয়াদে যব মিলন হো তো রাখ পেটারী মেল।

বলছেন জপ তপ যা কিছু দেখছ, সব ঐ ছোট মেয়েদের পুতুল থেলার মতো। ছোট মেয়েরা পুতুল নিয়ে থেলছে; পুতুলের সংসার পাতছে। যথন আসল সংসার আরম্ভ হবে. যথন স্থামীর সঙ্গে মিলন হবে, তথন সেই পুতুলগুলোকে পাঁটরায় ভবে রেথে দেবে। ঠিক সেইরকম জপ তপ করা যেন ভগবানকে নিয়ে পুতুল খেলা করার মতো। এগুলির সার্থকতা কেবল সেই বৃত্তির অফুলীলন করার। যথন ভগবানকে আরাদন করবার, তাঁকে নিয়ে আনন্দ করবার স্থযোগ আদে, তথন আর জপ তপের কোন সার্থকতা থাকে না; তথন ''সব গুড়িয়া কা খেল''—সেই পুতুল খেলার মতো মনে হয়। ভগবানের উপর ভালবাসা যথন আদে, তথন জপাদি সব কর্ম তাগে হ'য়ে যায়। তথন কে জপ করবে, আর কাকে নিয়েই বা জপ করবে। যশোদা শীক্তমের জন্ম হা-ছতাশ করছেন; সেই সময় উদ্ধব উপদেশ দিলেন,

তিনি তো হাদ্যেই রয়েছেন, তাঁকে ধ্যান করলেই তো পাওয়া যায়, তবে এত হা-ছতাশ কেন? যশোদা বলছেন, আমি যে ধ্যান ক'রব, আমার মন কোথায় যে আমি ধ্যান ক'রব, দে মন তো কবে আমি তাকে দিয়ে দিয়েছি। মন নেই, কাজেই সাধনের যন্ত্রও নেই। ভারী স্থলর এই দৃষ্টান্তটি যে, সাধক যেখানে তরয় হ'য়ে থাকে, সেখানে তার আর সাধনার অবকাশ থাকে না। যতক্ষণ পর্যন্ত তিনি দূরে, যতক্ষণ তাঁর উপর তীব্র ভালবাসা হয়নি, সাধনার প্রয়োজন ততক্ষণ পর্যন্ত। যথন তাঁর উপর অনুরাগ এদে গেছে, তথন আর এ-সব সাধনার কোন সার্থকতা নেই।

প্রেমাছক্তিতে ঈশ্বরলাভ

আর একটি প্রশ্ন এখানে বিজয়ক্তঞ্চ করছেন, ''মহাশয়, ঈশ্বরকে লাভ করতে গেলে, তাঁকে দর্শন করতে গেলে ভক্তি হলেই হয় ?" প্রশ্ন ভানে মনে হয় যেন এ-সম্বন্ধে তাঁর সংশয় আছে। ভক্তি মনের একটা বৃদ্তি-মাত্র, কেবল তা দিয়েই কি ভগবানকে লাভ করা যায় ? ঠাকুর বলছেন ''হাা, ভক্তি দারাই তাঁকে লাভ করা যায়, তাঁর দর্শন হয়।'' কিন্তু ভক্তি বলতে এথানে বললেন, 'পাকা ভক্তি, প্রেমাভক্তি, রাগভক্তি চাই।' আর দেই ভক্তি এলেই ভগবানের উপর ভালবাসা আদে। এথন একটা প্রশ্ন আমাদের মনে বারবার আদে, ভক্তি যে লাভ হ'ল, তার লক্ষ্ কি ? ঠাকুর বলছেন "এ ভালবাসা, এ রাগভক্তি এলে, স্ত্রী-পুত্র আত্মীয়কুট্মের উপর মায়ার টান আর থাকে না।" তবে কি মাহুষ গাছপাথর হ'য়ে যায় ? বলছেন ''না, মায়ার টান থাকে না, দয়া থাকে''। পাছে আমরা ভুল বুঝি, তাই ঠাকুর পরের কথাটি বললেন যে ''দয়া থাকে"। 'আমি, আমার' বুদ্ধি থেকেই 'মায়া' হয়, আর সর্বজীবের প্রতি করুণা থেকেই হয় 'দুয়া'। মা সম্ভানের উপর দুয়া করে না, মায়া করে। কারণ দেখানে 'আমার' বৃদ্ধি আছে, 'আমার রাম' 'আমার

হরি' ইত্যাদি। কিন্তু যদি মায়ের সকলের উপরেই এই টান হ'ত, তা-হলে তাকে আর 'মায়া' বলা যেত না: কিন্তু তা না হয়ে যেথানে মুমুত্ব আছে, 'আমার' এই বোধ আছে, দেইখানেই মাত্র তাঁর ভালবাসা প্রকাশ পায়; তাই তাকে 'মায়া' বলে। মায়া আর দয়াতে তফাৎ এইখানে যে 'মায়া'র ছারা মাতৃষ বন্ধ হয়, আর 'দয়া' মাতৃষ্যের মৃক্তি এনে দেয়। তাই ঠাকুর অনেক জায়গায় বলেছেন 'মায়া ভাল নয়: দয়া ভাল''। ঠাকুর আরও বলছেন যে কাঁচা ভক্তি হ'লে ভগবানের কথা ধারণাই হয় না: যার গুদ্ধাভক্তি, প্রেমাভক্তি, সেই কেবল ভগবানের কথা ধারণা করতে পারে। দৃষ্টাস্ত দিয়ে ঠাকুর বলছেন ফটোগ্রাফের কাঁচের কথা। ফটোগ্রাফের কাঁচে কালি মাখানো থাকলে তবেই ছবিটার স্থিতি হয়। তানাহ'লে ছবিটা আসার পরমূহর্তেই চলে যায়। ঠিক সেইরকম মান্তবের মনে যদি প্রেম না থাকে তো দেই প্রেমন্বরপের কথা রেথাপাত করবে কি ক'রে ? ভগবানের উপর ভালবাদা এলে দংদার অনিতা বোধ হয়; গানে যেমন আছে:

"মন চল নিজ নিকেতনে

मःमात-विरम्दम विरम्भीत त्वर्ग ख्या त्कन ख्रकातर्ग ॥''

—সংসার সেইরকম বিদেশ বোধ হয়। আপন দেশ হ'ল সেখানে, যেখানে তিনি। তিনিই একমাত্র প্রেমের পাত্র, তিনিই একমাত্র প্রেমাপান। অন্য জায়গায় তাঁরই ছিটেফোটা সত্রা আছে ব'লে আমরা আকর্ষণ বোধ করি। কিন্তু আসল আকর্ষণের বস্তু হলেন তিনি। তাঁকে কেন ভাল লাগে? না, তাঁকে 'তিনি' বলেই ভাল লাগে, আর কিছু ব'লে নয়। আমরা তখন ভগবানের রূপগুণাদির কথা ভাবি না; 'তিনি' এই হলেই যথেষ্ট, ভগবান তখন আমাদের সমস্ত অন্তর জুড়ে থাকেন। আর এরই নাম হ'ল প্রেমাভক্তি।

প্রেমাভক্তির লক্ষণ

এই প্রেমাভক্তি যদি কারও লাভ হয় তাহলে বিষয়বৃদ্ধি একেবারে দুর হয়ে যায়। বিষয়বৃদ্ধির লেশমাত্র থাকলে তাঁর দর্শন হয় না। অনেকেই বলেন যে তাঁর। যেন অনেক সময় নানাবিধ 'রূপ দেখেন'। তাই তাঁদের প্রশ্ন— তাঁরা কি ঠিক ঠিক ভগবানের দিকে এগিয়ে যাচ্ছেন ? এই প্রশ্ন আমাদের কাছেও অনেকে করেন। এটা বিচার করার কষ্টি-পাথর আছে; আর তা হচ্ছে, বিষয় আল্নি লাগছে কিনা? বিষয়ের প্রতি আকর্ষণ কমছে কি না ? ভাগবতে একটি শ্লোকে বলা স্মাছে যে, ভগবানে ভক্তি, ভগবান ছাড়া অক্স জিনিসে বিবক্তি, আর ভগবান সম্বন্ধে স্পষ্ট ধারণা দুঢ়নিশ্চয়—এই তিনটি মানুষের একসঙ্গে আনে ভগবানের শরণ নিলে। কেউ যখন উপবাদী থাকে, তখন উপবাদের জন্ম তার মনের ভিতর অসন্তোষ ধাকে, শরীরে হুর্বলতা থাকে, ক্ষার জ্ঞালা থাকে। এই রকম কেউ যখন আহার পেয়ে এক এক গ্রাদ ক'রে মুখে দেয়, তথন ধীরে ধীরে তার অসন্তোষ দূর হ'তে থাকে, সে অত্তব করতে থাকে যে সে বল পাচ্ছে আর তার ক্ধার জালাও দূর হ'য়ে যাচ্ছে। এই তিনটি বোধই হয় তার একসঙ্গে। ঠিক সেই রকম ভগবানের উপর যে ভক্তি লাভ করে, তার তিনটি জিনিস একসঙ্গে অমূভূত হয়— ''ভক্তিবিরক্তির্ভগবংপ্রবোধঃ''—ভগবানের উপর টান, ভগবান ছাড়া অক্ত সবু কিছুতে বিব্যক্তি আর ভগবান সহক্ষে স্পষ্ট ধারণা। এমন এক স্বাদে তার মন ভ'রে থাকে যে অন্ত কোন স্বাদ তার আর ভাল লাগে না!

"ষং লঝ্বা চাপবং লাভং মন্ততে নাধিকং ততঃ"—
যাঁকে লাভ করার পর আর অন্ত কিছু লাভ করার থাকে না। আরও
বলছেন "যন্মিন্ স্থিতো ন তৃঃথেন গুরুণাপি বিচাল্যতে"—যাঁতে অবস্থিত
হ'লে অতিশয় স্থথ তৃঃখ্ কিছুই মানুষকে বিচলিত করতে পারে না।

তথন প্রেমসাগর উধলে স্থথ ছঃখ দব ডুবিয়ে দিয়ে যায়। এটি হচ্ছে কষ্টিপাথর, যা দিয়ে পরীক্ষা করতে হয় যে আমার অন্মন্তব ঠিক কিনা ?

একজন বন্ধচারী উত্তরকাশীতে থেকে সাধনা করেন। তিনি বলছেন "দেখ স্বামীজী, আমি ধ্যান করতে বসলে দেখি, ক্লফ্ড বাঁশী বাজায় আর সব তেত্রিশ কোটি দেবতা সেখানে ভিড় ক'রে আসে"— গাঁর বলার তাৎপর্য এই যে, নিশ্চয় তাহলে সাধনক্ষেত্রে তাঁর খুব উন্নতি হয়েছে।

বিষয়-বিভূষণ ও সংশরনাশ

^{*} ঠাকুর বলছেন এগুলি যাচাই করবার কষ্টিপাণর আছে। [\]যদি দেখা যায়, তাঁর উপরে মন একাগ্র হয়ে, অচঞ্চল হয়ে রয়েছে, যদি দেখা যায় যে বিষয় আব তেমন ভাল লাগছে না, যদি দেখা যায়, ভগবান সম্বন্ধে আমার সমস্ত সংশয় তিরোহিত হয়েছে, তাহলে বুঝতে হবে এই সব দর্শনাদি সত্য। না হ'লে বুঝতে হবে, এগুলি মাথার খেয়াল। কল্পনা—তা সে যতই মনোরম হোক না কেন, কখনও বাস্তব হ'তে পারে না। অবশ্র ভগবানের কল্পনা ক'রে সাধনের যে শুরু করতে হয়, সে বিধয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সেই কর্নাকে আমরা যেন বাস্তব ব'লে মনে না করি। এই কল্পনার সাহাযোই শুরু হয় তাঁর দিকে আমাদের অগ্রগতি, এর শেষ হয় যথন আমরা তাঁর পাদপদ্মে পৌছাই। আর আমরা যে সেথানে পৌছলাম, তার চিহ্ন হচ্ছে এই যে, ক্রমশঃ তাঁর উপর অনুরাগ-বৃদ্ধি, তাঁর অস্তিত্ব সহন্ধে সকল সংশয়ের অবসান। আর এ-লক্ষণগুলি স্বসংবৈত্য, নিজে বুঝার মতো লক্ষণ; কেননা আমার মনের গতি কোন দিকে, তা অপরের থেকে আমিই ভাল বুঝতে পারি। অনেক সময় আমরা নিজেদের এমন ভাব দেখাই, যেন এক মস্ত ভক্ত ব'লে লোকের কাছে প্রতীত হই। কিন্তু নিজের স্বরূপ নিজের কাছে কথনও গোপন থাকে না।

আত্মবিশ্লেষণ

অকপট মনোভাব নিমে একটু স্বাত্মবিশ্লেষণ করলেই ধরা পড়ে যায় মনের কারচুপি, আমরা ব্রতে পারি আমরা কোন্থানে থাটি আর কোন্থানে মৈকি। একজন কালীর উপাদক মা-কালীকে দর্শন করার জন্ম ভারী ব্যাকুল। যাকে দেখে তাকেই বলে, "আমাকে মার দর্শন করিয়ে দিতে পারো?" এই শুনে একজন লোক বললে, ''হ্যা পারি।" যেমন ক'বে লোককে বুঝাতে হয়, সেইভাবে বললে, "অমাবস্তার রাত্তে খাশানে গিয়ে মা কালীর পূজা করতে হবে। এই এই সব জিনিস-পত্র লাগবে। তুমি সব যোগাড় ক'রে এন। মা-কালীর দর্শন হবে।" অবশ্য এই পূজায় দক্ষিণাটা একটু যে মোটা দিতে হবে, তা বদাই বাছল্য। সব ব্যবস্থা হ'য়ে গেলে বললেন, "চোথ বুজে মাঞ্চের মূর্তি ধ্যান কর।^१ সে সেইরকমই করছে। তারণর বললেন, "এইবার দেখ মা এসেছেন।" চোথ খুলে সে দেখে, দত্তিা দত্তিা মা দাঁড়িয়ে। সে তথন বেশ কিছুক্ষণ দেখল, দেখে বলল, "মা, তুমি যে সামনে এদেছ, তাতে আমার মনে আনন্দের স্রোত বইছে না কেন ? জগলাতার দর্শন। এতে তো আনন্দে মন ভরে যাবে। কিন্তু আমার তো সে রকম হচ্ছে না," এই ব'লে দে মায়ের পা জড়িয়ে ধরতে গেছে। তথন সেই মা চিৎকার ক'রে বলছে, "বাবা, আমি কিছু জানি না, আমাকে এই বামুনটা কিছু পয়দা দেবার লোভ দেখিয়ে ধরে নিয়ে এদেছে, আমাকে ছেড়ে দাও।" এই দৃষ্টাস্তটি এইটুকু বুঝানোর জন্ত দেওয়া হ'ল যে, নিজের সঙ্গে আমরা জুয়াচুরি করতে পারি না। একটু যদি ছির হ'য়ে বিচার করি তো আমাদের মন আমাদের স্পষ্ট জানিয়ে দেবে যে আমরা সত্য সত্য ভগবানের দিকে এগোচ্ছি কিনা। ঠাকুর বলছেন, চাল কাঁড়বার সময় মাঝে মাঝে ভূলে দেখতে হয়, কি রকম কাঁড়া হ'ল। ঠিক সেই রকম সাধনার সময় মাঝে মাঝে নিজেকে পরীকা ক'রে দেখতে হয়, সাধনপথে আমার উন্নতি হচ্ছে কি না। ঠাকুর বলছেন

যে, একজন সমস্ত বাত ধরে জমিতে জল ছেঁচল, কিন্তু সকালবেলা দেখল যে জমিতে একফোঁটাও জল নেই। কতকগুলো গর্ত ছিল, যার মধ্য দিয়ে সব জল বেরিয়ে গিয়েছে। এই গর্ভগুলো খুঁজে বার করতে হবে অর্থাৎ সাধন-সম্পদ কোথা দিয়ে চুরি হ'য়ে যাচ্ছে, নজর রাখতে হবে। আর এই গর্তগুলোই হ'ল বিষয়ে আদক্তি, যা মানুষকে এমনভাবে বিপরীত দিকে টেনে রেখেছে যে, তার সমস্ত সাধন বার্থ হ'য়ে যাচ্ছে। এ ঠিক সেই মাতালদের মতো অবস্থা। সমস্ত রাত দাঁড় টেনে সকালে (एथन य जाएन तोका यथात हिन, ठिक तमथातह त्राहर, कावन নোভঁর তোলা হয়নি ৷ ঠিক এই কারণেই আমরা অনেক সময় দেখি যে বছরের পর বছর ধাান জপ করেও আমাদের কিছু হচ্ছে না। এই 'আমি-আমার' বৃদ্ধি আমাদের চারিদিকে বেঁধে রেথেছে। শত শত আশা আকাজ্জা কামনার রজ্জু দিয়ে আমরা সংসাবের সঙ্গে এমনভাবে বাঁধা রয়েছি যে হাজার জপ-তপ করেও এগোতে পারছি না। কাজেই অনেক সময় যথন আমরা বিভ্রান্ত বোধ করি, এত সাধন যে করছি, ঠিক এগোচ্ছি তো? তথনই আমাদের উচিত, লক্ষণগুলো মিলিয়ে দেখা যে সত্যি সত্যি আমাদের কোন অগ্রগতি হচ্ছে কিনা? গীতায় যেমন বলেছেন যে কোথায় বাধা, আগে দেটা জানতে হবে. তাহলেই সেগুলি অতিক্রম করা সহজ্যাধ্য হবে। কাজেই আত্ম-বিশ্লেষণের প্রয়োজন আছে; কেননা আমি আমাকে যেভাবে জানি অপর কাকেও তো ঠিক সেভাবে জানতে পারি না। এইজন্মই গীতায় বারবার বলা হচ্ছে অকপট হওয়ার কথা, ভক্তি-শাল্তে বলা হচ্ছে—সরল হওয়ার কথা, আর এই কারণেই ঠাকুরও বার বার বলছেন যে 'সরল না হ'লে তাঁকে পাওয়া যায় না।'

এই পরিচ্ছেদের প্রথমে মাস্টারমশাই দক্ষিণেশ্বরের একটি অতি
হলের চিত্র ছুটরে তুলেছেন। চিত্রটির বৈশিষ্ট্য এই যে, মহাপুরুরের
গান্নিধ্য থাকার প্রাকৃতিক জড় সৌন্দর্যের ভিতরে যেন একটি দিব্যচেতনার দক্ষার হয়েছে। প্তদলিলা দক্ষিণবাহিনী গঙ্গার বর্ণনা ক'রে,
মাষ্টার মুশাই বলছেন, খরম্রোতা গঙ্গা যেন সাগরদঙ্গমে পৌছবার জভ্ত
কত ব্যস্তঃ ভাৰটা হচ্ছে এই যে, এই মহাপুরুষের সানিধ্যে যাঁর।
আদছেন, তাঁরাও তাঁদের গন্তবাহ্বনে যাবার জন্ত, অর্থাৎ তাঁদের ইটের
সঙ্গে মিলনের জন্ত যেন সেইরকম ব্যস্তঃ

'ব্রহ্ম সত্য ও জগৎ মিথ্যা' বিচার

তারপর মণিমল্লিকের কথা উঠল। তিনি কাশীতে দেখে এসেছেন একজন সাধুকে। সাধুটি বলেছেন, "ইন্দ্রিরসংযম না হ'লে কিছু হবে না। তথু 'ঈশ্বর ঈশ্বর' করলে কি হবে?" ঠাকুর বলছেন, "এদের মত কি জানো? আগে সাধন চাই—শম, দম, তিতিক্ষা চাই। এরা নির্বাণের চেটা করছে। এরা বেদান্তবাদী, কেবল বিচার করে, 'রন্ধ সত্য, জগৎ মিথাা'—বড় কঠিন পথ।" এরপরই ঠাকুর দর্শনের একটি হল্ম কথা বলছেন, "জগৎ মিথাা হ'লে তুমিও মিথাা, যিনি বলছেন তিনিও মিথাা, তাঁর কথাও স্বপ্রবং। বড় দ্রের কথা।" এই কথাটির আলোচনা হয়েছে অনেক শাস্ত্রে। জ্ঞানী বলেন, 'জগৎ মিথাা!' কিন্তু 'জগৎ মিথাা' মানে যে-অবস্থায় আমরা রয়েছি, সেই অবস্থায় মিথাাই আসছে না। যতক্ষণ আমাদের 'আমি' ব'লে বোধ রয়েছে, 'আমি'র অহভুতি রয়েছে, ততক্ষণ জগৎটাকে মিথাা স্থাবৎ ব'লে উড়িয়ে দেওয়া চলে না। জগতের সমস্ত জিনিসেরই দরকার হছে, লোকব্যবহার—সর্বসাধারণে যেমন করে,

তা-ই করছি, **জার মূথে বলছি**, 'জগং মিখ্যা, স্বপ্নবং'—এতে কথার এবং কাজে কোন মিল থাকে না। তাই ঠাকুর বলছেন যে, যদি জগং মিখ্যা হয়, তাহলে ও-কথা যে বলছে লেও মিথ্যা, তার কথাটাও মিথ্যা।

এहे 'मिशारियत मिशायि' निरंग दिमारिक जारमाहना जारह ध्र। অতি হক্ষ আলোচনা। সে আলোচনা এখানে আমাদের করবার প্রয়োজন নেই। সন্মভাবে শান্ত্রচর্চা সাধারণের পক্ষে সহজ্বোধ্য নয়। তবে ঠাকুরের কথার তাৎপর্ব আমরা বৃঝতে চেষ্টা ক'রব। ঠাকুর বলছেন, যে 'লগৎ মিথাা' বলছে, সে কি জগতের অন্তভু ক্ত নয় ? যদি সে জগতের অস্তর্ভু ক্ত হয়, সেও মিখ্যা। আর সে যদি মিখ্যা হয়, তার সব কথাও মিখ্যা। স্বতরাং তার 'জগৎ মিখ্যা' এই কথাটাও মিখ্যা হ'ল। কিন্তু 'জগৎ মিথ্যা' কথাটা তো মিথ্যা নয়। অতএব 'জগৎ মিথ্যা' ও-বৃক্ম ক'বে বলা যায় না। তবে বেদান্ত যে বলেন, 'জগং মিথ্যা', তার কারণ একটি উচ্চতর ভূমিতে দাঁড়িয়ে নিমের ভূমিকে মিথ্যা বলা যায়। যতক্ষণ আমি 'রজ্জু-সর্প' দেখছি—দড়িটাকে সাপ ব'লে দেখছি— ততক্ষণ সত্য-সাপ দেখলে যে-র্কম অনুভব হয়, ঠিক সে-রকম অনুভবই হচ্চে। সাপ দেখলে যে-রকম ভয় হয়, সে-রকম ভয় হচ্ছে। স্থতরাং সেই অবস্থায় দাপটা মিধ্যা হচ্ছে না। সাপটা যদি মিথ্যা হ'ত, তাহলে ভয় হ'ত না। মিখা দাপ দেখলে ভয় হয় না। সাপের চিত্র দেখলে ভয় হয় না। কিন্তু এখানে বীতিমত ভয় হচ্ছে। দেখে ভয়ে পালিয়ে যাচ্ছি, হংকম্প হচ্ছে। স্থতবাং এই অবস্থায় নাপটি একান্ত নত্য। এই সভাকে আমরা মিধা। ব'লে এড়াভে পারি না। কিন্তু যথন আমাদের বজ্জুর জ্ঞান হয়, যথন দড়িটাকে জানতে পারি, তখন বলি যে, ওটা मिष्-माथ नय। তাহলে मिष्ठ कान ना श्वता भर्वक के माथि मिथा। হয় না। এইটি বিশেষরূপে জানবার জিনিস। অর্থাৎ বন্ধকে না জানা পর্যন্ত জগৎ মিথ্যা হয় না।

যতক্ষণ পর্যস্ত এই জগতে আমরা রয়েছি, ব্যবহার করছি, দমস্ত ইন্দ্রিয় দিয়ে তাকে গ্রহণ করছি এবং সাধারণ লোকের মতো আগ্রহ

করেই গ্রহণ করছি, ততক্ষণ এই জগৎকে মিখ্যা বলা প্রহসন মাত্র। **এতে** कथांग्र এবং কাজে একেবারেই মিল থাকে না। জগৎটাকে মিথ্যা বলতে পারি তথনই, যথন স্বামাদের এই জগতের প্রতি বিন্দুমাত্রও আকর্ষণ থাকবে না। একটা জায়গায় কি একটা চকচক করছে। তাকে যদি জামি যে, ওটা ঝিতুকের থোলা, রূপো নয়, যদিও রূপোরই মত চক্চক করছে, তাহলে আমরা দেই রূপোর পেছনে ছুটব না, দেটি পেতে চেষ্টা ক'রব না। কিন্তু যথন রূপে। ব'লে মনে করছি এবং নেবার **জন্ম ছ**টছি, তথন আর ওটা 'রপো নয়, ঝিলুকের খোলা' এ-কথাটা বলা সাজে না। আমাদের শান্ত বলছেন, জগৎটা ব্যবহারকালমাত্রস্থায়। যেমন ঐ দড়িতে সাপটা। যে সাপটাকে দড়িতে দেখছি ভুল ক'রে, যতক্ষণ পর্যস্ত দেখছি, ততক্ষণ পর্যন্ত দেটা আমার কাছে সতা। আমার কাছে সতা— অর্থাৎ যে অবস্থায় আমি দ্রষ্টা, সেই অবস্থায় আমার কাছে দাপটি সত্য। কিন্তু সাপটি নিরপেক্ষ সত্য নয়, অর্থাৎ আমার পরিবর্তে আর কেউ যদি ওটাকে ভিন্নরূপে দেখে বা আমি যদি আলো নিয়ে এসে

নত্য। কিন্তু নাপটি নিরপেক্ষ সত্য নয়, অর্থাৎ আমার পরিবর্তে আর কেউ যদি ওটাকে ভিন্নরূপে দেখে বা আমি যদি আলো নিয়ে এসে ওটাকে দড়ি ব'লে দেখি, তাহলে সাপটা আর সত্য থাকে না। স্থতরাং অবস্থার পরিবর্তন হ'লে তার সত্যত্ত্বের লোপ হয়। তথনই বলা যায় সাপটা মিথাা, তার আগে নয়। যতক্ষণ আমাদের ব্রহ্মাস্থভূতি না হচ্ছে, ততক্ষণ জগৎটা আমাদের কাছে অবশুই সত্য ব'লে গৃহীত হচ্ছে এবং সেই সত্যের নাম আমরা দিয়েছি—'ব্যাবছারিক সত্য'। 'ব্যাবহারিক সত্য' বলতে যাবৎ ব্যবহারকাল তাবৎ স্থায়ী। যতদিন এই ব্যবহারের রাজ্যে, এই বৈতের রাজ্যে আমরা আছি, এক কথায় যতদিন আমার আমিম আছে, তত্তদিন জগৎ আছে। স্থতরাং সেই অবস্থায় 'জগৎ মিথাা'

বলবার অধিকার আমার নেই। যদি আমি কোন কালে আমার আমিরকৈ বর্জন করতে পারি, যদি কোন কালে আমার বাবহারিক ভূমিকে অতিক্রম ক'রে পারমার্থিক ভূমিতে যেতে পারি—পারমার্থিক তবে পোঁছতে পারি, তখনই মার্দ্র জগৎটা আমার কাছে মিথ্যা হবে, তার আগে নয়।

জগৎকে স্বীকার করেই শাল্পের বিধিনিযেধ

প্রমার্থ-স্ত্য (Absolute Truth) – সেই সর্ব-অবস্থা-নিরপেক্ষ স্ত্য যঁতক্ষণ আমরা অনুভব না করছি, ততক্ষণ এই জগৎটাকে সভা ব'লে ্মানতেই হবে, এবং এই ভাবে মানতে হয় বলেই আমবা বলি যে, প্রমার্থ সত্যে পৌছবার জন্ত আমাদের সাধনের প্রয়োজন। যদি জগৎ মিথ্যা হয়, যদি বৈতবৃদ্ধি মিখ্যা হায়, তাকে দূর করবার জন্ম এত সাধনের প্রয়োজন কি আছে ? যথন আমরা জগৎটাকে মিখ্যা বলছি, তখন কোন সাধনের প্রয়োজন নেই, কারণ সাধনও মিথা। এই কথাটি শান্তকারেরা বিশেষ জোর দিয়ে বলেন যে, 'জগং যদি মিখাা হয়' 'আমি'ই যদি না থাকি, তা হ'লে আর কার জন্ম প্রবণ-মনন-নিদিধ্যাসনের উপদেশ ? কিন্তু শাস্ত্র বলছেন যে, এই আত্মতত্তকে জানতে হবে, জানবার জন্ম শুনতে হবে। শুনে মনন করতে হবে, ধানি করতে হবে। এই যে 'করতে হবে' বলা হচ্ছে, কার জন্ত বলা হচ্ছে ? কে করবে ? যদি এক্স ছাড়া আর দ্বিতীয় কোন বস্তু না থাকে, ভাহলে আর উপদেশ কার জন্ম ? কে বা উপদেশ করছে, কার জন্মই বা উপদেশ ? স্থতবাং এইভাবে জগৎটাকে কথনো উডিয়ে দেওয়া যায় না। জগৎটাকে সত্য ব'লে মেনে নিলেই শান্তের বিধি-নিষেধ সঙ্গত হয়। 'এটা করবে, ওটা করবে না', 'এটা ভাল, ওটা मन्त'--- এ- नव कथा ज्यनहे व्यर्वह हम । गीजा वनह्नि, 'हपानि म हमान লোকান ন হস্তি ন নিবধাতে' (১৮।১৭)—জগতের সমস্ত প্রাণীকে হত্যা

করলেও তিনি হত্যাকারী হন না, বা হত্যাক্রিয়ার ফলে আবদ্ধ হন না। কারণ তাঁর কোন কর্ম নেই—তিনি পারমার্থিক সত্যকে জেনেছেন, নিজেকে শুদ্ধ নিজিয় আত্মাব'লে অনুভব করেছেন। এই যে কথাটি বলা হ'ল, এই কথাটি অবলম্বন ক'রে তাহলে আমরা কি যেমন থুশী ব্যবহার ক'রব? তাহলে তার পরিণাম কি হবে?—না, নীতি-ধর্ম এগুলি সব বুধা হ'য়ে যাবে। এদের কোন প্রয়োজন, কোন অর্থ থাকবে না। তাই শান্ত বলছেন, যতক্ষণ 'তৃমি' আছ, তোমার ব্যক্তিত্ব-বোধ আছে, ততক্ষণ এগুলি সতা। বন্ধন তোমার কাছে সত্য ব'লে তোমার এই 'সত্য বন্ধন' থেকে মুক্তির জন্ম সাধনের প্রয়োজন, কারণ শাস্ত্র তোমাকে এই বন্ধন-মুক্তির উপায় ব'লে দিচ্ছেন। যদি তুমি জীবনুক্ত হও, তাহলে এ-সবে তোমার কোন প্রয়োজন নেই। বেদান্ত বলছেন, '**অ**ত্র…বেদা অবেদাঃ' (বুহ. উ. ৪।৩।২২), সেই জীবন্মুক্তির অবস্থায় বেদ অবেদ হ'য়ে যায়, অজ্ঞানের অন্তর্ভুক্ত হ'য়ে যায়। কারণ তথন আর বেদের শিক্ষার প্রয়োজন নেই। কার জন্ম বেদ ? কে পড়বে ? বলবে কাকে ? এক আত্মাই যথন আছেন, অন্ত কোন তত্ত্বই যথন নেই, তথন কোন ব্যবহারই নেই, শান্তেরও না।

অধ্যাস ভাষ্য ও মাণ্ডুক্যকারিকা

এইজন্ম আচার্য শঙ্কর বলেছেন, 'সত্যানৃতে মিথ্নীক্বত্য···নৈসর্গি-কোইয়ং লোকব্যবহারঃ' (ব্রঃ হ্রঃ, অধ্যান ভায়্ম) এই জগতের সমস্ত ব্যবহার, সত্য এবং মিথাকে মিশিয়ে। সমস্ত ব্যবহার লৌকিক ব্যবহার এবং বৈদিক ব্যবহার ছই-ই—'লৌকিকা বৈদ্বিকাশ্চ সর্বাণি চ শাস্ত্রাণি বিধি প্রতিবেধমোক্ষণরাণি' (অধ্যাসভায়্ম)। অর্থাৎ যাগ-যজ্ঞাদি যা কিছু বৈদিক ব্যবহার, থাওয়া-পরা চলা-ফেরা ইত্যাদি যা কিছু লৌকিক ব্যবহার এবং সমস্ত বিধিনিধেধাত্মক শাস্ত্র, মোক্ষশাস্ত্র পর্যন্ত-সবই হচ্ছে সত্য এবং মিথাা, এ ছটিকে মিশিয়ে। 'সত্য' মানে যেটি অপরিবর্তনশীল,

আর 'মিধ্যা' মানে সেই সত্যের সঙ্গে সংশ্লিষ্ট হ'রে রয়েছে যে পরিবর্তনশীল পরিণামী বস্তু। এ হৃট্টিকে এক ক'রে অর্থাৎ অভিন্ন ক'রে, তাদের পার্থক্য বিশ্বত হ'য়ে আমরা লৌকিক বৈদিক সমস্ত ব্যবহারই ক'রে থাকি।

সেই পরমার্থ-সত্যকে—অপরিবর্তনশীল তত্তকে—লক্ষ্য করেই বলা इराइ (न निद्वार्थ। न कार शिखर्न वरका न क माधकः। न मृमू क्र्न देव মুক্ত ইত্যেষা পরমার্থতা॥' (মাণ্ড,ক্যকারিকা, ২।৩২)—পরমার্থ দত্য হ'ল এই যে, নিরোধ অর্থাৎ প্রলয় নেই, উৎপত্তি অর্থাৎ জন্ম নেই, বন্ধ অর্থাৎ সংসারী জীব নেই, সাধক নেই, মুক্তিকামী নেই, মুক্ত বলেও কেউ নেই। এই প্রমার্থ সত্যকে ব্যবহারভূমিতে টেনে নামিয়ে আনা ভ্রান্তি-কর। তাতে নানা রকমের বিভ্রান্তির স্বষ্টি হয়—এই কথাটি মনে রাখতে হবে। ঠাকুরের কথা : দক্ষিণেশ্বরে পঞ্চবটীতে একজন বেদান্তী থাকতেন। তাঁর সম্বন্ধে লোকে নানা রকম অপ্যশ রটনা করছেন, গুনে ঠাকুর ব্যথিত হ'মে তাঁকে বললেন, 'তুমি বেদাস্তী, ভোমার নামে এ-সৰ কি শোনা याटक ?' माधूर्वि वनत्नन, 'महाशाक्त, त्वलाख वनटक- এই कांप्टी जिन কালে মিথ্যা। স্থতরাং আমার সম্বন্ধে যা ভনছেন, তাও সব মিখ্যা।' শুনে ঠাকুর যে-ভাষায় ঐ বেদান্তের দণিগুীকরণ করলেন, তা সবাই পড়েছে। নিষিদ্ধ কর্মও করা হচ্ছে, অথচ মুখে বেদান্তের লম্বা লম্বা বুলি – ঠাকুর এর অত্যন্ত নিন্দা করেছেন। কারণ, এই ধরনের বেদান্ত মাত্র্যকে শুধু যে কোন কল্যাণের পথে নিয়ে যায় না, তাই নয়, তার সর্বনাশ পর্যন্ত ঘটায়, কারণ তার 'আমি এক্ষ' বলায়—'আমি'কে সমস্ত বাঁধনের বাইরে বলায়—তার নিরঙ্কণ বাবহার তাকে অধোগামী করে।

তৎ-ত্বন্-পদার্থবিচার

তাই বেদান্তের 'আমি এম্ব' বা 'তুমিই সেই' কথাগুলির তাৎপর্য বুরতে হবে। এইজন্ত শাল্তে আছে 'তৎ-ত্ম্-পদার্থবিচার'-এর কথা। 'তৎ-পদার্থ' অর্থাৎ দেই জগংকারণ ব্রহ্ম, আর 'ব্নম্-পদার্থ' অর্থাৎ তুমি জীব। এই যে 'ভৎ' জার 'হুম্', তিনি জার তুমি, এ-সম্বন্ধে বিচার করতে হয়, বিচার ক'বে ক'বে এদের শোধন করতে হয়। অর্থাৎ যে দৃষ্টিতে আমর। এদের বুঝি, সেই দৃষ্টিতে দেখলে হবে না। এর পিছনে আরও তত্ত্ব আছে, দেগুলি বিচার ক'রে ঐ শব্দ ছটির অর্থ ঠিক করতে হয়। 'অং' বা 'তুমি' মানে এই দেহ-ইন্দ্রিয়াদি-অভিমানী জীব। যার অমৃক সময় জন্ম হয়েছে, যে এখন যুবা বা প্রোঢ় বা বৃদ্ধ, যে কিছুদিন পরে মরবে। সেই ব্যক্তি কথনো এক্স হ'তে পারে না। এক্স সম্পূর্ণ বিপরীতধর্মী। এই বকম জন্ম-মৃত্যু-জরাগ্রস্ত যে, সে কখনো অব্যয় অপরিণামী কৃটস্থ বন্ধ হ'তে পারে না। স্তরাং শাস্ত্র যথন বলছেন, 'তৎ ত্বম্ অসি'—'তুমিই সেই',—তখন বুঝতে হবে 'তুমি' শব্দের প্রাঞ্চত অর্থ কি। 'তুমি' শব্দের

প্রকৃত অর্থ হচ্ছে—এইসব দেহেন্দ্রিয়াদিবিশিষ্ট ব'লে যাকে বলছি, তার যে পরিবর্তনশীল অংশগুলি, সেগুলিকে বাদ দিলে তার ভিতরে যে অপরিণামী সন্তা খুঁজে পাওয়া যায়, সেই সন্তাটি। আর 'তিনি' বললে সাধারণ অর্থে আমরা ব্ঝি যিনি জগতের সৃষ্টি স্থিতি লয় করছেন। সৃষ্টি-স্থিতি-লয়-কর্তার কর্তৃত্ব স্প্টি-স্থিতি-লয়রূপ কর্মের উপরে নির্ভর করে। তানাহ'লে তার কর্তৃত্ব কি ক'রে আসে? কিন্তু যিনি কর্তৃত্ব-বিশিষ্ট, তিনি পরিণামী হ'য়ে যান; কর্তা হলেই তাকে পরিণামী বলে। স্বতরাং যথন 'তং' বা 'তিনি' বলছি, তার মানে 'ঈশ্বর' পর্যন্ত নয়। এর পিছনে,

'অম্'পদ, 'তিনি' আর 'তুমি'—এই হুটি পদকে বিশ্লেষণ ক'রে আমরা যথন এদের পিছনে যে এক অদ্বিতীয় অপরিবর্তনশীল, অপরিণামী সন্তা আছে, তাতে পৌছচ্ছি, তথন আর ভেদের কারণ কিছু খুঁজে পাওয়া

এর পটভূমিকায় কোন একটি অপরিণামী সন্তা আছেন, যিনি কিছুই করছেন না, প্টি স্থিতি লয়—কোন কাজই যিনি করছেন না। তাঁকেই 'তৎ' বা 'তিনি' ব'লে লক্ষ্য করা হয়েছে। 'হুতরাং 'তৎ' পদ এবং যায় না। একটি থেকে স্বার একটিকে পৃথক্ করবার মতো কোন ধর্ম সেখানে স্বার থাকে না। তাই এই হুটিকে এক বলা হয়েছে, হুটি ভিন্ন নয়, বলা হয়েছে।

শ্রীরামকক্ষের শিক্ষা ব্যবহারক্ষেত্রে হৈভভাব

এই যে অভেদ-জ্ঞানের কথা বলেছে, দেই অভেদ কথনো এই ব্যাবহারিক ক্ষেত্রে হ'তে পারে না, এ-কথা শাস্ত্র বার বার বিশ্লেষণ ক'রে দেখিয়ে দিচ্ছেন, বৃঝিয়ে দিচ্ছেন। ব্যাবহারিক ক্ষেত্রে এই অভেদত্ত মানলে বেদান্তের অপব্যবহার হয়, যার নিন্দা ঠাকুর করেছেন। যারা বেদান্তের অপব্যবহার করে, তাদের 'হঠবেদান্তা' বলে—জোর ক'রে বেদান্তা হওয়া। শাস্ত্র মান্তমকে সাবধান ক'রে দিচ্ছেন,—তোমরা মেন এই রকম 'হঠবেদান্তা' হ'য়ো না। ঠাকুর বলছেন, তার চেয়ে পার্থকা থাকা ভাল। বলছেন, তার চেয়ে তিনি আর আমি ভিন্ন, আমি দান তিনি প্রভু, আমি তাঁর সন্তান, তিনি আমার পিতা, মাতা—এই রকম বৃদ্ধিতে পার্থকা রেথে মানুষ,এগোতে পারে।

প্রকৃত শাস্ত্রভাৎপর্য

শাল্ত যথন অভেদ-জ্ঞান করতে বলেছেন, তথন ব্যাবহারিক দৃষ্টিতে যে ভেদ, তাকে অস্বীকার ক'রে ন্য়। যেমন একটা দৃষ্টান্ত দেওয়া যায় যে, সোনার যা কিছু, তা সবই সোনা। যেমন সোনার ঘটি, সোনার বাটি, সোনার হাতী,—এগুলি সব সোনা। কিছু সোনার ঘটি আর সোনার হাতী তটো এক হয় না কথনো। পঞ্চভূত দিয়ে সবই হয়েছে; বালিও হয়েছে, তিলও হয়েছে। কিছু যথন আমরা তেল বার করবার জন্ম চেষ্টা করি, তথন বালি পিষে তেল বার করতে পারি না, তিলকে পিষে তেল বার করি। যদি সবই বন্ধা হয়, তাহলে বালিও বন্ধা, তিলও বন্ধা অর্থাৎ বালিও যা, তিলও তা। অতএব বালি পিষলে তেল বেকবে।

কিন্তু তা তো কথনো হয় না ! ব্যবহারের ক্ষেত্রে যেমন পার্থক্য আছে, সেটি রাথতেই হয়। আমরা ব্যবহারকে কথনও ঐ ভাবে 'ন স্থাৎ' করতে পারি না। যাঁরা বলেন সবই ব্রহ্ম, তাঁদের কাউকে থাবার সময় আমও ব্রহ্ম, বালিও ব্রহ্ম: হতরাং এক থালা বালি দিলাম, থাও তুমি এখন, তাহলে অবস্থাটা কি রকম দাঁড়ায়! যখন আমরা সবই এক বলি, তার তাৎপর্য ব্যবহারেতে কখনও নয়। ব্যবহারের পিছনে যে তত্ত্ রয়েছে অব্যবহার্য, ব্যবহারের অতীত, যা সমস্ত বিক্রিয়ারহিত, যা কথনও কোনরকম পরিণাম প্রাপ্ত হয় না, সেই তত্ত্বের দিকে দৃষ্টি দিয়েই আমরা সব একা বলি, একা আবু জীব অভেদ বলি। তানাহ'লে জীব-যে জীবকে আমরা অল্পজ্ঞ, অল্প ক্তিমান্ দেখি, আর ঈশ্বর যিনি সর্বজ্ঞ, সর্ব-শক্তিমান্--স্টি-স্থিতি-লয় করছেন, এ ছটি কথনও অভিন্ন হয় না। যদি অভিন্ন হ'ত তাহলে .জীবই জগৎ সৃষ্টি করতে পারত। কিন্তু জীব তা কখনও পারে না। কারণ, সে অল্লশক্তিমান। জীবের সম্বন্ধে শান্ত বলছেন, 'বালাগ্ৰশতভাগস্থ শতধা ৰুদ্ধিতস্থ চ ভাগো জীবঃ॥' (শ্বেতা. উ. ৫।৯) জীব কি রকম ? —না, একটি চুল, তাকে একশ' ভাগ ক'রে তার শ্রকটি ভাগ নিয়ে তাকে আবার একশ' ভাগ করলে যেটি হয়, সেটি যেন একটি জীব। স্থতবাং এই বিরাট জগতে—বিশ্ববন্ধাণ্ডে জীব কডটুকু ? ক্ষুড়াতিকুত্র অণুর চেয়েও অণু। সেই জীব যদি বলে, 'আমি একা', ভাহলে একেবারে উন্মন্তের প্রলাপের মতো হয়।

হতবাং এই ভাবে 'অহং ব্রহ্মান্মি' হয় না। আমার পিছনে যে অবিকারী সন্তা রয়েছে, যে সন্তা থাকার জন্ম আমার সমস্ত ব্যবহার সন্তব হচ্ছে, যাকে অবলম্বন ক'রে আমি অন্তিত্ব-বিশিষ্ট—আমি রয়েছি, আমি অন্তত্ব করছি, আমার প্রকাশ হচ্ছে, আমার জ্ঞান হচ্ছে, সেই তত্তিই প্রমার্থতঃ ব্রহ্মের সঙ্গে অভিন্ন। সেই তত্তিব কোন ধারণা আমাদের

হচ্ছে না, অথচ বলছি, 'আমি এক।' অযথা মুখে আমরা বলি 'আমি ব্ৰহ্ম।' ঠাকুর বলেছেন, "কাঁটা নেই, থোঁচা নেই, মূথে বললে কি হবে ! কাঁটায় হাত পড়লেই কাঁটা ফুটে উঃ' ক'রে উঠতে হয়।" আমি শরীর নই, দেহধারী জীব নই, এ-রকম মুখে বলছি। কিন্তু প্রতি পদে আমাদের অত্নতব করিয়ে দিচ্ছে: আমি দেহধারী, আমি জন্য-মরণগ্রস্ত, সর্বপ্রকার বন্ধনে আবন্ধ। সেই আমিকে নিয়ে বলছি, আমি এ-সব বন্ধনাদি থেকেমুক্ত। এ-কথা বলা পাগলের মতো বলা। একজন পাগলকে দেখেছি সে বলছে, 'আমি অমুক বাজ্যের মহাবাজা' আর এক টুকরো কাগজে লিথে এক ব্যক্তিকে বলছে, 'এই তোমাকে একটা চার লাখ টাকার চেক দিলুম, ভাঙিয়ে নাও।' অথগ ব্যাক্ষে তার কিছুই,নেই। একেই বলে পাগল। যে কেবল আবোল-তাবোল কথা বলে, যার কথার সঙ্গে বাস্তবের কোন সঙ্গতি নেই, তাকে বলে পাগল। হতরাং তত্তের উপলব্ধির ঘরে যদি আমাদের শৃক্ত থাকে, অথচ আমরা মূথে বলি, 'আমি ব্রহ্ম', সেটা পাগলামি ছাড়া আর কিছুই নয়। আমি মর্মে মর্মে বৃঝি, আমি দেহধারী জীব, তুদিন আগে জন্মেছি, তুদিন পরে ম'রব, আর সারা জীবন সহস্র বন্ধনে আবন্ধ, অথচ মুখে বলছি, 'আমি ব্রহ্ম'—এটা পাগলের কথা! ঠাকুর বার বার বলছেন, এ-রকম মিথ্যা অভিমান ভাল নয়। কেন? না, তাহলে তার উন্নতির আর কোন পথ রইল না। যে উন্নতিটাকে পাগলামির দক্ষন আমরা মিথ্যা বলছি, তার জক্ত চেষ্টা থাকে না। মিথ্যা বস্তুর প্রাপ্তির জন্ম কথনও আকাজ্যা হয় না মাহুবের। স্থতরাং ব্রহ্মাহভূতির পথ রুদ্ধ হ'য়ে যায়।

জগতের মিথ্যাত্ব—চরম অনুভূতিসাপেক্ষ

আমরা স্বপ্পকে মিথ্যা বলি! কথন বলি ? জেগে উঠে। স্বপ্লের মধ্যে স্বপ্লকে মিথ্যা বোধ করি না। সেটাকে একেবারে একান্ত সত্য ব'লে বোধ করি। মুম ভেঙে উঠে আমরা স্বপ্রটাকে মিথা। বলি। কিন্তু যতক্ষণ স্বপ্লের ভিতর আছি, স্ব্রাবস্থার দৃষ্ট বস্তুগুলি—জাগ্রং অবস্থার দৃষ্ট বম্বগুলির মতোই সতা মনে হয়, তার চৈয়ে কম নয়। জেগে উঠলেই স্বণ্নের জিনিসগুলি মিখ্যা ব'লে জানতে পারা যায়, তথন স্ব্যাবস্থাকে 'মিথা।' বলা যায়। ঠিক সেই রকম জাগ্রৎ অবস্থাকে 'মিথ্যা' বলতে হ'লে আমাদের জাগ্রতের চেয়ে আরও একটি উচ্চতর অবস্থায় উঠতে হবে। তথনই আমরা বুঝতে পারব যে জাগ্রং অবস্থাটাও মিথা। এবং তখনই তাকে 'মিথাা' বলার অধিকার হবে। যতক্ষণ আমরা এই জাগ্রতের ভিতরে রয়েছি, জাগ্রৎ অবস্থাকে মিখ্যা বলবার কোন অধিকার নেই আমাদের। তবে শাস্ত্র বা আচার্যেরা 'জগৎ মিথাা' বলছেন কেন ? বলছেন এই জন্ম যে, জগতের অতীত তত্তে আরোর্হণ করবার জন্ম আমাদের পক্ষে এই উপদেশটি প্রয়োজন। বোবায় ধরনে ঘুমন্ত লোককে ভেকে জাগিয়ে দিতে হয়, ঠিক দেই বকম শাস্ত্র আমাদের ঘুমন্ত অবস্থায় নাড়া দিয়ে বলেন, 'উত্তিষ্ঠত, জাগ্রত।' তোমরা ঘুমোল্ছ ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখছ, তোমরা ওঠ, জাগো। শাস্ত্র বা আচার্যেরা বসছেন না, 'তুমি কল্পনাকরো, জগৎটা মিখ্যা।'এই কল্পনাকোন দিন আমাদের জগৎটাকে মিধ্যা ব'লে বোধ করাতে পারবে না। জগতের অতীত তত্ত্বে না পৌছানো পর্যন্ত, বন্ধ সম্বন্ধে অপরোক্ষ অরভূতি ন। হওয়া পর্যন্ত, এই জগৎটা এখন যেমন সভ্য, আজ যেমন সভ্য, কাল তেমনি সভ্য থাকবে। স্তরাং জগৎটাকে ব্যবহার-ভূমিতে মিখ্যা ব'লে উড়িয়ে দেওয়া যায় না। তাই ঠাকুর বলছেন, যে এ ভাবে উড়িয়ে দেয়, তার কথাটাও উড়িয়ে দেবার মতো হয়। অতএব ঐ ধরনের বেদাস্তবুলির ঠাকুর নিন্দা করছেন।

শ্রীরামকুষ্ণের উপমা ও ব্যাখ্যা

তারপর ঠাকুর একটা দৃষ্টান্ত দিচ্ছেন। দৃষ্টান্তটিও থুব স্থন্দর। বলছেন, "কি রকম জানো? যেমন কর্পুর পোড়ালে কিছুই বাকী থাকে না। কাঠ পোড়ালে তবু ছাই,বাকী থাকে। ' কপূর পোড়ালে কিছুই বাকী থাকে না' অর্থাৎ ভাব হচ্ছে এই যে, আমাদর উপাধিগুলি, আবরণগুলি, সরাতে সরাতে কি বাকী থাকে শেষ পর্যন্ত ? ঠাকুর বলছেন কিছুই বাকী থাকে না। কিছুই বাকী থাকে না মানে কি? শৃত্ত হ'য়ে যায় ? ঠিক তা নয়। আমাদের এই যে আমি' যে 'আমি'কে নিয়ে সর্বদা ব্যবহার করছি সেই 'আমি'র ভিতরে পরিণানী বস্তু যেগুলি, যেগুলি বদলে বদলে যাচেছ, দেগুলিকে এক এক ক'রে সরিয়ে দিলে বাকী কি থাকে? বাকী থাকে একটি জিনিস। বাকী থাকে সে নিজে যে সবিয়ে দিল। আমি উপাধিগুলোকে এক এক ক'রে সরালাম, কিন্তু আমাকে আমি কি ক'রে সরাবো ? এক এক ক'রে আমি আমার উপরে যত আবরণ সব সরালাম, কিন্তু একটি তত্ত্ব রইল, সে তত্ত্বকে আরু সরাবার কেউ রইল ন। ভাব হচ্ছে এই যে, জীব যথন সমস্ত আবরণ থেকে মুক্ত হয়, তথন দে এক্ষের মতো অশন অস্পর্শ অরপ অবায় হয় — ব্রহ্মস্বরূপ হয়। তথন আর তার জীবত্বের কিছু অবশিষ্ট থাকে ন।। স্বামীজী এই বেদান্তেরই কথাটি বলেছেন—তাঁর ভাষায়: " 'নেতি নেতি' বিরাম যথায়।" 'এ নয়, এ নয়' ক'রে চলতে চলতে শেষে যেথানে এসে মাতুষ থেমে যায়, সেথানে অবশিষ্ট থাকে 'একরপ, অ-রপ-নাম-বরণ, অতীত-আগামী-কান্দ্রীন, দেশহীন, সর্বহীন' তত্ত্ব, যাঁকে বন্ধ বলা হয়, যিনি জীবের প্রকৃত স্বরূপ !

অধ্যারোপ-অপবাদ

এই যে শরীর, ইন্দ্রিয় প্রভৃতিকে এক এক ক'রে স্বানো, একে বলে অপবাদ—'অধ্যারোপের অপবাদ' —আমার উপরে যা কিছু আরোপিত

হয়েছে, যে সৰ আবরণ এসে পড়েছে, সেই সৰ আবরণ বা আরোপিত বস্তু সরিয়ে দেওয়া। যেন আত্মার উপরে কতগুলি খোলস চাপা দেওয়া হয়েছে, সেই খোলসগুলিকে এক এক ক'রে সবিয়ে দিতে হয়। তারপর সরাতে সরাতে আর যথন সরাবার কিছু অবশিষ্ট থাকবে না, তথন যা बहेल छा-हे नांदक। किছू बहेल नां, এ-कथा वला योष्र ना । नाना पृष्ठी छ দিয়ে ঠাকুর বহু জায়গায় এই জিনিসটি—বেদান্তের এই সুন্ম তত্ত্তি— বুঝাবার চেষ্টা করেছেন। পোঁয়াজের থোসা ছাড়াতে ছাড়াতে আর কিছুই বাকী খাকে না, এই কথা বলেছেন। সেই বকম উপাধিগুলি ছাড়াতে ছাড়াতে শেষে আর কিছু অবশিষ্ট থাকে না, যা ছাড়ানো যায় ৷ কিন্তু অবশিষ্ট পাকে না মানে হচ্ছে, এমন কিছু থাকে না, যা সরানো যায়। 'এটা আমি নয়', 'এটা আমি নয়' বলতে বলতে, যেখানে আর নিষেধ করবার কিছু বাকী থাকে না-নিষেধের শেষ যেথানে, সেথানে আর কোন শব্দদির ছারা ব্যবহার সম্ভব নয়। তাকে শব্দ দিয়ে উল্লেখ করা যায় না। তাকে বর্ণনা করা যায় না। কে বর্ণনা করবে? ঠাকুর বলেছেনঃ হনের পুতুল সমুদ্র মাপতে গেল, গিয়ে সমৃদ্রে গলে গেল। সমুদ্র কেমন—আর কে থবর দেবে ? ছনের পুতুল—শবভূটি লক্ষ্য করবার মত—মানে হুনটি পুতুলের স্বরূপ। হুনই তার সব, কেবল একটা আকার আছে। সমুদ্র, তারও স্বরূপ হন। হনের পুতুল সমুদ্রে নামল সমুদ্রকে মাপবে ব'লে। কত জল, ভিতরে কি আছে দেখবে ব'লে। কিন্তু মাপতে গিয়ে দে গলে গেল - সমুদ্রের সঙ্গে তার আকারগত যে একটা পার্থকা ছিল, দেই পার্থকাটি দূর হ'য়ে গেল। আর থবর দেবে কে ? জীব যথন ব্রহ্মের অনুসন্ধান করতে করতে ব্রহ্ম থেকে ভিন্নতা বুঝাবার মতো তার যে ধর্মগুলি ছিল, যে রূপগুলি ছিল, যে বিশেষণগুলি ছিল, দেগুলি থেকে এক এক ক'রে মৃক্ত হ'য়ে গেল, তথন ব্রন্ধের স্বরূপ আর কে বলবে ?

উপনিষদাক্য-জীবের ব্রহ্মস্বরূপতা

'যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদুগেব ভবতি। এবং মুনের্বিজ্ঞানত আত্মা ভবতি গোতম ॥' (কঠ. উ ২।১।১৫) —যেমন একবিন্দু গুদ্ধ জল গুদ্ধ জলরাশির ভিতরে পড়ে সেই জলরাশির সঙ্গে অভিন্ন হ'য়ে যায়, তদ্রূপ হ'য়ে যায়, সেই রকম জ্ঞানী ব্যক্তির আত্মাও ব্রন্ধাভিন্ন হ'য়ে যায়—ব্রন্ধরপ হ'য়ে যায়। অর্থাৎ তাঁর আর সেই ব্রন্ধবস্ত থেকে পৃথক্ করবার মতো কোন ধর্ম (বৈশিষ্ট্য) অবশিষ্ট থাকে না। তিনি এন্দের সঙ্গে অভিন্ন হ'য়ে যান। এই অভিন্নতা কিন্তু অর্জিত নয়। আবরণ-'গুলি সরানো হয় ব'লে, পোশাক ছাড়ার মতো আরোপিত বস্তগুলি এক এক ক'বে সরাতে হয় ব'লে—এ-কথা বলা চলে না যে, জীব ক্রিয়ার দারা ব্রন্দের সঙ্গে অভিন্নতা অর্জন করে। যেমন দৃষ্টান্ত আছে: কলসী সমূত্রে ভোবানো আছে। সমূদ্রের ভিতরে কলসীট সম্পূর্ণ ভোবানো আছে। আমরা বলি বটে সমুদ্রের জল আর কলসীর জল। আসলে কলসীতে যে জল, সমূত্রেও দেই জল। কলসীর যে আকারটা, তা যেন সমূত্রের জলটাকে কলসীরপেতে আকারিত করছে। কলসীটাকে যদি ভেঙে দেওয়া যায়, তাহলে ঐ কলদীর জলটার কি হয়? সমূদ্রে মিশে যায়? দে তো মিশেই ছিল! সে তো কোন দিন সমুদ্রের জল থেকে পৃথক্ ছিল না-সমুদ্রের জল আর কলসীর জল তো সর্বদাই এক হ'য়ে ছিল। আমরা কেবল তার আবরণের জন্ম তাকে পৃথক ব'লে মনে করছিলাম। বিচারের দ্বারা আমাদের সেই পার্থক্যবোধটা দূর হ'য়ে যায়। জীবেরও ব্রনৌর সঙ্গে অভেদ-প্রাপ্তি মানে যে পার্থক্যবোধটা তার মনে রয়েছে, যার ফলে তার 'আমি' দানা বেঁধেছে, সেই পার্থক্যবোধটার লোপ হওয়া — কিছু অর্জন করা নয়। তথন যা ছিল, তা-ই থাকে।

IRRADV